INDEX

PROCEEDING OF THE TRIPURA LEGISLATIVE ASSEMBLY ASSEMBLED UNDER THE PROVISIONS OF THE CONSTITUTION OF INDIA.

The Assembly met in the Assembly House, (Ujjwayanta Palace) Agarlala on the 9th Octeber, 1974 at 11-00 A. M.

PRESENT

Shri Manindra Lal Bhowmik, Speaker was in the Chair, the Chief Minister. 4 Ministers, 3 Deputy Ministers, the Deputy Speaker and 47 Members.

STARRED QUESTION

Mr. Speaker :—To-day in the list of business are the following questions to be answered by the Ministers concerned. Shri Ajoy Biswas.

Shri Ajoy Biswas :—Starred Question No. 1001.

Shri Sukhamoy Sen Gupta :—Question No. 1001.

প্রশ্ন

১। পূর্ত্ত দপ্তরে সার্ভেয়ার ও ওয়ার্ক এসিটন্টদের বেতন হার শিক্ষা বিভাগ, বন বিভাগ কর্মরত সার্ভেয়ার ও ওয়ার্ক এসিটন্টদের সমান কি না?

২। সমান না হইলে একই সরকারের অধীনে একই পদের জন্য বিভিন্ন বেতন হার হওয়ার কারণ কি?

উত্তর

১। না।

২। ওয়ার্ক এসিস্টেন্ট এবং সার্ভেয়ার পদের কাজ ও দায়িত্ব এইসব বিভাগে এক ধরনের নয়।

শ্রীঅজয় বিশ্বাস ঃ—মাননীয় মন্ত্রী মশাই জানিয়েছেন যে পূর্ত্ত দপ্তরের সার্ভেয়ার এবং ওয়ার্ক এসিস্টেন্ট এবং শিক্ষা বিভাগ এবং বন বিভাগের সার্ভেয়ার এবং ওয়ার্ক এসিস্টেন্ট একই বেতন নয় দুই নম্বর হল কাজ এক নয় তিনি বলেছেন তাহলে পূর্ত্ত দপ্তরের ওয়ার্ক এসিস্টেন্টদের কাজ কি আর শিক্ষা দপ্তরের ওয়ার্ক এসিস্টেন্টদের কাজ কি? এটা বলবেন কি?

শ্রীসুখময় সেনগুপ্ত ঃ---মাননীয় অধ্যক্ষ মহোদয়, শিক্ষা বিভাগের কাজের জন্য যে ভাবে সার্ভেয়ার এবং ওয়ার্ক এসিস্টেন্ট নিযুক্ত হয় তাদের যে কাজ করতে দেওয়া হয় তার সঙ্গে পি, ডাবলিও ডির কাজের সঙ্গে কোন সম্পর্ক নেই।

শ্রীঅজয় বিশ্বাস ঃ---আমার জানার যেটি সেটি হচ্ছে শিক্ষা বিভাগে যে সমস্ত কাজ হয় বাড়ী ঘর তৈরী, বা এই সমস্ত দেখা শুনার যে কাজ ওয়ার্ক এসিস্টেন্টরা করে---ঠিক একই কাজ পূর্ত্তি দপ্তরের ওয়ার্ক এসিস্টেন্টের এক কাজ, ওখানে স্কুলে গিয়ে শিক্ষা দেন না নিশ্চয়ই ওয়ার্ক এসিস্টেন্টরা? তাহলে কাজটা কি করে তারা শিক্ষা দপ্তরের ওয়ার্ক এসিস্টেন্টরা কি কাজ করে আর পূর্ত্ত দপ্তরের ওয়ার্ক এসিস্টেন্টরা কি কাজ করে? শিক্ষা দপ্তরে কি স্কুলে গিয়ে মাষ্টারী করেন মাষ্টারী ওয়ার্ক এসিস্টেন্টরা করেন না---সেখানে বাড়ী ঘর দেখা শুনা করেন যেমন পূর্ত্ত দপ্তরের তারা করেন এই কাজই করেন কি? কাজটা কি করেন সেটি আমরা জানতে চাই।

শ্রীসুখময় সেনগুপ্ত ঃ---মাননীয় অধ্যক্ষ মহোদয়, সার্ভে ওয়ার্ক ঠিকই আছে কিম্বা ওয়ার্ক এসিস্টেন্টরা কাজ কিন্তু ডিপার্টমেন্ট ওয়ারী যে কাজেই ধারা সেটা একই রকম নয় এই কথাটাই বলা হচ্ছে।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ---মাননীয় মন্ত্রী মশাই হাউসের কাছে এটা পরিস্কার করবেন কি, যে কি ভাবে এটা ডিফার করছে? ওয়ার্ক এসিস্টেন্টরা এই ডিপার্টমেন্ট কি কাজ করে আর ঐ ডিপার্টমেন্টে কি কাজ করে এই হাউসকে পরিস্কার একটা ধারনা দেওয়া দরকার। সেজন্য হাউস জানতে চাইছে কি কি ভাবে এটা ডিফার করছে?

শ্রীসুখময় সেনগুপ্ত ঃ---মাননীয় অধ্যক্ষ মহোদয়, পি, ডাবলিও, ডির কাজ---যে সব কাজেই দায়িত্ব আছে সেটা ওয়ার্ক এসিস্টেন্টরা সার্ভেয়াররা যে ভাবে কাজ করেন সেটা শিক্ষা বিভাগে অনেক সময় সেই ভাবে কাজ করান হয় না। যদিও কাজের নমুনাটা প্রায় একই ধরনের।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ---মাননীয় মুখ্যমন্ত্রী মশাই স্বীকার করেছেন যে কাজের নমুনা একই, কাজেই আমরা কি আশা করব সেটা বেতন হারের মধ্যে নিয়ে আসা হবে? এই রকম কোন পরিকল্পনা আছে কি না---যেটা সুপ্রীম কোর্ট বলুন, হাই কোর্ট বলুন বিভিন্ন জায়গার উদের রুলিং রয়েছে যে একই কাজের জন্য দুরকম বেতন হার ঐ হতে পারবে না। কাজেই একই ধরনের কাজেই জন্য দুরকম বেতন যেখানে যেখানে আছে সেগুলি নিয়মিত করে একই ধরনের বৈতন হার করে এটা তারা রিভিও করে দেখবেন কি না?

শ্রীসুখময় সেনগুপ্ত ঃ---মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই সম্পর্কে সরকারের বিবেচনাধীন আছে যে একই ধরনের ওয়ার্ক কিম্বা একই নামের যে সব কাজ কর্ম রয়েছে তাকে একই পর্য্যায়ভুক্ত আনা যায় কি না সেই সম্পর্কে সরকার বিবেচনা করে দেখছেন।

শ্রীঅজয় বিশ্বাস ঃ---মাননীয় মন্ত্রী মশাই জানাবেন কি পশ্চিম বঙ্গের অনেক পদের বেতন স্কেল আর ত্রিপুরার অনেক পদের বেতন স্কেল এক ছিল না যে জন্য পশ্চিম বঙ্গের যে যে পদের বেতন স্কেল এখানে ছিল না সেই সেই পদের বেতন স্কেল এখানকার কর্মচারীদের দেওয়া হচ্ছে---এটা হচ্ছে এনোমেলী---পশ্চিম বঙ্গে যে বেতন পাচ্ছিল যে পোষ্টে এখানে সেই পোষ্টে পাচ্ছে না সেটা এক করা হল। কিন্তু ত্রিপুরায় একই পদের জন্য দু'রকম বেতন পাচ্ছে সেটা এক কেন করা হচ্ছে না?

শ্রীসুখময় সেনগুপ্ত ঃ---মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই সময় পশ্চিম বঙ্গে যে স্কেল ছিল---সেই স্কেলের মধ্যে ৩টা গ্রেড রয়েছে। ৩টা গ্রেড থাকার জন্য এখানে তখনকার সময়ে যেটি একসেপ্ট করা হয়েছিল তার মধ্যে কিছু গোলমাল হয়ে যেতে পারে সেজন্য এটা যখন আমাদের নোটিশে এল তখন এটা বিবেচনার মধ্যে রেখেছি।

শ্রীঅজয় বিশ্বাস ঃ---প্রশ্নটা ছিল স্থানীয় ওয়ার্ক এসিস্টেন্ট-এর-পশ্চিম বঙ্গে যে যে পদের জন্য যে যে স্কেল এখানে দেওয়া হচ্ছে না সেটা দূর করা হচ্ছে। যেমন

ইউ, ডি,—ইউ, ডি,র এখানে কম ছিল সেটা এক করা হল। অথচ একই সরকারের অধীনে দুটো ডিপার্টমেন্ট একই কাজ করে দুরকম বেতন পাচ্ছে---একটা রাজ্যের সঙ্গে এক করা হচ্ছে আর নিজের মধ্যে এক করা হবে না এটা কি রকম নীতি?

শ্রীসুখময় সেনগুপ্ত ঃ---মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই প্রশ্নের উত্তর দিয়েছি। যেহেতু সরকারের বিবেচনাধীন রয়েছে তার উপর বক্তৃতা করা ঠিক নয়।

শ্রীঅজয় বিশ্বাস ঃ---মাননীয় মন্ত্রী মশাই বলেছেন যে বিবেচনাধীন রয়েছে---তাহলে কবের মধ্যে? কারণ পে কমিশন বসেছে তার রায় দিয়েছে এর আগে বিবেচনা যদি না করা হয় তাহলে ওয়ার্ক এসিস্টেন্ট যারা আছে তারা বঞ্চিত হবে। সমস্ত স্কেল একটা লাইফের জন্য বঞ্চিত হবে। তাহলে এর আগে এটা বিবেচনা করে তিনি সমাধান করবেন কি না?

শ্রীসুখময় সেনগুপ্ত ঃ---মাননীয় অধ্যক্ষ মহোদয়, সবটাই বিবেচনা করে দেখছি। সরকারের এনোমেলী দূর করার প্রশ্নটা যেমন বিবেচনা ধীন আছে এবং পে কমিশান কি ভাবে এটা দেখছেন সেটিও আমাদের বিবেচনাধীন রয়েছে।

মিঃ স্পীকার ঃ--- শ্রী সমর চৌধুরী।
শ্রীসমর চৌধুরী ঃ---কোয়েশ্চান নম্বর---১
শ্রীসুখময় সেনগুপ্ত---কোয়েশ্চান নম্বর ওয়ান।

প্রশ্ন

১। গত ২০,৬,৭৩ ইং তারিখে ত্রিপুরা রাজ্যব্যাপী সত্যাগ্রহ আন্দোলনে সোনামুড়া শহরে এস, ডি, ও, অফিসে আইন অমান্য করার অপরাধে ১৪ জন ব্যাক্তিকে গ্রেপতার করিয়া সোনামুড়া থানা ডেসপাচ নং ২৫৮৭ তারিখে ২১,৬,৭৩ প্রথম শ্রেণীর সোনামুড়া মহকুমা ম্যাজিস্ট্রেটের নিকট উপস্থিত করা হইয়াছিল কি?

প্রশ্ন

২। উল্লিখিত অভিযুক্ত ব্যক্তিগণ পরবর্তী তিন দিনের মধ্যেই আগরতলা সেন্ট্রাল জেল হইতে বেকসুর মুক্তি প্রাপ্ত হইয়াছিন তাহা কি সত্য?

৩। ইহা কি সত্য যে গত ৩০,১২,৭৩ তারিখে ২০,৬,৭৩ তারিখে একই ঘটনার একই অভিযোগে অভিযুক্ত করিয়া সোনামুড়া থানার কার্য্য-কারকগণ একই ব্যক্তিগণের বিরুদ্ধে সোনামুড়া প্রথম শ্রেণী মহকুমা ম্যাজিস্টেট কোর্টে চার্জসীট দাখিল করেছেন?

উত্তর

১। হ্যা, মহাশয়।

১। হ্যা, তবে ১৫১ ধারার ধৃত ব্যক্তিগণকে মুক্তি দেওয়া হইয়াছিল।

৩। হ্যা, উপরোক্ত ১৪ জনের বিরুদ্ধে আর একটি মোকদ্দমা ভারতীয় দণ্ড বিধির ১৪৭।১৪৯।৪২৭।৩৮০ নং ধারা মূলে (সোনামুড়া থানার ৫(৬) ৭৩নং মোকদ্দমা নথীভূক্ত) চার্জসীট করা হইয়াছে।

শ্রীসমর চৌধুরী ঃ---মাননীয় মন্ত্রী মশাই জানাবেন কি যে ধারাতে সেদিন এরেস্ট করা হয়েছিল এবং কোর্টে প্রডিউস করা হয়েছিল সেই ধারাগুলি সোনামুড়া P. S. case No. (5)73 under section 147, 149, 426, 380 I.P.C. এই ধারাগুলিতে তাদের এরেস্ট করা হয়েছিল কি না এবং জেলে পাঠান হয়েছিল কি না?

শ্রীসুখময় সেনগুপ্ত ঃ---মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই সম্পর্কে ১৫১ সি, আর, পি, সিতে যাদেরকে এরেস্ট করা হয়েছিল তাদেরকে ছেড়ে দেওয়া হয়েছিল সেইদিন।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ---সাপ্লিমেন্টারী স্যার, মাননীয় মুখ্যমন্ত্রী জানাবেন কি যে যাদেরকে ছেড়ে দেওয়া হয়েছে তাদেরকে কি শুধু ১৫১ এ এরেস্ট করা হয়েছে না আই, পি, সিতেও এরেস্ট করা হয়েছে কি না?

শ্রীসুখময় সেনগুপ্ত ঃ---মাননীয় অধ্যক্ষ মহোদয়, ১৫১ এর সঙ্গে সংযুক্ত অন্য কেজগুলি যেগুলি আছে সেই কেজগুলির বলেই তাদেরকে ২০ তারিখে ধরা হয়েছিল।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ---মাননীয় স্পীকার স্যার, আমার কোয়েশ্চনটা ইয়েস অর নট। উনি যদি নো বলেন আমি সেটিসফাই হবো যে যাদেরকে এরেস্ট করা হয়েছে ইনক্লুডিং শ্রী সমর চৌধুরী, এম, এল, এ তাদেরকে কি শুধু ১৫১ এ এরেস্ট করা হয়েছে না আই, পি, সিতেও এরেস্ট করা হয়েছে। যে সমস্ত ধারায় এরেস্ট করা হয়েছে তার মধ্যে আই, পি, সির কোন ধারা ছিল কি না? ইয়েস অর নট।

শ্রীসুখময় সেনগুপ্ত ঃ---মাননীয় অধ্যক্ষ মহোদয়, প্রথমে যখন এরেস্ট করা হয় তাতে আই, পি, সির ধারাতেও ধরা হয়েছিল কিন্তু ১৫১ এ যাদেরকে ছাড়ার কথা যাতে আর মারাত্মক রকমের কোন ঘটনা ঘটতে না পারে সেইজন্য তাদেরকে প্রিভেনটিভ হিসাবে তাদেরকে ১৫১ এ ধারা হয়েছিল তারপর সাবসিকুয়িন্টলি ঐ কেজগুলি চালু করা হয়েছে।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ---সাপ্লিমেনটারী স্যার, মাননীয় মন্ত্রীমশায় জানাবেন কি যে আই, পি, সিতে ও এরেস্ট করার পর যাদেরকে আগরতলা জেলে রাখা হলো তাদেরকে যখন মুক্তি দেওয়া হয়েছিল তখন সেই আই, পি, সির ধারাতে তাদেরকে জামিনে দেওয়া হয়েছিল না এমনি তাদেরকে ছেড়ে দেওয়া হয়েছিল?

শ্রীসুখময় সেনগুপ্ত ঃ---মাননীয় স্পীকার স্যার, আণ্ডার ইনভেসটিগেশনে থাকার জন্য সেইটা তখন ছেড়ে দেওয়া হয়েছিল ১৫১ তে।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ---স্যার, আমার প্রশ্নের জবাব পাচ্ছি না। আমার প্রশ্ন হচ্ছে যে আই, পি, সিতে তাদেরকে যদি এরেস্ট করে আগরতলা জেলে রাখা হয়ে থাকে তারা কি জামিনে গিয়েছিলেন না বেকসুর খালাস হয়েছিল?

শ্রীসুখময় সেনগুপ্ত ঃ---মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি এই সম্পর্কে আগেই বলেছি যে তখনকার যে অবস্থা হয়েছিল তাতে তাদেরকে প্রিভেনটিভ হিসাবে ধরা হয়েছিল এবং ইনভেস্টিগেশনের জন্য তাদেরকে সেই কেজগুতিতে আটকানো হয়েছিল এবং যেহেতু ১৫১ এ যেগুলি সেইগুলি বেকসুর খালাস হয়েছে কিন্তু যেগুলি আই, পি, সিতে ধরা হয়েছিল সেই সম্পর্কে আরও ইনভেসটিগেশন করার পর জেলে নেওয়া হয়েছিল।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ---স্যার, আমার প্রশ্ন হচ্ছে যে, আমি দেখছি, অনারেব্যল স্পীকারের কাছে যে চিঠি দেওয়া হয়েছে---আই হেব দি অনার---ইত্যাদি বলে তাতে এইখানে বলা হয়েছে কতকগুলি সেকশন দিয়ে যে আই, পি, সির এই সেকশনে তাদেরকে এরেস্ট করে জেলে রাখা হয়েছে। এখন তাদেরকে যে ছেড়ে দেওয়া হলো এইটা কি তারা জামিনে গেল না বেকসুর খালাস হয়ে চলে গেল? এইতো আমার সিম্পল প্রশ্ন স্যার।

শ্রীসুখময় সেনগুপ্ত ঃ---মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আগেই বলেছি যে ১৫১ এর যে ধারা সেই ধারা বলে প্রিভেনটিভ অ্যাকশনের জন্য সেটা করা হয়েছিল সেইটাতে ধরা হয়েছিল এবং এইখানে বেকসুর খালাস হয়েছিল কিন্তু আই, পি, সিতে যেটা হয়েছে সেইটাতে পরে তাদেরকে এরেস্ট করা হয়েছিল।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ---স্যার, আই, পি, সিতে এরেণ্ট করার পর কি তারা জামিনে দিলেন? এইটাতো আমার প্রশ্ন। একজনকে তো জেল থেকে এমনিতে ছেড়ে দেওয়া হয় না। আমরা তো দেখছি তারা হয়তো জামিনে যেতে হবে অথবা পি, আর, বণ্ডে যেতে হবে। তারা কি, পি, আর বণ্ডে গেলেন না জামিনে গেলেন?

শ্রীসুখময় সেনগুপ্ত ঃ---মাননীয় অধ্যক্ষ মহোদয়, যেহেতু এইটা এখন বিচারধীন রয়েছে কাজেই এই সম্পর্কে ফারদার ডিটেইলস দেওয়া সম্ভব নয়।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ---স্যার, এইটা অত্যন্ত অবজেকশনেব্যল। এইখানে মাননীয় স্পীকার আছেন এইটা বিচারধীন কি না তিনি জানেন। একজন লোক ছাড়া পেল কি না এইটা কি করে বিচারের সঙ্গে এইটার সম্পর্কে হয়? আপনি বলুন যে তারা পি, আর, বণ্ডে গেল না জামিনে গেল?

শ্রীসুখময় সেনগুপ্ত ঃ---মাননীয় স্পীকার স্যার, এই সম্পর্কে একই প্রশ্ন বার বার করা হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার বক্তব্য যেটা ছিল সেইটা হলো প্রিভেনটিভ হিসাবে যাদেরকে ধরা হয়েছিল সেখানে থেকে তারা বেকসুর খালাস হয়েছে।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ---স্যার, আপনি একটু হেল্প করুন। তা না হলে আমি আমার প্রশ্নের উত্তর পাচ্ছি না। আমার কথা হলো ওরা যে আগরতলা জেল থেকে ছাড়া পেলেন ওরা কি পি, আর, বণ্ডে ছাড়া ফেলেন না জামিনে ছাড়া ফেলেন? না কি খাতির করে ওদেরকে ছেড়ে দিল যেহেতু সি, পি, এমের এম, এল, এ, তাই ছেড়ে দিলাম। তা যদি হয় আমি মানতে রাজী আছি। স্যার, আপনি তাকে একটু হেল্প করুন।

মিঃ স্পীকার ঃ---উনার প্রশ্নের উত্তর তিনি পাচ্ছেন না বলেই বারবার প্রশ্ন করছেন।

শ্রীসুখময় সেনগুপ্ত ঃ---মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই সম্পর্কে যেহেতু এইটা কেজের আণ্ডারে আছে সেই সম্পর্কে ডিটেইলস আলাপ করা যাবে না।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ---স্যার, এইটার তো আপনি বিচারক। এইটাতো মুখ্যমন্ত্রীকে কেউ বিচার করার ক্ষমতা দেয়নি যে এইটা সাবজুডিস এইটা আলাপ করা যায় কি না, ইট ইজ ফর দি চেয়ার টু ডিসাইড যে এইটা অ্যাডমিসিব্যাল কোয়েশ্চান কি না?

শ্রীসুখময় সেনগুপ্ত ঃ---মাননীয় অধ্যক্ষ মহোদয়, যদি সাবজুডিস কেজ এইখানে আলোচনা করতে হয়, আমি জানি না যে সাবজুডিস কেজ নিয়ে কোন আলোচনা চলতে পারে কি না।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ---স্যার, ইউ হেভ অ্যাড্‌মিটেড দি কোয়েশ্চান, কেমন? আপনি কোয়েশ্চান অ্যাডমিট করেছেন। আমি যতটুকু জানি যে আপনাকেও জানানো হয় নি যে ওরা রিলিজ হয়েছে কি না। আপনি উনাকে হেল্প করতে পারেন। জানানো হয়েছিল?

মিঃ স্পীকার ঃ---মাননীয় সদস্য, এই ব্যাপারে আপনার প্রিভিলিজ কেজের ব্যাপারটা আমার কনসিডারেশনে আছে।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ---আমি এইটা আনছি এই জন্য যে, আমার একজন এম, এল, এ জেলে থাকবে আর আমার অনারেব্যল স্পীকারকে জানোনো হবে না আর সেই এস, ডি, ওকে ডিফেণ্ড করার জন্য উনি এইখানে সাবজুডিসের কথা বলছেন হুয়াট ইজ সাবজুডিস ইউ সোড নো হুয়াট ইজ সাবজুডিস।

শ্রীসুখময় সেনগুপ্ত ঃ---মাননীয় অধ্যক্ষ মহোদয়, সাবজুডিস কেউ কেউ না মানতে পারেন কিন্তু আমাদের পক্ষে না মেনে উপায় নেই,।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ---অনারেব্যল স্পীকারের ডিসিশন আমি চাই যে ওরা জেল থেকে কি করে বের হলো, এইটা উনি বলবেন কি না?

মিঃ স্পীকার ঃ---অনারেব্যল মেম্বার, ডুইরিং কোয়েশ্চন হাওয়ার প্রশ্নোত্তরের সময় বুঝতে পারলাম কেজটা সাবজুডিস। প্রশ্নোত্তরের সময় তিনি বলেছেন যে কেজটা সাবজুডিস কিন্তু আপনি যে প্রিভিলেজ কেজটা এনেছেন ওটা আমার বিচারাধীন আছে এবং এই প্রিভিলেজ কেজটা ঠিক কোয়েশ্চান হাওয়ারের সময় রেজ করা সম্ভব হবে না।

মিঃ স্পীকার ঃ---শ্রী অনন্ত হরি জমাতিয়া।

শ্রীঅনন্ত হরি জমাতিয়া ঃ---কোয়েশ্চান নং ৫।

শ্রীসুখময় সেনগুপ্ত ঃ---কোয়েশ্চান নং ৫।

প্রশ্ন

১। ১৯৭৪ ইং সনের জানুয়ারী হইতে এ পর্য্যন্ত খোয়াই মহকুমায় শ্লীলতাহানির ঘটনা কতটি ঘটিয়াছে, এবং

২। এ পর্য্যন্ত অপরাধীদের কতজনকে এ্যারেণ্ট করা হইয়াছে এবং কি প্রকার শাস্তির ব্যবস্থা হইয়াছে।?

৩। ইহা কি সত্য যে ১৯৭৪ ইং সনের মার্চ্চ হইতে এপ্রিলের খোয়াই কল্যাণপুর থানা এলাকাধীনে একদল সমাজ বিরোধী দ্বারা জনেকা ভিখারীনি নিগৃহিতা ও লাঞ্ছিতা হইয়াছিল?

উত্তর

১। ৩টি ঘটনা (১৫ই জুলাই পর্য্যন্ত)

২। ৫ জনকে গ্রেপ্তার করা হইয়াছে ও ১ জন আদালতে আত্ম সর্ম্পণ করিয়াছে। দুইটিতে আসামীগণ (দুইজন) জামিনে মুক্ত হইয়া বিচারাধীন আছে এবং অপরটিতে আসামী ৪ জন জামিনে মুক্তি পাইয়াছে ও মোকদ্দমাটি তদন্তাধীন আছে---শীঘ্রই চার্জসীট দাখিল হইতেছে।

৩। হ্যা।

শ্রী অনন্ত হরি জমাতিয়া ঃ---মাননীয় মন্ত্রী মহাশয় আমার প্রশ্নের উত্তরে বলেছেন যে ৫ জনকে এ্যারেণ্ট করা হয়েছে। এখানে বাইরের আর কোন আসামীর নাম দেওয়া আছে কিনা, বা যে ৫ জনকে এ্যারেণ্ট করা হয়েছে তাদের নাম কি কি মাননীয় মন্ত্রী মহাশয় বলতে পারেন কি?

শ্রীসুখময় সেনগুপ্ত ঃ---মাননীয় অধ্যক্ষ মহোদয়, কল্যাণপুর পি, এস, কেস নাম্বার ৫,২৭৪ আণ্ডার সেকসান ৩৫৩ বাই রামচন্দ্র দেব বর্মা, কল্যাণপুর পি, এস, কেস নাম্বার ২৪৭৪ ধীরেন দত্ত, নিখিল দাস, বিচিত্র দত্ত, নীলমোহন বমন, ও বিনয় দাস খোয়াই পি, এস, কেস নাম্বার ৪৬৭৪ আণ্ডার সেকসান ৩৫৪ সি, আর, পি, সি সুধীর সাহা।

শ্রীতাপস দে ঃ---মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে, খোয়াই থানার একজন এ, এস, আই, সাম তলাপাত্র এর বিরুদ্ধে এই রকম একটি কেস আছে যে শ্লীলতাহানীর সম্পর্কে এই রকম একটা কেস দায়ের করা হয়েছিল।

শ্রীসুখময় সেনগুপ্ত ঃ---মাননীয় অধ্যক্ষ মহোদয় এটা সেপারেট কোয়েশ্চান হলে ভাল হয়।

মিঃ স্পীকার ঃ---মন্ত্রী বলেছেন সেপারিট কোয়েশ্চান।

শ্রীতাপস দে ঃ---না স্যার, খোয়াই এর মধ্যে।

মিঃ স্পীকার ঃ---সেপারেট কোয়েশ্চান।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ---মাননীয় অধ্যক্ষ মহোদয়, খোয়াই এর শ্লীলতাহানি সম্পর্কে যদি একজন পুলিশ অফিসারের বিরুদ্ধে তোলা হয়ে থাকে তাহলে সেটা আলাদা কোয়েশ্চানই বা কেন চাইবেন আর আলোদা নোটিশই বা কেন দিতে হবে? কেন?

শ্রীসুখময় সেনগুপ্ত ঃ---প্রশ্নেত মাননীয় সদস্য বলেননি যে কেসটা আছে।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ---মাননীয় অধ্যক্ষ মহোদয়, উনার যদি জানা থাকে তাহলে বলবেন যে হ্যা, ওর বিরুদ্ধে এই রকম অভিযোগ আছে।

মিঃ স্পীকার ঃ---উনি স্পেসিফিকই বলেছেন।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ---উনি বলেছেন বলে আমার মনে হয় না যে, এর বিরুদ্ধে এই কেস আছে উনি বলেছেন। তাকে সেটা বলতে হবে। অনেক গুলি কেস হয়েছে। মাত্র তিনটি ঘটনার কথা উনি বলেছেন। আলাদা কেস হয়েছে। এ সেপারেট কোয়েশ্চান অল সো এ ভেরী ইমপরেটেন্ট ওয়ার্ক

মিঃ স্পীকার ঃ---মুখ্যমন্ত্রী ত বলেছেন।

শ্রীতাপস দে ঃ---যাদের বিরুদ্ধে কেস চলছে তাদের নাম উনি বলেছেন। এদের নাম তো আমরাও জানি স্যার। পেপারে আমরা দেখেছি একটা ঘটনার কথা। এ, এস, আই, তলাপাত্র এর এই রকম একটা ঘটনার কথা মাননীয় মুখ্যমন্ত্রীকেও জানানো হয়েছে। ডিপার্টমেন্টকেও জানানো হয়েছে। কিন্তু কোন এ্যাকশান নেওয়া হয় নি। এটা আমরা জানি স্যার। কিন্তু ব্যাপারটা হচ্ছে স্যার, একজন পুলিশ অফিসার একজন মেয়ের উপর শ্লীলতাহানি করেছে। এটার যদি কোন এ্যাকশান নেওয়া না হয় ডিপাটমেন্ট যদি কোন এ্যাকশান না নেয়---এই কথাটাই আমি এখানে বলছি স্যার।

মিঃ স্পীকার ঃ---দিস ইজ এ এনাদার কোয়েশ্চান অনারএ্যাবল মেম্বারস।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ---কেন এটা এনাদার কোয়েশ্চান হবে?

শ্রীতাপস দে ঃ---এটা একটা ঘটনার কথা। তা উনি বলতে পারেন যে পরে জানাবেন।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ---স্যার, উনি বলতে পারেন যে পরে জানাবেন?

মিঃ স্পীকার ঃ---তা উনি বলতে পারেন যে পরে বলবেন।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ---স্যার, উনি পরে জানাবেন এই কথা উনি বলতে পারেন। একজন পুলিশ অফিসার এই রকম ভাবে একটা মেয়ের শ্লীলতাহানি ঘটিয়েছে এই রকম ঘটনা আর ঘটবেনা এই কথা তিনি কি হাউসকে বলতে পারেন?

শ্রীসুখময় সেনগুপ্ত ঃ---মাননীয় অধ্যক্ষ মহোদয়, এটা যদি নোটিশে আসে তাহলে আমি বলব।

(গণ্ডগোল)

শ্রীকালীপদ বানার্জী ঃ---মাননীয় মুখ্যমন্ত্রী কি এখানে শ্লীলতাহানির ঘটনার কথা উল্লেখ করেছেন কি? এ কথা বলতে উনাকে অনুরোধ জানাব।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তীঃ—স্যার, এই যে এতগুলি এম, এল, এ বলার জন্য অনুরোধ জানালেন, তাতেও কি হল না, এটাও নোটিশে আনতে হবে? উনি বলেছেন যে যদি নোটিশে আসে তাহলে আমি বলতে পারব। হাউসের জন্য এতটুকুও তার রেসপেক্ট থাকবে না?

শ্রীসুখময় সেনগুপ্তঃ---মাননীয় অধ্যক্ষ মহোদয়, রেসপেক্ট দেখানোর জন্যই এই কথা বলা হয়েছে যে, নোটিশে আনতে হবে। কারণ এই ধরনের কোন অভিযোগ আমার কাছে নাই। কাজেই সেই সর্ম্পকে নোটিশ——

শ্রীতাপস দেঃ---মাননীয় অধ্যক্ষ মহোদয় মাননীয় মুখ্যমন্ত্রী কি বলতে পারেন যে, খোয়াই থেকে এই ধরণের কোন ঘটনার দরখাস্ত পেয়েছেন কিনা যে এ, এস, আই, তলাপাত্র একটি মেয়েকে বিবাহ করবে বলে প্রতিশ্রুতি দিয়ে তার উপর অত্যাচার করে এবং মেয়েটি বর্ত্তমানে বাচ্চা সম্পন্ন হয়েছে।

মিঃ স্পীকারঃ---দিস ইজ অলসো এ সেপারেট কোয়েশ্চান।

শ্রীসুখময় সেনগুপ্তঃ---মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার কাছে দরখাস্ত দিয়ে সেটা কেসের অন্তর্ভূক্ত যদি কোথাও হয়ে থাকে তাহলে সেটা স্পেসিফিক কেস হয়ে আসলে পর ডিটেলস বলতে পারা যাবে। তার আগে নয়।

শ্রীতাপস দেঃ---সাপ্লিমেন্টারী স্যার,---

মিঃ স্পীকারঃ---আপনি অনেক সাপ্লিমেন্টারী করেছেন। আর নয়।

(গণ্ডগোল)

শ্রীতাপস দেঃ---আমার কথাটা শুনুন স্যার, স্যার, এখানে প্রশ্নটা ছিল যে খোয়াই মহকুমায় শ্লীলতাহানির কতটি ঘটনা ঘটেছে। স্যার, উনি বলেছেন যে তিনটি। আমরা অবশ্য জানি না যে, তিনটি কিনা। তবে কেসটা আমরা যতটুকু জানি খবরের কাগজে উঠেছে এবং খোয়াইয়ের এম, এল, এ, যিনি তিনি মুখ্যমন্ত্রীকে জানিয়েছেন আমরাও কয়েকবার মৌখিক আলোচনা করেছি এবং এটা খোয়াই মহকুমার আণ্ডার এ পড়ে না ঐ ধরনের ঘটনা শ্লীলতাহানি কিনা উনি কি তা বলতে পারেন?

শ্রীসুখময় সেনগুপ্তঃ---মাননীয় অধ্যক্ষ মহোদয়, এখানে যে কোয়েশ্চানটা ছিল এই ধরনের ঘটনার কথা এখানে ছিল না। অথচ যে দরখাস্তটা পড়েছে উনারা সেটা তদন্ত করেছেন কিনা, দেখা হয়েছে কিনা সেটা না দেখে আমি বলতে পারব না। এবং সে জন্যই আমি বলছিলাম যে কেসের অন্তর্ভূক্ত হয়নি বলে কোয়েশ্চানটা এই ভাবে এনেছে। যদি আমাদের এখানে ডিটেলস ভাবে দেওয়া হয় বা সেখানে সাপ্রেশনের প্রশ্ন হয়ে থাকে তাহলে আমি দেখতে পারি।

শ্রীতাপস দেঃ---মাননীয় মুখ্যমন্ত্রীত বলেছেন যে তিনটা কেস করা হয়েছে? এই তিনটা কেস কি কি? এবং কারা করেছে কেস গুলি।

শ্রীসুখময় সেনগুপ্তঃ---মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই সর্ম্পকে অভিযোগ অনেক ধরনের আছে। এটা তদন্ত করে দেখা হয়। কিন্তু তদন্ত করে দেখার পরে যদি এই সর্ম্পকে কোন কেস দায়ের করা হয়নি। যদি শ্লীলতা হানির কেস হয়ে থাকে, আজকে সেই মহিলা যদি এই কথা সব জায়গায় বলে বেরাতে পারেন তাহলে তিনি কেসও দিতে পারেন। এবং যদি সেইকেস দেওয়া হয়ে থাকে তাহলে কেস হয়ে গেলেই আপনারা জানতে পারবেন।

শ্রীতাপস দেঃ---মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি, খোয়াইর তিনটি কেস সম্পর্কে যে বলা হয়, সেইগুলি কি কি এবং কারা সেগুলি করেছেন?

শ্রী এস, এম, সেনগুপ্ত ঃ---মাননীয় অধ্যক্ষ মহোদয়, প্রথম নাম্বার কেস যেটা ২৮ তারিখে করা হয়েছে, সেটা করেছেন রেবতী দেববর্মা, কুঞ্জবন, ১১-৪-৭৪ ইং তারিখে যেটা হয়েছে সেটা করেছে মালতী বালা পাল এবং তৃতীয়টি করেছে রঞ্জিত সাহা, কেয়ার অব শ্রীকৃষ্ণ সাহা, দুর্গানগর, পি, এস, খোয়াই।

শ্রীতাপস দে ঃ---মাননীয় মুখ্যমন্ত্রীর নিকট যে আমরা অভিযোগ তুললাম, এস, আই তলাপাত্র সম্পর্কে যে ঘটনা ঘটেছে সেটা তদন্ত করে তিনি দেখবেন কিনা, সেই আশ্বাস তিনি আমাদের দিতে পারেন কি না?

শ্রীসুখময় সেনগুপ্ত ঃ---মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই সম্পর্কে এইটুকু বলা যেতে পারে যে এই ধরণের অভিযোগ যদি কোন অফিসার সম্পর্কে থেকে থাকে, তাহলে সেগুলি তদন্ত করা হয়, এবং তদন্ত করে তার বিহিত ব্যবস্থা নেওয়া হয়।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ---মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, অভিমন্যু দাস বলে যে আসামীর নাম বলা হল, তাকে মিথ্যা মামলায় জড়িয়েছিল যারা, তাদের নামে তিনি কোর্টে আপীল করায়, জাজ সেখানে পুলিশের বিরুদ্ধে কঠোর মন্তব্য করেছেন, এই সম্পর্কে তিনি অবগত আছেন কি না?

শ্রী এস, এম, সেনগুপ্ত ঃ---মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই সম্পর্কে আমার জানা নেই।

শ্রীতাপস দে ঃ---মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি, এই যে তিনটি কেসের কথা তিনি এখানে উল্লেখ করেছেন, তার মধ্যে কোর্টে যে কেসগুলি করা হয়েছে, সেগুলি অন্তর্ভুক্ত কি না?

শ্রী এস, এম সেনগুপ্ত ঃ---স্পেসিফিক কেস যেগুলি থানায় এজাহারভুক্ত করা হয়েছে সেগুলি এখানে দেওয়া হয়েছে।

শ্রীকালিপদ ব্যাণার্জী ঃ---মাননীয় অধ্যক্ষ মহোদয়, এখানে প্রশ্নে আছে যে ১৯৭৪ ইং সনের জানুয়ারী হইতে এ পর্যন্ত খোয়াই মহকুমায় এইরূপ শ্লীলতাহানির ঘটনা কতটি ঘটিয়াছে, এখানে কোন থানার কথা উল্লেখ নেই। কাজেই ডাইরেক্ট যদি কেউ কোর্টের আশ্রয় নেয়, সেইগুলি কি এখানে আসবেনা?

শ্রী এস, এম, সেনগুপ্ত ঃ---মাননীয় অধ্যক্ষ মহোদয়, কোর্টে যদি কোন কেস হয়ে থাকে, সেগুলি যদি আমাদের এখানে পাঠান হয়, তাহলে আমরা সেগুলি দেখতে পারি।

শ্রীকালিপদ ব্যাণার্জী ঃ---কোয়েশ্চানের রিপ্লাই এ কি আসবে? খোয়াই মহকুমায় যেসব ঘটনা হয়েছে, সেই সবগুলিইতো এখানে আসবে। শুধু থানায় যেগুলি হয়েছে সেগুলি নয়, কোর্টে ডাইরেক্ট যে কেসগুলি হয়েছে, সেইগুলি কি আসবে না?

মিঃ স্পীকার ঃ---সেইগুলি আসা উচিত।

শ্রী এস, এম, সেনগুপ্ত ঃ---মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই সম্পর্কে আমি আগেই বলেছি যে কোর্টে যদি কেস হয়ে থাকে, সেইগুলি আমাদের কাছে এখন পর্যন্ত আসে নাই।

শ্রীকালিপদ ব্যাণার্জী ঃ---কেন আসে নি? বিধানসভার প্রশ্নোত্তরে কতগুলি কেস হয়েছে, সেগুলি নোটিসে আনা হবে না?

শ্রী তাপস দে ঃ---মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি, যেহেতু ঐ তলাপাত্র---খোয়াই থানার এস, আই সম্বন্ধে কেসটা যেহেতু থানায় কেসটা লজ করতে গিয়ে' এস, আই সেই কেসটা নেননি, এটা মাননীয় মুখ্যমন্ত্রীর নজরে আছে কি না? যদি কোন কেস কোর্টে হয়ে থাকে, তাহলে সেটা গভর্ণমেন্টের নোটিসে কি আসবেনা স্যার?

আমাদের এই কোয়েশ্চান করার মটিভটা কি স্যার। গভর্ণমেন্টের কাছে, ডিপার্টমেন্টের কাছে বারবার এ্যাপলাই করার পরও কোন এ্যাকশান নেওয়া হয়নি। গভর্ণমেন্ট পুলিশ অফিসার মা বোনের ইজ্জৎ রক্ষা করতে পারেনি, সেটা আমরা কি করে সহ্য করি স্যার ?

শ্রী এস, এম, সেনগুপ্ত ঃ---মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই সম্পর্কে যতটুকু রিপোর্ট এসেছে, সেই সম্পর্কে আমরা বলেছি। কোর্টে যদি এইরকম কিছু এসে থাকে, তাহলে সেটা আমরা তদন্ত করে দেখব।

শ্রী বি, দাস ঃ---মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, তিন নং প্রশ্নোত্তরে তিনি বলেছেন হ্যাঁ। তাহলে সমাজ বিরোধী যাদের দ্বারা জনৈক ভিখারিণী লাঞ্ছিতা হয়েছে, সেইসব সমাজ বিরোধী কি সেখানে এখনও ঘুরে বেড়াচ্ছেন না তাদের প্রতি কোন ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ?

শ্রী এস, এম, সেনগুপ্ত ঃ---মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই প্রশ্নের জবাব বোধ হয় আমি আগেই বলেছি যে কতকগুলি কেস হয়েছে, কয়জন আসামী ধরা পড়েছে, কয়জনকে জামিন দেওয়া হয়েছে এবং কয়জন আটক আছে।

শ্রী বি, দাস ঃ---মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার প্রশ্নটা ছিল এই---তিন নং প্রশ্নের উত্তরে মন্ত্রী মহাশয় বলেছেন 'হ্যাঁ', ভিখারিনী লান্ছিত হয়েছে কিছু সমাজ বিরোধী দ্বারা, এখন সেই সমাজ বিরোধীরা কি ঘুরে বেড়াচ্ছেন না তাদের প্রতি ব্যবস্থা নেওয়া হয়েছে। নেওয়া হয়েছে কি হয় নি, সোজা প্রশ্ন স্যার।

শ্রীসুখময় সেনগুপ্ত ঃ---মাননীয় অধ্যক্ষ মহোদয়, অ্যারেণ্ট করার পর তাদের কোর্টে দেওয়া হয়েছিল এবং সেখান থেকে জামিনে এনেছে।

শ্রীতাপস দে ঃ---মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি যে যাদের গ্রেপ্তার করা হয়েছিল তাদের কোন ধারা মতে গ্রেপ্তার করা হয়েছিল ?

শ্রীসুখময় সেনগুপ্ত ঃ---মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই সম্পর্কে আগেই বলা হয়েছে।

শ্রী বি, দাস ঃ---আমার প্রশ্নের উত্তর পাই নি স্যার। উনি যে উত্তরটা দিয়েছেন সেটা তিনটা কেস সম্পর্কে। আমি একটা পার্টিকুলার কেস সম্পর্কে বলেছি যে সেই ভিখারিনীর উপর যে অত্যাচার করল সমাজবিরোধীরা তাদের সম্পর্কে কি ব্যবস্থা নেওয়া হয়েছে ?

শ্রীসখময় সেনগুপ্ত ঃ---আমি এই কেস্ সম্পর্কে উল্লেখ করেছি যে কত নম্বর কেস। সেটা আগেই বলা হয়েছে।

মিঃ স্পীকার ঃ---শ্রী অনন্তহরি জমাতিয়া, শ্রীমধুসূদন দাস ও শ্রী তাপস দে (ব্রেকেটেড)।

শ্রী অনন্তহরি জমাতিয়া---কোয়েশ্চান নাম্বার ৬।

শ্রীসুখময় সেনগুপ্ত ঃ---মাননীয় অধ্যক্ষ মহোদয়, কোয়েশ্চান নাম্বার ৬।

প্রশ্ন

১। ১৯৭৪ ইং সনের ৯ই এপ্রিলের ধর্মঘট এ যোগদানকারী সরকারী কর্মচারী সংখ্যা কতজন এবং

২। সর্বমোট কত শতাংশ ধর্মঘট করিয়াছেন এবং তাহাদের প্রতি কোন শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হইবে কি ?

উত্তর

১। আমার কাছে যে প্রাথমিক রিপোর্ট এসেছে তাতে ১৫,৪০৭ জন।

২। সর্বমোট ৫৭ শতাংশ ধর্মঘট করিয়াছেন। তাহাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হইবে কিনা তাহা এখনও সরকারের বিবেচনাধীন রহিয়াছে।

শ্রী তাপস দে ঃ---মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি যে ১৫,৪০৭ জন যে অংশ গ্রহণ করেছে ধর্মঘটে তাদের মধ্যে কতজন রিগ্রেট করেছে?

শ্রীসুখময় সেনগুপ্ত ঃ---এই সম্পর্কে আমি কারেক্ট ফিগার দিতে পারব না এখন। কারণ সমস্ত সাবডিভিশান থেকে খবর জানতে টাইম লাগবে।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ---মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি যে যারা স্ট্রাইক ব্রেকিং এর কাজ করেছে তাদের কোন রিওয়ার্ড দেওয়া হয়েছে কিনা এবং দেওয়া হলে কত টাকা দেওয়া হয়েছে?

মিঃ স্পীকার ঃ---আই ডোন্ট থিন্‌ক দিস ইজ রিলেভেন্ট।

শ্রীচন্দ্রশেখর দত্ত ঃ---মাননীয় মন্ত্রী মহোদয়বলবেন কি যে ১৫,৪০৭ জন যে কর্মচারী ধর্মঘটে যোগদান করেছে তাতে তৃতীয় শ্রেণীর কয়জন, চতুর্থ শ্রেণীর কতজন এবং প্রথম শ্রেণীর কতজন আছে?

শ্রীসুখময় সেনগুপ্ত ঃ---মাননীয় অধ্যক্ষ মহোদয়, এটা যদি ডিপার্টমেন্টওয়ারী বলতে যাই তাহলে অনেক সময় লাগবে।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী----স্যার, দ্যাট পেপার মেবী লেড অন দি টেবল।

শ্রীসুখময় সেনগুপ্ত ঃ---মাননীয় অধ্যক্ষ মহোদয়ের অনুমতি হলে ডিপার্টমেন্টওয়ারী যে কাগজপত্র আছে সেটা লে করতে পারি।

শ্রীঅজয় বিশ্বাস ঃ---মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন যে ১৫,৪০৭ জন ধর্মঘট করেছে এবং যারা রিগ্রেট করেছে তাদের লিস্ট দেওয়া হয়েছে। মাননীয় মুখ্যমন্ত্রী জানাবেন কি যে ধর্মঘট করার পর শিক্ষা দপ্তরে এমন কোন সার্কুলার দেওয়া হয়েছে কিনা যে ঐদিন কাজে যোগদান না করলেও তাদের হাজিরা ধরা হবে? এইরকম কোন সার্কুলার শিক্ষা দপ্তরে আছে কিনা?

শ্রীসুখময় সেনগুপ্ত ঃ---মাননীয় অধ্যক্ষ মহোদয়, এইরকম কোন সার্কুলার শিক্ষা দপ্তরের আছে কিনা সেটা আমি বলতে পারব না। তবে আমাদের গভর্ণমেন্টের যে কোয়েশ্চানটা বিবেচনাধীন সেটা হচ্ছে তাদের প্রতি শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে কি হবে না, এটা বিবেচনাধীন আছে।

শ্রীঅজয় বিশ্বাস ঃ---আমার এই প্রশ্নের সঙ্গে যুক্ত রয়েছে। মাননীয় মন্ত্রী মহোদয় জানেন কি যে ৯ তারিখে কাজে যোগদান না করলে তাদের শাস্তি দেওয়া হবে চীফ সেক্রেটারীর সার্কুলার আছে এবং আমি জানি এডুকেশান ডিপার্টমেন্টে সার্কুলার দেওয়া হয়েছে ঐদিন কাজে যোগদান না করলে শাস্তি দেওয়া হবে না। তাহলে গভর্ণমেন্টের কোন্ সার্কুলারটা ঠিক?

শ্রীসুখময় সেনগুপ্ত ঃ---মাননীয় অধ্যক্ষ মহোদয় এই ধরনের কোন সার্কুলার এডুকেশান ডিপার্টমেন্ট থেকে দেওয়া হয়েছে কিনা আমি জানিনা।

শ্রীতাপস দে ঃ---মাননীয় মন্ত্রী মহোদয় জানেন কি ঐদিন নাইন্থ এপ্রিলে অমরপুরের পি, ডাবলিউ, ডি' এর একজিকিউটিভ ইঞ্জিনীয়ার অফিসে গিয়েছিলেন কিনা?

শ্রীসুখময় সেনগুপ্ত ঃ---মাননীয় অধ্যক্ষ মহোদয়, এখানে যে প্রশ্নটা আছে সেটা হচ্ছে টোটেল কোয়েশ্চানের উপর। কাজেই পার্ট যদি কোন কোয়েশ্চানের উত্তর দিতে হয় তাহলে আমাকে দেখতে হবে।

শ্রীতাপস দে ঃ---নাইন্থ এপ্রিলে ধর্মঘটের দিনে অমরপুরের এ্যাক্‌জিকিউটিভ ইঞ্জিনিয়ারের অফিস খোলা হয়েছিল কিনা, মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি?

শ্রীসুখময় সেনগুপ্ত ঃ---মাননীয় অধ্যক্ষ মহোদয়, এখানে প্রশ্নটা ছিল টোট্যাল ধর্মঘটের ব্যাপারে, কাজেই পার্টিকুলার কোন জিনিষ জানতে হলে আমাকে নোটিশ দিতে হবে।

শ্রীমধুসূদন দাস ঃ---মাননীয় মন্ত্রী মহোদয় ৯ই এপিল তারিখে স্ট্রাইকে যোগদানে অনিচ্ছুক কর্মচারীরা যারা নাকি অফিসে আসতে পারে নি তারা যে ছুটির জন্য দরখাস্ত করেছিল, সেই দরখাস্তের সংখ্যা কত এবং সেগুলির মধ্যে কোন কোনগুলি বিবেচনা করা হয়েছে, জানাবেন কি?

শ্রীসুখময় সেনগুপ্ত ঃ---মাননীয় অধ্যক্ষ মহোদয় আমি আগেই বলেছি যে এটা আমি পরে হাউসের কাছে দেব।

শ্রীচন্দ্র শেখর দত্ত ঃ---মাননীয় মন্ত্রী মহোদয় ৯ই এপ্রিল তারিখের স্ট্রাইকে গেজেটেড অফিসারদের মধ্যে ক্লাশ ওয়ান কেউ যোগদান করেছিল কিনা?

শ্রীসুখময় সেনগুপ্ত ঃ---মাননীয় অধ্যক্ষ মহোদয় কোন গেজেটেড অফিসার ক্লাশ ওয়ান বা ক্লাশ টু স্ট্রাইকে যোগদান করেন নি।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ---স্যার, মাননীয় মন্ত্রী বলেছেন যে ধর্মঘট করার জন্য কাউকে শাস্তি দেওয়া হবে কিনা, এটা সরকারের বিবেচনাধীন আছে। এখন আমি জানতে পারি কি যে ধর্মঘট করার জন্য কাউকে সাস্পেণ্ড বা ট্রেন্সফার করা হয়েছে কিনা এবং করা হলে তাদের নাম কি?

শ্রীসুখময় সেনগুপ্ত ঃ---অধ্যক্ষ মহোদয়, কাউকে সাস্পেণ্ড করা হয়েছে কিনা, এই সম্পর্কে আমরা কাছে কোন রিপোর্ট নাই। আর দ্বিতীয় প্রশ্ন যেটা করা হয়েছে, এটা আমার মনে হয় এখানে আসে না।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ---মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি যে আগরতলা মিউনিসি-প্যালিটির আলাদা সার্ভিস কণ্ডাক্‌ট রুল আছে কিনা, যদি থাকে তাহলে চীফ সেক্রেটারীর যে সমস্ত ডাইরেক্‌টিভস আগরতলা মিউনিসিপ্যালিটিকে দেওয়া হয়েছে, সেগুলি যদি শাস্তিমূলক ব্যবস্থা নেওয়ার জন্য কার্য্যকরী হয়, তাহলে সেগুলি বৈধ হবে না, এটা মাননীয় মন্ত্রী মহোদয়ের জানা আছে কি?

শ্রীসুখময় সেনগুপ্ত ঃ---মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই সম্পর্কে আমাকে খোঁজ করে দেখতে হবে।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ---মাননীয় মন্ত্রী মহোদয় এই তথ্য কি দিতে পারেন যে ধর্মঘটের ব্যাপারে চীফ সেক্রেটারীর যে সমস্ত ডাইরেক্‌টিভস, সেগুলি আগরতলা মিউনিসিপ্যালটিকেও দেওয়া হয়েছে কিনা?

শ্রীসুখময় সেনগুপ্ত ঃ---মিউনিসিপ্যালিটি লোকাল সেল্ফ গভর্ণমেন্টের আওতাভুক্ত, কাজেই মিউনিসিপ্যালিটির কাছে সেই সমস্ত ডাইরেক্‌টিভস যাবে, সেই সম্পর্কে আমার কিছু জানা নাই।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ---স্যার, আমি জানতে চেয়েছিলাম যে ধর্মঘট সম্পর্কে চীফ সেকেটারীর ডাইরেক্‌টিভস আগরতলা মিউনিসিপ্যালিটিতে গিয়েছে কিনা?

শ্রীসুখময় সেনগুপ্ত ঃ---মাননীয় অধ্যক্ষ মহোদয়, এটা লোক্যাল সেল্ফ গভর্ণমেন্ট ডিপার্টমেন্ট থেকে পাঠানো হয়েছে কিনা খোঁজ না নিয়ে আমি এখানে কিছু বলতে পারছি না।

শ্রীঅজয় বিশ্বাস ঃ---মাননীয় মন্ত্রী মহোদয় জানেন কি যে ৯ই এপ্রিল তারিখের ধর্মঘটের জন্য চীফ ইঞ্জিনিয়ার এর অফিসে এবং আরও অন্যান্য অনেক অফিসে কর্মচারীদের বাত্‌সরিক ইন্‌ক্রিমেন্ট দেওয়া বন্ধ রাখা হয়েছে এবং কর্মচারীদের প্রমোশন বন্ধ রাখা হয়েছে।

শ্রীসুখময় সেনগুপ্ত ঃ---এই সম্পর্কে আমার কিছু জানা নেই।

শ্রীতাপস দে ঃ---মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি যে যারা ধর্মঘটের দিনে যারা ইচ্ছে সত্বে অফিসে আসতে পারেন নাই বাধা পাওয়ার জন্য, তাদের সার্ভিসটা কি ভাবে রক্ষা করা হবে?

শ্রীসুখময় সেনগুপ্ত ঃ---এটাও সরকার শাস্তিমূলক ব্যবস্থা নেওয়ার আগে বিবেচনা করে দেখবে।

শ্রীতাপস দে ঃ---মাননীয় মন্ত্রী মহোদয়, এই বিবেচনার কাজ কত দিনের মধ্যে শেষ করা হবে, জানাবেন কি?

শ্রীসুখময় সেনগুপ্ত ঃ---মাননীয় অধ্যক্ষ মহোদয় কোন ব্যবস্থা নেওয়ার আগেই সেটাকে প্রসেস করার দরকার আছে, কারণ একজনের উপর যাতে কোন রকমের ইন্‌জাষ্টিস না হয়, সেটা দেখতে হবে।

শ্রীঅজয় বিশ্বাস ঃ---মাননীয় মন্ত্রী মহোদয়, এই যে ৯ই এপ্রিল তারিখে ধর্মঘট করা হয়েছিল, তা কোন কোন দাবীর ভিত্তিতে করা হয়েছিল জানাবেন কি?

মিঃ স্পীকার ঃ---অন্যারেব্যল মেম্বার, ইট ইজ নট রিলিভেন্ট টু দি কোয়েশ্চান।

শ্রীকালিপদ ব্যানার্জী ঃ---ষ্টার্ড কোয়েশ্চান নাম্বার---১১

শ্রীশৈলেস চন্দ্র সোম ঃ---ষ্টার্ড কোয়েশ্চান নাম্বার---১১, স্যার।

প্রশ্ন

১। সাব্রুম মহকুমার সাব্রুম ও সোনাইছড়ি বাজারে পাট ক্রয় কেন্দ্র খোলা হইবে কি?

উত্তর

১। সাব্রুম মহকুমার সাব্রুম ও সোনাইছড়িতে পাট ক্রয় কেন্দ্র খোলার বিষয়টি পরীক্ষাধীন আছে।

শ্রীকালিপদ ব্যানার্জী ঃ---মাননীয় মন্ত্রী মহোদয় এই পরীক্ষা নিরীক্ষার ব্যপারটি কি কোন সময়ে শেষ হবে না?

শ্রীশৈলেস চন্দ্র সোম ঃ---মাননীয় অধ্যক্ষ মহোদয় ইণ্ডিয়ান জুট ট্রেডিং করপোরেশন সাধারণতঃ সমবায় সমিতিগুলির মাধ্যমে পাট ক্রয় করে থাকে এবং অনেক সময়ে তারা নিজেরাও ক্রয় করে থাকেন।

শ্রীকালিপদ ব্যানার্জী ঃ---মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি যে এই বছরে খোলা সম্ভব হবে কিনা? কারণ যে দুই জায়গার কথা বলা হয়েছে, সেখানে পাট ক্রয় কেন্দ্র না থাকার জন্য গরীব পাট চাষীরা পাটের ন্যায্য দাম পাচ্ছে না, ফলে তারা ক্ষতিগ্রস্ত হচ্ছে।

শ্রীশৈলেস চন্দ্র সোম ঃ---মাননীয় অধ্যক্ষ মহোদয়, জুট ট্রেডিং করপোরেশনের সঙ্গে এই বিষয়ে আলোচনা হচ্ছে।

শ্রী নৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ---মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি যে কো-অপারেটিভ ডিপার্টমেন্ট কবে এই জুট ট্রেডিং করপোরেশনের সঙ্গে আলোচনা শুরু করেছেন?

শ্রীশৈলেশ চন্দ্র সোম ঃ---এই তারিখটা এখুনি দেওয়া সম্ভব নয়।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ---মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি যে জুট করপোরেশনের কাছে থেকে ইদানিং কোন চিঠিপত্র পাওয়া গিয়েছে কিনা?

শ্রীশৈলেস চন্দ্র সোম ঃ---আমি এটুকু বলতে পারি যে জুট ট্রেডিং করপোরেশনের সঙ্গে আলাপ আলোচনা চলছে।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ---স্যার, ওরা এই বছরে কিছুই করছে না। কারণ উনি বলতে পারছেন না যে লাষ্ট চিঠি পত্র বা দেখাশুনা কবে হয়েছে। আপনারা কবে চিঠি লিখেছেন বা পেয়েছেন, সেই তথ্য এই হাউসকে জানান?

শ্রীশৈলেস চন্দ্র সোম ঃ---স্যার, আমি তো পূর্বেই বলেছি যে এটা আমার কাছে নাই।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ---স্যার, আমি এই হাউসের তরফ থেকে দাবী করছি যে তারা এটা এখানে উপস্থিত করুন?

শ্রীশৈলেস চন্দ্র সোম ঃ---স্যার, চিঠি তো এখন আমার কাছে নেই।

মাননীয় অধ্যক্ষ মহোদয় আমাদের তথ্য থেকে দেখা যায় যে বিগত সালে সাব্রুম এবং মনুবাজারে দু'টি সেন্টার থেকে পাট ক্রয় করা হয়েছে।

শ্রীকালীপদ বানার্জী ঃ---স্যার, সাব্রুমে কোন কেন্দ্র ছিল না বলেই মনুবাজারে যে দাম সেই দামেই তাদের সাব্রুমে বিক্রী করতে হয়েছে। সাব্রুমে কোন সেন্টার ছিল না। মনুবাজারে একটি মাত্র সেন্টার আছে। আমার অঞ্চলের খবর আমি জানি না?

Mr. Speaker :—The question hour is over (interruption)

শ্রীকালীপদ বানার্জী ঃ---আমি চাই সেখানে মাননীয় মন্ত্রী মশাই এই আশ্বাস দেবেন যে সেখানকার গরীব মানুষেরা পয়সা পাবে।

Mr. Speaker :—The question hour is over. Ministers may lay on the Table of the House the reply of the Unstarred Questions and also starred questions which were not answered orally.

I have received Calling Attention Notice from Shri Tapesh Dey, M.L.A. on the subject—"স্থানীয় দুর্গা বাড়ী ও রাজ্যের অন্যান্য স্থানে শরণার্থী আগমনের ফলে উদ্ভুত খাদ্য সংকট সম্পর্কে"।

I have given consent to the Motion. I would request the Hon'ble Minister in-charge of the Department to make a statement to-day, if he is not in a position the to make statement to-day, he will kindly give me a date when the Calling Attention Notice wili be shown on the order paper for statement.

শ্রীসুখময় সেনগুপ্ত ঃ---মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি এই সম্পর্কে ১০ তারিখ স্টেটমেন্ট দেব।

Mr. Speaker :—Hon'ble Minister-in-charge will make his statement on the 10th Octorber, 1974.

I have received another Calling Attention Notice from Shri Nripendra Chakraborty, M. L. A. on the subject—

"গত ৫,১০,৭৪, তারিখে অমরপুর বামপুর বাজার হইতে মালবাসা আসিবার সময় শ্রী সর্বকুমার জমাতিয়ার স্ত্রী শ্রীমতি চাকতি জমাতিয়ার উপর ননী দাস ও নিখিল দাস কর্তৃক পাশবিক অত্যাচার সম্পর্কে।

Now the Hon'ble Minister-in-charge will make his statement on the subject, if possible

শ্রীসুখময় সেনগুপ্ত ঃ---মাননীয় অধ্যক্ষ মহোদয় গত ৫.১০.৭৪ইং তারিখে অমরপুর বামপুর বাজার হইতে মালবাসা আসিবার সময় শ্রীসর্ব কুমার জমাতিয়ার স্ত্রী শ্রীমতি চাকতি জমাতিয়ার উপর শ্রীননী দাস ও নিখিল দাস কর্তৃক পাশবিক অত্যাচার সম্পর্কে। গত ৬.১০.৭৪ ইং তারিখ বেলা সাড়ে দশটার সময় বানপুর সাকিনের দেবানন্দ জমাতিয়ার পুত্র শ্রীপ্রাণ হরি জমাতিয়া, মালবাসা সাকিনে সর্বহরি জমাতিয়ার স্ত্রী শ্রীমতি চাকিত জমাতিয়াকে---শ্রীমতি চাকতি প্রাণহরি জমাতিয়ার বোন---সঙ্গে নিয়া থানায় উপস্থিত হয়ে অমরপুর থানায় এই মর্মে এজাহার করে যে গত ৫.১০.৭৪ইং তারিখ বেলা অনুমান ৪টা সাড়ে চারটার সময় যখন শ্রীমতি চাকতি জমাতিয়া বানপুর বাজার হইতে নূতন বানপুরস্থিত তার ভাইয়ের বাড়ী হইতে ফিরিতেছিলেন তখন বানপর পথে সোনাছড়া সাকিনের জনৈক নিক্কা দাস ওরফে নিখিল দাস এবং বানপুর সাকিনের শ্রীননী দাস উক্ত শ্রীমতি চাকতি জমাতিয়াকে বল পূর্বক ঐ পথের পার্শবর্ত্তী জঙ্গলপূর্ণ একটা জুম টিলার মধ্যে লইয়া গিয়া তাহার উপর পাশবিক অত্যাচার করে। শ্রীমতি চাকতির বয়স ২২ বছর। এই এজাহার মূলে অমরপুর থানায় ভারতীয় দণ্ড বিধির ৩৭৬ নং ধারা মূলে ৪,৬,৭৩ নং মোকদ্দমা নথিভুক্ত করা হয় এবং ঐ থানার ২নং সাব ইন্সপেক্টার মহেন্দ্র চন্দ্র পাল যথারীতি তদন্ত আরম্ভ করেন। তিনি তদন্ত কালে এজাহার লিপিবদ্ধ করিয়াই শ্রীমতি চাকতির পরিধেয় পাছড়া এবং তাহার বুক কাপড়---রিয়া---যথারীতি হেফাজতে নেন। ও চাকতিকে ডাক্তারী পরীক্ষা নিরীক্ষা ও চিকিৎসার দরুন অমরপুর হাসপাতালে প্রেরণ করেন। শ্রীচাকতি জমাতিয়া অদ্যাবধি ৮ই অক্টোবর হাসপাতালে চিকিৎসাধীন আছে। ইহার পর তদন্তকারী দারোগা ঐ দিনই এজাহার দেওয়ার দিন অর্থাৎ ৬ই অক্টোবর বেলা অনুমান সাড়ে বারটার সময় ঘটনাস্থলে পেঁৗছিয়াই ঘটনাস্থল পরিদর্শন করেন। ঘটনাস্থলের আশে পাশে কোন লোক বসতি নাই। দারোগা ঘটনার সাক্ষী হিসাবে কয়েক জন লোকের জবানবন্দী লিপিবদ্ধ করেন। তাহাদের জবানবন্দীতে জানা যায় শ্রীমতি চাকমা একাই ঐ পথ অতিক্রম করিতেছিলেন। ঐ সুযোগে দুর্বত্তগণ পাশবিক অত্যাচার করিয়াছে বলিয়া প্রতীয়মান হয়। এই ঘটনার অব্যবহিত পরেই বিবাদীগণ পলাতক থাকে। পুলিশ তাহাদের অনুসন্ধানে লিপ্ত থাকে। গত ৭.১০.৭৪ ইং তারিক বেলা আড়াইটার সময় নিম্নলিখিত ব্যক্তিগণ নিক্কা ওরফে নিখিল দাসকে বানপুর বাজারে পাইয়া মার ধোর করিয়া গুরুতর রক্তাক্ত জখম অবস্থায় অমরপুর থানায় হাজির করেন। ধৃত নিক্কা ওরফে নিখিল দাসকে ৪,১০,৭৪ নং মোকদ্দমায় উল্লিখিত মোকদ্দমা সংক্ষেপে হেফাজতে দেওয়া হয়। সেই নিম্নলিখিত ব্যক্তিগণের বিরুদ্ধে অভিযোগ করিলে তাহাদের অভিযোগ অমরপুর থানায় ভারতীয় দণ্ড বিধির ১৪৮, ১৪৯, ৩২৬ নং ধারা মূলে অমরপুর থানায় ৫,১০,৭৪ নং মোকদ্দমা নথিভুক্ত করা হয়। এবং দারোগা শ্রীমহেন্দ্র চন্দ্র দাস তদন্ত আরম্ভ করেন। ও জখমী নিখিল দাসকে পুলিশ হেফাজতে চিকিৎসার্থ অমরপুর হাসপাতালে রাখা হয়। উভয়

মোকদ্দমারই তদন্ত কার্য্য চলিতেছে। বিবাদী ননী দাস এখনও ফেরার আছে। নিম্ন লিখিত ব্যক্তিগন বিবাদী নিখিল দাসকে থানার হাজির করে।

শ্রীমনীন্দ্র জমাতিয়া

শ্রীনারায়ন জমাতিয়া

শ্রীবৃহন্নলা জমাতিয়া

শ্রীগৌরাঙ্গ জমাতিয়া

শ্রীবীরেন্দ্র জমাতিয়া

শ্রীঅনপশু জমাতিয়া

শ্রীযুক্তফুই জমাতিয়া

শ্রীপ্রযোকলাল জমাতিয়া

শ্রীমতি চাকতি জমাতিয়ার অন্যান্য ডাক্তারী পরীক্ষা রিপোর্ট এখনও পাওয়া যায় নাই।

শ্রীতাপস দে ঃ---মাননীয় মন্ত্রী মশাই কোন ধারাতে কেসটা থানায় নেওয়া হয়েছিল?

মিঃ স্পীকার ঃ---যিনি নোটিশ দিয়েছেন তারই আগে প্রায়রিটি পাওয়া উচিত...

শ্রীসুখময় সেনগুপ্ত ঃ---মাননীয় অধ্যক্ষ মহোদয়, কোন ধারাতে গ্রেফতার করা হয়েছে সেটাতো দেওয়াই আছে। রিপিটেশান হয়ে যাবে---৩৭৬ ধারায়।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ---অন পয়েন্ট অব ক্লেরিফিকেশান স্যার, মাননীয় মন্ত্রী মশাই জানাবেন কি যে দুটো লোককে আসামী করা হয়েছে তাদের বিরুদ্ধে এর আগেও বিভিন্ন অপরাধমূলক কাজের জন্য কেস পুলিশের কাছে রয়েছে কি না? অর্থাৎ তারা দাগী কি না?

শ্রীসুখময় সেনগুপ্ত ঃ---মাননীয় অধ্যক্ষ মহোদয়, কোন কেস সংক্রান্ত ব্যাপার এই প্রশ্ন আসে না তবে এইটুকু বলতে পারি যে সমস্ত রেকর্ড এই সম্পর্কে দেখা হচ্ছে।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ---অন এ্যানাদার পয়েন্ট অব ক্ল্যারিফিকেশান---মাননীয় মুখ্যমন্ত্রী প্রতিশ্রুতি দেবেন কি যারা ওকে ধরে এনেছে--পুলিশকে সাহায্য করেছে, কারণ আসামী-তাদের বিরুদ্ধে কোন কেস হবে না এই প্রতিশ্রুতি দেবেন কি?

শ্রীসুখময় সেনগুপ্ত ঃ---মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই সম্পর্কে যদি ওরা ঠিক ধরে নিয়ে আসত তাহলে এক রকম প্রশ্ন ছিল, ধরে নিয়ে আনার জন্য তাদের উপর তারপর কোন কেস হবে কি না তা বলতে পারি না, তবে যতটুকু সম্ভব এই সম্পর্কে আমরা দেখব।

শ্রীতাপস দে ঃ---স্যার, উদয়পুর রেশন দোকানে অনেক দিন ধরে রেশন দেওয়া হচ্ছে না এই সম্পর্কে আমার একটা কলিং অ্যাটেনশন নোটিশ ছিল এইটার কি হলো আমি জানতে চাচ্ছি।

মিঃ স্পীকার ঃ---মাননীয় সদস্য, এই কলিং অ্যাটেনশন নোটীশেস হেভ বিন পেণ্ডিং বিফোর মি অ্যাণ্ড দিস আর আণ্ডার মাই কনসিডারেশন।

শ্রীযতীন্দ্র কুমার মজুমদার ঃ---মাননীয় অধ্যক্ষ মহোদয়, হাউসের বিসিনেস আরম্ভ হওয়ার আগে আপনার কাছে আমার একটা আবেদন রাখতে চাই।

মিঃ স্পীকার ঃ---মাননীয় সদস্যকে আমি অনুরোধ করবো যে এই আবেদনটা আমার চেম্বারে করবেন

শ্রীযতীন্দ্র কুমার মজুমদার ঃ---মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার চেম্বারে তো আমরা হামেশাই আপনার আদেশ পেয়ে যাই। কিন্তু এইখানে মেম্বার হিসাবে আমাদের যে অধিকার সেইটা জানাতে পারিবো না এই হাউসে? আপনার চেম্বারে আপনার নির্দেশ মত আমরা যাই কিন্তু এসেম্‌লির মেম্বার হিসাবে যে রাইট সেইটা গোপনে আপনার চেম্বারে বলার তো কোন কারণ দেখছি না। এইখানেই আবেদন করছি যদি আপনি দয়া করে শুনেন।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ---মাননীয় স্পীকার স্যার, জিরো হাওয়ারে যে কোন অনারেব্যল মেম্বার বিষয় উপস্থিত করতে পারেন। কাজেই আমি বলছি ইট হিজ রাইট তাকে বলতে দিন।

মিঃ স্পীকার ঃ---না, আমি তো উনাকে বলেছি যদি কোন ব্যক্তিগত ব্যাপার থাকে তাহলে উনি আমার চেম্বার দেখা করতে পারেন। আচ্ছা বলুন।

শ্রীযতীন্দ্র কুমার মজুমদার ঃ---মাননীয় অধ্যক্ষ মহোদয়, সেশন আসলে পর এই মাসের তিন তারিখে আমি একটা নোটিশ দিয়েছিলাম জনস্বার্থে একটা বিষয়ে আলোচনা উত্থাপন করার জন্য সেই নোটিশ আপনি অ্যাডমিট করলেন কি করলেন না এবং করা হবে কি না সেইটা আমি জানতে পারি নাই। বিষয়টা ছিল যে গরীব জনসাধারণ যাদের স্বল্প আয় তাদের ছেলেমেয়েদেরকে স্কুলে বিনা বেতনে শিক্ষা গ্রহণ করার সুযোগ এই ব্যাপারে আমি একটা রিজিউলিশন দিয়েছিলাম কিন্তু দুর্ভাগ্যের বিষয় সেই রিজিলিউশন টা পার্টির উপর নির্ভরশীল সেইটা আসে নি সেইজন্য আমি এইটা আলোচনা করতে চাই। কারণ এইটা বাজেট সেশন নয় যে স্কোপ পাবো। সেইটার স্কুপ পাওয়া সম্ভব নয় কারণ প্রসঙ্গ আসবে না। কাজেই আমি আলোচনা উত্থাপন করতে চেয়েছিলাম যে আপনার বিবেচনাধীন আছে কি না সেইটা জানতে চাই।

মিঃ স্পীকার ঃ---অনারেব্যল মেম্বার এইটা আমার বিবেচনাধীন আছে।

শ্রীযতীন্দ্র কুমার মজুমদার ---মেনি থ্যাংক্স।

শ্রীসমর চৌধুরী ঃ---মাননীয় স্পীকার স্যার, আমার একটা মোশন ছিল যে পে কমিশনের রিপোর্ট এই হাউসে পেশ করা হোক, আমি এই সম্পর্কে---

মিঃ স্পীকার ঃ---আপনি এই বিষয়ে আমার চেম্বারে---

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ---স্যার আমি বলছি একজন মেম্বার যদি ডিউলি মোশান নোটিশ দেন এবং সেই নোটিশটা হচ্ছে প্লেস গভার্ণমেন্টের হাতে পে কমিশনের এওয়ার্ড এসেছে সেই এওয়ার্ডকে এখানে প্লেস করা হোক। কারণ আমরা বাজেটে টাকা ধরেছি, এই পে কমিশনের এওয়ার্ড হাউস ইনটারেস্টেড, পে কমিশনের যে এওয়ার্ড টা ইমপ্লিমেন্ট করার জন্য। কাজেই সেইজন্য গভার্ণমেন্টকে রেকুয়েস্ট করা হচ্ছে এইযে মোশনটা আপনি অ্যাডমিট করেছেন কি না। যদি করেন তাহলে আমরা মোভ করবো। অনারেব্যল চীফমিনিস্টার রয়েছেন তিনি বলতে পারেন যে কবে এইটাকে এইখানে প্লেস করা হবে। কাজেই হাউস তো ইন্টারেস্টেড যে কাগজে দেখেছেন পেকমিশনের এওয়ার্ড গভার্ণমেন্টের কাছে দেওয়া হয়েছে। ওয়াটএভার ইট ইজ, ওটার মধ্যে কি আছে না আছে লড্ডু সেইটা আলাদা কথা কিন্তু সেইটা গভার্ণমেন্ট আমাদের হাউসের সামনে কেন উপস্থিত করলেন না, এর পরে হয়তো ছয়মাস পরে আবার মিটিং হবে। কাজেই এইটা সম্পর্কে আমরা খুব ভাইটেল ইনটারেস্টেড। আমি অনারেব্যল চীফ মিনিস্টারকে রেকুয়েস্ট করবো যে তিনি একটা স্ট্যাটমেন্ট করুন যে এই পে কমিশনের এওয়ার্ড তিনি কবে আমাদের হাউসের সামনে উপস্থিত করছেন, যাতে আমরা ডিস্কাশন করতে পারি।

শ্রীসুখময় সেনগুপ্ত ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই সম্পর্কে আগে একটা আলোচনা হয়েছে যে এইটা সরকারের বিচারধীন আছে। যদি আমাদের এই বিবেচনা হয়ে যায় তাহলে সেইটার গুরুত্ব অনুসারে আমরা মাঝখানে একটা এসেম্বলির সেশন করে নিয়ে আমরা এইটা প্লেস করতে পারবো।

শ্রীকালীপদ ব্যানার্জী ঃ---মাননীয় স্পীকার স্যার, পে কমিশনের যে রিপোর্ট সেই রিপোর্ট কত দিনের মধ্যে পেশ করতে হয়? এইটাকি লে করার দায়িত্ব গভর্ণমেন্টের নাই?

মিঃ স্পীকার ঃ---এইটা ৬ মাসের ভিতরে করতে হয়।

শ্রীসমর চৌধুরী ঃ---সরকারের হাতে যে রিপোর্ট সেই রিপোট এইখানে—

মিঃ স্পীকার ঃ---ওটা আমার বিবেচনাধীন আছে।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ---স্যার, কোয়েশ্চানটা উঠেছে গভার্ণমেন্ট যে কোন সময় ডিসিশন নিতে পারেন কিন্তু হাউসে প্লেচ করতে আপত্তিটা কোথায়। হাউসে প্লেচ করার অর্থ তো এই নয় যে গভার্ণমেন্ট অ্যাকস্পেট করছেন, হাউসে প্লেচ করলে আমরা জানতে পারি এবং তারপর গভার্ণমেন্ট কি ডিসিশন নিবেন সেইটা পরে প্লেচ করা যাবে। উনি বলেছেন যে এর মাঝখানে একটা সেশন ডেকে সেইটা প্লেচ করবেন দ্যাট্ ইজ অলরাইট। কিন্তু রিপোর্ট অ্যাস ইট ইজ এতো আমরা আজকে হোক আর কালকে হোক আমরা দেখবো। কাজেই সেই রিপোর্ট অ্যাস ইট ইজ হাউসের কাছে এই সেশনে যাতে প্লেচ করা হয় এই ষ্ট্যাটমেন্টটা আমরা চাই।

শ্রীসুখময় সেনগুপ্ত ঃ---মাননীয় অধ্যক্ষ মহোদয়, এইটা যেহেতু ছয় মাসের মধ্যে করা যায় সেইজন্য আমরা একটু স্ক্রুটিনি না করে আমরা এইটা প্লেচ করতে পারছি না। (গণ্ডগোল)।

মিঃ স্পীকার ঃ---আপনারা যদি এক সঙ্গে সকলে কথা বলেন তবে কারও কথা শুনা যাবে না।

শ্রীসমর চৌধুরী ঃ---স্যার, আমার বক্তব্য হচ্ছে যে স্ক্রুটিনির প্রশ্নতো এখানে উঠে না। যে রিপোর্টটা এসেছে সেই রিপোর্টটা এই হাউসে প্লেচ করার প্রশ্ন।

শ্রীসুখময় সেনগুপ্ত ঃ---মাননীয় অধ্যক্ষ মহোদয়, এইটা গভার্ণমেন্ট থেকে না দেখে এইটা প্লেস করার কিছু অসুবিধা আছে সেইজন্য ৬ মাসের একটা হিসাব আমরা রেখেছি যে ৬ মাসের মধ্যে প্লেচ করতে হবে।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ---আমি মাননীয় মুখ্যমন্ত্রীন কাছে জানতে চাই যে ৬ মাসের মধ্যে প্লেচ করার প্রভিশনটা কোথায় কোন ধারাতে আছে সেইটা এই হাউসে জানতে চায়। আমি যেটুকু জানি যে প্লেস না হওয়া পর্য্যন্ত আলোচনা হবে না কিন্তু এই কথা নেই যে গভার্ণমেন্টকে ৬ মাসের সময় দেওয়া হয়েছে বা তিনমাসের সময় দেওয়া হয়েছে কোন পালিয়ামেন্টারী প্রেকটিসে নাই।

শ্রীসুখময় সেনগুপ্ত ঃ---মাননীয় অধ্যক্ষ মহোদয়, এইটা সাধারণতঃ ৬ মাসের মধ্যে অনেক জায়গায় আমরা দেখেছি ছয় মাসের মধ্যে প্লেচ করা হয়।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ---এইটা কোথায় দেখেছেন বনমালীপুর? বনমালীপুর দেখলে হবে না।

মিঃ স্পীকার ঃ---সেইটা লোকসভার স্পীকারের ডাইরেকশান আছে।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ---তাহলে লোক্‌সভার স্পীকারের ডাইরেকশনটা দেখান।

শ্রীকালীপদ ব্যানার্জী ঃ---তাহলে এইটা তারা প্লেচ না করলেও পারেন। ছয় মাসের মধ্যে ওরা না করলেও পারবেন? এইটা কোন নিয়ম না।

শ্রীঅজয় বিশ্বাস ঃ---স্যার, পে কমিশনের রিপোর্টটা এখানে প্লেচ করতে অসুবিধাটা কি আমি বুঝতে পারছি না। এইটা কি গোপন ব্যাপার? কারণ আমরা জানি তৃতীয় পেকমিশন সেই এক প্রেস কনফারেন্স করেছিল এইটা পাবলিককে জানিয়ে দিয়েছিল। কাজেই এইটা যদি আমাদেরকে দেওয়া হয় তাহলে আমরা স্ট্যাডি করতে পারি। তারপরে আপনারা ছয়মাসের মধ্যে করুন তারপর আলোচনা হবে। এইখানে প্লেচ করতে অসুবিধা কোথায়? এইটাতো গোপন ব্যাপার নয়?

শ্রীসুখময় সেনগুপ্ত ঃ---মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই সম্পর্কে আগেই বলা হয়েছে যে এইটা ছয়মাসের মধ্যে করতে পারলেই হল এবং তার আগেই করা হবে।

শ্রীসমর চৌধুরী ঃ---স্যার, গভার্ণমেন্টের স্কুটিনি করার প্রশ্ন কোথা থেকে আসে?

শ্রীজিতেন্দ্র লাল দাস ঃ---স্যার, এইটা বিধান সভায় প্লেচ করতে আইন সঙ্গত কোন বাধা আছে কি না?

শ্রীসুখময় সেনগুপ্ত ঃ---মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই সম্পর্কে গভার্ণমেন্টের বিবেচনা করার কথা আছে ঐই জন্য যে আমাদের যে বরাদ্দ আছে তার মধ্যে এইটা পড়বে কি পড়বে না কাজেই সেইটা সমস্তটা দেখে তারপর প্লেচ করা হবে।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্তী ঃ---স্যার, আমরা তো এইকথা বলিনি যে গভার্ণমেন্ট আজকেই ডিসিশন নিন। আমরা এইকথা বলেছি যে পে কমিশনের রিপোর্টটা প্লেচ করুন। গভার্ণমেন্ট মে টেক ডিসিশন উইদিন ৬ মান্থস অর থ্রি মান্থস ওয়াট এভার দে ওয়ানট। কিন্তু আমরা চাচ্ছি যে রিপোর্টটা অ্যাস ইট ইজ হাউসে প্লেচ করতে। পাবলিককে দিতে বাধাটা কোথায় তারপর আপনারা আলোচনা করতে পারেন, ডিসিশন নিতে পারেন। কাজেই অন্যান্য জায়গায় যেটা করা হয় সেইটা হচ্ছে এওয়ার্ডটা দেওয়া হয়, তারপর বলা হয় যে ইট ইজ আণ্ডার আওয়ার কনসিডারেশন। আমরা কোনটা দেবো না দেবো, আমাদের ফাইনেনসিয়েল পজিশন কি উই উইল অ্যাকজামিন ইট। সার্টেনলি ইট উইল টেক সাম টাইম। কারণ তার ইম্প্লিমেন্ট করার দিকটা দেখতে হবে কিন্তু পে কমিশনের রিপোর্টটা প্লেচ করার পথে বাধা কোথায়? কাজেই আমি এইখানে রেকুয়েস্ট করবো যে আরও দুই দিন আছে এই দুই দিনের মধ্যে গভর্ণমেন্ট সোড টেক ডিসিশন দেট রিপোর্ট টু বি প্লেচড বিফোর দি হাউস।

শ্রীসুখময় সেনগুপ্ত ঃ---মাননীয় অধ্যক্ষ মহোদয়, পে কমিশন যে রিপোর্ট দিয়েছেন সেটা গভর্ণমেন্ট না দেখে এটা এমনি করে প্লেচ করা যাবে কিনা সেটাই আমরা বিবেচনা করছি।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্তী ঃ---আমরা তো এটা বলিনি যে গভর্ণমেন্ট আজকে এটার ডিসিশান নিক?

শ্রীতাপস দে ঃ---স্যার,...

মিঃ স্পীকার ঃ---না...

শ্রীতাপস দে ঃ---স্যার, এটা আমরা বুঝতে পারলাম না...

মিঃ স্পীকার ঃ---এটার অনেক আলোচনা হয়েছে।

শ্রীতাপস দে ঃ---স্যার, এটা আমাদের জানতে হবে নাকি...স্যার, এটার ডিসিশান আমরা চাই।

শ্রীকালীপদ ব্যানার্জী ঃ---এখানে এটা রাখা হোক।...

(গণ্ডগোল)

শ্রীঅজয় বিশ্বাস ঃ---চীফ মিনিষ্টার যে কথা বলেছেন শেষে যে আমরা এটা বিবেচনা করে দেখছি এটা প্লেস করা যাবে কিনা, তাহলে আপনি অ্যাসেম্বলীতে প্লেস করতেও পারেন, আবার নাও করতে পারেন। উনি এই কথা বলেছেন।

শ্রীসুখময় সেনগুপ্ত ঃ---মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি বলেছি যে গভর্ণমেন্ট এখনও দেখিনি।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ---স্যার, উনি ভয় পাচ্ছেন স্যার, যে আলোচনা হয়ে যাবে। আমি রিকোয়েষ্ট করছি যে আপনি ১১ তারিখে হাউস শেষ হওয়ার আগে প্লেস করুন যাতে এই হাউস আলোচনা করতে না পায়। আমি রিকোয়েষ্ট করব যে বোথ সাইড এই বিষয়ে একমত যে ১১ তারিখে যেন এই হাউসে পেশ করা হয়। পাচ মিনিট আগে আপনি এটা করুন যাতে আপনাকে আর কাঠগড়াতে না দাঁড়াতে হয়, সেটা আমি দেখব।

শ্রীসুখময় সেনগুপ্ত ঃ---মাননীয় অধ্যক্ষ মহোদয়, প্লেস যখন করব তখন কাঠ-গড়াতে দাঁড়াতে হবে কিনা উনারা দেখবেন। সেই সমস্ত আমার কাছে প্রশ্ন নয়। আমার কাছে প্রশ্ন হল এটার মধ্যে কি আছে না আছে সেটা গভর্ণমেন্ট দেখবেন না, এটা হতে পারে না।

(গণ্ডগোল)

শ্রীতাপস দে ঃ---গভর্ণমেন্ট দেখুন না, এটা তো আমরা "না" করি না স্যার।

Mr. Speaker :—Hon'ble Members, I have received a notice fram Shri Nripendra Chakraborty raising question of breach of privileges against Shri Himangshu Mohan Choudhury. S. D. O. ; Sonamura in connection with the arrest of Shri Samar Choudhury, M. L. A., on 20. 6. 73. The matter is under my examination.

শ্রী অনিল সরকার ঃ---স্যার, আমি আর একটা নোটিশ দিয়েছিলাম ব্রীচ অব প্রিভিলেজ এর...

মি ঃ স্পীকার ঃ---এটা আমি হাউসে ইণ্ডিকেট করে দিয়েছি যে দিস ইজ অলসো মাই কন্সিডারেসন।

মি ঃ স্পীকার ঃ---এখন অনাস্থা প্রস্তাবের উপর আলোচনা হবে। আমি হাউসকে পূর্বাহ্নেই জানিয়ে দিতে চাই বিজনেস এ্যাডভাইসরি কমিটির সুপারিশ অনুযায়ী ৭ ঘন্টা ১৫ মিনিট এই আলোচনার জন্য নির্দিষ্ট হয়েছিল। ৩ ঘন্টা অপজিশান পার্টি পাবেন এবং ৪ ঘন্টা ১৫ মিনিট পাবেন রুলিং পার্টি। এই সময়ের মধ্যে ২ ঘন্টা ৩০মিনিট অপজিশান পার্টি আলোচনা করেছেন আর মাত্র ৩০ মিনিট উনারা পাবেন। রুলিং পার্টি ১ ঘন্টা আলোচনা করেছেন। তাদের এখনও ৩ ঘন্টা ১৫ মিনিট পাওনা আছেন।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ---মাননীয় অধ্যক্ষ মহোদয়, কাজেই আমি অনুরোধ করব এই সম্পর্কে যে আমাদের বক্তব্য বলার অনেকে আছে, মেম্বারা রাখতে পারেন নি। বক্তব্য মানে তথ্য। সেই তথ্য গভর্ণমেন্টের বিরুদ্ধে যে সমস্ত অভিযোগ আছে, তথ্য আছে সে সমস্ত তথ্য রাখার সুযোগ এখনও আমরা পাই নি। এবং অনারএ্যাবল চীপ মিনিষ্টারও বলেছেন যে তাদের বক্তব্য রাখার জন্যও যথেষ্ট সুযোগ দিতে হবে। আদার মেম্বারস রুলিং পার্টির দাঁড়িয়েছেন বলার জন্য। কাজেই, আমি বলব ৩ ঘন্টা হাউস এক্সটেণ্ড করা হোক আজকে। আর মুখ্যমন্ত্রী বলেছিলেন যে তিনি রাত্রি ২টা পর্য্যন্ত আলোচনা করতে রাজী আছেন। গত সেশনে সে কথা তিনি বলেছিলেন। ২টা আমি চাচ্ছি না, আমি চাচ্ছি যে ৫টা থেকে রাত্রি ৮টা পর্য্যন্ত সেশনটা কন্টিনিউ করা হোক। এবং মাননীয় মুখ্যমন্ত্রী উনার চেম্বার আমাকে বলেছিলেন যে তিনি আড়াই

ঘন্টা বাড়াতে রাজী আছেন। আমি নিলাম না। আমি সেটাও বলছিনা যে কালকের আর্ধেক দিন আমাকে দিন। সেটা আমি বলছি না। আমি বলছি যে লীডার অব দি হাউস, লীডার অব দি অপজিশান এবং মাননীয় স্পীকার আমরা বলে এই সম্পর্কে সিদ্ধান্ত নিয়ে হাউসকে জানাই। আমি দেখেছি পার্লামেন্টারী প্রসিডিংস এ টাইম এ্যাক্স-টেনসান করা যায়। নো কন্ফিডেন্সিতে টাইম এ্যাক্স্টেনসান করার ক্ষমতা এই হাইসের আছে। এটা মাননীয় স্পীকাররেও নেই। এই হাউস ইচ্ছা করলে এ্যাক্স্টেনসান করতে পারে।

মিঃ স্পীকার ঃ---আমার কোন আপত্তি নেই।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ---কাজেই আমি এই হাউসকে রিকোয়েস্ট করছি, কারণ এটা সিরিয়াস জিনিস।

মিঃ স্পীকার ঃ---রুলিং পার্টি যদি এগ্রি করেন তাহলে এটা হতে পারে।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ---হ্যা, কারণ আমি যদি আমার বক্তব্য বলতে না পারি তাহলে আমার অসুবিধা হবে।

শ্রী সুখময় সেনগুপ্ত ঃ---মাননীয় অধ্যক্ষ মহোদয়, সেদিন আমি বিরোধী দলের নেতাকে বলেছিলাম। সেদিন থেকে শুরু করা হোক। যাতে অন্য বিজনেস হয়। আড়াই ঘন্টাই হোক। তিনি বললেন যে এই সম্পর্কে প্রিপারেশানের দরকার। তিনি রাজি হলেন না। এখন যদি তিনি রাজি হন তাহলে আমাদের দিক থেকে কোন আপত্তি নেই।

মিঃ স্পীকার ঃ---তাহলে ৫টার পরে আরও ৩ ঘন্টা। দেট ইজ আটটা পর্য্যন্ত।

শ্রীতড়িত মোহন দাসগুপ্ত ঃ---স্যার, আটটা পর্য্যন্ত করা হলে আমাদের মধ্যে যদি কোন হার্টের রোগী থাকেন, তাহলে তার জন্য শোয়ার ব্যবস্থা করে দিতে হবে।

মিঃ স্পীকার ঃ---হ্যাঁ হাউসের ভিতরে নেই, কিন্তু বাইরে শোয়ার ব্যবস্থা আছে।

শ্রীবিনোদ বিহারী দাস ঃ---হাউসে কি ডাক্তারের ব্যবস্থা আছে।

মিঃ স্পীকার ঃ---আমাদের হাউসে ডাক্তার এম,এল, এ, আছেন। যিনি প্রশ্ন করেছেন সেই মাননীয় সদস্য নিজেও ডাক্তার। আর তাছাড়া আমাদের জি, বি, হসপিট্যালের ডাক্তারও আছেন হাউসের বাইরে।

শ্রীবিনোদ বিহারী দাস ঃ---আমি সে কথা বলছি না। আমি বলছি যে ডাক্তার আছেন কিনা, সে কথাটাই আমি জানতে চাই।

মিঃ স্পীকার ঃ---হ্যা, ডাক্তারের ব্যবস্থা করা হয়েছে।

শ্রীসুনীল চন্দ্র দত্ত ঃ---মাননীয় স্পীকার স্যার, এখানে আমার একটা বক্তব্য আছে। আমার বক্তব্য হচ্ছে যে সময়টা যাতে ঠিক বভাবে বাড়ানো হয়। আমার মনে হয় ৩ ঘন্টা হয়ে গেলে বেশী হয়ে যাবে। যদি আধ ঘন্টা বাড়ানো যায় তাহলে আমার মনে হয় ভাল হয়।

মিঃ স্পীকার ঃ---এটা আলোচনা করে দেখব। এটা মাননীয় বিরোধী দলের নেতাকে এবং লীডার অব দি হাউস এর সঙ্গে আলোচনা করে ঠিক করব।

মাননীয় সদস্য, আপনি ১০ মিনিট বলেছেন, আর পাঁচ মিনিট বলবেন?

শ্রীবাজুবন রিয়ান ঃ---মাননীয় স্পীকার, স্যার, আমি এই নো-কনফিডেন্সের পক্ষে বক্তব্য রেখেছি এবং বিপক্ষে বক্তব্য রাখতে গিয়ে আমাদের প্রবীন সদস্য শ্রীতড়িত বাবু যে সকল যুক্তির অবতারণা করেছেন, আমি তার যুক্তির বিরোধীতা করছি। ত্রিপুরাতে

উপজাতি পুর্ণবাসন, সেটা নাকি মার্কসবাদী কমিউনিষ্ট দের জন্য অসুবিধা হচ্ছে এবং আমরা সেখানে নাকি অসুবিধার সৃষ্টি করছি সেকথা তিনি বলেছেন। কিন্তু আমরা কি দেখছি? তিনি এই সিটিং সুরু হওয়ার পর থেকেই সদস্য ছিলেন এবং কিছুদিন তিনি এই বিধানসভার কাউন্সিল অব মিনিষ্টার হিসাবেও মেম্বার ছিলেন। কাউন্সিল অব মিনিষ্টার এর মেম্বার থাকা কালে আমরা দেখেছি উনার একজন বন্ধু তছলামফা, উনার প্রথম অবস্থাটা কি ছিল এবং আমি তখন একজন সদস্য ছিলাম। আমি এবং অন্যান্য সদস্যরা অনেকবার নোটিশে এনেছেন যে পূর্বতন অবস্থাটা কি ছিল এবং বর্তমান অবস্থাটা কি সেটা আমরা জানি এবং আমরা আরও জানি ঐ জুমিয়া পুর্ণবাসন সেই পাঁচশ টাকার স্কীম থেকে সুরু করে। সেই স্কীমে প্রথম কিস্তিতে তিনশ' টাকা এবং দ্বিতীয় কিস্তিতে দুইশ' টাকার বিলি বন্টনের ব্যাপারে এই সরকার এবং সেই সরকারী কর্মচারী, বিশেষ করে তড়িতবাবুর বন্ধুবান্ধব যারা আছেন এবং তার ছোট ভাই থেকে সুরু করে অন্যান্য কর্মচারীরা যা করেছেন তাও আমরা জানি। তড়িত বাবুর ছোট ভাই শান্তি বাবু যখন একজন ইন্সপেক্টার ছিলেন, ব্রজনগর কলোনীতে, সদর বিভাগের, তখন তিনি কি করেছেন সেটাও আমরা জানি। যারা ব্রজনগর কলোনীর বাসিন্দা, তাদেরকে হলফ করে বলেছেন যে তিনি যে ঘুষ খেয়েছেন সেটা যেন প্রকাশ করা না হয়। এই ঘটনাও আমাদের জানা আছে। জুমিয়া পুনর্বাসন স্কীমকে পাল্টাতে পাল্টাতে বর্তমানে এই সরকার তিন হাজার টাকার উপরে নিয়ে গেছেন। কিন্তু যারা জুমিয়া পনর্বাসন পাবে, তাদের সুযোগ সুবিধার দিক থেকে যদি বিচার বিবেচনা করে দেখা যায়, তাহলে দেখা যাবে তাদের সুযোগ সুযিধা একটুও বাড়েনি বরং সমস্যাটা আরও বেড়েছে। আগের স্কীমে যারা জমি পেয়েছিল, সেই জমি তারা এখন তারা পাচ্ছে না এবং আমরা দেখছি দুর্নীতি এখন আরও বাড়ছে। যেমন আমি একটা উদাহরণ দিচ্ছি। আমাদের সদস্য শ্রী আচাইচি মগের একজন বন্ধু এবং বিলোনিয়ার একজন কংগ্রেস নেতা, তার নাম হয়তো বিলোনিয়ার মেম্বার জানেন---উদয় রিয়াং, আমরা দেখেছি যে গত বছর একটা জুমিয়া লিস্ট করে দেওয়া হয়েছিল এবং সেই লিস্ট অনুযায়ী সেই স্কীমের টাকা স্যাংশান হয়েছে। কিন্তু সেই উদয় বাবুকে প্রত্যেকে ১০১ টাকা করে দিতে হয়েছে এবং শেষ পর্য্যন্ত তার বিরুদ্ধে অভিযোগ করার পর, সেই অভিযোগ প্রমাণিত হয়, এবং তাকে টাকা ফেরত দিতে হয়। এইরকম ঘটনাও আমি জানি। তাই আমি বলতে চাই তড়িত বাবু যদি প্রমাণ করতে পারেন যে মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির সদস্য বা আমরা কোন অসুবিধার সৃষ্টি করেছি, তাহলে আমরা নিশ্চয়ই সেটা স্বীকার করব। কিন্তু আমরা দেখছি যে যত দুর্নীতি হয়েছে, বা যতরকম অন্যায় হয়েছে, অবিচার হয়েছে, সেটা সব সরকার পক্ষ থেকে হচ্ছে। আমরা সবসময় বলে আসছি যে যাদের পর্চা পেণ্ডিং আছে, তাদের অবিলম্বে পর্চা দেওয়া হউক, যাদের জমি আছে, তাদের টাইটেল দেওয়া হউক, কিন্তু সেটা করা হচ্ছে না। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

মিঃ স্পীকার ঃ---শ্রীঅনিল সরকার।

শ্রীঅনিল সরকার ঃ---মাননীয় স্পীকার, স্যার ১৯৭২ সালে ক্ষমতায় এসে বলেছিলেন ত্রিপুরাকে পরিচ্ছন্ন প্রশাসন দেবেন এবং ত্রিপুরা থেকে দুর্নীতি, বেরারী দূর করবেন, কিন্তু আজকে ১৯৭৪ সনে এসে আমরা দেখছি সেনগুপ্ত মন্ত্রীসভা সমস্ত রকম দুর্নীতির পঙ্কে নিমজ্জিত। আমি ডিটেলস আলোচনা করতে যাচ্ছি না, কারণ আমার সময় খুব কম। আমি শুধু এইটুকু বলব যে এই মন্ত্রীসভা গত কয়েক বছরে সারা রাজ্যে যে সমস্ত দুর্নীতি, কালোবাজারী, লাইসেন্স, পারমিট ইত্যাদি নিয়ে যে অরাজকতার সৃষ্টি করেছেন এবং যে সমস্ত খুটিগুলি তাদের আছে, সেইগুলি সম্পর্কে আমি ইনফর-মেশান এই হাউসে দিতে চেষ্টা করব এবং সবচেয়ে বেশী দুর্নীতি হয়েছে শিক্ষা দপ্তরে, যেখানে আমাদের সবচেয়ে বেশী আশা ছিল। এমন একজন লোক এই শিক্ষা দপ্তরের দায়িত্ব নিয়েছেন, যে নাকি সমস্ত দুর্নীতির সঙ্গে যুক্ত এবং এক সময়ে ভিক্ষুকের মত

অবস্থায় ছিলেন, আজকে রিয়েল হিসেব নিলে দেখা যাবে তিন লক্ষ লক্ষ টাকার মালিক এবং তার মদতে এবং ছত্রছায়ায় সমস্ত দুর্নীতির একটা একাধিপত্য চলছে। এমন একজনের নাম আমি এখানে উল্লেখ করতে চাই, যিনি সারা ত্রিপুরার লজ্জা এবং সমস্ত মানুষের লজ্জার ব্যাপার। তার একটা খুটি হলেন শ্রীমতী যোগমায়া রাহা। তিনি কৈলাশহর বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা এবং তিনি দীর্ঘকাল যাবত শিক্ষকতা করছেন। ইদানীং যে খবর সম্প্রতি বেরুল, সেটাতে লজ্জায় তার মাথা নত হওয়া উচিত।

মিঃ স্পীকারঃ---মাননীয় সদস্য, এই বিষয়ে বিরোধী দলের নেতা আলোচনা করেছেন।

শ্রীঅনিল সরকারঃ---ইদানীং খবরে বেরিয়েছে যে তার দুই জামাতা---একজন দিল্লী মিলিটারী অফিসার এবং আরেকজন কলিকাতায় কাজ করছেন এবং তার কন্যা নূপুর এরা নারী ব্যবসায়ে লিপ্ত আছেন এবং যে সমস্ত নির্যাতিত নারী---যাদেরকে কাজ দেবে বলে কলিকাতা, দিল্লী পাঠিয়েছিলেন তারা ফিরে এসেছে এবং অন্তঃসত্ত্বা বলে বিস্তারিত স্টেটমেন্ট দিয়েছেন এবং অনেকে তার অবৈধ সন্তানের নাম রেখেছে তাঁর জামাতা বিশ্বাসের নামে, ঐ পত্রিকার খবরে আমরা দেখেছি। যাদেরকে তিনি নারী ব্যবসায়ের মধ্যে ব্যবহার করেছেন, তাদের নামগুলি উল্লেখ করতে চাই। শ্রীমতি স্নেহলতা দাস, দুর্গাপুর, শ্রীমতি সরস্বতী চক্রবর্ত্তী, মনুঘাট, শ্রীমতি বাণী রাণী মালাকার, কালিপুর, শ্রীমতি কল্যাণী সাহা, ফটিকরায়, শ্রীমতি সুভদ্রা মালাকার, সাইদপাড়, কমলা শব্দকর, গকুলনগর, শ্রীমতি হাসি বালা দেবনাথ, কাউলিকারা বিণামনি, শ্রীমতী পুষ্প শব্দকর, তার ছেলে সেই কলিকাতায় আছে এবং তিনি তার কেস দায়ের করেছেন, ওয়াইফ অব কামিনি শব্দকর, শ্রীমতী সতী দেব বর্মা, শ্রীমতী কাত্যায়নী ঘোষ, শ্রীমতী শিবানী রায়, শ্রীমতী অহল্যা দেব বর্মা, কমলপুর, শ্রীমতী সুনীতি বৈষ্ণবী, শ্রীমতী মঞ্জু আচার্যী, শ্রীমতী স্নেহলতা কাপালি, সাঁইদাপাড়, শ্রীমতী শেফালী দেব, সাঁইদা। শ্রীমতী যমুনা এবং হার ডটার। যমুনাকে তিনি সোনামুড়া থেকে রিক্রুট করে নিয়ে তার স্কুলে চাকুরী দেন এবং তাকে কলিকাতায় পাঠান, সেখানে তার যুবতী মেয়ে তার জামাই'র বাড়ীতে আছে এবং সেই চতুর্থ শ্রেণীর কর্মচারী, তার একমাত্র কাজ ছিল উনার জন্য এই ব্যবসায়ের মেয়ে জোগার করে দেওয়া এবং হাজার হাজার টাকার ব্যবসায়ে তিনি লিপ্ত ছিলেন। শ্রীমতী ননী শব্দকর, শ্রীমতী মনি শব্দকর, ওয়াইফ অব লেট সর্য মালাকার , শ্রীমতী লক্ষীঋষি দাস ঐ অবস্থা। আমি ২৩টি মেয়ের নাম এখানে উল্লেখ করেছি। তার মধ্যে চার জন, কারণ সকলে লজ্জায় এই কেলেং-কারীর কথা প্রকাশ করতে চায় না। মাত্র চারজন কেস দায়ের করেছেন। শুধু কি নারী ব্যবসায়ে তিনি লিপ্ত? আমরা যতটুকু জানি, সেই ছাত্রীদের বুক গ্র্যান্ট তিনি রেগুলার মেরে দিচ্ছেন এবং আমি কয়টি নাম এখানে উল্লেখ করতে চাই। শ্রীমতি অঞ্জনা ভট্টাচার্য, ক্লাশ---৯, শ্রীমতী কাজল কর, ক্লাশ---৮, শ্রীমতী লক্ষ্মী দেব, ক্লাশ---৬, শ্রীমতী শিখা ভট্টাচার্য, ক্লাশ---৭, শ্রীমতী গীতা রাণী মালাকার, ক্লাশ---৯, শ্রীমতী অঞ্জলী মালাকার, ক্লাশ---৯, শ্রীমতী মাধুরী মালাকার, ক্লাশ---১১, শ্রীমতী মমতা মালাকার, শ্রীমতী আমেদিনী নমঃ এবং শ্রীমতী প্রণতি মালাকার, তাদের বুক গ্র্যান্ট এর টাকা তিনি বিভিন্ন সময়ে মেরে দিয়েছেন। কাজেই এই স্কুলটাকে তিনি একটা ব্যবসা প্রতিষ্ঠান হিসেবে ব্যবহার করছেন---অনেকদিন যাবত। ১৯৬৯ সনে সেখানে ফার্ণিচারের টাকা ড্র করা হয়, তিনি সেই ফার্নিচারের টাকা মেরে দিয়েছেন---১৯২৩ টাকা। ১৯৭৪ সনে ছাত্রীদের পোষাকের টাকা ড্র করেছেন---বিল নাম্বার হচ্ছে ৯১০, সেখানে ৬০ টাকা মেরে দিয়েছেন। আরেকটা বিল আছে---এস, টি, ভি ২৭০, সেখানে মেরেছেন ১৭০ টাকা, মিউজিক ইকুইপমেন্ট কিনেছিলেন, বিল নাম্বার হল ৩১৪৪, তারিখ ৩১।৩।৭৪, সেখানে মেরে দিয়েছেন ১০০০ টাকা। ছাত্রীদের হাতে স্টাইপেণ্ডর টাকা দেন না এবং জাল সই করে সেই টাকা তিনি ড্র করেন এবং ডিস্ট্রিক্ট ইন্সপেকটরেট একটা কেস

ধরা পড়েছিল এবং সেটা তিনি পূরণ করে দেবেন বলেছিলেন এবং তার থেকে রেহাই পান। তিনি প্রতি বছর ছাত্রীদের কাছ থেকে এক টাকা করে চাঁদা নিচ্ছেন, কিন্তু সে টাকার কোন হিসেব নেই। তাছাড়া বুক গ্র্যান্টের জন্য ১৯৭৪ সনে পেয়েছিলেন ৪৩৭০ টাকা, তার মধ্যে তিনি ৪০০ টাকা মেরে দিয়েছেন। কাজেই তার যে ব্যবসা, এই ব্যবসা দীর্ঘকাল যাবত চলে আসছে। একের পর এক চেইগু আপ হয়েছে। অত্যন্ত দুঃখের এবং লজ্জার কথা যে শিক্ষা দপ্তরের শিক্ষা অধিকর্তা উনি যখন উত্তর ত্রিপুরায় সফরে যান, তখন সেখানে সেই বিদেশী ভদ্রমহিলার হাতে আপ্যায়িত না হয়ে ফেরেন না এবং আজকে যে নারী একটা কুতসিত ব্যবসায়ে জড়িত, যাকে ঘৃণা করা উচিত, যাকে কারাগাড়ে রাখা উচিত, তাঁকে আজকে পর্যন্ত সেই স্কুলে রেখে দেওয়া হয়েছে এবং আমার বোনেরা প্রতিদিন লক্ষ্য করছেন তাদের যে প্রধানা শিক্ষিকা, যিনি নারী ব্যবসায়ে লিপ্ত, তার কাছে তারা লেখাপড়া শিখছে এবং তাকে রক্ষা করছেন এডুকেশান ডাইরেক্টার এবং শিক্ষা মন্ত্রী। কাজেই শিক্ষা মন্ত্রী, চুরি, জোয়াচুরি ইত্যাদির মধ্যে দিয়ে শিক্ষা জগতটাকে জঘন্য একটা পর্যায়ে তিনি নিয়ে গেছেন। এই সঙ্গে আমি পশ্চিম ত্রিপুরার ডিস্ট্রিক্ট মেজিস্ট্রেটের নাম উল্লেখ করতে ছাচ্ছি, তা না হলে এই দপ্তরের মহাভারত অশুদ্ধ থেকে যাবে।

গত ১২ই আগষ্ট রাত্রে সাড়ে এগারটার সময়ে রাণীর বাজারে টি, আর, টি ১৫২১ গাড়ীটা অ্যাকসিডেন্ট করে এবং সেখানে জেলাশাসক অজয় সিনহা ছিলেন এবং ছিলেন জয়েন্ট সেক্রেটারী শ্রী শ্যামল। সেখানে দেখা গেল যে সেই গাড়ীতে মদ্যপান অবস্থায় নারী পাওয়া গেল এবং সেই নারী এসে বোতল ছুড়ে মারল, সেই দোকনের ভিতর প্রতিবাদ করে কেন গাড়ী অ্যাকসিডেন্ট করা হল। সেই অজয় সিনহা গত ২৪ তারিখে আমরা দেখেছি তাকে সেই ফায়ার ব্রিগেড চৌমুহনীতে চুলধরে মেয়েদের লাঞ্ছিত করল। আমি লক্ষ্য করেছি সেখানে ট্রেজারী বেঞ্চের একজন কংগ্রেস এম, এল, এ বন্ধু ছিলেন। তিনি পর্য্যন্ত চীৎকার করে উঠলেন যে এটা কি করে সম্ভব এবং মুখ্যমন্ত্রী সুখময় সেন ১৯৫৪ সন থেকে নারী নির্যাতনের যে ট্র্যাডিশান তৈরী করেছেন আজও ১৯৭৪ সনে পর্যন্ত কৈলাসহর বালিকা বিদ্যালয়ে নারী ব্যবসায়ী, ডি, এম, অজয় সিনহা, জেলা শাসক রাত্রিতে নারী মদ এবং ক্লাব এর মধ্যে দিয়ে এটা প্রমাণ হয়ে গেছে এবং গত ২৪ তারিখে দুটো মেয়ে যারা আন্দোলন করছিল তাদের চুল ধরে নির্যাতন করেছে যার ফলে এই একট্য ইস্যুর মধ্যে এই মিনিস্ট্রির পদত্যাগ করা উচিত। শিক্ষা দপ্তরে এই ধরনের আরও কিছু মহান ব্যক্তি আছে। আমরা জানি একজন অপরাজিতা রায় তার স্কুলের ছাত্রদের পার্লামেন্ট ভেঙ্গে দেন এবং সেখানে প্রতিরোধ করার জন্য ধর্মনগরের কুৎসিত মদ্যপ মাতাল তাদের তার বাসায় নিয়ে মদ খাওয়ান, মাংস খাওয়ান এবং তাকে প্রমোশন দেওয়া হয়েছে ডেপুটি ডিরেক্টার হিসাবে। তাহলে সেই যোগমায়া রাহা নিশ্চয়ই তিনি ভারত রত্ন হওয়ার উপযুক্ত। আর একজন আছে ঋষ্যমুখের প্রধান শিক্ষক। ৯ এপ্রিল ছাত্ররা শিক্ষকদের ধর্মঘটকে সমর্থন করেছিল সেই জন্য তিনজন ছাত্রকে ট্রান্সফার করে দেওয়া হয়েছে, ফোর্সড টি, সি,। কেন এটা কি উনার পৈত্রিক সম্পত্তি? তারপর দেখা যায় সেখানকার এম, এল, এ, চন্দ্রশেখর দত্ত এবং হেড মিস্ট্রেসকে নিয়ে চক্রান্ত করা হল ওদেরকে, ঠেকাতে হবে। তার জন্য শিক্ষক নারায়ণ চক্রবর্ত্তী, গৌরাঙ্গ ভট্টাচার্য্য তাদেরকে আক্রমণ করা হয়। জ্বলন্ত সিগারেট দিয়ে ছেঁকা দেওয়া হল গোরী শঙ্কর ভট্টাচার্যকে এবং সেখানকার পঞ্চায়েত অফিসের মাঝে চন্দ্রশেখর দত্ত বসে বসে চক্রান্ত করেছেন। তারপর যখন মীমাংসা করা হল যে না ওদের অন্য স্কুলে ভর্তি করা হবে তখন চন্দ্র শেখর দত্ত যিনি গুণ্ডাদের সরদার, তিনি শিক্ষা মন্ত্রীর কাছে টেলিগ্রাম করেছেন যে 'রিকোয়েস্টেড টু ডি, এম, নট টু টেক এনি ডিসিশান অন দি অ্যাফেয়ার্স অব ঋষ্যমুখে হায়ার সেকেণ্ডারী স্কুল উইদাউট কনসাল্টিং শ্রী দত্ত, এম, এল, এ,। একটা গুণ্ডার সর্দারের সঙ্গে আলোচনা না করে আর একটা গুণ্ডা কোন সিদ্ধান্ত নিতে পারবে না এবং এইভাবে গুণ্ডাদের রাজত্বকে দায়ের করার জন্য তিনি শিক্ষা দপ্তরকে এখনও ব্যবহার করছেন।

মিঃ ডেপুটি স্পীকারঃ---গুণ্ডা আন পার্লামেন্টারী।

শ্রীঅনিল সরকারঃ---গুণ্ডা আমি কোন পার্টির লোককে ব্যবহার করছি না। গুণ্ডার সর্দার হিসাবে আমি ব্যবহার করছি। এবং সেখানে এটা ফরওয়ার্ড করা হয়েছে শিক্ষা দপ্তরে। আর একজন মনু উচ্চ মাধ্যমিকের প্রধান শিক্ষক। স্কুল বোর্ডিংটাকে মদ জুয়ার আখড়ায় পরিনত করা হয়েছে এবং যতদূর খবর পাওয়া গেছে গভীর রাত্রে সেখানে নারী ধর্ষণ পর্যন্ত করা হয়। দেখা গেল বোর্ডিং এর টেবল চেয়ার চুরি হল। কয়েকদিন পরে দেখা যায় সেই টেবিল চেয়ার ছাত্রপরিষদের অফিসের ঘরের মধ্যে পাওয়া গেছে। কোনরকম অ্যাকশান নেওয়া হয় নি। ঐ স্কুলের যারা এরকম করে শৈলেশবাবু তাদের ভাল করে চেনেন। তারা ফেডারেশন করেন। শৈলেশ বাবুর নিশ্চয়ই বন্ধু স্থানীয় হবেন এই লাইনে। তিনি ১৯৭২ সালে ক্লাস সিক্সের প্রশ্ন করেছিলেন বাংলা সেকেণ্ড পেপার, তাতে যে রচনা দেওয়া হয়েছে, ১৯৭৪ সালের অ্যানুয়াল পরীক্ষাতেও রচনা লিঙ্গান্তর, অর্থ একই। অর্থাৎ মাঝখানে লেখাপড়ার সঙ্গে কোন টাচ নেই এবং সেখানে তিনি কি পড়াচ্ছেন জানিনা এবং সব সময়েই তিনি শৈলেশ বাবুর ফেডারেশান, না হলে তার দালাল বাহিনী তৈরী করছেন এই হল পেশা। শ্রীনাথ বিদ্যানিকেতনের একজন হেডমাস্টার। তিনি অথর্ব, অন্ধ, হাত কাপে, যার শিক্ষাগত যোগ্যতা নেই তাকে প্রধান শিক্ষক করা হবে। স্কুল ম্যানিজিং কমিটি তাকে ছাটাই করেছে। কিন্তু শিক্ষা দপ্তর তাকে রেখে দিয়েছেন। সেজন্য আজকে ৬ মাস শিক্ষকেরা বেতন পাচ্ছেন না। কে হেডমাস্টার? ম্যানেজিং কমিটি একজনকে অ্যাপয়েন্টমেন্ট দিয়েছে, আর শিক্ষা দপ্তর তাকে রেখে দিয়েছেন। তিনি বি, এ, পাশ কিন্তু শিক্ষাগত যৌগ্যতা নেই। কিন্তু যেহেতু তিনি শিক্ষা মন্ত্রীর পকেটের লোক, অতএব তাকে রাখতে হবে। এই জন্য একটা স্কুল শেষ করে দেওয়া হচ্ছে। এই অবস্থা। একটাণ পর একটা প্রবলেম সৃষ্টি করা হচ্ছে এবং তেমনি হেডমাস্টার কাঞ্চনপুরে, মেলাঘরে, বিলথৈতে, খয়েরপুরে। অর্থাৎ যারা পুলিশের কনস্টেবল হওয়ার যোগ্য শিক্ষা দপ্তর তাদের হেডমাস্টার করে রেখে দিয়েছেন এবং শিক্ষা অধিকর্তা তাদের দারোগাবাবু। এবং তিনি কি ধরনের? তিনি মুখ্যমন্ত্রীর যেহেতু বাল্যের সঙ্গী, যৌবনের বন্ধু, বার্ধক্যের সহচর, অতএব তাকে রাখতে হবে। কাজেই ১৯৭২ সনে তাকে একস্ট্রা অডিনারী একস্টেনশান দেওয়া হল ২ বছর। ১৯৭৪ সনের ফেব্রুয়ারীতে তার ৬০ বছর হয়ে গেল। তারপর তাকে একস্ট্রা অডিনারী ভাবে ৬ মাসের কন্ট্রাক্টে রাখা হল। কারণ এমন শিক্ষা অধিকর্তা, এত যোগ্যতা সম্পন্ন আর লোক পাওয়া যায় না। কাজেই তাকে রেখে দেওয়া হল এবং যার সম্পর্কে গভর্ণর বলেছেন যে এই বৃদ্ধটাকে রাখার কোন জাস্টিফিকেশান নেই এবং ইউ, পি, এস, সি, থেকে যে অ্যাপ্রুভ্যাল এনেছেন সেটা বেআইনী।

"Appointment of Shri Dasgupta as he is beyond the age of 60 years and violation of recruitment rules is politically motivated and a corrupt practice."

কাজেই এই ধরনের লোককে রাখতে হবে এবং তার মধ্যে সমস্ত শিক্ষা জগতে দুর্নীতির ছায়া পড়েছে। উপশিক্ষা মন্ত্রী, তার সম্পর্কে কালকে যথেষ্ট বলা হয়েছে। তিনি চাকরী দিচ্ছেন কনটিনজেন্ট ভিত্তিতে। একটা প্রশ্নের উত্তরে বিধানসভায় বলা হয়েছিল কারা চাকরী পাবে। যেসব পরিবারে কোন উপার্জনশীল ব্যক্তি বা আয়ের কোন ব্যবস্থা নেই এবং যাদের পরিবারের আয় নগন্য সেই পরিবারের কর্মপ্রার্থীর নিযুক্তির ব্যাপারে বিশেষ উপযুক্ত বোর্ড করে অগ্রাধিকার দেওয়া হয়েছিল এবং অন্যান্য বিভাগের কর্মযোগ্য ব্যক্তদের অগ্রাধিকার দেওয়া হবে। চাকরী দেওয়া হচ্ছে রাখাল দেবনাথ, একজন ধনী কৃষকের ছেলে, বাংলা দেশে ম্যাট্রিক পাশ করেছে, যেহেতু তিনি শৈলেশবাবুকে এক হাজার টাকা দিয়েছেন অতএব তার চাকরী হয়েছে। রাণীর বাজারে যে সমস্ত রিক্রুটমেন্ট ইদানীং চলছে সমস্ত তার দলের লোক এবং টাকা খাচ্ছেন। যদি সেখানে তদন্ত কমিশন করে এনকোয়ারী করা হয় সেখানে শুনবেন যে উপমন্ত্রীর পত্নীকে আগে ভেট দিতে হয় এবং তিনি শিক্ষাজগতে পৌঁছেছেন এবং কালকে তার বাড়ী গাড়ী সম্পর্কে যথেষ্ট বলা হয়েছে। আমি শুধু একটা উল্লেখ করতে চাই যে

কিছুদিন আগে তিনি তীর্থভ্রমণে গিয়েছিলেন পুরী। কলকাতা থেকে ফাস্টক্লাস ট্রেনে গিয়েছেন। বিল করেছেন তিনি এয়ার কনডিশানের। এতে তার লাভ হয়েছে মাত্র ২৮৫ টাকা। এইটুকু তিনি ছাড়তে পারেন নি। শিক্ষা জগতে তিনি মন্ত্রী, গুরুদের গুরু। শিক্ষা দপ্তরে অথর্ব বৃদ্ধ লোক যাদের যোগ্যতার প্রশ্ন উঠেছে একটার পর একটা তাদের চাকরী দিয়ে যাচ্ছেন। যেখানে ইন্টারভিউ এর কথা ছিল কয়েকজনের নাম, আমি উল্লেখ করতে চাই---নিরঞ্জন চৌধুরী, পশ্চিম ভুবন বন, দীনেশ সোম, পুরাতন আগরতলা, জনার্দন মজুমদার, পতিতাপাবন আচার্য, লঙ্কামুড়া, শিশু দেবনাথ এই কয়েকজনের নাম উল্লেখ করলাম যাদের পরিবারে ২।৩ জন করে চাকুরী করছে। এবং সেখানে থেকে একটা ভাল অঙ্কের টাকা নেওয়া হচ্ছে। এম,এল,রাও কম যান না। সেই মুখ্যমন্ত্রীর ঢাকের বায়া কালকে খুব চেচাচ্ছিলেন সেই চন্দ্রশেখর মহাশয়। উনিও কম যান না। বিলোনীয় কৃষ্ণনগর গ্রামে, উনার গ্রামেই অর্জুন মহাজন, ভল্লমুখের নরেশ মজুমদার তারা টাকা দিয়ে চাকরী পেয়েছে। ওরা দুজন একই বাড়ীর লোক এবং আর একজন নিকুঞ্জ দেব নাথ। তার জামাইয়ের চাকরীর জন্য ৫০০ টাকা দিয়ে রেখেছেন, চাকরী হলে পরে বাকীটা দেওয়া হবে। অবশ্য মসজিদের টিন চুরি করে সেই অর্থে তিনি এম, এল, এ, হয়েছে এবং তিনি এখন সঠিক লাইন মেন্টেন করে চলেছেন। উপমন্ত্রী বাসনা চকবর্ত্তী কম যান না। কিছুদিন আগে ভিলেজ মাদারদের চাকরী দেওয়া হয়েছিল, তাতে দেখা যায় তার নির্বাচনী এলাকায় চাকরী দেওয়া হয়েছে ৩৭ জনের মধ্যে ১৩ জনকে। সন্ধ্যা সরকার, নরসিংগড়, চিত্রা নন্দী, গান্ধীগ্রাম, চামেলী নাগ, আদরিণী টি এস্টেট, ভজন রাণী দাস, কুঞ্জবন কলোনী, ভারতী ঘোষ, নবগ্রাম, দীপালি ভট্টাচার্য বড়জলা, আভা রাণী দাস, গুর্খা বস্তী, ভজন রাণী দেবনাথ, দুর্জয়নগর, মীনা রাণী দাস পটুনগর, সন্ধ্যা চক্রবর্ত্তী, রাঙামুড়া, সন্ধ্যা ভৌমিক, আচালিয়া, আরতী দত্ত, সিনাইহানি সন্ধ্যা ভৌমিক, শীঘালিয়া, মালতী ঘোষ, নূতননগর। কাজেই অন্যান্য মন্ত্রীদের কাছেও এটা লোভনীয় হওয়া দরকার। ক্ষিতীশ দাস, তার সম্পর্কে বলা হয়েছে যে তিনি চাকুরী দিয়েছেন তার ইলেকশান এজেন্ট প্রফুল্ল ঘোষের পুত্র প্রমোদ ঘোষ (ওভার সীয়ার, আম্বাসা) তার স্ত্রী শ্রীমতী চিন্তা মনি গোপকে শিক্ষিকার চাকুরী দিয়েছেন। তারপর কমলপুরে এ, টি, টি, এর সম্পাদক শ্রীদীলিপ ভৌমিকের পত্নী শ্রীমতী যমনা চক্রবর্ত্তীকে কমলপুর স্কুল ইন্সপেক্টরেটে চাকুরী দিয়েছেন। আমার কাছে আরও অনেকের তালিকা আছে। কিন্তু তপশীলিদের মধ্যে যে ১০০ যুবক যুবতী যারা বি,এ, এম, এ পাশ করে ১৯৬৪ ইং সন থেকে এ্যামপ্লয়মেন্ট এ্যাকচেঞ্জ নাম রেজিস্ট্রি করে যাচ্ছেন, তাদের চাকুরী হচ্ছে না। যেমন কৈলাসহরের বিলাইচরের স্বপনা দাস ১৯৬৮ সালে বি, এ, পাশ করেছে, তার এ্যামপ্লয়মেন্ট এ্যাকচেঞ্জের রেজিস্ট্রেশান নাম্বার হচ্ছে এফ, ৫২৩।৬৮, আজও তিনি চাকুরী পান না এবং সে বলেছে যে আমরা আশা করেছিলাম মাননীয় সুখময় সেনগুপ্ত মন্ত্রী সভা গঠিত হবার পর এস, এফ, এইচ, এস ফেল হইতে আরম্ভ করিয়া কলেজে পার্ট ওয়ান, পার্ট টু অধ্যয়ন রত ছাত্র ছাত্রী, এমন কি কোন কোন কুলবধূদের পর্য্যন্ত মাননীয় ত্রিপুরা সরকারের অধীনে কর্মের সংস্থান হবে, কিন্তু হল না। সে আর লিখেছেন যে আমি আজকে ৬ বছর ধরে বেকার থাকছি, কোন চাকুরী পাই না। তাই আমি তপশীলিদের চাকুরীর ক্ষেত্রে গ্রামে গ্রামে যে অনেক যুবক বেকার আছে, আমি এই কথাই বলতে চাই যে ত্রিপুরায় অ-উন্নত মানুষ হিসাবে উপজাতিরা প্রথম আক্রান্ত, তারপর তপশীলি সম্প্রদায় আক্রান্ত হয়েছে। ঐ যে যোগমায়া রাহার নারী ব্যবসাশের তালিকা, অ-উন্নত সম্প্রদায়ের যারা মানুষ, সেই শব্দকর মালাকার, ঐ ব্যাক-ওয়ার্ড কমিউনিটির দেবনাথ, ঐ কপালী মেয়েগুলি তাদের বিপর্য্যস্ত অর্থনীতির অথবা দারিদ্রের সুযোগ নিয়ে রিক্রুয়েট করছেন তিনি। আমরা আর দেখছি এই দুর্ভিক্ষের দিনে খাস বোম্বাই শহরে ২০০ হরিজন মেয়ে দেহ বিক্রি করতে যায়। কাজেই আজকে চাকুরীর ক্ষেত্রে দেখা যাচ্ছে যে প্রয়োজন থাকলেও সবাই চাকুরী পাচ্ছে না। তাই আমি এখানে ললিত সরকারের নাম উল্লেখ করতে চাই, সে ১৯৬৬ সনে বি, এ পাশ করেছে এবং তার এ্যামপ্লমেন্ট এ্যাকচেঞ্জ রেজিস্ট্রেশন নাম্বার হচ্ছে ৩৯৪।৬৬---এ্যাক্স ০০,৩০ আজও সে চাকুরী পায় নি। হিরালাল দাস, বি, কম, জিরানিয়া এ্যামপ্লয়মেন্ট

রেজিস্ট্রেশন নাম্বার ৪৩৩৪।৬৪, খোকন দাস, কাকড়াবন বি, এ, পাট ওয়ান নাম্বার হল ৫৬৪।৬৪ ওদের চাকুরী হয় না। আর এম, বি, বি, কলেজে দেখেছি সিডিউল্ড কাস্টের জন্য পোস্ট রিজার্ভ থাকে, কিন্তু সেখানে তপশীলি সম্প্রদায়ের কেণ্ডিডেট থাকা সত্ত্বেও আদার কাস্টকে নেওয়া হয়। কাজেই সমস্ত ক্ষেত্রেই একটা ষড়যন্ত্র চলচ্ছে, উপজাতিরা হচ্ছে এই প্রসাশনের প্রথম বলি আর তপশিলীরা হচ্ছে দ্বিতীয় বলি। কাজেই এই সরকারের প্রতি ত্রিপুরা রাজ্যের তপশীলিদের কোন কন্‌ফিডেন্স নাই। তারপর লুঠের আখরা তিনি যেখানে করেছেন, সেটা হচ্ছে পুর্ত্ত দপ্তর, এখানে বাস্তু ঘুঘুদের একটা চক্র আছে। তাই আমি এখানে দুই একটা নামের উল্লেখ করছি মাত্র। শ্রী আর, কে, রায় চৌধুরী, সুপারিন্টেণ্ডিং ইঞ্জিনিয়ার, ইলেক্‌ট্রিক্যাল, তিনি সি.পি, ডবলিউ, ডির লোক রিটায়ার করেছেন, কেন্দ্রীয় সরকার তাকে ছেড়ে দিয়েছেন। কাজেই সেই বৃদ্ধ লোকটি কোথায় যাবেন। তাই এখানকার প্রসাশন, মুখ্যমন্ত্রী, চীফ ইঞ্জিনিয়ার তারা দেখল ঐ লোকটিকে যদি আড়কাটিতে ঢুকিয়ে দেওয়া যায়, তাহলে তাকে যেমন ইচ্ছা তেমন ভাবে কাজে লাগানো যাবে। আর ভদ্রলোকটিও দেখলেন যে আমার বার্দ্ধক্যের সময়ে আর কোথায় যাব, তাই মুখ্যমন্ত্রী সুখময় সেনগুপ্ত হলেন তার বার্দ্ধক্যের বারাণসী এবং তিনি এক একটা করে দুর্নীতি চালিয়ে যাচ্ছেন। আর তাই দেখা যাচ্ছে তিনি যে রিটায়ারমেন্টের আগে ডেপুটেশানে এসেছিলেন, রিটায়ারমেন্টের পরেও তাকে ঐ একই পদে নিয়োগ করা হয়েছে। তিনি কিছুদিন আগে মেকানিক্যাল এ্যাক্সজিকিউটিভ ইঞ্জিনিয়ারকে ডি, ও লেটার দিয়েছেন যে চীফ সেক্রেটারী মহোদয় ত্রিপুরার জন্য চিন্তা করতে করতে ক্লান্ত হয়ে যাচ্ছেন, কাজেই তার ঘরটিকে এয়ার কণ্ডিশন করে দেওয়া হউক, তার ঘর মানে তো তার বাসা বাড়ী এবং শেষে দেখা গেল যে তার সেই বাসা-বাড়ীটেক অফিস রুম হিসাবে দেখানো হল এবং সেখানে চারটা এয়ারকুলার বসানোর চেষ্টা করা হল পরে অবশ্য বাধা পড়ায় সেগুলিকে তুলে নেওয়া হয়েছে। তারপর দেখা যায় ১৮টি ডিপ টিউবওয়েল টারবাইন কেনা হয়েছে ৪,২১,০৮০ টাকা দিয়ে এবং সেখানে দেখা যায় যাদের সঙ্গে তাদের ট্রিটি ছিল সেই কটস এ্যাণ্ড সেক্সবী এ্যাণ্ড কোং তারা হল একটা এজেন্ট, সেখানে টেণ্ডার কোটেশান কিছুই ডাকা হল না, কটস এ্যাণ্ড সেক্সবীর অরিজিন্যাল কোম্পানী হল লেক্‌সন টার্বো কোং তারা যেখানে কোটেশান দিয়ে পেল না, কটস এ্যাণ্ড সেক্সবী সেটা পেয়ে গেল এবং সেই ৪ লক্ষ টাকার বিলের মধ্যে কত টাকা তারা পেয়েছেন, তা আমি বলতে পারছি না। তবে মেশিন পত্রগুলো যখন এলো তখন দেখা গেল যে যন্ত্রাংশগুলি স্টেনলেস স্টিলের হওয়ার কথা ছিল, সেগুলি হয়ে গেল ব্রাইট স্টিল এবং ১৮টির মধ্যে আজ পর্য্যন্ত ১১টিকে বসানো হয়েছে বাকী-গুলিকে বসানো যায় নি, কারণ সেগুলি অকেজো অবস্থায় পড়ে আছে। তারপরে কলকাতা বন্দর থেকে একটা পুরানো ক্রেন কিনেছেন ৭০ হাজার টাকা দিয়ে, নূতন দর দিয়ে পুরানো জিনিষ কেনা হল, যদিও আজ পর্য্যন্ত সেটা ত্রিপুরাতে এসে পৌছায় নি এবং এই সব ক্ষেত্রে চীফ ইঞ্জিনিয়ার, মুখ্যমন্ত্রী সব দিকে দিয়ে তাদের মদৎ দিয়ে যাচ্ছেন। তারপর এখানে মুখ্যমন্ত্রীর দুর্নীতি সম্পর্কেও বিস্তারিত বলা হয়েছে। যেমন টি, আর, টি, সিতে তার নিজের লোককে নিতে হবে। যদিও সেখানে ইলেক্‌ট্রিক্যাল ইঞ্জিনিয়ারের কোন পোস্ট নাই, তা সত্বেও যেহেতু যুব কংগ্রেসের কন্‌ভেনার দীপক দাশগুপ্ত তাকে সেখানে এ্যাপয়েন্টমেন্ট দেওয়া হল। এই ভদ্রলোক আগে উগ্রপন্থী ছিলেন, যখন তিনি শৈলেস বাবুর সঙ্গে চুক্তি করলেন যে আমি যুব কংগ্রেস করব' আমাকে একটা সুযোগ দাও, সেহেতু সুখময় সেনগুপ্ত তাকে কন্‌ফার্ম করলেন। কাজেই আজকে তাকে রক্ষা করবার জন্য মাসে মাসে প্রচুর টাকা দিয়ে তাকে ঐ টি, আর, টি, সিতে রাখা হয়েছে, যদিও তার বিরুদ্ধে প্রচুর অভিযোগ রয়েছে। এই সব থেকে একটা জিনিষ দেখা যাচ্ছে, সেটা হচ্ছে প্রাক্তন মুখ্যমন্ত্রী শচীন বাবু তার দীর্ঘ সময়ের মধ্যে যা করতে পারেন নি, সুখময় বাবু সেই দিক দিয়ে অনেক সাফল্য অর্জন করেছেন, যেমন মদের ব্যবস্যা। শচীন বাবুর আমলে মাত্র ২টা বার ছিল তার ১টাতে বিলাতি মদ চলত, এখন সেই জায়গাতে ৩।৪টা বারের লাইসেন্স দেওয়া হয়েছে সর্বমোট ১৩টা বার হয়েছে। তাতেও দেখা যাচ্ছে যারা পি, সি, সির মেম্বার এবং সুখময় বাবুর নিজের

ঘরের লোক যাকে তিনি পারলে কংগ্রেসের কন্ভেনার করতে চান সেই জ্যোতির্ময় মজুমদারকে দিয়েছেন বার এবং বিলাতি মদের পার্মিট। তারপর আসছে রাজলক্ষ্মী চা বাগানের কথা, সেখানে কন্সালটেটিভ যে পার্টি, তাতে ৩টা পার্টি উপস্থিত হয়েছেন (১) নায়ার এ্যাণ্ড কোং (২) পারেখ এ্যাণ্ড কোং আর (৩) মজুমদার কোং সেখানে টেণ্ডারের মধ্যে দেখা যায় যে যারা লোয়েস্ট ফি চেয়েছিল, সেই নায়ার এ্যাণ্ড কোং ১০ লক্ষ টাকা আর সেকেণ্ড হল মজুমদার এ্যাণ্ড কোং কিন্তু যেহেতু সেখানে ৩ জন লোকের ৩টা পা.টি, যেমন মুখ্যমন্ত্রীর পা.টি হল মজুমদার এ্যাণ্ড কোং, চীপ সেক্রেটারীর পার্টি হল পারেখ এ্যাণ্ড কোং আর সি, আর ভট্টাচার্য্যের পার্টি হল নায়ার এ্যাণ্ড কোং এখন যদি মজুমদার এ্যাণ্ড কোং কে দেওয়া যায়, তাহলে সেখানে যে ৩টা জায়গা সিলেক্ট করা হয়েছে যেমন রাজলক্ষ্মী টি এস্টেট, হাপানিয়া এবং আমতলী, এখন কোন জায়গায় হবে না হবে, আর যেহেতু মুখ্য মন্ত্রী নিজে অমরেন্দ্র মুখার্জির প্রতি ইন্টারেস্টেড, সেহেতু মজুমদার এ্যাণ্ড কোংকে যদি কন্সাল্টেটিভ পার্টি হিসাবে দেওয়া যায় সেকেণ্ড পার্টি হওয়া সত্বেও তাহলে তার আখেরে লাভ আছে। কাজেই পাট কল কোথায় হবে না হবে তার সঙ্গে মুখ্যমন্ত্রী একটা দূর্নীতির সঙ্গে যুক্ত। তারপর গত খরার সময়ে যে দুর্নীতি ওভার ফেল্, যাকে আমরা বলি বেম্পো ফ্লো, কৃষি মন্ত্রী এই ওভার ফেলার বিলের বাবতে লক্ষ লক্ষ টাকা খরচ করেছেন, সেখানে কত লক্ষ টাকা যে মারা হয়েছে, সেটা নিশ্চয় মুখ্যমন্ত্রী এবং কৃষি মন্ত্রীই জানেন। আমি শুধু এখানে উল্লেখ করতে চাই সেই চারপাড়া এলাকায় যে ডিপ টিউবওয়েল বা ওভার ফ্লো দেওয়া হয়েছিল, সেখানেও অভিযোগ আছে এবং সেই অভিযোগ জেলা শাসক, গভর্ণর কাছে করা হয়েছে তাতে নাকি ফিল্টার দেওয়া হয় নি। অথচ তার জন্যও বিল করে টাকা নেওয়া হয়েছে। সেখানে চারপাড়ার প্রমোদ চন্দ্র সরকারের নামে টাকা নেওয়া হয়েছে অবশ্য তিনি কোন ওভার ফ্লো পান নি। সেখানে ডি, এম অফিসের একজন কর্মচারী বিশালগড় ব্লকের বি, ডি, ওর সঙ্গে যুক্ত হয়ে এই সমস্ত দুর্নীতি একটার পর একটা চালিয়ে যাচ্ছেন এবং চারপাড়ার যাদের নামে টাকা নিয়েছে, তারা কমপ্লেইন করেছে, তারা হচ্ছেন প্রমোদ চন্দ্র সরকার, তিলক চন্দ্র দাস, ক্ষেত্রমোহন দাস, রমণী মোহন দাস এবং বিহারী মোহন দাস। তারা বলেছে যে মধুসূদন চক্রবর্ত্তী ব্লকের সঙ্গে যোগাযোগ করে কৃষকদের মধ্যে পাইপ, ফিল্টার ইত্যাদি বিলি বন্ঠন করতে দেখিয়াছি এবং শুনিয়াছি। কিন্তু আমরা উক্ত মধুসূদন চক্রবর্ত্তী হইতে কোন পাইপ বা তা বরিং করার জন্য কোন টাকা পয়সা গ্রহণ করি নাই। অথবা এই সব পাওয়ার জন্য শ্রীমধুসূদন চকবর্ত্তীর কাছে কোন সময়ে কোন দরবার করি নাই। কিন্তু পরম্পর জানিতে পারিয়াছি যে অন্য লোকের বশবর্ত্তী হইয়া উক্ত মধুসূদন চক্রবর্ত্তী আমাদের নামে বিশালগড় ব্লক অফিস হইতে কয়েকটা ওভার ফ্লো, লোহার পাইপ এবং ফিল্টার এবং সেগুলির বরিং খরচ বাবত কিছু টাকা আত্মসাৎ করিয়াছে। এই অবস্থায় উক্ত ঘটনার সত্যা সত্যি নির্ণয় করিয়া উপযুক্ত শাস্তির ব্যবস্থা করার জন্য প্রার্থনা করিতেছি। তারা গভর্ণারের কাছে এই চিঠি খানা দিয়েছেন। কাজেই এই রকম কিছু ইন্ফরমেশান আমি দিলাম। কারণ আমার সময় সংক্ষেপ। এখানে বর্ত্তমান মন্ত্রী সভার বিরুদ্ধে বিরোধী দলের নেতা যে নো কন্ফিডেন্স মোশান এনেছেন, সেই নো কন্ফিডেন্স তাদের ভিতরেও আছে যে নো কন্ফিডেন্সের জন্য তাদের এড হক পর্য্যন্ত ভেঙ্গে যাচ্ছে এবং সম্ভবতঃ আজকে মাত্র প্রদেশ কংগ্রেসের কন্ভেনার ফিরে এলেন। এখানে দেখছি একজন সদস্য আর একজন মন্ত্রী বসে আছেন, কাজেই নো কনফিডেন্স এদের ক্ষেত্রেও আছে। ত্রিপুরার জনগণের যে নো কন্ফিডেন্স এই সরকারের বিরুদ্ধে, এই সেনগুপ্ত মন্ত্রী সভার বিরুদ্ধে, যারা এই অল্প সময়ের মধ্যে মাত্র আড়াই বছরের মধ্যে সারা ত্রিপুরা রাজ্যের মধ্যে লুঠ, লাইসেন্স পার্মিট কন্ট্রাক্ট ইত্যাদির মাধ্যমে যে একটা দুর্নীতির দুঃসহ অবস্থার সৃষ্টি করেছেন, তাকে প্রতিফলিত করবার জন্য বিরোধী দল নেতা যে নো কন্ফিডেন্স মোশান এনেছেন, আমি তাকে সমর্থন করছি এবং আমি বিশ্বাস করি এই নো কন্ফিডেন্সের পক্ষে ভোট দিয়ে এই মন্ত্রী সভার বিরুদ্ধে সারা ত্রিপুরা রাজ্যের মানুষের অনাস্থাকে প্রকাশ করবেন, এই হাউস।

Mr· Speaker :—The House stands adjouned till 2 P. M. of to-day.

(আফটার রিসেস)

মিঃ ডেপুটী স্পীকার ঃ---আই উড কল অন শ্রী সুনীল চন্দ্র দত্ত।

শ্রীসুনীল চন্দ্র দত্ত ঃ---মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, বিরোধী দলের মাননীয় নেতা নৃপেন্দ্র চক্রবর্ত্তী মহাশয় যে অনাস্থা প্রস্তাব উৎথাপন করেছেন আমি তার বিরোধীতা করছি। অনাস্থা প্রস্তাব উৎথাপন করতে গিয়ে প্রথমেই মাননীয় নেতা বলেছেন কংগ্রেসী সরকার ত্রিপুরার ৬ লক্ষ আদিবাসীকে মৃত্যু দণ্ডে দণ্ডিত করেছেন। মাননীয় সদস্য নৃপেন্দ্র চক্রবর্ত্তী---ত্রিপুরার আদিবাসীর সংখ্যা ৬ লক্ষ সেটি তিনি কোথায় পেলেন? ১৯৭১ সালের যে সেনসাস রিপোর্ট আছে এখনও সম্পূর্ণ ভাবে প্রকাশিত হয়নি তা থেকে জানা যায় যে ত্রিপুরার আদিবাসী হল সাড়ে চার লাখ। অথচ '৭১ সালের যে সংখ্যা ৪ লক্ষ ৫০ হাজার আজকে ১৯৭৩-৭৪ সালে বাৎসরিক আড়াই পার্সেন্ট হিসাবে বৃদ্ধি হলেও---খুব বেশী হলেও ত্রিপুরাতে বর্তমান সংখ্যা হবে ৪ লক্ষ ৭৫ হাজার। মাননীয় নেতা প্রথমেই বললেন যে ৬ লক্ষ আদিবাসীকে কংগ্রেস সরকার মৃত্যু দণ্ডে দণ্ডিত করেছেন। এই যে উক্তি এটা উদ্দেশ্য প্রণোদিত (ইন্টারাপশান)

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ---তিন জন আছে ধরে নিন---

শ্রীসুনীল চন্দ্র দত্ত ঃ---সঙ্গে সঙ্গে তিনি বলেছেন ৫০ হাজার আদিবাসী তারা গৃহ হীন, তারা ত্রিপুরা রাজ্যের জঙ্গলে জঙ্গলে ঘুরে বেড়াচ্ছে। সেই তথ্যই বা তিনি কোথায় পেলেন? ত্রিপুরার আদিবাসীরা দরিদ্র, তারা পর্ণ কুটীরে বাস করেন সত্যি কথা, কিন্তু উন্মুক্ত আকাশের নীচে বাস করেন এই তথ্য মাননীয় সদস্য কোথায় থেকে সংগ্রহ করলেন আমি জানি না। আমরাতো আদিবাসী অঞ্চলে যাই, আমরাও আদিবাসী অঞ্চলে ঘুরাফেরা করি, দরিদ্র আদিবাসীদের সঙ্গে আমরাও মেলামেশা করি (ইন্টারাপশান)

শ্রী নৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ---পকেট কাটার জন্য---

শ্রীসুনীল চন্দ্র দত্ত ঃ---পকেট কারা কাটে সেটা আমাদের জানা আছে। মাননীয় নেতার লোক যারা---যারা দরিদ্র আদিবাসীদের ডি, আরের টাকা থেকে অংশ নেন তারা আবার বুক ফুলিয়ে কথা বলেন বহু কর্মী আছেন আমি লিষ্টি দিতে পারি। (ইন্টারাপশান) ডি, আরের টাকা থেকে অংশ গ্রহণ করেন নিয়মিত ভাবে। আর যখন কোন কংগ্রেস কর্মী ডি, আরের, টাকা থেকে অংশ নেন না তখন আদিবাসীরা বিস্ময় বোধ করেন তারা বিস্মিত হন---এটা কি আপনারা আমাদের টাকা দিলেন আপনারা টাকা নেবেনে না? আমি নাম দিয়ে বলতে পারি তাদের নাম নিশানা দিয়ে বলতে পারি একের পর এক বলতে পারি। ট্রাইবেল রিজার্ভ ভেঙ্গে দেওয়া হয়েছে এবং ট্রাইবেল রিজার্ভ ভেঙ্গে দেওয়ার ফলে আদিবাসীদের মৃত্যু দণ্ডে দণ্ডিত করা হয়েছে বনের বাঘ সরকার বাঘ বসে আছে মহাজন আছে তাদের সর্বনাশ করার জন্য এই সব কথা মাননীয় নেতা বলেছেন। বনে বাঘ ত্রিপুরা রাজ্যে আছে মাত্র ৭টি। মাত্র সাতটি বাঘ আছে সমস্ত ত্রিপুরা রাজ্যে। সরকারী বাঘ বলতে তিনি কি বুঝাতে চাইছেন জানি না। (ইন্টারাপশান) কত কি বললেন---ডি, আরের টাকা থেকে অংশ গ্রহণ করতে পারেন তাদের কি চরিত্র জনসাধারণ সেটা জানেন এবং ভোটের সময় জনসাধারণ তার প্রমান দিয়েছেন। মাননীয় নেতা বলেছেন যেহেতু ট্রাইবেল রিজার্ভ উঠিয়ে দিয়েছেন ফলে আদিবাসীরা বিপন্ন তারা মৃত্যুর সম্মুখীন। আদিবাসী রিজার্ভ কথাটা শুনতে খুব ভাল। মহারাজার একটা আদেশ ছিল প্রায় ২২'শ বর্গমাইলের মত এলাকা ৫টি উপজাতি সম্প্রদায়ের জন্য রিজার্ভ থাকবে অন্য কোন উপজাতি এই সব এলাকার থাকতে পারবে না। সেই আদেশ কতটুকু কার্যকরী হয়েছিল মহারাজার আমলে। মাননীয় সদস্যের নিশ্চয়ই জানেন যে অমরপুর মহকুমা সম্পূর্ণ রিজার্ভের অন্তর্ভুক্ত ছিল। কিন্তু সেই অমরপুর মহকুমা, অমরপুর সহর, অমরপুর বহু গ্রামে বাঙ্গালী হাজার হাজার বাস করত মহারাজার আমলেই। যে আদেশ মহারাজার আমলেই কার্যকরী হয়নি সেই

আদেশ আজকে উঠিয়ে দেওয়াতে মাননীয় সদস্য---মাননীয় সদস্য তড়িত বাবু কাল বলেছিলেন যে আদিবাসী রিজার্ভ উঠিয়ে দেওয়াতে কার কি অসুবিধা হয়েছে? একটি ইনস্টেনসও মাননীয় নেতা এই হাউসের সামনে রেখেছেন কি না? আদিবাসী রিজার্ভ কথাটা শুনতে খুব ভাল। ৫টি সম্প্রদায় তাদের জন্য ২২'শ বর্গমাইল এলাকা তাদের জন্য সম্পূর্ণ চিহ্নিত করে রেখে---আর ১৩টি উপজাতি সম্প্রদায় তা থেকে বঞ্চিত করা কোন যুক্তি সঙ্গত। কংগ্রেস সরকার এই ট্রাইবেল রিজার্ভ উঠিয়ে দিয়ে আইন করে সেই রিজার্ভের আদেশকে বাতিল করে দিয়ে অন্য ১৩টি উপজাতি সম্প্রদায়ের সুবিধা করে দিয়েছেন তাতে কার কি অসুবিধা হয়েছে? সামগ্রীক ভাবে দরিদ্র আদিবাসী যারা তাদের উপকার হয়েছে তাদের কল্যাণ হয়েছে। আর যে রিজার্ভ কার্যত ছিল না মহারাজার আমলেই ছিল না সেই রিজার্ভ রাখার অর্থ আছে বলে আমি মনে করি না। তবে রাজনৈতিক প্রচারের জন্য তারা প্রচার করে চলেছেন যে রিজার্ভ উঠিয়ে দিয়েছে আদিবাসীদের সর্বনাশ করার জন্য। কিন্তু হাউসের সামনে তাদের বিভিন্ন বক্তা তাদের বক্তব্য রেখেছেন। হাউসের সামনে এইটা ইনস্টেন্স রেখেছেন কি না আজ পর্য্যন্ত যে আদিবাসী রিজার্ভ তুলে দেওয়ার জন্য কোন আদিবাসীর কোন মহকুমায় কোন মৌজার কি কি অসুবিধা হয়েছে একটা ইনস্টেন্সেও এই হাউসের সামনে রাখেন নাই। ত্রিপুরায় উদ্বাস্তু এসেছেন বলেছেন---বাঙ্গালী উদ্বাস্তু। মাননীয় নেতার জানা উচিত তিনি দলের প্রথম শ্রেণীর নেতা তার জানা উচিত যে ত্রিপুরা রাজ্যে শুধু বাঙ্গালী উদ্বাস্তুই আসেনি। বহু আদিবাসী উদ্বাস্তুও আশ্রয় নিয়েছে---চাকমা, এসেছে মগ এসেছে ত্রিপুরী সম্প্রদায়ও এসেছে। মাননীয় নেতার এইগুলি জানা উচিত এই তথ্য তার কাছে থাকা উচিত। আদিবাসীদের অকল্যাণ হয়েছে আদিবাসীদের সর্বনাশ হয়েছে কংগ্রেস সরকার আদি-বাসীদের সর্বনাশ করেছেন এই ২০ বছর যাবত এই সব তথ্য রেখেছেন। কিন্তু আদিবাসী সংখ্যা ত্রিপুরা রাজ্যে কত ছিল? ১৯৫১ সালে আদিবাসীর সংখ্যা ছিল ১ লক্ষ ৯২ হাজার, ১৯৬১ সালে ৩ লক্ষ ৬০ হাজার, আজকে ৪ লক্ষ ৫০ হাজার। ২০ বছরে যে রাজ্যে সেন্ট পার্সেন্ট আদিবাসীর সংখ্যা বেড়েছে সেটা কি নির্যাতনের স্বাক্ষ্য দেবে না সুখ সমৃদ্ধির প্রমাণ দেবে সেটা মাননীয় নেতাকে জিজ্ঞাসা করছি। ২০ বছরে যে আদিবাসীর সংখ্যা সেন্ট পার্সেন্টের উপর বৃদ্ধি পেয়েছে, ১ লক্ষ ৯২ হাজার থেকে আজকে ৪ লক্ষ ৭৫ হাজার দাঁড়িয়েছে---সেন্ট পার্সেন্টের উপর যে আদিবাসী সংখ্যা বৃদ্ধি পেয়েছে সেই সম্প্রদায়ের উপর নির্যাতন হয়েছে। এইটা কি করে সম্ভবপর কোন যুক্তিতে এইটা বলেছেন আমি জানি না। বিরোধী দলের নেতা সরকারী কর্মচারী, মন্ত্রীদের এবং মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে অনেক কথা বলেছেন। মুখ্যমন্ত্রী না কি বলেছিলেন তিনি দাঁড়ি না কামিয়ে দালান করেছেন। মাননীয় নেতা, বিরোধী দলের নেতা ইচ্ছা করেই বিকৃত তথ্য এই হাউসে পরিবেশন করেছেন। তিনি আরও বলেছেন বাংলাদেশ থেকে শরণার্থীরা যখন এ দেশে আসেন তখন অনেক কর্মচারী সরকারী অর্থ মেরে দিয়েছেন তার মধ্যে এস, ডি, ও, এবং আরও অনেকের নাম তিনি উল্লেখ করেছেন। আমি বুঝতে পারছি না কি করে এই ব্যাপারটা অনাস্থা প্রস্তাবে আসে। মাননীয় বিরোধী দলের নেতার এইটুকু জ্ঞান আছে জানতাম। তিনি ক্ষিতীশবাবু সম্পর্কেও বলেছেন তিনি নাকি অনেক জমি আত্মসাত করেছেন। আমি জানি আমি আর ক্ষিতীশ বাবু আমরা পাশাপাশি গ্রামে বাস করি, তিনি এই দেশে উদ্বাস্তু হিসাবে এসেছিলেন এবং অনেক পরিশ্রম করে নিজ ক্ষমতায় যে জায়গাজমি করেছিলেন তার মধ্যে থেকেও তিনি অনেক জমি বিক্রী করে দিয়েছেন। স্বাস্থ্য মন্ত্রী শ্রীমনোরঞ্জন নাথ সম্পর্কেও তিনি অনেক কথা বলেছেন। তার ছেলে জমি চেয়েছে, জমি চাওয়াটা কি অপরাধ? উনার ছেলে এখন সাবালক। আমি মাননীয় সদস্যকে আমাদের ল্যাণ্ড রিফর্ম এ্যাক্টা পড়ে দেখতে বলবো। তিনি এখানে অনেক অফিসারের বিরুদ্ধে তাদের নাম করে অনেক অভিযোগ করেছেন। পার্লিয়ামেন্ট প্রেক্টিস অনুযায়ী আমি যতটুকু জানি তিনি একটা বলতে পারেন না। কারণ যে সমস্ত অফিসারের বিরুদ্ধে তিনি বলেছেন তারা এই হাউসের ডিবেটে যোগ দিতে পারবেন না। এইটা আমাদের জানা ছিল যে তিনি অনস্থা প্রস্তাবে মাণিক গাঙ্গুলি এবং অন্যান্যদের সম্পর্কে বলবেন। মাণিক গাঙ্গুলির বাড়ী করা সম্পর্কে তিনি বলেছেন।

বাড়ী আজকে করা হয়েছে? মাননীয় সদস্য জানেন কি না আমি জানি না যে কারও বিরুদ্ধে সমালোচনা করা বা কারও ত্রুটি ধরা খুব সহজ। নিজের বাড়ীর দিকে তাকালেই দেখতে পারেন এইটা কি করে হয়েছে। উনার বড় ভাই কি ব্যবসা করছেন এইটা আমাদের জানা আছে। (গণ্ডগোল) উপমন্ত্রী মনসুর আলী সম্পর্কে বলেছেন যে বিরোধীদলের নেতা ও অন্যান্য সদস্যরা বলেছেন যে যে উপমন্ত্রী মনসুর আলীর গাড়ীতে নাকি আফিম পাওয়া গেছে। আফিম পাওয়া গেছে? কতটুকু আফিম পাওয়া গেছে? এক রত্তি আফিং পাওয়া গেছে? একটি টাকা পাওয়া গেছে? কিন্তু দিনের পর দিন পত্রিকায় লেখা হয়েছে যে লক্ষ টাকার পাওয়া গেছে। আফিম পাওয়া গেছে। এই যে অসত্য তথ্য প্রচার করা হয়েছে এই হাউসের সামনে। কোন দায়িত্বজ্ঞান সম্পন্ন সদস্য বা দায়িত্বজ্ঞান সম্পন্ন নেতা কি করে এই কথা বলতে পারেন তা শুনে আমি বিস্মিত হই। তারা তা বলেন এই কারণে যে যেহেতু কংগ্রেস—

(গণ্ডগোল)

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী :—আফিং ছিল না?

শ্রীসুনীল চন্দ্র দত্ত :—পত্র পত্রিকায় বার এসোসিয়েশান এটা প্রটেষ্ট করেছে।

(জনৈক বিরোধী সদস্য এর মন্তব্য : কমলপুর বার এসোসিয়েশান বিরোধীতা করেছে)

এই যে নির্জ্জলা অসত্যের বিরুদ্ধে কংগ্রেসের উচিত ষ্টেটমেন্ট করা।

(গণ্ডগোল)

বিরোধী দলের নেতা অনাস্থা প্রস্তাবের আলোচনা প্রসঙ্গে আরো বলেছেন যে "Regarding Ratification of Amendments tc the Constitution of Ihdia এর উপর আলোচনা পরশু দিনই শেষ হয়েছে। কিন্তু মাননীয় সদস্য ঝুনু দাস মুখের মত জবাব দিয়েছিলেন। হ্যাঁ, মুখের মত জবাব দিয়েছিলেন মাননীয় সদস্য ঝুনু দাস। দিয়েছিলেন বলে কালকে আবার কটাক্ষ করা হয়েছে যে সিকিমের গণতন্ত্রকে হস্তক্ষেপ করা হয়েছে। পরশুই শেষ হয়েছে কিন্তু কালকের অনাস্থা আলোচনায় কটাক্ষ করেছেন। কটাক্ষ করার কারণ হল ঝুনু দাস পরশুদিন মুখের মত জবাব দিয়েছিলেন যে উহার পাল্টা জবাব দেওয়ার মত ক্ষমতা নেতা বা কোন সদস্য এর ছিল না। মাননীয় নেতা হাউসে যে বক্তব্য রেখেছেন তা চীনের মাও সে-তুং এবং পাকিস্তানের প্রেসিডেন্ট ভুট্টো সাহেবের বক্তব্য একই। একই বক্তব্য? হ্যাঁ, হ্যাঁ, একই বক্তব্য। মনে হয় একই টেপ তিনটি জায়গায় বসে শুনছি। বিরোধী দল নেতা অনাস্থা প্রস্তাবে যে সব উক্তি করেছেন তাতে মনে হয় যে উনারা নিজেদের ত্রুটি বিচ্যুতির কথা সম্পূর্ণ জেনে শুনেও, তাদের নিজেদের চিত্র সম্পর্কে সম্পূর্ণ ওয়াকিবহাল থেকেও হাউসকে বিভ্রান্ত করার জন্য তিনি এখানে কতকগুলি অভিযোগ উৎথাপন করেছেন। একই কথা প্রতি বৎসর এর বৎসর, একই আলোচনা পাঠ করে যান। তাতে কোন সার বস্তু নেই। কোন দুর্নীতি সম্পর্কে কোন তথ্য তিনি হাউসের সামনে দিতে পারেন নি। তিনি অনাস্থা যে সব অভিযোগ করেছেন আমি তার কিছু উত্তর দিলাম, আমার পরে মাননীয় মন্ত্রীরা ও বিভিন্ন সদস্যরা তাদের মুখের উপরে জবাব ছুড়ে দেবেন। এই বলে বিরোধী দল নেতা শ্রদ্ধেয় শ্রীনৃপেন্দ্র চকবর্ত্তী যে অনাস্থা এখানে উৎথাপন করেছেন তার সম্পূর্ণ বিরোধীতা করে আমি আমার বক্তব্য এখানেই শেষ করছি।

মি: ডেপুটি স্পীকার :—নাও আই কল অন অনারএ্যাবল মিনিষ্টার শ্রী শৈলেশ সোম।

শ্রীশৈলেশ চন্দ্র সোম :—মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, বিধান সভার চলতি অধিবেশনে আরো একটি অনাস্থা প্রস্তাব এসেছে। প্রতি বৎসরেই নিয়ম মাফিকভাবে তারা যে

অনাস্থা প্রস্তাব আনেন এবং যে ধরণের কথা বার্তা বলেন তা পুনরাবৃত্তির মত ঘটছে। এর মধ্যে আর কিছু নেই। বিগত অনাস্থা প্রস্তাবের সময় আমি বলেছিলাম যে এই অনাস্থা প্রস্তাবের কোন মূল্য নেই। শুধু দেওলিয়া একটি রাজনৈতিক দলের শেষ আশ্রয় হিসাবে, রাজনৈতিক স্টান্ট হিসাবে এই অনাস্থা প্রস্তাব এসেছে। আজকে এই কথাই বলতে পারি। কারণ তাদের বক্তব্যের মধ্যে দিয়ে এ কথাই অত্যন্ত সুস্পষ্ট যে অনাস্থা প্রস্তাবের কোন গুরুত্ব নেই। যখন তাদের সেই সব বক্তব্যের জবাব আসে তখন তারা তার জন্য হৈ চৈ শুরু করে এটাকে পণ্ড করার চেষ্টা করেন। কিন্তু ওরা যখন বক্তব্য রাখেন তখন আমরা সংশোধনীয় গণতন্ত্রে এর রীতিকে মর্যাদা দিয়ে তাদের বক্তব্য শুনি। কিন্তু যখনই আমাদের পক্ষ থেকে ইতিপূর্বে মাননীয় প্রবীন সদস্য শ্রীসুনীল দত্ত মহাশয় যখন উনার বক্তব্য রাখছিলেন তখন বিরোধী দলের পক্ষ থেকে হৈ চৈ করে দিয়ে আলোচনাকে ভাঙ্গিয়ে দেবার চেষ্টা করা হয়েছিল। কিন্তু গণতন্ত্রকে এই ভাবে ধ্বংস করা যায় না। মাননীয় উপাধ্যক্ষ মহোদয় কোন একটি বিধান সভায় বা পার্লামেন্টে অনাস্থা প্রস্তাব আনা হয় তখনই যখন সরকার জনসাধরণের অকল্যাণ কোন আইন প্রণয়ন করেন তখন অথবা যখন দেশের মধ্যে একটা সঙ্কট সৃষ্টি হয় সেই সঙ্কটকে এর মোকাবিলা করতে সরকার অক্ষম হয়ে পড়েন। কিন্তু সারা ভারতবর্ষের দিকে যদি আমরা লক্ষ্য করি তাহলে দেখতে পাব যে সমস্ত দেশে আমাদের এই ত্রিপুরা রাজ্যেও সঙ্কট রয়েছে। কিন্তু যে সঙ্কটের ফলে অন্যান্য রাজ্যগুলি পীড়িত তাদের চাইতে তুলনা-মূলক ভাবে এখানে কম সঙ্কট। কিন্তু তবুও এই অনাস্থা প্রস্তাব এসেছে, এসেছে একটা রাজনৈতিক প্রতিহিংসা চরিতার্থ করার জন্য। সারা ভারতবর্ষের রাজনৈতিক অবস্থা যদি পর্য্যালোচনা করি, তাহলে আমরা দেখতে পাব যে বিগত নির্বাচনের পর থেকে সারা ভারতবর্ষের মধ্যে যে কোথাও এই কংগ্রেসের ভাবমূর্তি রয়েছে, তাকে বিরোধিরা মিলে সেই দক্ষিণপন্থী প্রতিক্রিয়াশীলই হউক আর অতি বাম পন্থী হঠকারীই হউক, তারা চূর্ণ করতে পারেনি, তার জন্য তারা হতাশায় ভুগছেন এবং তারই জন্যে রাজ্যে রাজ্যে এমন সব আন্দোলনের নাম করে অপরাধ করে চলেছেন এবং অন্যায় করে চলেছেন যা গণতন্ত্রের সহত বা শিক্ষার অনুষঙ্গ নয়। তার জন্যই এই বিধান সভায় যে অনাস্থা প্রস্তাব এসেছে, তাতে উল্লেখ রয়েছে গুজরাটের কথা, তাতে উল্লেখ রয়েছে বিহারের কথা। রাজনৈতিক সচেতন মানুষ মাত্রই জানেন যে গুজরাটের যে আন্দোলন সেটা কাদের আন্দোলন ছিল। কিন্তু আমি দুঃখিত হয়েছি, বিস্মিত হয়েছি বিরোধী পক্ষের প্রবীন নেতা, তিনি ঐ গুজরাটের আন্দোলনকে গৌরবের আন্দোলন বলে ব্যাখ্যা করবার একটা প্রয়াস নিয়েছেন, বা চিন্তা করেছেন। সম্পূর্ণ দক্ষিণ পন্থী প্রতিক্রিয়া-শীলদের আন্দোলন সেই গুজরাটে হয়েছিল। গুজরাট বিধান সভা ভেঙে দেবার মধ্যে দিয়ে গুজরাটের জনসাধারণের অন্ন, বস্ত্র, বাসস্থান, কর্মসংস্থানে, সমস্ত কিছুর কি সমাধান হয়েছে? তা হয় নি। বিধান সভা ভেঙে দেবার মধ্য দিয়ে এই ধরণের অগ্নি প্রজ্জ্বলন এবং দেশের সমস্ত সম্পদ---নেশান্যাল প্রপার্টিকে ধ্বংস করার মধ্য দিয়ে কোন দেশের কল্যাণ আসতে পারেনা। এই হচ্ছে রাজনৈতিক হতাশার চিহ্ন। তার দ্বারা তারা কোনদিন ক্ষমতায় আসতে পারেনি, আসতে পারবেনা, এই কথা জেনেই মানুষকে ক্ষিপ্ত করে নেশান্যাল প্রপারটিকে নষ্ট করার চেষ্টা করা হয়েছে গুজরাটে। বিহারের আন্দোলনও ঐ একই ধরণের আন্দোলন। আমাদের এই হাউসের সদস্য—সি,পি,আই সদস্য শ্রী জিতেন্দ্র লাল দাশ মহাশয় যখন জয় প্রাকাশ নারায়ন---তার যে আন্দোলন বিহারে চলেছে, তার সঙ্গে মার্কসবাদী কমিউনিস্ট পার্টির যোগসাজসের কথা বলেছিলেন, তখন তিনি পরশু দিন কতকগুলি ব্যঙ ও বিদ্রুপের দ্বারা আক্রান্ত হয়েছিলেন। আসল কথা বললে তাই হয়। তারা চেষ্টা করছেন দেশের মধ্যে একটা অরাজকতা সৃষ্টি করার জন্য, তাই তারা রেল ধর্মঘটের সময় এই কারসাজী করেছেন যাতে নিত্য প্রয়োজনীয় সমস্ত জিনিষ দেশের এক প্রান্ত থেকে অপর প্রান্ত পর্যন্ত চলাচল করতে না পারে, জনজীবনে দুর্ভাগ্য নেমে আসে তার জন্য তারা চেষ্টা করেছিলেন। চেষ্টা করেছিলেন রেশানে যাতে নিত্য প্রয়োজনীয় চাউল, ডাল ইত্যাদি আসতে না পারে। বিহারে তিন দিনের বন্ধ 'এর মধ্যে দিয়ে সেই চেষ্টাই হয়েছিল। পর্বাঞ্চলে যে সমস্ত

রাজ্যগুলি রয়েছে—যেমন পশ্চিমবঙ্গ রয়েছে, আসাম রয়েছে, মেঘালয় রয়েছে, মিজোরাম রয়েছে, নাগাল্যাণ্ড রয়েছে, মণিপুর রয়েছে, অরুনাচল রয়েছে, ত্রিপুরা রয়েছে, তার সমস্ত যানবাহন চলাচল বিহারের উপর থেকে স্তব্ধকরে দিয়ে তারা নিত্য প্রয়োজনীয় জিনিষ এর যোগান যাতে ব্যহত হয়, এবং যার মধ্যে দিয়ে এখানে দ্বেষের উদ্ভব হয়, তার মধ্যে দিয়ে মানুষকে ক্ষিপ্ত করে সরকারের বিরুদ্ধে লেলিয়ে যাতে দেওয়া যায়, তার একটা ঘৃণ্য প্রয়াস তারা নিয়েছেন। আমরা দেখেছি এমনভাবে সারা ভারতবর্ষের মধ্যে দক্ষিণ পন্থি প্রতিক্রিয়াশীল এবং বামপন্থী হঠকারী যারা তারা একযোগে সেখানের মধ্যে কাজ করেছেন। শুধু অন্ধ কংগ্রেস বিরোধিতা ছাড়া অন্যকোন মূল্যবোধ নিয়ে তারা অগ্রসর হতে পারননি, দেশের সামনে কোন নেতৃত্ব রাখতে পারেননি। এর জন্য এই বিধানসভায় তার প্রতিফলন আমরা দেখতে পাই। যে অনাস্থা প্রস্তাব এসেছে তার মধ্যে রাজনৈতিক পটভূমিকাকে বিশ্লেষণ করার কোন চেষ্টা নেই, কোন মানুষকে বিশ্লেষণ করার চেষ্টা নেই, যেটা রয়েছে সেটা হচ্ছে মানুষের ব্যক্তি চরিত্র হনন করা, তাছাড়া এর মধ্যে আর কিছু নেই। তার জন্য কতকগুলি অসত্যের ব্যসাতি এর মধ্যে রয়েছে। এমন সব অভিযোগ উৎথাপন করা হয়েছে যে অভিযোগগুলি অলীক। কিন্তু তারা একটা উদ্দেশ্য নিয়ে সেটা করেছেন। কিসের উদ্দেশ্য? উদ্দেশ্য হচ্ছে যে তারা বলে বেড়ান আমরা সংসদীয় গণতন্ত্র বিশ্বাস করিনা। তবে একটা ফোরাম হিসেবে এই বিধানসভা এবং পার্লামেন্টকে গ্রহণ করে থাকেন, তাকে ইউটালাইজ করে থাকেন। কারণ এর মধ্যে যেটা প্রতিফলন হবে, তার মধ্যে দিয়ে মানুষ জানবে যে এবং মানুষকে তারা বলতে পারবেন যে আমরা অনেক কিছু করেছি। এর জন্য কাল্পনিক কাহিনী কতগুলি রচনা করা হয়েছে। সংসদীয় গণতন্ত্রের রীতি হচ্ছে যে যারা এই ভবনের সদস্য নন, তাদের সম্পর্কে কোন কথোপকথন না করা কিন্তু সমস্ত ন্যায় এবং নীতিকে লংঘন করে রাজ্যের কিছু কিছু উচ্চ পদস্থ আমলার বিরুদ্ধে যা তা কথাবার্তা বলা হয়েছে। বলা হয়েছে এই জন্যে যে তাদের মরালিটিকে ভেঙে দেবার জন্য যাতে সেই অফিসারেরা ডিমরালাইজ্ড হয়ে যান, ভবিষ্যতে ঐ অফিসারেরা তাদের ভয়ে, তাদের কথা ছাড়া আর কোন কিছু কাজ না করতে সচেষ্ট হন, যাতে তাদের কথা তারা শুনেন এবং সরকার প্রশাসনকে কিছুটা ব্যহত করা যায়, তারই জন্য তারা তাদের চরিত্র হননের চেষ্টা করেছেন। তারা মন্ত্রীদের সম্পর্কে নানা কথা উত্থাপন করেছেন। করেছেন এইজন্য যে দেখ আমরা যারা দেশ শাসন করেন, ঐ মন্ত্রী এবং আমলাদের স্বভাব সম্পর্কে যা তা বলতে পারি, আমরা সাংঘাতিক মাথাতুল্য লোক। আমাদের ভয় করে চল, তা না হলে তোমরাও নিস্তার পাবে না। আমরা প্রচণ্ড ক্ষমতাশীল লোক, সাহসী, তাই সেই অভিযোগগুলি উত্থাপন করা হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, উপজাতিদের সমস্যা সম্পর্কে আমাদের মাননীয় সদস্য প্রবীন নেতা শ্রীতড়িতমোহন দাশগুপ্ত এবং শ্রীসুনীল দত্ত মহাশয় বলেছেন, আমি এই প্রসঙ্গের অবতারণা করব না কারণ আমার সময় খুব কম। এবং মাননীয় মুখ্যমন্ত্রীও এই সম্পর্কে বিশদভাবে জবাব দেবেন। ফুড সম্পর্কে যেকথা বলা হয়েছে সেটা কন্ট্রাডিক্টারী কথা বলা হয়েছে। তার স্বরেও রা চীৎকার করে বলেছেন যে মুনাফাখোর যারা, মজুতদার যারা, কালবাজারী যারা, তাদের এরেস্ট করা হয় না, কংগ্রেস সরকারের তারা পোষ্য, আবার যখন তাদের এ্যারেস্ট করা হয়, তখন আবার চিৎকার করছেন যে আসল লোকগুলিকে ধরা হচ্ছেনা এইগুলি ঠিক হচ্ছে না, তার কারণ, তাদের গোপন কাল হাত তাদের কাছেও প্রসারিত, কাজেই তাদের এ্যারেস্ট করলে তাদের স্বার্থে ঘা লাগে তাদের পার্টি'র জন্য তারা কি করেছিল আমরা জানিনা। তাদের ঐ টাকা কোথা থেকে আসছে? তাদের ঐ জায়গায় আঘাত পড়ে তারই জন্য তারা আজকে ক্ষুব্ধ হয়েছেন। তারা চীৎকার সুরু করার সুচনা করছেন, তার কারণ ঐ আ তে তাদের ঘা লাগে আসল কথাটা বললে। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, যাতে আমার দেশে খাদ্য সঙ্কট না হয়, তার জন্য যে আমরা চেষ্টা করেছিলাম, জনগণের সহযোগিতায়, সেই চেষ্টাকে সেদিন বানচাল করবার চেষ্টা কারা করেছিলেন সেকথা আমাদের জানা নেই। গ্রামাঞ্চলের প্রকিউরমেন্টকে সেদিন বানচাল করার জন্য কে চেষ্টা করেছিলেন এবং কি উদ্দেশ্যে করেছিলেন তাও আমরা

জানি। তারা চান সবসময়ে দেশের মধ্যে সঙ্কট সৃষ্টি করতে যে সঙ্কটের মধ্যে দিয়ে তথাকথিত বিপ্লবকে তারা জয়যুক্ত করতে পারেন, ভারতবর্ষের ভুখা মানুষকে দিয়ে যা তা কাজ করাতে। কিন্তু ত্রিপুরার মানুষকে, ভারতবর্ষের মানুষকে চিন্তে তারা ভুল করেছেন। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, ব্যক্তিগত প্রসঙ্গে অনেক কথা বলেছেন, মন্ত্রীদের সম্পর্কে বলেছেন, আমার সম্পর্কেও বলেছেন। মাননীয় মুখ্যমন্ত্রীর পরেই আমার কথা বলেছেন। এটা বলা খুবই স্বাভাবিক। রাজনৈতিক দৃষ্টি কোণ থেকে এটা অস্বাভাবিক কোন কিছু নয়। কারণ কমিউনিস্ট পার্টির যে দুর্গগুলির পতন ঘটানোর পক্ষে যারা কাজ করেছেন, তাদের উপর আঘাত এসেছে সবচেয়ে বেশী। তারা বলেছেন যে আমি কুঞ্জবন টাউনশিপের মধ্যে দুই কানি মূল্যবান জায়গা কিনেছি। সুচতুর নেতা একথাটা উল্লেখ করেননি ঐ মূল্যবান জায়গাটার মূল্য কত? টি, আর টি, সি'র কাছে টীলার মধ্যে সেই জায়গা, তিনি যদি কিনে নিতে চান, তাহলে নিতে পারেন। তিনি বলেছেন যে ইন্দ্রনাথ থেকে যে জায়গা কেনা হয়েছে, সেই ইন্দ্রনাথ একজন ভুয়া ইন্দ্রনাথকে খাড়া করা হয়েছে এবং অতি তাড়াতাড়ি মিউটেশান দেওয়া হয়েছে। কিন্তু রেকর্ড যদি তিনি দেখেন, তাহলে দেখবেন সেটেলমেন্ট অপারেশান যখন থেকে সুরু হয়, তখন থেকেই ইন্দ্রনাথের নামে পর্চা আছে এবং তা এ্যাটেস্টেড হয়েছে এবং মৌজা ভিত্তিক ফাইনাল পাবলিকেশান হয়েছে তার পরবর্তী সময়ে। সুতরাং তিনি এটা একটা স্টান্ট দেওয়ার চেষ্টা করেছেন যে অত্যন্ত মূল্যবান জায়গা কেনা হয়েছে, কিন্তু কয়শ' টাকার মূল্যবান সেকথা তিনি বলেননি। হাক ডাকে মনে হচ্ছে যেন লাখ টাকার হবে। তিনি অভিযোগ করেছেন গাড়ী সম্পর্কে। কিন্তু একথাটা তিনি বলেননি যে আমি যে গাড়ীর জন্য এ্যালাউয়েন্স পেতাম সেটা আমি ত্যাগ করেছি আমি নিইনি। সেটাকে তিনি উল্লেখ করেননি, যতদিন আমি এ্যালাউয়েন্স নিয়েছি, আমি আমার নিজের গাড়ী চড়েছি এবং পরবর্তী সময়ে যে দুই তিনটি গাড়ীর কথা তিনি উল্লেখ করেছেন, তার মধ্যে ৪৪৮ যেটা, তার রেকর্ড যদি দেখা যায়, তাহলে দেখবেন গত চার মাস যাবত সেটা মেরামতের জন্য ওয়ার্কসপে ছিল এবং ওয়ার্ক শপের থেকে নিয়ে আসার পর সেটা উপজাতি সেল এবং এডুকেশানের যে এক্জামিনেশান সেল, তার মধ্যে সেটা ব্যবহৃত হয়েছে। ২৯৭ নং যে গাড়ীর কথা বলা হয়েছে, সেটা কোন দপ্তরের গাড়ী আমার জানা নেই। সেটা সম্পর্কে আমি বলতে পারবনা। ১৪২৯ নং যে গাড়ীর কথা তিনি বলেছেন সেটা সেক্রেটারিয়েট এ্যাডমিনিস্ট্রেশানের গাড়ী। যেহেতু আমার এ্যালাউয়েন্স আমি ফোরগো করেছি, এ্যালাউয়েন্স নেই না, সেইজন্য সেই সেক্রেটারিয়েট এ্যাডমিনিস্ট্রেশানের গাড়ী আমি নিয়েছি। তিনি বলেছেন আমি বাড়ী ভাড়া নিয়েছি। হ্যাঁ, আইনসঙ্গত ভাবে আমি বাড়ী ভাড়া নিয়েছি। তিনি বলেছেন সরকারী বাড়ীতে আমি থাকি। তিনি ভাবের ঘরে চুরি করেছেন। ঐ বাড়ীটা মুখ্যমন্ত্রীর নামে এ্যালটেড বাড়ী এবং মুখ্যমন্ত্রী তার ভাড়া দিয়ে থাকেন। এক বাড়ীর ভাড়া দুই ব্যক্তি দেয় না এবং আমি রেগুলার সেই বাড়ীর মধ্যে থাকিনা। একটা অভিযোগের কাঠগড়ায় দাঁড় করানোর জন্য তিনি চেষ্টা করেছেন। অমরেন্দ্র শর্মা মহাশয় বলেছেন রাণীরবাজারে চালে রঙ মিশিয়েছিল সেজন্য তার শাস্তি হয় নি বা তদন্ত এখনও জোরদার হয় নি, বোধ হয় আমার লোক। তিনি রাণীরবাজারের লোককে বেশী জানেন, আমার লোক। তিনি ধর্মনগর থাকেন। ঐটুকু তিনি হেডমাস্টারগিরি ভাল করে যাচ্ছেন এবং তাতেই তিনি জানেন যে চাল ব্যবসা করে সে কার লোক। যদি খোঁজ নিয়ে দেখেন তাহলে দেখবেন তিনি তাদেরই লোক, আমার নয়। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, অনিল সরকার মহাশয় বলেছেন এবং শুধু আজকে বলেন নি গত শুক্রবারদিন বেকার ভাতা সম্পর্কে প্রস্তাবের উপর তিনি মন্তব্য করেছিলেন যে চাকরী দিয়ে আমি ঘুষ নিচ্ছি। আমার এজেন্ট আছে, এজেন্টের মারফতে আমি ঘুষ নিচ্ছি। আজকে তিনি জনার্দন এবং জামুরছড়ার কার নাম বলেছেন। মাননীয় অধ্যক্ষ মহোদয় হাফ ঐ মিলিয়ন জব প্রোগ্রামে লোকের চাকরী দেওয়া হয়েছে এবং যারা এই চাকরী থেকে ছাঁটাই হয়েছে তারা সবাই গ্রামে গ্রামে সবাই এডুকেশান ডিপার্টমেন্টে চাকরী পাচ্ছে। যেই দেখেছেন এডুকেশান ডিপার্টমেন্টে চাকরী পাচ্ছে তখন তিনি সস্তা বুলি দিয়েছেন যে আমি ঘুষ

নিয়ে চাকরী দিচ্ছি। এমন বেকুব পৃথিবীর মধ্যে কোথায়ও নেই যে কাউকে বলা হয়েছে যে তোমরা নিশ্চিত অমুক দিনের মধ্যে চাকরী পাবে। এরি মধ্যে তারা এসে ঘুষ দিয়ে দেবে এটা অনিল বাবুর কল্পনায় থাকতে পারে কারণ তার ব্যথা কোথায় সেটা আমি জানি। ব্যথা এবং বেদনার সোর্স কোথায় সেটুকু আমি জানি। তিনি সেই ব্যথা এখনও ভুলতে পারেন নি। সেটা তার ক্রিয়া কলাপের ফলে এই বেদনা। এরি জন্য তিনি এই কথা বলছেন এবং যেহেতু স্কীমের সমস্ত ছাঁটাই স্টাফদের এডুকেশান ডিপার্টমেন্টে চাকরী দেওয়া হচ্ছে তার জন্য তিনি সস্তায় বুলি ছাড়ছেন যে এডুকেশান ডিপার্টমেন্টের মন্ত্রীর দোষ দেখছেন। একটা প্রমাণ তিনি দিতে পারেন? ঘুষ নেওয়া হচ্ছে দণ্ডনীয় অপরাধ। যদি তাই হয় একটা কেস তিনি করিয়ে দিন। তিনি প্রমাণ করুন, আমি সেই প্রমাণ মেনে নিতে রাজী আছি, আমি তাতে পিছপা' হব না। তিনি ডিপার্টমেন্ট সম্পর্কে অনেক কথাই বলেছেন। তিনি বলেছেন হেডমিস্ট্রেস যোগমায়া রাহার কথা। আমি এই সম্পর্কে সাবজুডিস ম্যাটার বলে কোন মন্তব্য করতে চাই না। কিন্তু সরকারী আইন মোতাবেক যদি কেউ অ্যারেস্ট হয় এবং হাজতে ২৪ ঘন্টা থাকে তাহলে সে সাস্‌পেণ্ডেড হয়। কিন্তু কোর্ট তাকে অ্যাপিয়ার করার সঙ্গে সঙ্গে জামিন দিয়েছে। এই জন্য আমরা সার্ভিসরুলের বিরুদ্ধে তাকে আমরা সাসপেণ্ড করতে পারি না। তারা কল্পিতভাবে আর এক মহিলা সম্পর্কে অশালীন মন্তব্য করেছেন, ইঙ্গিত করেছেন মাননীয় নৃপেনবাবু নাম করে বলেছেন, তিনি হচ্ছেন অপরাজিতা রায়। ত্রিপুরা প্রশাসনের যেহেতু একজন সাক্সেসফুল হেডমিস্ট্রেস এবং যেহেতু ধর্মনগরেরঃ মাননীয় সদস্য অমরেন্দ্র শর্মা গিয়েছিলেন তার স্কুলে ইন্টারফিয়ার করতে তিনি তা মানেন নি তার জন্য তার উপর ব্যক্তিগত আঘাত এসেছে। তিনি ইন্টারফিয়ার করেছিলে ছাত্রসংসদের নির্বাচন উপলক্ষে, বাড়ী বাড়ীতে গিয়েছেন। যেহেতু তিনি সাক্সেসফুল হন নি সেজন্য সেই মহিলার উপর খড়গ হস্ত হয়েছেন। তিনি পত্রিকার মধ্যে মন্তব্য করেছেন। যাদের বিধানসভায় বলবার অধিকার নেই তাদের সম্পর্কে বলেছেন। মানিক গাঙ্গুলি সম্পর্কে বলেছেন, নন্দী সম্পর্কে বলেছেন, বলেছেন মেনন সম্পর্কে। টি, আর, টি, সি, এর নাম উল্লেখ করেন নি, ম্যানেজারের নাম উল্লেখ করেছেন। কিন্তু মেননকে বলা হয়েছে যে যেহেতু তিনি রেভিনিউ সেক্রেটারী আর যেহেতু তিনি এডুকেশান ডিপার্টমেন্টের সেক্রেটারী তার জন্য তিনি তাড়াহুড়া করে একটা নামজারীর কাজ করেছেন। মেননের এর সঙ্গে কোন ভূমিকা নেই। আর মিউটেশানের মত সাধারণ জিনিষ এটা মানুষ জানে যে একজন রেভিনিউ কমিশনারের দরকার হয় না, অনেক নীচের কাজ এটা। কিন্তু ঐ অফিসারেকে আক্রমণ করতে হবে। কেন আক্রমণ করতে হবে সেই খবরও আমি জানি। এটা সুপরিকল্পিত। কিছু কিছু উচ্চপদস্থ অফিসারকে এইভাবে আক্রমণ করা হচ্ছে, তাদের মর‍্যালকে ভেঙ্গে দেওয়ার জন্য, তারা ভয় পেয়ে যাতে প্রশাসনের কাজ না করতে পারে তার জন্য। মাননীয় মনসুর আলীর স্ত্রী তাহেরা বেগম সম্পর্কে বলেছেন। টি, আর, টি, তার গাড়ী। সেই টি, আর টি, গাড়ী প্যাসেঞ্জার নিয়ে যাতায়াত করে। ও দের ডাইরেক্ট তত্বাবধানে সেই গাড়ী চলে না। একটা কল্পিত খবর বেরিয়েছে যে সেই গাড়ীতে আফিং ছিল। গাড়ী তন্ন তন্ন করে আফিং পাওয়া যায় নি। আফিঙ্গের গপ্প আফিং এর মতই ধোঁয়াশা পূর্ণ ছিল, যারা আফিঙ খায়, তারা যেমন গপ্প করে ঠিক তেমনি করেই আফিং খোরের মত হয়েছে। এই প্রস্তাবগুলি আজকে এই অনাস্থা প্রস্তাবের মধ্যে কেন এনেছেন? মাননীয় উপাধ্যক্ষ মহোদয় যেহেতু আমার সময় কম আমি এর উপসংহার টানছি। অনাস্থা প্রস্তাব এসেছে ৪ তারিখে তাদের যে র‍্যালী সেই র‍্যালীর মধ্যে যে বক্তব্য এসেছে যে কংগ্রেস সরকার উপজাতি যুব সমিতি দ্বারা আমাদের বেসকে ভেঙে দিয়েছে সেখান থেকে। মাননীয় নৃপেন বাবু সেই কথা বলেছেন। মুখ্যমন্ত্রী সুখময় সেনগুপ্ত উপজাতি যুব সমাজকে তৈরী করে তাদের উপজাতিদের বেসকে ভেঙ্গে দিচ্ছেন। ওটাই হচ্ছে তাদের বেদনার কারণ। তারা দেখছেন যে তাদের পায়ের নীচের মাটি সরে যাচ্ছে। অনাস্থা প্রস্তাব এই হাউসে তাই এনেছেন কংগ্রেস মন্ত্রী সভার বিরুদ্ধে, সেনগুপ্ত মন্ত্রীসভার বিরুদ্ধে। কিন্তু অনাস্থা যে মার্কসবাদী কম্যুনিস্ট পার্টির বিরুদ্ধে এসেছে গ্রামে গঞ্জে শহরের মানুষের কাছ থেকে তাদের

বেস্‌গুলিকে উপজাতি যুবসমাজ এবং কংগ্রেস নিয়ে নিয়েছে সেই বেদনা থেকে তারা অনাস্থা প্রস্তাব এসেছে। সুতরাং এই অনাস্থা প্রস্তাবের কোন অর্থই থাকতে পারে না। শুধু ব্যক্তিগত চরিত্র হনন এবং রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত ছাড়া এর কোন মূল্য থাকতে পারে না এবং আমি জানি এই হাউস এটাকে অত্যন্ত অধজ্ঞাভরে প্রত্যাখ্যান করবেন।
শ্রীঅভিরাম দেববর্মা ঃ—মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমার বক্তব্য রাখার আগে আপনার অ্যাটেনশান ড্র করতে চাই। সেটা হচ্ছে আজকে যে কাউন্সিল অব মিনিস্টার্সদের বিরুদ্ধে এখানে নো কন্‌ফিডেন্স মোশানের উপর আলোচনার দ্বিতীয় দিন চলল সেই কাউন্সিল অব মিনিস্টারদের যিনি লীডার তিনি গতকালও উপস্থিত ছিলেন না, আজকেও উপস্থিত নেই। সংসদীয় গণতন্ত্রের রীতি হিসাবে যখনি কাউন্সিল অব মিনিস্টারদের বিরুদ্ধে নো কন্‌ফিডেন্স মোশান নিয়ে আলোচনা হয় তখন সেই কাউন্সিলের মেম্বার বা মিনিস্টাররা তাদের উপস্থিত থাকতে হয়। কিন্তু আজকে তিনি এখানে উপস্থিত নাই। তাই আপনার দৃষ্টি আকর্ষণ করছি এই ব্যাপারে।

মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, এই মন্ত্রী সভার বিরুদ্ধে কেন এই অনাস্থা প্রস্তাব এবং এই অনাস্থা প্রস্তাব আলোচনা করতে গিয়ে এবং এই অনাস্থা প্রস্তাব উত্থাপন করতে গিয়ে অপোজিশান লীডার নৃপেন্দ্র চক্রবর্ত্তী এই প্রস্তাবের উপর প্রামাণ্য তথ্য দিয়ে যে প্রস্তাব উপস্থিত করেছেন তিনি এবং তার উপর রুলিং পার্টির সদস্যারা যে বক্তব্য রেখেছেন তাদের দিক থেকে এর তেমন কোন জবাব আমরা পাই নি। এতে প্রমাণ হয় তাদের নিজস্ব সদস্যরাও এই মন্ত্রীসভার উপর আস্থা রাখেন না। (গোলমাল)। এতে প্রমাণ হচ্ছে এই কংগ্রেস সরকার কিভাবে পরিকল্পনা করে বিশেষ করে ত্রিপুরা রাজ্যে উপজাতীয় জনসাধারণকে এই ত্রিপুরা থেকে তাড়িয়ে দেওয়ার জন্য বা এখান থেকে উচ্ছেদ করার জন্য যে ষড়যন্ত্রগুলি তারা করে আসছে এই সম্পর্কে হল আমার বক্তব্য। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, দেশ বিভাগের পর যখন পূর্ব পাকিস্থান থেকে ত্রিপুরা রাজ্যে উদ্বাস্তু আসতে আরম্ভ করল, তখন ত্রিপুরা রাজ্যের উপজাতীয় জনসাধারণ এখানকার আদি অধিবাসী যারা, তারা আস্তে আস্তে সংখ্যালঘুতে পরিণত হতে থাকেন। তাই তখন ত্রিপুরার উপজাতিদের তরফ থেকে দাবী উঠেছিল যে ত্রিপুরা রাজ্যের উপ-জাতিদের রক্ষা কবজের ব্যবস্থা করা দরকার। আমরা দেখেছি এই কংগ্রেস রাজত্বের কথা বাদ দিলেও তখনকার যে সামন্ত রাজা, সেই রাজাও ত্রিপুরা রাজ্যের উপজাতিদের রক্ষা করবার জন্য একটা ব্যবস্থা করে গিয়েছিলেন। তিনি সেই ব্যবস্থাটা করে গিয়েছিলেন ১৯৩১ সালে, তিনি একটা আদেশ বলে ত্রিপুরা রাজ্যের উপজাতিদের জন্য ২,০৬০ বর্গ মাইলের একটা রিজার্ভ এলাকা ঘোষনা করে যান, তার সেই আদেশ নং হল ৩২৫, এই ৩২৫ নং আদেশ বলে ত্রিপুরা রাজ্যের উপজাতিদের জন্য একটা রিজার্ভ এলাকা ঘোষণা করা হয়। আমরা তার সেই ঘোষণার মধ্যে কি দেখলাম, আমরা দেখলাম তার সেই ঘোষণার মধ্যে ত্রিপুরা রাজ্যের ৫টি উপজাতির নাম উল্লেখ করা আছে, সেগুলি হল ঃ— (চ) নোয়াতিয়া, (২)পুরান ত্রিপুরী, (৩)জমাতিয়া, (৪) রিয়াং এবং (৫) হালাম, এই ৫টি উপজাতির নাম তার ঘোষণার মধ্যে উল্লেখ আছে। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, এই মন্ত্রী সভা সেই রিজার্ভ যখন বাতিল করতে যান তখন তারা যুক্তি হিসাবে উপস্থিত করলেন যে যেহেতু ৫টি উপজাতির নাম মহারাজার রিজার্ভ ঘোষণার মধ্যে উল্লেখ করা আছে, সেহেতু ত্রিপুরা রাজ্যের আরও যে ১৯টি উপজাতি আছে, তারা ঐ রিজার্ভ ঘোষণার সুযোগ সুবিধার থেকে বঞ্চিত হচ্ছে অর্থাৎ তারা রিজার্ভ এলাকার সুযোগ সুবিধা ভোগ করতে পারছেন না। কাজেই তাদের সমাজতন্ত্রকে যাতে ঐ ১৯টি উপজাতিও সমান সুযোগ সুবিধা ভোগ করতে পারে, তারাজন্য সরকার কি করলেন, না তারা মহারাজার আমলে যে রিজার্ভ এলাকা ঘোষণা করা হয়েছিল, সেটাকে উঠিয়ে দিলেন এবং উঠিয়ে দেওয়ার যুক্তি হিসাবে বল্লেন যে আমরা ১৯টি উপজাতির সুযোগ সুবিধার ব্যবস্থা করেছি। কাজেই কেবল মাত্র ৫টি উপজাতির জন্য এই সব সুযোগ সুবিধা রেখে উপজাতিদের মধ্যে কোন রকমের বিরোধ বা মনোমালিন্য সৃষ্টি করতে চাই না, কারণ তাদের গণতন্ত্রে সবার সমান অধিকার আছে। এই রকম ব্যাখ্যা করতে

গিয়ে রুলিং পার্টির মাননীয় সদস্য সুনীল বাবু তিনি একজন প্রবীন, পক্ক কেশ, তার বুদ্ধি শুদ্ধি অনেক বেশী আছে বটে কিন্তু উনি তার বক্তব্যের এমন নির্জ্জলা মিথ্যা কথার উল্লেখ করেছেন যা কোন প্রবীন সদস্য পক্ক কেশ ব্যক্তির পক্ষে এই ধরণের অপব্যাখ্যা কোন মতেই সম্ভব হতে পারে না। জানি না, ত্রিপুরা রাজ্যের উপজাতি সম্প্রদায়ের সম্পর্কে বা তাদের দৈনন্দিন জীবন সম্পর্কে তার কোন জ্ঞান আছে কিনা? তবে আমি এই কথা বলতে চাই যে ত্রিপুরা রাজ্যে যে ১৯টি উপজাতি সম্প্রদায়ের কথা তিনি এখানে উল্লেখ করেছেন, সেটা ঐ ৫টি উপজাতির মধ্যেই কভার করে। যেখানে ৫টি উপজাতির শেষে হালাম কথাটা আছে, তার ব্যাখ্যা মাননীয় মন্ত্রী থেকে আরম্ভ করে প্রবীন সদস্যের অন্তর্ভুক্ত এই ধরণের অপব্যাখ্যা যারা করে তাদেরকে আমি জিজ্ঞাসা করতে চাই যে এই হালাম শব্দটির মধ্যে ১২টি জাতি আছে কিনা। আমি জানি যে এই হালাম শব্দটা যেখানে প্রয়োগ করা হবে সেখানে ১২টি উপজাতিকে বুঝায় আর এই ১২টি জাতির সঙ্গে আমি যদি আরও ৫টি জাতিকে যোগ করি তাহলে তার সংখ্যা দাড়াবে ১৭। কিন্তু এই ১৭ তেও ঐ ১৯টি জাতিকে কভার করছে না। এখন আমি যদি বলি গারো, মগ, চাক্মা এই ৩টি সম্প্রদায়কে যদি যোগ করা হয় তাহলে পর তার সংখ্যা দাড়ায় ২০ তে। মাননীয় সদস্যরা, যারা এই অপব্যাখ্যা করছেন, তাদেরকে আমি জিজ্ঞাসা করতে চাই এই হালাম শব্দ টার মধ্যে ১২টি উপজাতির কথা উল্লেখ করা আছে কিনা। আপনারা যারা জানেন, তারা মহারাজার সময়ের কথা একবার চিন্তা করুন, তখন এই হালাম সম্প্রদায় বলতে ১২টি উপজাতিকে বুঝাতো এবং ত্রিপুরা রাজ্যের মধ্যে কোন সময়ে কোন কালে এই হালাম শব্দটা উচ্চারিত হয় নি। কিন্তু এই কংগ্রেসের আমলে ত্রিপুরা রাজ্যের উপজাতিদের দলন করবার জন্য তারা এখন এই কথাটা প্রচার করবার চেষ্টা করছেন। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, এর থেকে এত বড় অপপ্রচার আর কি হতে পারে। তাই তো এই মন্ত্রী এই সমস্ত পথগুলি গ্রহণ করে আজকে এভাবে উপজাতি জনসাধারণের জন্য কি করছেন? না তারা উপজাতিদের জন্য যে রিজার্ভ আছে, সেটাকে ভাঙ্গার জন্য এই সব সমস্ত যুক্তিগুলি দেখাচ্ছেন এবং তা দেখাতে গিয়ে মহারাজার রিজার্ভ বলতে কি বুঝাতে চাইছেন? বুঝাতে চাইছেন যে ত্রিপুরাতে ১ লক্ষ ৫৫ হাজার মানুষ রিজার্ভ এলাকার মধ্যে বসবাস করেন, আর বাকীরা রিজার্ভ এলাকায় বাইরে বসবাস করেন। তাদের আর একটা যুক্তি মহারাজার রিজার্ভের মধ্যে, সেটা হচ্ছে মহারাজার যে রিজার্ভ তাছাড়া বন রিজার্ভও একটা আছে এবং তার আয়তন হচ্ছে ত্রিপুরা রাজ্যের আয়তনের ৭৮ ভাগ এবং এই ৭৮ ভাগ যদি রিজার্ভ রাখা যায়, তাহলে সেটা মাত্র উপজাতিদের আগেই পড়বে, অন্যান্যদের ভাগে পড়বে না। এর থেকে বুঝা যাচ্ছে যে এই সরকার ত্রিপুরা রাজ্যের উপজাতি এবং অ-উপজাতির মধ্যে একটা বিরোধ সৃষ্টি করবার জন্য এই অপব্যাখ্যাগুলির সৃষ্টি করছেন। তারাই আবার বলছে যে মহারাজা যখন রিজার্ভ করে যান, তখন তিনি কোন সীমানা সুনির্দিষ্ট করে দিয়ে যান নি যে এই এলাকাটা হবে মহারাজার রিজার্ভ আর ঐ এলাকাটা হবে মহারাজার রিজার্ভের বাইরে। কিন্তু আমরা তো পরবর্ত্তী সময়ে বলেছি যে ত্রিপুরা রাজ্যের উপজাতি জনসাধারণকে যদি তোমাকে রক্ষা করতে হয় তাহলে পর নির্দিষ্ট রেকর্ড ইত্যাদি দেখে সীমানার পুনর্নির্ধারণ অথবা মহারাজার রিজার্ভকে পুনর্গঠন করতে হবে। এই যদি না করা হয়, তাহলে ত্রিপুরা রাজ্যের উপজাতি জনসাধারণের জমির যে প্রয়োজন তাদের বাচার যে তাগিদ, সেই তাগিদকে কোন দিন পুরণ করা যাবে না। কিন্তু সরকার তার কাজ কর্মে তাদের প্রতি চরম বিশ্বাসঘাতকতা করে আসছে এবং সেই বিশ্বাসঘাতকতার ফল হিসাবে রাজ্যপালের অর্ডিনান্স এবং পরবর্ত্তী সময়ে সেই অর্ডিনান্সকে আইনে পরিণত করার ফলে যে অবস্থার সৃষ্টি হয়েছে তার বিরোধীতা করতে গিয়ে বিরোধী দল নেতা তার প্রস্তাব উত্থাপন করতে গিয়ে বলেছেন যে এই কংগ্রেসী সরকার ত্রিপুরা রাজ্যের উপজাতিদের মৃত্যু দণ্ড দিতে চাইছেন। কিন্তু আমি বলব শুধু মৃত্যু দণ্ডই নয়, তাদের মৃত্যু হওয়ার পর তাদের আরও শাস্তি দেওয়ার অথবা তাদের উপর আরও অত্যাচার করার যে ষড়যন্ত্র সেটাও তারা করে চলছেন। তারা ১৯৬০ সালে যখন ভূমি সংস্কার আইন পাশ করলেন, এবং সেই ভূমি সংস্কার আইন পাশ করতে গিয়ে

তৎকালীন চীফ কমিশনার এর উপদেষ্টা পরিষদের সদস্য এবং পরবর্তী সময়ে টি, টি, সির চেয়ারম্যান প্রাক্তন মুখ্যমন্ত্রী শচীন্দ্রলাল সিংহ মহাশয় বলেছিলেন যে ১৯৬০ সাল এর ভূমি সংস্কার আইনের মধ্যে ত্রিপুরার উপজাতিদের রক্ষা কবজের কোন ব্যবস্থা থাকবে না বা তাদেরকে রক্ষা করবার কোন দরকার নাই। কাজেই এর থেকে বুঝা যাচ্ছে যে সেই সময় থেকে তারা এই বিরোধীতা করতে আরম্ভ করেছিলেন। কিন্তু তাদের সেই বিরোধীতা সত্বেও যখন তৎকালীন স্বরাষ্ট্র মন্ত্রী গবিন্দ বল্লভ পন্থ সেটাকে রক্ষা করার প্রয়োজন ব্যক্ত করলেন, তখন ১৯৬০ সালের ভূমি সংস্কার আইনের ১৮৭ ধারা ঐ উপজাতিদের ক্ষেত্রে প্রযোজ্য করা হয়। আর এক দিয়ে তারা চেয়েছিল এই উপজাতি রিজার্ভকে বাতিল করে দিতে এবং তা করে উপজাতিদের নিজের রাজ্য থেকে উৎখাত করে তাদেরকে তিলে তিলে ধ্বংস করে দিতে চেয়েছিল। তারা কারণ তারা কংগ্রেসের সমাজতন্ত্রকে মানে নি, মানে নি এই কারণে যে কংগ্রেস রাজত্বের মধ্যে যে জাতি দূর্বল, যে জাতির ভাষা নেই, যে জাতির কোন সংস্কৃতি নেই অথবা যে জাতি অর্থনৈতিক দিয়ে দুর্বল সেই জাতিকে ধ্বংস করবার তাদের যে হীন ষড়যন্ত্র সেগুলি ভারতবর্ষের অন্যান্য প্রদেশের উপজাতিদের প্রতিও করা হয়েছিল যেমন উপজাতি নারী পাচারের ঘটনা, হরিজন পাড়াগুলিকে জ্বালিয়ে দেওয়ার ঘটনাগুলিকে যদি আমরা একত্র করে দেখি তাহলে পর আমরা দেখতে পাব যে ত্রিপুরা রাজ্যের মধ্যেও তারা এর থেকে বিচ্ছিন্ন নয় বরং পরিকল্পিতভাবে এখানকার উপজাতি জনসাধারণকে কি ভাবে তাদের নিজেদের রাজ্য থেকে, তাদের নিজেদের মাতৃভুমি পিতৃভুমির থেকে তাড়িয়ে দেওয়া যায় তার উপকৌশলগুলি তারা করে যাচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, এই উপজাতি জনসাধারণের বিরুদ্ধে এত সব কিছু করা সত্বেও আজকে এই দূর্নীতিবাজ কংগ্রেসী সদস্য থেকে আরম্ভ করে মন্ত্রীরা যারা কাঠগড়ায় দাঁড়িয়ে আছে তাদের কাছে এই উপ-জাতিরা কোন সময়ে মাথা নত করেন নি। তাছাড়া গত ২।৩ মাসের ত্রিপুরা রাজ্যের মধ্যে যে সমস্ত ঘটনাগুলি ঘটেছে, সেগুলির দিকে যদি আমরা তাকাই তাহলে পর দেখব যে উপজাতিদের মনের মধ্যে তাদের নিজেদের স্বাধীকার আদায় করার প্রশ্নে অথবা তাদের বাঁচার প্রশ্নে আজকে তারা কত বিক্ষুদ্ধ এবং তাদের বিক্ষোভের আগুন ত্রিপুরা রাজ্যের চার দিকে হু হু করে জ্বলছে এবং তাদের সেই বিক্ষোভের আগুন এই মন্ত্রী সভার মধ্যেও লেলিহান শিখার মত বিস্তারিত করে আছে এবং তাদের বিক্ষোভের আগুনের লেলিহান শিখার এই মন্ত্রী সভা একদিন পুড়ে ছারখার হয়ে যাবে, এই সম্পর্কে তারাও নিশ্চিত। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে আমরা যদি সেই ভাবার প্রশ্নে যাই-- সংবিধানের ২৯(১) ধারায় সেখানে বলা হয়েছে ভারতবর্ষের কোন জাতি বা গোষ্ঠি সে যে কোন অংশেই থাকুক না কেন তার মাতৃভাষা তার নিজস্ব সংস্কৃতি রক্ষা করে চলার অধিকার তার থাকবে। এই যদি সংবিধানের মূল কথা হয়ে থাকে তাহলে ত্রিপুরা রাজ্যের উপজাতিদের ক্ষেত্রে সেই সংবিধানের সেই কথাগুলি প্রয়োগ করা হয়েছে কি না গত ২৭ বছরের মধ্যে আমরা দেখেছি যে ২৭ বছরের মধ্যে তারা কোন কিছুই করেনি কোন দায়িত্বই কংগ্রেস সরকার পালন করেন নাই। তার নিজস্ব ভাষা সম্পর্কে এই অবহেলা ও এত বড় অন্যায় এত বড় অবিচার এই সরকার করতে পারে সেই সরকারের প্রতি কোন আস্থা থাকতে পারে কি না? মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আজকে সেটি আমাদের দেখতে হবে আজ এই সরকার সেটিও করছে না। শুধু এই কথাই নয় ভারত সরকার কর্তৃক ভাষা কমিশনের একটা রিপোর্ট আছে। সেই রিপোর্টের ১৩২ পাতায় বলা আছে এই ত্রিপুরা সরকার এখানকার সংখ্যালঘু উপজাতি সম্পর্কে তারা কি চিন্তা করেন তাদের ভাষা সম্পর্কে কি চিন্তা করেন। সেখানে বলা আছে "the Tripura Government have not implemented the constitutional as well as other safeguard agreed upon at the national level for the linguistic minorities" এই কথা সেখানে তারা মন্তব্য করেছেন। কিন্তু এই সরকার তারা বলেন যে আমরা উপজাতি ভাষার কি ভাবে উন্নতি করা যায় সেটার জন্য আমরা চেষ্টা করছি। গতকাল না পরশু যখন আমাদের কক্‌বরকের উপর প্রশ্ন উঠল---এখন কি করে তারা? না

সেটাকে এক্সপেরিমেন্টাল হিসাবে তারা দুটি স্কুলে কক্‌বরক ভাষা শিক্ষা দেওয়ার চেষ্টা করছে। এবং এই ক্ষেত্রে উপজাতি এলাকার স্কুলগুলির চেহারা যদি আমরা দেখি তাহলে কি দেখব। আমি দূরের কথা আমি বলব না। শুধু মাত্র একটা স্কুলের ঘটনাই এই হাউসের কাছে উপস্থিত করতে চাই। আগরতলা সহর থেকে ১৬ মাইল দূরে বড় মুড়ার পাদদেশে নাম তার 'ত্রিপুরা লোকশিক্ষালয়'। এই গভর্ণমেন্টের খাতায় লিখা আছে যে সেটা একটা স্পেশিয়েল স্কুল এবং সেই ত্রিপুরা লোক শিক্ষালয় শুধু মাত্র উপ-জাতিদের জন্যই। সেই স্কুলে ছাত্র সংখ্যা ৭৫ জন। তারা বোর্ডিংয়ে থেকে লেখা পড়া করেন। কিন্তু বছরে কয়টা ক্লাস হয় কি রকম পড়াশুনা হয় সেই খবর কেউ জানে না। কারণ সেই খবর পাহাড়ের নীচে আসার কোন সুবিধা নেই। সেখানে ৭৫টি ছেলের থাকার জায়গার ব্যবস্থা বোর্ডিং হিসাবে তারা করে দিয়েছেন। তার একটা চিত্র আমি তুলে ধরতে চাই। আমি জানি না কোন মন্ত্রী কোন কংগ্রেসী সদস্য এই খবর রাখেন কি না। তাই এই নো কনফিডেন্সের পক্ষে দাড়িয়ে যারা বোর্ডিংয়ের কথা বলে ত্রিপুরা রাজ্যের উপজাতি সম্পর্কে আমি তাদের চেলেঞ্জ দেই আজকে যদি কোন কংগ্রেসী সদস্যের সাহস থাকে তাহলে চলুন আমার সঙ্গে সেই স্কুলের দশা আপনারা দেখবেন। এই সাহস যদি কংগ্রেসী সদস্যদের মধ্যে থাকে। সেখানে ৭৫টি ছেলের জন্য সিট আছে মাত্র ৩৫টি, ধুতিগুলি ২ হাত। সেখানে ছেলেদের থাকতে হয় ২ জন করে এবং স্কুল ঘর নেই সব ভাঙ্গা এবং সেটি হচ্ছে বড়মুড়া পাহাড়ের সঙ্গে যে কোন মুহূর্ত্তে বন্য জন্তু প্রবেশ করে সেই ছেলেদের উপর আক্রমন করতে পারে। সেখানে খাওয়ার জলের কোন ব্যবস্থা নেই ডাক্তারের কোন ব্যবস্থা নেই। কয়েক বছর আগে শুনেছিলাম সেই স্কুলের ছাত্রদের চিকিৎসার জন্য ডাক্তারকে মাসিক ৫০ টাকা নাকি ভাতা দেওয়া হয় পরে সেটা বন্ধ করার পর সেখানে কোন ডাক্তার নেই। কিছুদিন আগে যখন ছাত্রদের মধ্যে ব্যাপক ভাবে খোস পাঁচড়া দেখা দিল। ছাত্ররা যখন আমার কাছে আসল---আমি মিনিস্টারকে ফোন করায় আবার একদিন ডাক্তার গেলেন গিয়ে তিনি কিছু মলমের ব্যবস্থা করে আসলেন তারপর তাকে আমি জিজ্ঞাসা করলাম আপনি দ্বিতীয় বার জাননি কেন? তিনি বললেন পয়সা পাই না কি করে যাব বলুন সেখানে যাওয়াতো আমার কোন ডিউটি নয় আমার ডিউটি হচ্ছে হাসপাতালে। হাসপাতালের বাইরে যে আমার ডিউটি নয়। আর সেখানে এখন কেরসিন দুষ্প্রাপ্য---এখন সেখানে লেখা পড়া হচ্ছে না। তারা দেখাতে চাইছে মানুষকে ঐ লোক শিক্ষালয়ের ছাত্রদের---ঐ ছাত্রদের কেরসিনের আলোতে আমরা তাদের পড়াব না ইলেক্‌ট্রিকের বাতিতে তাদের পড়াব। সব লাইট ফেন ইত্যাদি ফিট করে রেখে দিয়েছে। কিন্তু আজকে দুই বছর-এর মধ্যেও তারা কারেন্ট পায় নি এই হচ্ছে ঘটনা। তাদের ক্লাসের কোন ঘর নেই খেলা ধুলার কোন মাঠ নেই চিকিৎসার কোন ব্যবস্থা নেই জলের কোন ব্যবস্থা নেই সেখানে একটা পাম্পিং মেসিন আছে সেটা প্রায়ই অচল হয়ে থাকে। জলের কোন ব্যবস্থা নেই। এই হচ্ছে আজকে উপজাতিদের জন্য শিক্ষার কি রকম ব্যবস্থা। এই হচ্ছে কংগ্রেসী সরকার। সেজন্য আমরা বলতে চাই এই অবস্থায় উপজাতিদের রেখে দিয়েছে সেখানে কোন উপজাতি কোন গনতান্ত্রিক চেতনা যার আছে কোন চিন্তাশীল ব্যক্তি এই কংগ্রেস সরকারকে কোন দিনও কনফিডেন্স দেখাতে পারে না। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আর একটা কথা বলতে চাই।

মিঃ ডেঃ স্পীকার ঃ---মাননীয় সদস্য আপনারা সময় শেষ হয়ে গেছে।

শ্রীঅভিরাম দেববর্মা ঃ---দুই মিনিটের মধ্যে শেষ করছি। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, ত্রিপুরা রাজ্যে নয়, ভারতবর্ষের এমন কোন নজির নেই যে সেখানকার অরিজিনেল মানুষ কোন দিন বহিরাগতের দ্বারা সংখ্যালঘু হয়ে যাওয়া এমন কোন ঘটনা ভারতবর্ষের কোথাও নেই। কিন্তু ত্রিপুরা রাজ্যে সেই ঘটনাও ঘটেছে। এমন ঘটনা ঘটেছে এখানকার উপজাতি সংখ্যালঘু হয়েছে। মাননীয় তড়িৎ দাসগুপ্ত মহাশয় গতকাল বলেছিলেন এটা মানবিক কারণে হতে পারে। আমি জিজ্ঞাসা করতে চাই তিনিতো একজন প্রবীন কংগ্রেসী এবং এই সঙ্গে এটাও জিজ্ঞাস করতে চাই ১৯৫১-৫২ সালে তিনি ত্রিপুরা লোক

শিক্ষালয়ে মাষ্টারী করে এসেছেন। তিনি তখন এই সব অবস্থা সম্পর্কে তিনি ছাত্রদের কাছে কি কি বলতেন সেটাও একটু স্মরণ করে দেখতে বলি। যেখানে তিনি মানবিকতার প্রশ্ন তুলেছেন তখন আমি উনাকে এই প্রশ্ন করব যে পশ্চিম বঙ্গে বিধান রায়---যিনি মুখ্যমন্ত্রী ছিলেন। দেশ ভাগের পর যখন পশ্চিম বঙ্গে জলের স্রোতের মত উদ্বাস্তু প্রবেশ করতে আরম্ভ করল তখন বিধান রায় বলেছিলেন পশ্চিম বঙ্গে কোন উদ্বাস্তু আর আমি জায়গা দিতে পারব না। ওদের জন্য ব্যবস্থা করতে হবে আন্দামানে ওদের জন্য ব্যবস্থা করতে হবে মানায়। এই ভাবে তিনি অস্বীকার করেছিলেন। ত্রিপুরা রাজ্যে? ত্রিপুরা রাজ্যের সেই অবস্থাতেই---ত্রিপুরা রাজ্যে লোকসংখ্যার তুলনায় এখানে তিনগুণ বহিরাগতের আগমন ঘটেছে। আজকে উপজাতিরা সংখ্যালঘুতে পরিণত হয়েছে। এই মানবিকতার প্রশ্ন যদি উঠতে পারে তাহলে এখানে কেন উঠতে পারে না? এখানকার উপজাতিরা মানুষ নয় এদের কোন বাঁচার তাগিদ নেই এদের কোন সাংবিধানিক অধিকার নেই ওদের বাঁচার অধিকার এই কংগ্রেস সরকার দেবে না কেন? আমি জিজ্ঞাসা করতে চাই এই মন্ত্রী সভাকে এখানেই কাঠগড়ায় তুলে দাড় করিয়ে জিজ্ঞাসা করতে চাই ওদের সেই প্রশ্ন সম্পর্কে উদের সেই অধিকার সম্পর্কে ওদের বাঁচার ব্যবস্থা সম্পর্কে এই সরকার কেন আজকে এই উদাসীন থাকে? কেন নিরব আজকে এত কেন বিশ্বাসঘাতকতা ওদের বিরুদ্ধে?

মিঃ ডেঃ স্পীকার---অনারেবল মেম্বার...

শ্রীঅভিরাম দেববর্মা ঃ---আমি শেষ করে দিচ্ছি মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, কাজেই সেই কথাটাই আজকে আমাদের কাছে বড় প্রশ্ন। তাই আমার ওদের কাছে অনুরোধ নয়, ওদের হুশিয়ারী দিতে চাই, এই উপজাতি সমস্যার সম্পর্কে যদি এই কংগ্রেস সরকার নূতনকরে চিন্তা না করেন, এখনও দেরী করেন, তাহলে উপজাতি গণতান্ত্রিক জনতার বিক্ষোভের অনলে এই কংগ্রেস সরকারকে দগ্ধ করছে। তাই এখন যা করছে আমরা ধরে নেব এটা শেষ রজনীর অভিনয়। এই বলে আমি নো কনফিডেন্সকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

মিঃ ডেঃ স্পীকার ঃ---শ্রীহংসধ্বজ দেওয়ান।

শ্রীহংসধ্বজ দেওয়ান ঃ---মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় বিরোধী দলের নেতা বিরোধী দলের পক্ষ থেকে যে প্রস্তাব---অনাস্থা প্রস্তাব এনেছেন আমি তার বিরোধীতা করছি। বিরোধীতা করছি এই জন্য যে উনি অনাস্থা প্রস্তাবের প্রথমেই বলেছেন যে ত্রিপুরা রাজ্যে আদিবাসীদের---উপজাতিদের শেষ করে দেওয়ার জন্য কংগ্রেস সরকার সুপরিকল্পিত ভাবে কাজ করে যাচ্ছেন। এই কথাটা ঠিক নয়। কারণ উনি জানেন ত্রিপুরা রাজ্যে কংগ্রেস সরকার উপজাতিদের সুষ্ঠ ভাবে পুনর্বাসন দেওয়ার জন্য প্রথমে ৫০০ টাকা আর বিনা নজরে জমি দিয়েছেন। উপজাতিদের শিক্ষার জন্য জায়গায় জায়গায় বহু স্কুল প্রতিষ্ঠা করেছেন। উপজাতি ছেলে মেয়েদের উচ্চ শিক্ষা দেওয়ার জন্য বিভিন্ন মহকুমায়, আগরতলা শহরে উপজাতি ছাত্রদের জন্য বোডিং করে দিয়েছেন। উপজাতিদের স্বাস্থ্য রক্ষার জন্য উপজাতিদের ভাল চিকিৎসার জন্য সরকার থেকে তাদের আথিক সাহায্য দেওয়া হয়। এটা উনি জানেন। কিন্তু এটা জানা সত্ত্বেও আজকে এটা আনলেন---এটা আনতে হবে বিরোধী দল হিসাবে এটা আনতে হবে সেজন্যই এই সব কথার অবতারণা করেছেন। উনি জানেন সরকারের দেওয়া সেই ৫০০ টাকায় একটা হালের গরু এবং জমি আবাদ করা সম্ভব নয় তার জন্য আজকে কংগ্রেস সরকার আমাদের ত্রিপুরা সরকার ১৯১০ টাকা দিয়ে আদিবাসীদেরকে জমিতে পুর্ণবাসন দিচ্ছেন। আমরা জানি ত্রিপুরা রাজ্যের বিভিন্ন এলাকাতে আমরা ঘুরে, আমি নিজেও আদিাবসী কাজেই আমি আদিবাসী সম্বন্ধে জানি ত্রিপুরা সরকার আদিবাসীদের জন্য কি করছেন আমি সেইটা ভাল রকমভাবেই জানি। উনি আদিবাসীদের কথা বলতে গিয়ে সেই ডম্বুর বাধের কথা, আদিবাসীদের উচ্ছেদের কথা উনি বলেছেন। আদিবাসীরাই শুধু উচ্ছেদ হচ্ছে না সেখানে যারা অ-আদিবাসী বাঙ্গালী যারা আছেন এবং অন্যান্যরা যারা

আছেন তারাও সেখান থেকে উচ্ছেদ হচ্ছেন শুধু আদিবাসী নয়। সেইটা হচ্ছে ত্রিপুরা রাজ্যের বৃহত্তর স্বার্থের জন্য, ত্রিপুরার ১৬ লক্ষ মানুষের স্বার্থের জন্য। আজকে সেখানে আদিবাসী হোক অ-আদিবাসী হোক সেখানে সকলেই উচ্ছেদ হচ্ছে। এইটা সত্যি কথা। কিন্তু যেমন তারা উচ্ছেদ হচ্ছে তার সাথে সাথে সরকার তাদেরকে পুনর্বসতির সুবন্দোবস্ত করে দিচ্ছেন। যেমন কুমড়াছড়া, জলায়া, করবুক, সেই জগবন্ধুবাড়ী, সবজায়গাতেই আদিবাসীদেরকে সুষ্ঠু পুনর্বাসনের ব্যবস্থা করছেন। আপনারা জানেন কি না জানি না। আমি গেছি, আমরা গেছি, আমাদের ট্রাইবেল মিনিস্টার সেখানে গেছেন আমরা তাদের সুখ দুঃখে জড়িত, আমরা জানি তারা সুখে আছেন না দুঃখে আছেন। কিন্তু আপনারা কি করেন, আপনারা জানেন এই যে ডুম্বুর বাঁধ ত্রিপুরার ১৬ লক্ষ মানুষের উন্নতির জন্য সর্বাঙ্গীন উন্নতির জন্য সেখানে যে ডম্বুর বাঁধ হবে তাতে জল উঠবে, তারা জলে ডুবে যাবে সেখানে আপনারা কি বলছেন? সেখানে আপনারা বলছেন যে এই ডম্বুর বাঁধ কিছুতেই হবে না, সেইটা গোমতী নদী, দেবতার নদী, সেখানে কোন সরকার বাধ দিতে পারবে না, তোমরা উঠ না, আমরা তোমাদের পেছনে আছি, আমরা সরকারের বিরুদ্ধে আন্দোলন করবো। তাহলে ত্রিপুরার জনসাধারণ কি বুঝতে পারে? সেখানে ত্রিপুরার জনসাধারণ এই বুঝতে পারে, আপনার শুধু গলাবাজি করেন দেশের জনতার স্বার্থের কথা ভাবেন না, দেশের উন্নতি আপানারা চান না। আজকে যদি আপনারা দেশের উন্নতি চাইতেন তাহলে সেই ডম্বুর বাঁধের বিরোধিতা আপনারা করতেন না। আজকে ত্রিপুরার বৃহত্তর স্বার্থের জন্য ত্রিপুরার ১৬ লক্ষ মানুষের স্বার্থের জন্য ডম্বুর বাঁধ হতে চলছে। সেখানে ট্রাইবেল উচ্ছেদ হয়ে থাকে, নন-ট্রাইবেল উচ্ছেদ হয়ে থাকে, যদিও সেইটা দুঃখের ব্যাপার আজকে তারা উচ্ছেদ হয়ে একখান থেকে অন্যখানে যেতে বাধ্য হচ্ছে কিন্তু যদিও সেইটা দুঃখের ব্যাপার অন্যদিকে যদি আমরা ত্রিপুরার সর্বাঙ্গীন উন্নতির কথা চিন্তা করি তাহলে সেই দুঃখে আমাদের থাকে না। যেমন আমি উদাহরণ স্বরূপ বলতে পারি, বাংলাদেশে যখন অপারেশন হয় সেখানে কি লোক মরে নাই? তারা দুঃখ করেছিল বলেই আজকে স্বাধীন হতে পেরেছে। আমাদেরও হচ্ছে সেই রকম। আজকে যদিও সেই ডম্বুর বাঁধের জন্য কিছু সংখ্যক আদিবাসী উচ্ছেদ হচ্ছেন কিন্তু ত্রিপুরার বৃহত্তর স্বার্থের জন্য এইটা আমাদেরকে করতে হবে। এবং তার সাথে সাথে সরকার সেখানে তাদের সুষ্ঠু পুনর্বাসনের ব্যবস্থা করছেন। আমি নিজেও গেছি সেখানে। হয়তো আজকে ত্রিপুরাতে যেহেতু ভাল লুঙ্গা জমি নাই তার জন্য তাদেরকে টীলাতে পুনর্বাসনের ব্যবস্থা হচ্ছে। যদিও সেখানে ধান ফসল ভাল হবে কি হবে না জানি না। তবু আমাদের ধারনা সার দিলে, জলসেচ করলে ভাল হতে পারে। তাছাড়া সেখানে নারিকেলের চাড়া, আনারসের চাড়া, লেবুর চাড়া, কাঁঠালের চাড়া, এইগুলি ভাল হবে। সেখানে যারা আছেন, আমরা জানি সেখানে ৫১০।১১টি পরিবার সেখানে গেছেন সেই ৫১১টি পরিবারকে প্রত্যেক পরিবারের পেছনে ৫০ টাকা করে সরকার দেয়। কাজ করলেও দেয় না করলেও দেয়। সরকার সেখানে কাজের ব্যবস্থা করেছে, সেখানে তারা ডেইলি ৪ টাকা করে কাজ করছে। সরকার এই দায়িত্ব নিয়েছেন আমরা জানি যারা আছেন তাদেরকে সরকার ৫ বছর পর্যন্ত খাইয়ে পরিয়ে শিক্ষার ব্যবস্থা করে, স্বাস্থের ব্যবস্থা করে, পানীয় জলের ব্যবস্থা করে সরকার সেখানে তাদেরকে সুবন্দোবস্ত করে দিয়েছেন এবং আরও দেবেন সেইটা আমরা জানি। তার জন্য আজকে আদিবাসী ধ্বংস হয়ে যাচ্ছে যেটা বলা হয় সেইটা সত্যি নয়, সেইটা আমরা স্বীকার করতে পারি না। আজকে চাকুরীর ক্ষেত্রে ট্রাইবেলের কোটা অনুযায়ী চাকুরী হচ্ছে সেইটা অস্বীকার করার কথা নয়। আজকে আমরা যদি সরকারের হিসাব পত্র দেখি তাহলে আমরা ইণ্ডিয়া সরকারের যে নির্দেশ সেই যে ৩০ পার্সেন্ট চাকুরী দেওয়া দরকার, আমাদের যে হিসাব সেই হিসাব মত আমরা চাকুরী দিচ্ছি। সেইটা সরকারী হিসেবপত্র দেখলেই বুঝা যাবে। কাজেই আজকে যদি বলি ত্রিপুরার ট্রাইবেলদেরকে এবং উপজাতীদেরকে শেষ করে দেওয়ার চেষ্টা করা হচ্ছে সেইটা সত্যি নয়। এইটা ঠিক উপজাতি ভাই-বোনরা গরীব আছেন জায়গাজমি ঠিকভাবে আবাদ করতে পারেন না তার কারণ সৃষ্টির আদিম কাল থেকে তারা জুমিয়া চাষে অভ্যস্ত সেইজন্য তারা একটু অসুবিধায় পরেছেন,।

এবং তাদের অর্থনৈতিক কাঠামো ভেঙ্গে পরেছে তারজন্য ত্রিপুরা সরকার তাদেরকে কিভাবে সাহায্য করলে তাদের অর্থনৈতিক কাঠামো সুদৃঢ় হয় তার জন্য বিশেষ চিন্তা করছেন। তাই আজকে এই যে অন্যান্য মন্ত্রীদের ব্যাপারে ব্যক্তিগত ব্যাপারে এবং এই যে কংগ্রেসের নীতির সম্বন্ধে যে সমস্ত আলোচনা তারা করেছেন এর কোন ভিত্তি নাই। এবং বিশেষ ভাবে আদিবাসীদের ব্যাপারে যে সমস্ত কথা উনারা বিশেষ করে বিরোধী দলের নেতা শ্রীনৃপেন্দ্র বাবু বলেছেন সেইগুলির কোন ভিত্তি নাই। তাই আজকের যে অনাস্থা প্রস্তাব সেই অনাস্থা প্রস্তাবের বিরোধীতা করে আমি আমার বক্তব্য এখানে শেষ করছি।

মিঃ ডিপুটি স্পীকার ঃ---আই ওড কল নাউ অনারেব্যল মিনিস্টার শ্রীহরিচরণ চৌধুরী।

শ্রীহরিচরণ চৌধুরী ঃ---মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আজকে যে বিরোধী দলের নেতা নৃপেন্দ্রবাবু যে অনাস্থা প্রস্তাব এনেছেন তাকে বিরোধিতা করে আমি আমার বক্তব্য রাখছি। তিনি বলেছেন যে ৬ লক্ষ ট্রাইবেলের জীবন একেবারে বিধ্বংস করে দেওয়ার জন্য এবং তাদেরকে এই দেশ থেকে উচ্ছেদ করার জন্য আমাদের এই সরকার চেস্টা করছেন। কিন্তু উনি একজন বিরোধী দলের নেতা হয়ে এই ধরণের যে একটা সভায় বলেছেন যেখানে আমরা দেখছি সাড়ে চার লক্ষ ট্রাইবেল এইখানে আছে। এখানে উনি বলেছেন ৬ লক্ষ প্রায় কিন্তু এই যে তাদের তথ্য এইটা অসত্য তথ্য যা এই সভার মধ্যে পরিবেশন করেছেন। এই সমস্ত অভিযোগ এইগুলি শুধু উদ্দেশ্য প্রণোদিত, রাজনৈতিক উদ্দেশ্য মুলক এইগুলি আর কিছু নয়। হাউসকে বিভ্রান্ত করার জন্যই এই গুলি করা হয়েছে। আমাদের মহারাজার আমলে রিজার্ভের মধ্যে ছিল 8টি উপজাতির সেখানে অধিকার ছিল। এখন ত্রিপুরার মধ্যে দেখা যায় ১৯টি যুক্ত ট্রাইবেল এখানে আছে। যেমন মগ, গারুল, আরো বিভিন্ন মুণ্ডা জাতি ইত্যাদি জাতি তারা এই রিজার্ভ থেকে কোন রকমের বহিষ্কার পায় নি। সেই জন্য আমরা সরকার মনে করছি যে ট্রাইবেলদের মধ্যে সবাই সমান অধিকার পাক। সেই জন্য আমরা তাদের গুরুত্ব দেওয়ার জন্য আমরা যে তাদের সমান ভাবে অধিকার দেওয়ার জন্য চিন্তা করছি। সেখানে তাদের যে ব্যাক্তিগত রিজার্ভএ তাদের যে ভূমি হস্তান্তর করে না যে ভাবে তারা যাতে প্রগাড় ভাবে দরকারের সময় ভূমি হস্তান্তর করতে পারেন সেটা আমরা চিন্তা করছি। কিন্তু তারা চিন্তা করে যে আদিবাসীদের কোন সময়েই উন্নতি করা হয় না। আদিবাসীদের উন্নতি করার জন্য বিরোধী দলের যে ভূমিকা, তারা কোন সময়েই আদিবাসীদের কল্যাণের কথা চিন্তা করেন নাই। যদি আদিবাসী কোন ছেলে মেয়ে লেখা পড়া করতে চায় তখন তাদের বলে যে তোরা চলে আয় আমরা পার্টি করব, অমুক করব, তমুক করব; তাদের নানা রকম এর কুযুক্তি দিয়ে বোর্ডিং থেকে বাহির করে নিয়ে নিজের রাজনৈতিক পার্টির ভিতরে ঢুকিয়ে নিয়ে যায়। তার ফলে কি হয়। তার ফলে তাদের লেখা পড়া কিছুই হয় না। দেওলিয়া হয়ে এদিক সেদিক ঘুরে বেড়ায়। এই ভাবেই তাদের বলে। তাহলে তাদের এই যে সাম্প্রদায়িক একটা মনোভাব ট্রাইবেলদের ভাঙ্গানী ছাড়া আর কিছুই নয়। তাদের এই সব চিন্তা উদ্দেশ্য প্রণোদিত। কাজেই তারা এমন যে আগেও যেতে পারে না, পিছে ও যেতে পারে না। এটা কোন একটা যুক্তিতে পড়ে না যে তারা এমনি করলে তাদের উন্নতি হবে। কিন্তু তারা বলতে পারেন এই হচ্ছে না শুধু এই কথাই তাদের। এই খানে মাননীয় অভিরাম দেববর্মা বলেছেন যে ১২ হালা। কথা। উপজাতিদের আছে ৫ টা তাদের মধ্যেও আমাদের ত্রিপুরার মধ্যেও ১২ হালাম আছে ১২ দফা। এই ১২ দফাও দায়ী। কারণ এই খানে দেখা যায় যেমন রিয়াং আছে, নোয়াতিয়া---নোয়াতিয়ার মধ্যে আরো অনেক জাতি আছে, রিয়াং এর মধ্যেও আরো অনেক জাতি আছে এবং ত্রিপুরীর মধ্যে ও অনেকটা জাতি আছে। এই ভাবেই আমাদের ১২ টা হালাম আছে। তারা এই রিজার্ভের মালিক। এবং এই রিজার্ভেই তারা পাবে। কিন্তু অন্যান্য জাতি পাবে না। এই ভাবেই আমরা চিন্তা করছি। যাতে ত্রিপুরার ট্রাইবেলরা সমান অধিকার পায়। তারা আরো

বলেছেন যে জুমিয়াদের ব্যাপারে। জুমিয়াদের ব্যাপারে। আমাদের দেশের আদিবাসী তারা আদিম যুগ থেকে বাস করছে। আমি নিজেও একজন আদিবাসী হিসাবে এখানে বাস করছি। সেখানে পুণর্বসতির প্রয়োজন হয় নাই। সরকার চেষ্টা করছেন যেহেতু তারা পিছে পড়ার মানুষ। তাদের উন্নতির জন্য তাদের পুণর্বসতি দিতে হবে। সেই জন্য তাদের পুর্ণবসতি দেওয়ার জন্য আদিম পুণর্বসতি দেওয়ার জন্য সরকার পরিকল্পনা করছেন। এই জন্য প্রথমে আমরা ৫০০ টাকা করে দিয়েছি এবং ৫ কাণি লুঙ্গা ভূমি আর ৭ কানি টিলা জমি করে ইতিমধ্যে আমরা অন্ততঃ ৩০,০০০ পরিবারকে আমরা জুমিয়া পর্ণবাসন দিয়েছি। কিন্তু তারা বলেন যে আমরা কিছুই করি নাই।

(জনৈক বিরোধী সদস্যের মন্তব্য---কিছুই করা হয় নি)

শ্রীহরিচরণ চৌধুরী ঃ---আরে শুনেন, শুনেন। আপনারা যে কেন এটা মানতে রাজী হন না। তাদের কি করে সর্বনাশ করা যায় এই চিন্তাই আপনারা সব সময় করছেন। আর যখন আমরা জুমিয়াদের পুনর্বাসন দিতে চাই তখন তাদের নেতারা, বিরোধী দলের নেতারা খইলতা নিয়ে, হ্যাঁ, হ্যাঁ, লাল খইলতা নিয়ে সেখানে যান। তারপর তারা সেখানে গিয়ে চাঁদা আদায় করেন। যখন তাদের টাকা দেওয়া হয় তখন তারা কি করেন? তখন তারা সেখানে দল বেঁধে গিয়ে চাঁদা আদায় করেন। বাধ্যতামূলক চাঁদা আদায় করতে। এমন কি প্রত্যেকটি পরিবার থেকে তারা ৫০ থেকে ১০০ টাকা পর্য্যন্ত চাঁদা নেয়। যদি কেহ না দিতে চায় তাহলে বলা হয় যে, আজকের রাত্রির মধ্যেই হত্যা করব। এই ভাবে কেহ বাস করতে পারে না। এই ভাবেই তারা প্রত্যেক জুমিয়ার বাড়ী গিয়ে অত্যাচার করে। আদিবাসীদের অকল্যাণ সাধন করছে। সেই কথা তারা ভূলে যায়।

তারপর তারা বলে যে ডম্বুর প্রকল্প দিক থেকে যে আমরা যে সেখানে ১৬ হাজার আদিবাসীদের বাচার জন্য আমরা যে পরিকল্পনা গ্রহণ করেছি সেই পরিকল্পনার মধ্যে উচ্ছেদ করিবার জন্য আমরা চেষ্টা করছি। এটা অন্যায় করা হয়েছে। এই কথা তারা বলে। এবং সি, আর পি, দিয়ে নাকি আমরা তাদের উচ্ছেদ করছি। সি,আর পি, কে তারা ভয় পায়। কারণ সি, আর, পি, পুলিশ আমরা রেখেছি শান্তি রক্ষার জন্য। আইন রক্ষার জন্য সি, আর, পি, এবং পুলিশ আমাদের দরকার হয়। কিন্তু তারা সি, আর, পি,র ভয়ে ভীত হয়ে পড়ে। কারণ তারা শান্তি ভঙ্গ করতে পারেন না, চাঁদা আদায় করতে পারেন না। সেই জন্য সি, আর, পি, কে আজকে তারা যথেষ্ট ভয় পান। এই যে ডম্বুর থেকে উচ্ছেদ করার জন্য তাদের যে সমস্ত টাকা দিতে আমরা আরম্ভ করেছিলাম অমনি মাননীয় পাখী ত্রিপুরা সেখানে থেকে জোর করে তাদের থেকে চাদা আদায় করার চেষ্টা করেন। এমন কি উদয়পুর টাউনেও তারা যখন টাকা নিয়ে যায়, তখন তার থেকে তাদেরকে দক্ষিণা স্বরূপ চাঁদা দিতে হবে।

(নাম বলুন, নাম বলুন)

নাম বলে আর কি হবে। অনেকেই ত সেখানে যান। হাজার হাজার যান। এইগুলি তারা করছে, এই সব কুকীর্তি তারা করছেন।

তারপরে দেখা যায় শিক্ষার ক্ষেত্রেও তারা আজ এক অরাজকতার সৃষ্টি করে চলেছেন। তারা বলেন যে আমাদের এই জায়গার মাষ্টারী করতে পারবে না। কারণ এখানে মাষ্টারী করতে হলে আমাদের চাঁদা দিতে হবে---নতুবা পড়াতে পারবে না। তুমি যদি ক্লাস কর তাহলে তোমার অসুবিধা হবে। বিভিন্ন ট্রাইবেল এলাকায় যে সমস্ত স্কুল আছে সেগুলির অবস্থা অত্যন্ত কাহিল সেটা আমি অস্বীকার করব না। তারপর আমরা ট্রাইবেল এলাকায় সমস্ত স্কুলের ব্যবস্থা করেছি, সেইসব স্কুলে মাষ্টাররা যদি রীতিমত ক্লাশ করতে আরম্ভ করেন, তাহলে তারা তাদের অন্যরকম ব্যবস্থা করেন। তারা বলেন আমাদের সাথে আস, রাস্তায় রাস্তায় শ্লোগান দাও, আমাদের সাথী হও। এই সমস্ত কারণে অনেক ক্ষেত্রে দেখা যায় ট্রাইবেল এলাকায় স্কুলগুলি যে আছে, তাদের

জন্য সেগুলি ঠিকমত ক্লাশ করতে পারেনা। তাদের ভয়ে ভীত হয়ে তাদের সঙ্গে যোগাযোগ করে। তাঁদের একটা সমণ্বয় কমিটি আছে, সেই সমণ্বয় কমিটির মাধ্যমে প্রতি মাসে ব্যাগ নিয়ে চাঁদা আদায় করতে আরম্ভ করে। সরকার যেসমস্ত মানুষ বাঁচানোর পরিকল্পনা করেন, সেইগুলি বানচাল করে দেওয়ার জন্য তাদের সবসময় চিন্তা। তারা এই সমস্ত ব্যাপারে সবসময়ই সরকারী পরিকল্পনায় হস্তক্ষেপ করেন। তারা চান যে কোন কারণেই যাতে সেগুলি কার্যকরী হতে না পারে। তাহলে দেখুন চিন্তা করে তাদের চিন্তা ধারাটা কি? ত্রিপুরার সঙ্গে অন্যান্য দেশের কথা চিন্তা করে দেখুন তাহলে দেখবেন যে আমরা ত্রিপুরাতে স্বর্গ রাজ্যে বাস করছি। কারণ অন্যান্য জায়গায় যে খাদ্যের অভাব আছে, সেই তুলনায় অনেক কম। আমরা এখনও চাউলের কে, জি, দুই টাকা থেকে পৌনে দুই টাকায় পাচ্ছি। এই অবস্থায় মন্ত্রীসভার বিরুদ্ধে কোন অনাস্থা প্রস্তাব আসতে পারে না, এই প্রস্তাব ভিত্তিহীন বলেই আমি মনে করি। তারা ডুম্বুর থেকে উচ্ছেদ পরিবারের কথা বলেছেন। এখানে পাঁচটা ইউনিট করে সেখানে সেই সমস্ত উচ্ছেদ পরিবারকে বসানো হয়েছে, তারা নাকি না খেয়ে মরছে একথা তারা বলেছেন। কিন্তু সেটা ঠিক নয়। আমরা তাদের জন্য পানীয় জলের ব্যবস্থা করেছি, রেশান শপের ব্যবস্থা করেছি, ঔষধের ব্যবস্থা করেছি, ডিসপেন্সোরী করেছি, পাঁচটি ইউনিট---যেমন মালপাশা, রাঙাপানীয়া, জগবন্ধুপাড়া ইত্যাদি জায়গায় আমরা সমস্ত রকম ব্যবস্থা করেছি। প্রত্যেক পারবারকে সাড়ে পাঁচশ' করে টাকা দিয়েছি হালের বলদ কেনার জন্য। কিন্তু তারা যেয়ে বলেন তোমরা চাঁদা দাও তা না হলে এই কলোনীতে থাকতে পারবে না। আমি শুনেছি যে এইবার পাঁচ জোড়া গরু তারা বিক্রী করেছে, কারণ তাদের দলের লোক গিয়ে বলেছেন যে তোমাদের চাঁদা দিতে হবে। এই ধরণের যদি কার্যকলাপ হয়, এবং এই পার্টির যদি মন্ত্রীসভার বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব রাখে, সেটার কোন যুক্তি থাকতে পারেনা। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, এই যে তাদের কথাবার্তা তার মধ্যে বলা হয়েছে যে আমাদের মনছুর আলি সাহেবের স্ত্রীর নামে একটা গাড়ী ছিল, সেই গাড়ীতে নাকি আফিং এবং টাকা পাচার হয়েছে। এই তথ্য তারা এই হাউসে পরিবেশন করেছেন। এটা ভিত্তিহীন, এটা একটা তথ্যই হতে পারেনা। কারণ তার একটা গাড়ী আছে, টি, আর, টি। এই গাড়ীতে অনেক সময় লোকজন আসা যাওয়া করে, কেউ চোর উঠে, আবার ভাল লোকও উঠে। এমন কোন প্রমাণ নেই যে উনার স্ত্রী বা উনি আফিং পাচার করেছেন। কাজেই এই সমস্ত যুক্তি ভিত্তিহীন বলে আমি মনে করি। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, তাদের যে কার্যকলাপ সেটা সরকারের যে ট্রাইবেলদের জন্য উন্নয়নমূলক কাজ করেন, সেই সমস্তকে বাঁধা দেওয়ার জন্য পাহাড়ি এবং বাঙালীদের মধ্যে একটা সংঘর্ষ বাঁধানোর জন্যই তাদের চেষ্টা। এই বলে নৃপেন বাবু যে অনাস্থা প্রস্তাব এনেছে মন্ত্রীসভার বিরুদ্ধে তার বিরোধীতা করে আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ।

মিঃ ডিপুটি স্পীকারঃ---আই উড কল অন শ্রী অজয় বিশ্বাস।

শ্রীঅজয় বিশ্বাসঃ----মাননীয় ডিপুটি স্পীকার, মহাশয়, এইসভায় মাননীয় বিরোধি দলের সদস্য যে অনাস্থা প্রস্তাব এনেছেন, মন্ত্রী সভার বিরুদ্ধে আমি তাকে সমর্থন করছি। আমরা এই সভাতে দেখছি যে বিভিন্ন ব্যাপারে---খাদ্য থেকে আরম্ভ করে দুর্নীতির বিভিন্ন তথ্য এখানে পরিবেশিত হয়েছে এবং এখন সেটা প্রমান হয়ে গেছে যে সবগুলিই সত্য। কারণ তাদের তরফ থেকে যারা বক্তব্য রেখেছেন, তারা তার ধারে কাছেও যাচ্ছেননা। সমস্ত মিথ্যা এবং অন্যদিকে গিয়ে সমস্ত জিনিষটাকে পাশ কাটিয়ে যাওয়ার চেষ্টা করছেন, আমি ঐদিকে যাচ্ছিনা। এই মন্ত্রী সভা আড়াই বছর ক্ষমতায় আসার পর, সমাজের যে একটা অংশ শ্রমিক শ্রেণী, সেই শ্রমিক শ্রেণীর বিরুদ্ধে তারা কি করেছেন আমি সেটা কেবল্ল তুলে ধরতে চাইছি। যেমণ উপজাতিদের বিরুদ্ধে যেকথা বলেছেন যে উপজাতিদের বিরুদ্ধে সেখানে মৃত্যু দণ্ড ঘোষণা করেছেন। আর আড়াই বছর এই মন্ত্রী সভা আসার পর ত্রিপুরার শ্রমিক শ্রেণী যে অবস্থায় যেটুকু

আছে সেইভাবেই আছে, তাদের জন্য একটা ভাল কিছু কাজ করেছেন যদি ওরা বলতে চান, তাহলে আমরা বলব যে তারা এই আড়াই বছরে একটা ভাল কাজও শ্রমিকদের জন্য করেন নি। কি হয়েছে? ছুটি তারা পাচ্ছিল, সেইদিক থেকে তারা বঞ্চিত হচ্ছে এবং রাজনৈতিক সার্থ উদ্ধার করার জন্য তারা একটার পর একটা শ্রমিক সংগঠন এর উপর আক্রমণ কেন্দ্রীভূত করছেন। আমরা দেখছি যে আজকে আড়াই বছর চলছে, একটা আইনও কি তারা পাশ করেছেন, যে আইন দিয়ে শ্রমিকদের মঙ্গল করা যায়? কেন আছেতো। লেবার ইন কন্‌কারেন্সে সেখানে আছে যে সেন্ট্রাল পেইড যে কেউ আইন করতে পারেন। তার মধ্যে থেকে আজ আড়াই বছর হল, একটা আইনও করা হয়নি। তারপর একটার পর একটায় আসুন। মিস্টান্ন—এই মন্ত্রী সভা আসার পর গরীব মিস্টান্ন শ্রমিক---তার মা হয়তো তার ছেলেকে খেতে দিতে পারেনা, তার ছেলেকে মিষ্টির দোকানে কাজ করতে পাঠিয়েছে, চিন্তা করেছে যে সে এক পেট ভর্তি খেতে পাবে এবং দুই চার টাকা পাবে তার পরিবর্তে, তাতে মায়ের একটা লাঘব হবে ছেলেটাকে খেতে দিতে হবে না। উপরন্তু দুই চার টাকা হাতে পাবে। সেই গরীব মিষ্টির দোকানের কর্মচারী দের বিরুদ্ধে তারা কি কোন আইন করেছেন এই আড়াই বছরে? তারা ছয় সাতটি এ্যাগ্রীমেন্ট করেছিল। ছুটি তারা আদায় করেছিল, তারা ১৫ দিনের বোনাস আদায় করেছিল। এই শ্রমিকরা মার খেয়েছে, মালিকদের বিরুদ্ধে লড়াই করেছে এবং বিভিন্ন সুযোগ সুবিধা তারা আদায় করেছে এই ২৫ বছর ধরে। কিন্তু এই মন্ত্রী সভা আসার আগে তারা ছুটি, বোনাস, বেতন তারা বাড়িয়েছিল। আর এই মন্ত্রী সভা আসার পর, তাদের যে ১৫ পারসেন্ট বোনাস তার থেকে ৩০।৩৫ পারসেন্ট বোনাস তারা চেয়েছিল, তারা আন্দোলন করেছিল, ধর্মঘট করেছিল, আপনারা আসার আগেও ধর্মঘট হয়েছে, এ্যাগ্রীমেন্ট হয়েছে, কিন্তু এই ধরনের ঘটনা আমরা দেখতে পাইনি। আমরা দেখছি এই ধর্মঘট চলাকালীন, রাতারাতি সুখময় বাবুর পেটুয়া লোক, যিনি শিক্ষকতা করেন, তাকে দিয়ে মালিকদের সঙ্গে বসে একটা ইউনিয়ন করা হল, কারণ ঐ শ্রমিকদের বহিস্কৃত করতে হবে। একটার পর একটা ডিসপিউট চলছে, লেবার মিনিস্টার আছেন, একটা শ্রমিক সংস্থা রয়েছে তাকে বাদ দিয়ে, তাকে গোপন রেখে, রাতারাতি একটা ইউনিয়ন---পকেট ইউনিয়ন বানিয়ে, যার কোন বেসীস নেই, তাকে দিয়ে কোন ইউনিয়ন করানো যায় কিনা আমরা কোন জায়গায় দেখিনি, এতটুকু লজ্জা নেই, সেই ধর্মঘট ভাঙতে, শ্রমিকদের গ্রেপ্তার করা হয়েছে, তাদের উপর অত্যাচার করা হয়েছে, একটা পাল্টা সংস্থা করা হয়েছে। আর কি চান? আসুন আমার সঙ্গে দেখবেন যে আজকে মিষ্টির দোকানের শ্রমিক যারা, তারা আজ ছুটি পায় না। অতীতে যে তারা ছুটি আদায় করেছিল, সেই ছুটি আজকে কেউ পাচ্ছে না। বোনাস আদায় করেছিল, সেই বোনাস একটাও দেওয়া হয়নি। আজকে তাদের চাকুরীর কোন নিরাপত্তা নেই। কালকে তাদের চাকুরী চলে যেতে পারে। আপনারা যে ইউনিয়ান বানিয়েছেন, সেটা মালিকদের ইউনিয়ান, মালিকদের সঙ্গে বসে, তাদের যোগসাজসে আপনারা গোপনে, রাত্রির অন্ধকারে বসে ঐ গরীব শ্রমিকদের সর্বনাশ করেছেন। আসুন সিনেমা ওয়ার্কারস-দের ব্যাপারে। ওটাতো নৃপেনবাবু চালায় না, ওটাতো অজয় বিশ্বাস চালায়না, ওটাতো আপনাদের পার্টির লোক---কংগ্রেসের লোক চালায়। আপনারা কি বলতে পারবেন যে তারা রাজনীতি করছে। আমরা দেখছি গৌতম কেম্ট, রাধু গুপ্তকে এ্যাজেন্ট করে শ্রমিক আন্দোলনে লালুবাবুকে প্রতিষ্ঠিত করার জন্য সুখময় বাবু কি চেষ্টাই না করে-ছিলেন। সিনেমা ওয়ার্কাসরা যাতে তার পেছনে ভিড় করে সেই চেষ্টা তিনি করেছিলেন। কিন্তু সিনেমা ওয়ার্কসরা বলেছেন যে শ্রমিকরা যখন ধর্মঘট করছে, তখন আমরা থাকতে পারিনা। তারপর সেই ধর্মঘট ৬১ দিন চলেছে, আমাদের টাকা---সরকারী টাকা নষ্ট হয়েছে। ঐ মালিকদের সঙ্গে গোপন আঁতাত করেছেন। আমরা যখন ৬ই ফেব্রুয়ারী কমিটির মিছিল করি, মালিক আমাদের ডেকে নিয়ে তার সমস্ত তথ্য দিয়েছেন এবং বলেছেন যে সুখময়বাবু যদি একটু বলে দেন, তাহলে আজকেই আমরা দাবী মেনে নেই। আমরা দেখেছি ঐ মাখন সাহা---যার রূপসী সিনেমা আছে ঐ রূপসী সিনেমা করতে গিয়ে সুখময়বাবু যে কয়েক হাজার টাকা পেয়েছেন সেই তথ্য আমরা

আগেই দিয়েছি,। সেই মাখন সাহা এখন সুখময় বাবুর উপদেষ্টাদের মধ্যে এক নম্বর উপদেষ্টা। বাচাতে হবে মালিককে। শ্রমিককে মেরে হলেও, শ্রমিককে বঞ্চনা করে হলেও। তাদের শিরদাড়ার উপর দাড়িয়ে, তাদের পেটে লাথি মেরে হলেও ঐ মিনিস্টার মালিকদের তোষণ করতে হবে, ঐ রাধুগুপ্তরে স্বার্থ দেখতে হবে। আসুন মোটর শ্রমিকদের ক্ষেত্রে। আমরা দেখেছি আপনারা আসার পর কি মোটর শ্রমিকদের ধর্মঘট হয় নি? আপনারা আসার আগেও কি ধর্মঘট হয় নি? আক্রমণ হয়েছে, ধর্মঘট হয়েছে, সবকিছু হয়েছে। আমার সঙ্গে আসুন যে মোটর শ্রমিকরা ২৫ বছর ধরে বুকের রক্ত জল করে সমিতিটা করেছিল সুখময়বাবুর কতগুলো গুণ্ডা দিয়ে সেই রাধুগুপ্তের গুণ্ডা দিয়ে সেই সমিতির অফিসটা তারা দখল করে নিয়েছে। তারা বিক্ষুব্ধ হয়েছে। তারা সমস্ত দেওয়ালে লিখে রেখেছে ঐ গুণ্ডাদের হাত থেকে ঐ সমিতিকে উদ্ধার করতে হবে। ওরা তো নৃপেনবাবুর সমিতি চালায় না। তাদের বিরুদ্ধে আক্রমণ হয়েছে, তারা যখন ধর্মঘট করল, সেই ধর্মঘটে রাতের অন্ধকারে সুখময় বাবুর দুটো রূপ---একটা হচ্ছে আমি দেখছি, আমি চেষ্টা করছি, মালিকেরা শুনছে না। মালিকেরা শুনবে কি? রাত্রে যখন গোপন পরিকল্পনা করতে বসে, মালিকেরা যখন থাকে, যখন দেনা পাওনার হিসাব নিকাশ হয় সেখানে ঐ মালিকেরা শুনতে পারে না। মিষ্টান্ন দোকানের মালিকেরা শোনে না, সিনেমার মালিকেরা শোনে না, মোটর শ্রমিকদের মালিকেরা শোনেনা চীফ মিনিস্টারের কথা, বেকারীর মালিকেরা শোনে না চীফ মিনিস্টারের কথা। কি ক্ষমতা আছে মিষ্টান্ন মালিকদের, কি ক্ষমতা আছে বেকারী মালিকীদের যে একটা চীফ মিনিস্টারের কথা, আইনের উপর নির্ভর করে কথা শোনে না, একটা পেটি বেকারী মালিকদের যে একটা চীফ মিনিস্টারের কথা শোনে না? এইজন্য তো রেজিগনেশান দেওয়া উচিত। না, মালিক এবং এই মিনিস্ট্রি একজোট হয়েছে আমরা দেখছি। কেবল তাই নয়, মোটর শ্রমিকদের সম্পত্তি দখল করা নয়, রাধু গুপ্তকে প্রতিষ্ঠিত করা নয়, তাদের বিরুদ্ধে মিসা প্রয়োগ করা হয়েছে, অত্যাচার করা হয়েছে, গুণ্ডা লাগিয়ে দেওয়া হয়েছে। আসুন বেকারীর ক্ষেত্রে। বেকারী আমরা দেখেছি যে দেড় থেকে দুই শত বেকারী শ্রমিক এখানে কাজ করত, আজকে বেকারী শ্রমিক কি চান? আমি দেখেছি ফুড এ্যাণ্ড সিভিল সাপ্লাই ডিপার্টমেন্টে আমি গিয়েছি, না তারা সেখানে ময়দা পাচ্ছে না, নোটিশ দেওয়া হল ছয় মাস আগে কারখানা শ্রমিকদের যে তোমাদের চাকরী নেই, আমরা ময়দা পাচ্ছি না, ময়দার ব্যবস্থা করতে পারছি না। আর মালিকেরা? ময়দা এসেছে দুই মাস আড়াই মাস আগে। সেই ময়দা এখানে থেকে যাবে শিলচর, শিলচরে ভাঙ্গানো হবে। আজকে ২৫ বছর আপনারা রাজত্ব করছেন, একটা গম ভাঙ্গানো কল এখনও করতে পারেন নি। কারণ গম ভাঙ্গানোর কল যদি আপনারা করেন তাহলে শিলচরের মালিকদের সঙ্গে আতাত আছে সেই আতাত ভেঙ্গে যাবে। এই গম আসছে পাঞ্জাব থেকে আগরতলায়, সেই গম আবার যাবে শিলচরে। এই খরচটা কে দেবে? না, এই মালিকদের সঙ্গে আতাত রাখতে হবে তো এবং আমি দেখেছি যে আজকে ৬ মাস বেকারী শ্রমিকেরা কাজ পাচ্ছে না। দুই মাস হল গম এসেছে, আটা এসেছে, তবুও এই মিনিস্ট্রিকে তোয়াক্কা করে না। ঐ গম না নিয়ে তারা কারখানা করবে না। আসুন চা। চায়ের ক্ষেত্রে আমরা দেখেছি মালিকদের সঙ্গে আতাত। এই তো চায়ের দাম প্রচুর বেড়ে গেছে। দুই টাকা পাউণ্ডের চায়ের দাম বেড়ে গেছে। মালিকেরা প্রচুর প্রফিট করছে। কিন্তু আপনারা আসার পর বলতে পারেন যে ঐ শ্রমিকদের অবস্থা কি হয়েছে? আসামে শ্রমিকেরা দুই টাকা সত্তর করে হাজিরা পায়। এখানে দুই টাকা পনের। ঐ চা শ্রমিকদের যেটুকু প্ল্যান্টেশান অ্যাক্ট আছে সেই লীফ পুপ দেওয়ার ব্যবস্থাটুকু পর্যন্ত আপনারা করেন না। এইখানে আমরা দেখেছি আসামে ছাটাই হয়ে যায় যখন তখন তাদের কিছু না কিছু স্বার্থ দেখা হয়। এখানে আপনারা বলেন, হ্যাঁ, ছাটাই হলে তোমাদের নেব কিন্তু নীরোদ দাসের ইউনিয়নে তোমাদের যোগ দিতে হবে। আপনাদের চা শ্রমিক ইউনিয়নকে দুটো ভাগ করেছেন। আপনারা তো ভাগ করতেই এসেছেন। আগে একটাই কংগ্রেসে ইউনিয়ান ছিল, আজকে নীরোদ দাস একটা চালান আর একটা চালান আপনাদের আর এক দল। নীরোদ দাস মানে সুখময় বাবুর দলে

ভিড়লে তার চাকরী হবে। ছাটাই, অত্যাচারে চা শ্রমিকেরা উৎখাত হচ্ছে। তারা ৫০ বছর ধরে জমি দখল করে আছে, হয়ত তার পিতা চাষ করে গেছে এই জমি ৫০ বছর আগে। সেই দখল থেকে তাকে উচ্ছেদ করা হয়েছে। সেখানে আমি একটা নাম বলছি বুচাই তাতী। সেইরকম শ'য়ে শ'য়ে আছে। তাদের উচ্ছেদ করে দেওয়া হচ্ছে, তাদের কোন প্রটেকশান দিচ্ছেন না। সরকার তো মালিকের সরকার। আমরা দেখেছি যে মিনিমাম ওয়েজ যে অ্যাক্ট আছে সেখানে শপ, বেকারী, সিনেমা এইগুলি মালিকদের সঙ্গে যোগাসাজসে বাদ দেওয়া হয়েছে। আসুন রিক্সা। একটা বলতে পারেন কোন সমিতির জন্য কি করেছেন? রিক্সা শ্রমিক ইউনিয়নের রেজিস্ট্রার, লেবার দপ্তরের রেজিস্ট্রার শ্রমিক ইউনিয়ন হিসাবে সেখানে মালিকের সঙ্গে নিয়ম আছে যে দুই টাকার বেশী তারা নিতে পারবে না শ্রমিকদের কাছ থেকে। তারা আন্দোলন করেছে। যান তো, চার টাকার কমে রিক্সা ভাড়া পাওয়া যায় কিনা। যখন রিক্সা শ্রমিকরা লেবার দপ্তরে যায় তারা বলে রিক্সা শ্রমিক লেবার নয়। রিক্সা শ্রমিক লেবার নয়, কোন্ আইনে আছে? মালিকদের টাকায় আপনারা চলেন। আমরা দেখেছি তীর্থময়ী অ্যালুমিনিয়াম ফ্যাক্টরী সম্পর্কে এই অ্যাসেম্বলীতেও বলা হয়েছে যে এর লেবার সংখ্যা হবে ৫০ এর উপর। কিন্তু যখন তীর্থময়ী অ্যালুমিনিয়াম ফ্যাক্টরী লে অফ করা হল শ্রমিকরা বলল যে লে অফের পয়সা দাও। তখন আপনাদের লেবার দপ্তর বল্ল যে ৫০ না হলে লে অফের পয়সা দেওয়া যাবে না। এর সংখ্যা ৫০ নয়, সুতরাং লে অফের পয়সা দেওয়া হবে না। অ্যাসেম্বলীতে বলছে ৫০ এর উপর। আর যখন লেবার দপ্তরে যাচ্ছে তখন বলছে লে অফ দেওয়া হবে না। কি আঁতাত আছে তীর্থময়ীর মালিকদের সঙ্গে? আসুন বোনাসের ব্যাপারে। এ্যাক্টে আছে যে কোন মালিক যদি বোনাস ছয় মাস আটকে রাখে তাহলে স্টেট গভর্ণমেন্টের পারমিশান নিতে হয়। একটা কেস দেখাতে পারেন? একটা কেস দেখান তো। শত শত শ্রমিকের বোনাস আটকে রাখা হয়েছে কারণ তারা জানে যে আমাদের লোক বসে আছে। কার কাছে তারা পারমিশান নেবে? আমরা দেখেছি অন্যান্য যে সমস্ত ব্যাপারে আছে, আমি অনেক ব্যাপারে বল্লাম, আরও প্রচুর আছে। যেটুকু শ্রমিক স্বার্থ ছিল আড়াই বছরে তার সর্বনাশ করে ছেড়েছে। তাদের একেবারে চরম সীমায় আপনারা পৌছে দিয়েছেন। অন্যান্য করাপশান সম্পর্কে অন্য বক্তারা বলেছেন; আমি খুব বিস্তৃত সেদিকে যাব না। আমি কয়েকটা দৃষ্টান্ত দিতে চাই। মুখ্যমন্ত্রীর বাড়ী সারাবার ব্যাপারে আমাদের বিরোধী দলের নেতা একটু বলে গেছেন। আমরা দেখেছি যে চুরিটা গোপনে হচ্ছে এখানে, অনেক ক্ষেত্রে হয়েছে। কিন্তু চুরি যে আইন সঙ্গত উপায়ে হয়, ডকুমেন্ট করে চুরি করা যায় মাননীয় মুখ্যমন্ত্রী তার নতুন একটা নজীর সৃষ্টি করলেন। আমি এখানে পড়ে শোনাচ্ছি। Secretary to the Govt. of Tripura P.W.D. No. F.18(12)-PWD/74 dated the 27th April, 1974. সেখানে বলা হয়েছে provding security fencing around the residence of Chief Minister at Banamalipur including provision of front barindha in the existing building. সেখানে ১২ হাজার টাকা স্যাঙ্কশান করা হয়েছে এপ্রিল মাসে এবং করার পর কি করা হল, বাউণ্ডারীও কি সিকিউরিটির জন্য লাগে? বাউণ্ডারীতে কি চীফ মিনিস্টারে গড়াগড়ি দিবেন সিকিউরিটি রক্ষা করার জন্য, না বাউনণ্ডারী থেকে আস্ত আস্তে টাকাটা ভিতরের দিকে চলে গিয়েছে, সেখানে ১২ হাজার টাকা ত নয় তার জন্য ৫০ থেকে ৬০ হাজার টাকা খরচ করা হয়েছে, পুরো বাড়ীটা তিনি তৈরী করে নিয়েছেন গভর্ণমেন্টের টাকায়, এত বড় চুরি, আমরা যাকে লিগ্যাল থেফ্ট বলি, এই আইনতঃ চুরি করে চলছে। অর্থাৎ বেআইনী চুরি করে তারা এখন কুল পাচ্ছে না তাই সরকারী টাকা মারার জন্য তারা এখন আইনতঃ চুরি করে চলছে। কেন করবেন না? এই জন্য করবেন, আমরা জানি যে সরকারী প্রশাসন যন্ত্রটাকে পার্টি কংগ্রেসের স্বার্থে ব্যবহার করা হচ্ছে পুরাপুরি, এটা আর এখন গোপন নাই। তাই আমি এখানে আর একটা পড়ে শুনাচ্ছি ---Minutes of the meeting of Secretaries and the Heads of Departments hold in the Council Room on the 11th December, 1973 at 12-15

honrs. খুব সিক্রেট। সেখানে বলা হয়েছে, ১৪ই ডিসেম্বর বন্ধের ব্যাপারে সার্কুলার দেওয়া হচ্ছে...The Chief Secretary says that the information with Government indicates that the parties who have given call for Tripura Bandh on the 14th December, 1973 will starting picketing right from 5 O'clock in the morning but the Government is determined to see that the Bandh call is defeated. Congress also may have decided to see that the Bandn is defeated. সরকার সার্কুলারে কংগ্রেসও বন্ধকে পরাজিত করতে চায়, আর সে জন্যই আমাদিগকেও এই বন্ধকে ডিফিট দিতে হবে, গভর্ণমেন্টের সার্কুলারে এই কথা বলা হচ্ছে। তাহলে সরকার আর কংগ্রেসের মধ্যে কোন প্রার্থক্য নাই। এটা অত্যন্ত গোপন সার্কুলার, কংগ্রেসও চায় আমরাও চাই। কংগ্রেস এ্যাড্‌মিনিস্ট্রেশান নেকেট, আজকে এটা প্রমানিত হয়ে গেছে আর সেজন্য আমরা দেখছি যে এ্যাড্‌মিনিস্ট্রেশানকে তারা খুসীমত ব্যবহার করছে। আর ৯ তারিখের ধর্মঘট সম্পর্কে আমরা কি দেখছি? শ্রমিকদের কথা বলতে কেউ নৃপেনবাবুকে চান না, সেখানে কো-অর্ডিনেশান কমিটি নাকি পার্টি করছে, না ওরা পার্টি করে না, ঐখানেও একই নীতি, সেখানে দুই রকম নীতি হতে পারে না। তাই আমরা দেখছি ৯ তারিখের ধর্মঘটকে ব্যর্থ করবার জন্য বনমালীপুর আর ধলেশ্বরের সুখময় বাবুর গুণ্ডারা ঐ ৯ তারিখ এর আগের দিনের রাত্রিতে কর্মচারীদের বাড়ী বাড়ী গিয়ে গিয়ে বন্ধ করলে উপযুক্ত শাস্তির ব্যবস্থা নেওয়া হবে এবং শাস্তি দেওয়া হবে আর অত্যাচারের ভয় দেখিয়ে হুমকি দেওয়া হয়েছে। আমরা দেখছি ঐ বন্ধের দিনের আগের রাত্রিতে মিউনিসিপালিটি অফিসে, ঐ স্টেটেস্টিক্যাল অফিসে, ঐ ডি,এমের অফিস কি ব্যবস্থা রেখেছিলেন বন্ধকে ভাঙ্গার জন্য, মদ, টাকা, মেয়েছেলে কোনটা বাদ রাখেন নি। আমরা আরও দেখেছি যে ধর্মঘটের দিনে কংগ্রেসের ঝাণ্ডা উড়িয়ে সুখময় বাবুর গুণ্ডা বাহিনী চক্‌কর দিয়ে রাস্তায় রাস্তায় বেড়িয়েছে সেই বন্ধকে ভাঙ্গার জন্য। আমরা আরও দেখছি যে ধর্মঘট ভাঙ্গার পর সরকার কর্মচারীদের মধ্যে দুই হাতে টাকা বিলি করছে অনারারিয়াম হিসাবে যারা বন্ধ ভঙ্গকারী তাদের মধ্যে। এক কথায় সমস্ত কিছুকে কন্সোলিডেটেড করা হয়েছিল ঐ বন্ধের বিরুদ্ধে এবং মুখ্যমন্ত্রীর লিগেলী পদত্যাগ করা উচিত যে তার ২ জন ড্রাইভারই ধর্মঘট করেছিল। কতখানি ভেনডিকটিভ, সেই দুইজন ড্রাইবারকে আজ অবধি বসিয়ে রাখা হয়েছে অথচ অন্য লোককে ওভার টাইম দেওয়া হচ্ছে। টাকা সরকারের; এটা সুখময় বাবুর টাকা নয়, তিনি এভাবে সরকারী টাকা খরচ করতে পারেন না। দুইজন ড্রাইভারকে সেখানে বসিয়ে বসিয়ে টাকা দেওয়া হচ্ছে কিন্তু কোন কাজ তাদেরকে দেওয়া হচ্ছে না আর অভার টাইম দিয়ে অন্য কাজ করানো হচ্ছে।

শ্রীমুনসুর আলী ঃ---পয়েন্ট অব অর্ডার স্যার, আমি জানতে চাইছি, যে তিনি এখানে বাপের টাকা এই কথাটা বলতে পারেন কিনা?

মিঃ ডেপুটি স্পীকার ঃ---না, এটা আনপার্লামেন্টারী ওয়ার্ড, এটা এ্যাক্সপাঞ্জ করা হবে।

শ্রীঅজয় বিশ্বাস ঃ---এবারে আসুন করাপ্‌শানে, শ্রীকে, পি, দত্ত, তিনি সি, আই এর সংগে যুক্ত রয়েছেন, ত্রিপুরার জন্য ফিল্ম তোলা হবে, ত্রিপুরাতে একটা ফিলিম কমিটি আছে, সেই ফিল্‌ম কমিটিকে বাদ দেওয়া হল এবং কলকাতা থেকে বিভূতি রায়কে নিয়ে এখানে সিনেমা তোলানোর ব্যবস্থা করা হচ্ছে। কেন ত্রিপুরাতে ফিলম কমিটি নাই? ত্রিপুরাতে লোকজন নাই? না তাড়াতাড়ি ঐ বিভূতি রায়ের সঙ্গে ব্যবস্থা করা হচ্ছে। আমরা আরও দেখছি যে বিনা পাসপোর্ট টি আর, এ ১০৬০ গাড়ীতে করে গত মে মাসে তিনি এবং পেট্রিয়ট পত্রিকার রিপোর্টার বাংলাদেশ ঘুরে এলেন। তিনি একটা সরকারী দপ্তর চালাচ্ছেন, তিনিই সরকারী গাড়ী করে পেট্রিয়ট পত্রিকার রিপোর্টারকে নিয়ে বাংলাদেশ ঘুরে এলেন পাশপোর্ট পর্য্যন্ত নাই। এত গাম্বু তিনি কেন

হলেন, তার কারণ আছে, তিনি বরুন রায় আমেরিকার বিভিন্ন পত্রিকার করেসপণ্ডেন্ট তার বৌকে দিল্লীতে লিয়াসন অফিসারের চাকুরী দেওয়ার জন্য খুব তদ্বিয় শুরু করে দিলেন, তার জন্য ফাইল পর্যন্ত তৈরী হয়ে গেল, তাকে চাকুরী দিতে হবে, কিন্তু এ দিকে বেশী হৈ চৈ হয়ে যাওয়াতে তিনি এখন সেই ফাইলটাকে চাপা দিয়ে রেখেছেন। কিন্তু ঐ বরুন রায় কে? আমরা দেখেছি গত জুলাই মাসে এই বরুন রায়, সেই ডেভেল্পমেন্ট কন্সালটেন্ট যাকে জুট মিলের সমস্ত দায়িত্ব দেওয়া হয়েছে, সেই ডেভেলাপ-মেন্ট কন্সালটেন্ট সম্পর্কে আমেরিকান সেপনি পেপারে আর্টিক্যাল লিখছেন এবং তিনিও একজন সি, আইর লোক, সেই সি, আইর লোকের বৌকে চাকুরী দিতে হবে এবং সেজন্য ব্যবস্থাও করা হচ্ছে। তিনিও বাংলাদেশ ঘুরে এসেছেন, এই লোকটা সি, আইর সঙ্গে যুক্ত আছেন। তা সত্বেও তাকেই তো সুখময় বাবুর দরকার। সুতরাং আজকে এই ধরনের সমস্ত ঘটনা আমরা দেখতে পাচ্ছি। তারপরে আছে ক্যালেণ্ডার, ত্রিপুরাতে কেলেণ্ডার নাই, বাইর থেকে কেলেণ্ডার ছাপানো হচ্ছে হাজার হাজার টাকা দিয়ে। আর একটা ঘটনা আমরা জানি যে সেখানে প্রত্রিকার ব্যাপারে সেন্ট্রাল গভর্ণমেন্ট ত্রিপুরাকে কোটা দিয়েছে বই ছাপাবার জন্য পাবলিকেশান ব্যবস্থায়। যেহেতু পশ্চিম বঙ্গকে সেটা দিতে হবে তাই তার মেজরিটি কোটা সেখানে দেওয়া হয়েছে, এটা একটা পাবলিকেশানের ব্যাপার আর এখানকার যারা পাবলিশার্স তারা টাইম চায়, অর্থাৎ বই ছাপিয়ে তারপর সেখানে রিকমেণ্ডেশান করতে হয়, টাইম বাড়ানো হচ্ছে, কারণ পশ্চিম বঙ্গের কাউকে দিতে হবে। সুতরাং আমি এই কথাই বলতে চাই যে শ্রমিক, এমন কি সমস্ত জনতার সঙ্গে তারা বেমানী করছে এবং সমস্ত জনতার বিরুদ্ধে তারা কাজ করছে। তাই সমস্ত জনতা আজকে তাদেরকে আসামীর কাট গড়ায় দাড় করিয়াছে এবং আজকে নৃপেন বাবু এখানে অনাস্থা প্রস্তাব এনে যে কথা বলেছেন, উনি ঠিকই বলেছেন যে আজকে শুধু এখানেই নয়, ত্রিপুরার রাজ্যের জনতা তাদেরকে আসামীর কাট গড়ায় দাড় করিয়ে দিয়েছে। সুতরাং এই প্রস্তাবকে আমি তো সমর্থণ করছি সেই সঙ্গে ত্রিপুরার সাধারণ মানুষও সমর্থণ করছে। এই কথাগুলি বলে আমি আমার বক্তব্য এখানে শেষ করছি।

শ্রীসমর চৌধুরী ঃ---মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় বিরোধী দলের নেতা নৃপেন চক্রবর্ত্তী যে অনাস্থা প্রস্তাব এই হাউসের সামনে এনেছেন, আমি তা সমর্থণ করছি। ল এ্যাণ্ড অর্ডারের প্রশ্নে সারা ত্রিপুরা রাজ্যের মধ্যে যে কি ভয়াভহ অবস্থার সৃষ্টি হয়েছে, আমি প্রথমে সে কথাগুলি এখানে উল্লেখ করতে চাই। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, সেপ্টেম্বর মাস পার হয়ে গেল, শুধুমাত্র গত সেপ্টেম্বর মাসেই এই আগরতলা শহরের ৪টি ছুরিকাহতের ঘটনা ঘটেছে, ৩টি শ্লীলতাহানীর ঘটনা ঘটেছে আর ৩টি আত্মহত্যার ঘটনা ঘটেছে। আর এই মাসে বিভিন্ন পত্র পত্রিকাতে যা বের হয়েছে অবশ্য অনেক খবরই গোপন থাকে, সেগুলির অধিকাংশই পত্র পত্রিকাতে উঠে না তবুও যেটুকু বেরিয়েছে তা থেকে দেখা যায় যে ৫ জন খুন হয়েছে এবং ৪০ টারও বেশী ডাকাতি হয়েছে। আমার মহকুমা সোনামুড়াতে গত ৩ মাসে ২২টি ডাকাতি হয়ে গেল এবং সেই সব ডাকাতিতে সোনামুড়াতে একজন খুন হয়েছে আর কয়েকজন আহত হয়ে হাসপাতালে ভর্ত্তি হতে হয়েছে। তারপর কেবল মাত্র উত্তর ত্রিপুরা জেলায় ১৯৭২ ইং সনে ৫০টি আত্ম-হত্যার ঘটনা ছিল, ১৯৭৩ ইং সনে সেখানে ৬৪টি আত্মহত্যার ঘটনা ঘটেছে আর ১৯৭৪ ইং সনের এখন মাত্র ৯ মাস পার হয়েছে আরও ৩ মাস বাকী রয়েছে, এরই মধ্যে ৫১টি আত্মহত্যার ঘটনা ঘটে গিয়েছে। তাছাড়া সারা ত্রিপুরা রাজ্যে ১৯৭৩ইং জানুয়ারী থেকে সপ্টেম্বর পর্যন্ত আমরা হিসাব পাই ১৮৭টি আত্মহত্যার ঘটনা। তারপরে দেখুন আমি অল্প কয়েকটা মাসের কয়েকটা ঘটনার কথাই এখানে উল্লেখ করছি সেগুলি হচ্ছে ১৬ই এপ্রিল গোলাঘাটিতে নলিনী রিয়াং এবং বিশ্বম্বর দেববর্মা খুন হয়ে গেছেন, ২১শে এপ্রিল কুঞ্জবন কলোনীতে শিবনগরের যুবক প্রণব সাহাকে দূর্ত্তরা আক্রমণ করেছে এবং সে-ই হাসপাতালে গিয়ে মারা গিয়েছে, ২৪শে এপ্রিল কৈলাশহরে এস, এফ, আই, কর্মী বদরুল ইসলাম খানকে কতক যুবকদল প্রচণ্ডভাবে প্রহার করলে থানায় এজাহার দেওয়া হয়। এই রকম প্রত্যেকটি ঘটনা থানায় জানানো হয়েছে, মন্ত্রীদের জানানো হয়েছে এমন কি

উর্ধতন অফিসারদের পর্য্যন্ত জানানো হয়েছে, কিন্তু কোন প্রটেক্শান পাওয়া যাচ্ছে না। আর ২৫শে এপ্রিল শিবনগরে নারায়ণ দেবনাথ ছুরিকাহত করা হয়, ২৭শে এপ্রিল এ্যাড্ভোকেট দীলিপ সরকার ৯ বছরের একটা বালক হাবুল আঢ্যকে গুরুতরভাবে প্রহার করে এবং তাকে গুরুতর অবস্থায় হাসপাতালে ভর্তি হতে হয়। ২৬শে এপ্রিল ও, এন,জি, সির প্রজেক্ট ম্যানেজারের চক্রান্তে রিগম্যান শুকুল গগের নিহত হন। এখানেও কোন প্রটেকশান নাই, এখানে মজুরের প্রটেক্শান নাই, মধ্যবিত্তের প্রটেক্শান নাই এবং গ্রামের কৃষকদের প্রটেক্শান নাই এমন কি রমণীর প্রটেক্শান পর্য্যন্ত নাই। তারপর কৃষ্ণনগর নূতনপল্লীতে ৮ই মে তারিখে কতিপয় দুষ্কৃতি কর্তৃক দীলিপ আচার্য্য খুন হন এবং ১৫ই মে সদরের মধুবনে গৌরাঙ্গ সরকার একজন দিন মজুর খুন হয়ে গেল। ২০শে মে চড়িলামের ৮ জন উপজাতি ছাত্র প্রহৃত হল, সাম্প্রদায়িক দাঙ্গা লাগানোর চেষ্টা হল। কয়েক জন মালিক বড় বড় জমির মালিক, মহাজন ব্যবসা করেন আগরতলা সহরের ষ্টার না নিউ ষ্টার হোটেলের মালিক আমাদের সুখময় বাবুর সাঙ্গাত তাকে রক্ষা করার জন্য সাম্প্রদায়িক দাঙ্গা লাগিয়ে চক্রান্ত করে সেখানকার উপজাতিদের হাত থেকে আরও বেশী করে জমি নেওয়া যায় কি না তার জন্য সেখানে পুলিশ লেলিয়ে দেওয়া হল---৮ জন উপজাতি ছাত্র তারা রেহাই পেলেন না। গ্রামের উপজাতিদের উপর আক্রমণ হল সেখানে পুলিশ মোতায়েন করে সি, আর, পি, মোতায়েন করে গ্রামকে গ্রাম পাইকারী জরিমানা করে ঐ উপজাতিদের ওখান থেকে উচ্ছেদ করার চক্রান্ত হল। ২৫শে মে, জিরানীয়া ব্লকে ছুড়িকাহত হল এক ব্যাক্তি তার মৃত্যু হল। ৩০শে মে, স্টেটিস্টিক্স অফিসের ভিতর সমন্বয় কমিটির একজন কর্মী, সরকারী কর্মচারী, তাকে প্রচণ্ডভাবে প্রহার করলেন একজন ফেডারেশানের কর্মী, সুখময় বাবুর অর্গেনাইজেশান, সুখময় বাবুর ফেডারেশান। গুণ্ডামী অফিসের ভিতর করেছেন। স্যার, ১লা জুন রাণীর বাজারে ত্রিপুরেশ্বরী রাইস এণ্ড অয়েল মিলের মালিকের ছেলে শ্রমিক লাল মোহন দেব নাথকে প্রহার করতে করতে প্রায় মেরে ফেলেন, মেরে ফেলার মত অবস্থা। ১০ই জুন মানিকভাণ্ডারে উপজাতি লোকেদের উপর গুণ্ডা আর পুলিশ লাগিয়েছেন এই সুখময় বাবুর সরকার---এই সুখময় বাবুর মন্ত্রী সভা। সমস্ত উপজাতি তারা মিছিল করে শান্তিপূর্ণ ভাবে তাদের দাবি নিয়ে আসছে। তারা মিছিল করে এগিয়ে যাচ্ছে তাদের উপর সি, আর, পি, বি, এস, এফ, দিয়ে পিটিয়ে তাদের ঠাণ্ডা করে দেওয়ার ষড়যন্ত্র করলেন। ১৬ই জুন কর্মরত অবস্থায় ইন্দ্রনগরে কনস্টেবল পর্য্যন্ত ছুড়িকাহত হল। পুলিশ কনস্টেবল, সেও ছুড়িকাহত হচ্ছে! ৫ই জুলাই, চারিপাড়ার ইন্দ্রজিৎ রায় নামে ১০ম শ্রেণীর একটা ছাত্র ছুড়িকাহত হল। ৫ই জুলাই চারিপাড়া গেল। ১০ই জুলাই, অভয়নগরে মদমত্ত অবস্থায় এস, আই,, এ, এস, আই,কে এরেষ্ট করাতে বাধ্য হল। ১১ই জুলাই, রামনগর ৮ নম্বরে কনস্টেবল, ছিদ্দিক মিঞা কয়েকজন দুর্বৃত্ত কর্তৃক প্রহৃত হলেন। ১২ই জুলাই, বিশালগড়ের ব্যবসায়ী, পরিমল দত্ত দুর্বৃত্ত দ্বারা আক্রান্ত হলেন হাসপাতালে তার মৃত্যু হল। ১৪ই বা ১৫ই জুলাই তারিখটা হবে এম, এল, এ, হোষ্টেলের পাশে মেলার মাঠে নবকুমার ক্লাব, আমাদের সুখময় বাবুর অতি প্রিয় কতগুলি ক্লাব আছে, স্নেহধন্য ক্লাব---পাড়ায় পাড়ায় গুছিয়ে তুলেছেন তিনি---সেই ক্লাবের ভিতর ক্লাব ঘরের ভিতর এক কিশোরীকে ধর্ষণ করা হল। ২৪শে জুলাই। কৃষ্ণনগরে বীরচন্দ্র দেববর্মা তার বাড়ীর সামনে রাজ্য সভার বর্তমান সদস্য তার বাড়ীর সামনে দিনে দুপুরে ছিনতাই হল। ২৫শে জুলাই, নেতাজী সুভাষ রোডের শিশির পালকে শক্তি মজুমদার ও রবি পাল মাথায় দা দিয়ে কুপিয়ে হত্যার চেষ্টা করেছে। ২৬শে জুলাই, দুর্গা চৌমুহনীর দীলিপ সাহা ও অজয় চক্রবর্ত্তীকে ছুড়িকাঘাত করা হল। ১২ই আগষ্ট জয়নগরে দলীয় সংঘর্ষ তাতে মারত্মক ভাবে আহত হল এক যুবক। তার মৃত্যু হল। ২২শে আগষ্ট টি, আর, টি, ৮১২ নম্বর এম্বেসেডার নিয়ে সহরের একদল গুণ্ডা আনন্দনগর হরমোহন রায়ের দোকান ঘরে অস্ত্র শস্ত্র নিয়ে হামলা করল। ২৭শে আগষ্ট, রামঠাকুর প্রাথমিক স্কুলের প্রধান শিক্ষকের উপর দৈহিক নির্যাতন হল। স্যার, একটার পর একটা ঘটনা ঘটতে ঘটতে সেদিন উদয়পুরে, উদয়পুরের দোকান কর্মচারী বিজয় দাস, তাকে একটা পশুর মত পিটিয়ে হত্যা করা হল। সারা উদয়পুর এখন জ্বলছে। সারা উদয়পুরের মানুষ এখন বিক্ষুব্ধ। তারা মিছিল করছে বার বার দাবি জানাচ্ছে। আর শুনতে পাই, তার প্রধান আসামী, যাকে

খুঁজে বেড়াচ্ছে তিনি নাকি আগরতলা সহরের কোন এক এম, এল, এ, র বাড়ীতে থাকেন। কেউ দেখেছে মাঝে মাঝে তিনি উদয়পুর এর মধ্যেও যাওয়া আসা করেন। সুখময়বাবু জানেন না? মুখ্যমন্ত্রীর স্নেহধন্য কোন কোন ব্যক্তির বাড়ীতে তার রাত্রে থাকার ব্যবস্থা হয়? সারা দিন লুকিয়ে থাকে। জনসাধারণের চোখের সামনে নয় পুলিশের গাড়ীতে উদয়পুরে চলে যায়, উদয়পুর থেকে আবার পুলিশের গাড়ীতেই ফিরে আসে। লজ্জার কথা! এই মন্ত্রী সভার অনেক আগেই পদত্যাগ করা উচিত ছিল! ১টি খুনের জন্য ১টি শ্লীলতা হানির জন্য, একটি আত্মহত্যার জন্য তাদের পদত্যাগ করা উচিত ছিল, কেন এতদিন করেননি তারা? স্যার, ২৪শে সেপ্টেম্বর, সোনামুড়া সহরের বজলু মিঞা ও স্বপন এই দু'জন ছেলে রেশনের দোকানের কর্মচারী। আমাদের আলী মনসুর সাহেব, কৃষি উপমন্ত্রী তার সি, এ, যদুলাল চৌধুরী মদমত্ত অবস্থায় রাত ১২টার সময় তার দোকানের সামনে থেকে টেনে এনে মদের দোকানের ভিতর তাকে জোর করে ধরে তাকে পিটাতে পিটাতে মেরে ফেলার মত অবস্থা। বজলু রক্তাক্ত অবস্থায় প্রায় অজ্ঞান হয়ে পড়েছিল। আশেপাশের ঘরের মধ্যে কিছু লোকজন ছিল, ভোর অবধি তাকে পিটিয়েছেন মদমত্ত অবস্থায় সেই যদুলাল চৌধুরী। থানায় জানিয়েছে, সেখানকার এস, ডি, ওকে জানিয়েছে, গ্রাম থেকে দুর্গাপুর গ্রাম থেকে সমস্ত লোক এসে ডেপুটেশান দিয়েছে। কোন প্রতিকার নেই। কারণ এই যদুলাল চৌধুরী এই মন্ত্রী সভার একজন ডেপুটী মন্ত্রীর পি, এ, একটা গুণ্ডার সর্দার কংগ্রেসের যে এড হক বর্তমানে চলছে সেই এড হকের একজন স্নেহধন্য লোক, কংগ্রেসের একজন লোকেল নেতা, কাজেই তারতো কোন বিচার নেই। স্যার, আমি কিভাবে আর সাংঘাতিক অবস্থা, সোনামুড়া মহকুমাতে দশদাপাড়াতে গত ৫।৮।৭৪ ইং তারিখে একদল গুণ্ডা জি, বি, হাসপাতালের কাছ থেকে, জি, বি,র কাছে সুখময় বাবুর যে গুণ্ডা তৈরীর আখড়া তৈরী হয়েছে সেই আখড়া থেকে এম্বেসেডার রিজার্ভ করে এখানে থেকে চলে গেল দশদাপাড়ায় গুণ্ডামী করার জন্য। সেখানে গিয়ে নবদ্বীপ ঘোষ, অনিল ঘোষ সেখানকার উপপ্রধান তাদের পেটান হল। গ্রামের ভিতরে তছনছ করে ফেলল। সমস্ত গ্রামবাসী প্রতিরোধ করেছিল। সমস্ত গ্রামবাসী এসে তাদের আটকাতে চেষ্টা করেছিল সেই গুণ্ডাদের এবং সেই গুণ্ডাদের কিছুটা বাধ্য হয়ে প্রতিরোধ করতে গিয়ে, শসস্ত্র গুণ্ডাদের প্রতিরোধ করতে গিয়ে তারা কেউ কেউ কিছু কিছু জখমও হয়েছে। পুলিশ কেস চলছে ঐ নবদ্বীপ ঘোষ, এর বিরুদ্ধে—ঐ অনিল ঘোষের বিরুদ্ধে, ঐ উপপ্রধানের বিরুদ্ধে। আর এই গুণ্ডাগুলি তাদের বিরুদ্ধে কোন কেস নেই।

শ্রীবিনয় ভূষণ বানার্জী ঃ---পয়েন্ট অব অর্ডার স্যার, মাননীয় সদস্য গুণ্ডা বলেছেন— গুণ্ডা শব্দটা আনপার্লামেন্টারী।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্তী ঃ---গুণ্ডাকে কি বলবে, গুণ্ডাকে গুণ্ডা বলবে না---গুণ্ডাকে কি প্রেয়সী বলতে হবে? (ইন্টারাপশান)।

মি ঃ ডেঃ স্পীকার—বসুন।

শ্রীসমর চৌধুরী ঃ---স্যার, যেখানেই জনগণের প্রতিরোধ সেখানেই তাদের পুলিশের হামলা সেখানেই তাদের পুলিশ কেস সেখানেই সি, আর, পি, নামান। আর যেখানে গুণ্ডারা সাক্সেসফুল হয়ে ফিরে আসেন সেখানে কোন হাংগামা নেই। স্যার, আগরতলা সহরে গত ৬ই সেপ্টেম্বর তারিখ রাত ১০টায় সসস্ত্র কতগুলি যুবক তারা মোটর স্ট্যাণ্ডের কাছে এসে তারা হল্লা সুরু করল, তাদের গুণ্ডামী করার উদ্যোগ নিল। তাদের বাধা দিয়েছিল---পুলিশকে পর্য্যন্ত তারা আক্রমণ করল পুলিশের সাথে তাদের সংঘর্ষ হল, ৬ জন এরেস্টেড হল। সঙ্গে সঙ্গে পুলিশ মন্ত্রীর কাছ থেকে ফোন, এল এখনই ছেড়ে দাও, উরা আমার লোক। স্যার, সেনগুপ্ত সাহেবের লোক। মুখ্যমন্ত্রীর লোক ছেড়ে দেওয়ার নির্দেশ আসল পুলিশ কাচুমাচু করল কারণ, আগরতলা সহরের মানুষ বিক্ষুব্ধ ক্ষেপে আছে। ঠিক সেই অবস্থায় পুলিশ সাহস করেনি। কোর্টে চালান দিয়েছিল যখন তখনই কোর্ট থেকে জামিনে এলেন। এই হচ্ছে উদের সরকার। শেষ পর্য্যন্ত যদি পুলিশ জনসাধারণের চোখের সামনে আটকাতে না পারে, তাদের যদি প্রতিরোধ করতে না পারে, যদি কোর্টে

চালান দিতে হয়---তারপর কোর্টে গিয়ে তাদের জামিন হল। স্যার, কলেজ এরিয়া গুণ্ডা গ্যাঙ্গের একটা অপারেটিং সেন্টার তৈরী করা হয়েছে। জি, বি, এরিয়া সেখানে একটা অপারেটিং সেন্টার, প্রত্যেক এলাকায় এলাকায় এই রকম প্রত্যেক প্রত্যেক মহকুমায় মহকুমায় ঠিক এই রকম ভাবে গুণ্ডা অপারেটিং সেন্টার তৈরী করেছে। কলেজ এরিয়াতে স্যার, কলেজের প্রফেসাররা যেতে পারেন না। মেয়েরা যেতে পারেন না, যারা শিক্ষিকা তারা যেতে পারেন না। দেওয়ালে দেওয়ালে অশ্লীল মন্তব্যই শুধু নয় রাত্রে প্রফেসারদের কাপড় ধরে টানা হয়। প্রফেসারদের স্ত্রী তারা বাজার করতে যান; বাজারথেকে ফিরার পথে তাদের টেনে নিয়ে যায়। কলেজ হোস্টেল আর একটা গুণ্ডা অপারেটিং সেন্টার তৈরী করেছেন এই সুখময় বাবুর সরকার। উরা পদত্যাগ করবে না পদত্যাগ করতে চায় না। উচিত ছিল অনেক আগেই পদত্যাগ করা, বহু ঘটনা ঘটেছে। স্যার, জি, বি, তে সেখানে ছিনতাইয়ের একটা রাজত্ব সৃষ্টি হয়েছে, গুণ্ডামীর রাজত্ব সৃষ্টি হয়েছে এবং শ্লীলতাহানীর ঘটনা আমার ত্রিপুরা রাজ্যে এই সি, আর, পি,, বি, এস, এফই শুধু নয় যাদেরকে মদ খাইয়ে তৈরী করা হয়েছে মদ দিয়ে যাদেরকে প্রতিদিন গুণ্ডামী করতে শিখানো হয়েছে সুখময় বাবুর নেতৃত্বে তারা এলাকায় এলাকায় শ্লিলতাহানী, তারা এলাকায় এলাকায় পাশবিক অত্যাচার সুরু করেছে। দরজা ভেঙ্গে মানুষের ঘরে ঢুকে পাশবিক অত্যাচার করল সেই গুণ্ডারা, কোন শাস্তি তাদের হয় নি। বরং সুখময়বাবু তার গলায় মালা দিয়ে এলাকায় মিটিং করতে গিয়ে আরও উসকানী দিয়েছেন। ওখানকার যে মেয়েটির উপর পাশবিক অত্যাচার হয়েছে এবং সেই মেয়েটিকে পথে পথে আজ ঘুরতে হয়। শুধু কি তাই, স্যার, নিজের দল কংগ্রেসের সদস্য মিটিং করবে বিলোনিয়াতে, প্রাক্তন মুখ্যমন্ত্রী শচীনবাবু মিটিং করতে গিয়েছিলেন ডাণ্ডা পিটিয়ে শচীন বাবুর মিটিংকে ভাঙ্গতে গিয়েছিলেন এই সুখময় বাবু। গণতন্ত্র কি শুধু সাধারণ মানুষকে এবং মার্কসবাদী কম্যুনিস্ট পার্টিকে এদেরকে দমন করার জন্য? নিজের দলের ভিতরে তারা গণতন্ত্র সহ্য করতে পারেন না তাই দেখুন জিরাণীয়াতে, তেলিয়ামুড়াতে মিটিং করতে গিয়েছিলেন সেই মিটিং তারা ভাঙ্গার ষড়যন্ত্র করেছিল। উদয়পুরে বোমা ফাটিয়েছিল শচীনবাবুর মিটিং পণ্ড করার জন্য, শচীনবাবুকে জখম করার জন্য। আবার এইখানে বক্তৃতা করা হয় গণতন্ত্র, সংসদীয় গণতন্ত্র রক্ষা করুন। লজ্জা হয় না ওদের? স্যার, মিনিস্টারের সিকিউরিটি, মন্ত্রীদের নিরাপত্তার প্রশ্নে ১৯৭৩-৭৪ সালের মধ্যে মাত্র এক বছরে দুই লক্ষ উনচল্লিশ হাজার টাকা ওদের নিরাপত্তার জন্য খরচ হয়েছে। আর গ্রামে মেয়েদের যে শ্লিলতাহানি হচ্ছে যে সি, আর, পি, বি, এস, এফ, কে দিয়ে সমস্ত গ্রামে গ্রামে প্রত্যেকটা মিছিলের উপর, প্রত্যেকটা মিটিং-এর উপর আক্রমণ করা হচ্ছে, প্রত্যেকটা গণতান্ত্রিক আন্দোলনের উপর আক্রমণ হচ্ছে এবং শহরের উপর এই যে সাধারণ মানুষ ব্যবসা করে তারা বাড়ীতে যেতে পারে না, প্রফেসার কলেজে যেতে পারে না, স্কুলের শিক্ষক তার স্কুলে যেতে পারে না, কোথায় তাদের সিকিউরিটি? কোন ব্যবস্থা নাই, ব্যবস্থা আছে শুধু মন্ত্রীদের ব্যবস্থা। স্যার, ঋষ্যমুখ সেখানে আমরা দেখলাম ছাত্র আন্দোলনের উপর কিভাবে আক্রমণ চল্লো, তিলথৈ, কাঞ্চনপুর, পেচারথলে সি, আর, পি, রেইড হলো, কাঞ্চনপুরে গুণ্ডা আক্রমণ হলো, তৈদুতে সি, আর, পি, রেইড হলো, মটর শ্রমিকদের উপর আক্রমণ হলো গুণ্ডা দিয়ে, তারপর বি, এস, এফ দিয়ে প্রতিরোধ পত্রিকার সম্পাদকের উপর আক্রমণ করছিল, তারপর আনন্দনগর এবং মাণিক ভাণ্ডারে প্রত্যেকটা জায়গায় জায়গায় এই গুণ্ডা লেলিয়ে দিয়েছিল আর তার শেষ ব্যবস্থা হচ্ছে মিথ্যা মামলা, একটা চক্রান্ত, মিথ্যা সাজানো মামলায় কতদিন ভোগানো যায় কত দিন জেলে আটক করা যায়। স্যার, ২৪শে সেপ্টেম্বর সম্পর্কে অনেক আলোচনা হয়েছে এইখানে আমি বেশী বলতে চাই না যে ডি, এম, যে সি, আর, পি,, যে পুলিশ চুলের মোটি ধরে নির্লজ্জভাবে বর্বরের মত এই বর্বর মন্ত্রীসভা এই বর্বর বাহিনী চুলের মোটি ধরে সেখানে রাস্তার উপর যে নির্লজ্জ ঘটনা ঘটলো তার জন্য না কি এক জন এ, এস, আই, এবং একজন মহিলা এ, এস, আইকে দুইশোটাকা পুরষ্কার দেওয়া হয়েছে। এদের লজ্জা হয় না? স্যার, মোহনপুরের জিতেন্দ্র শর্মা তাকে থানায় হাজতে লকআপের মধ্যে রেখে তারপর তাকে পিটানো হলো। শিবব্রত, ছাত্র আন্দোলনে ধর্মনগর, তাকে পিটাতে পিটাতে থানার লকআপের ভিতরে ঢুকিয়ে সমস্ত আইনকানুনকে স্তব্ধ করে দিয়ে জোর

করে সেখানে তাকে পিষে মারার চেষ্টা হয়েছিল। স্যার, সোনামুড়াতে বগাপাশার সন্তোষ বণি ক, মেলাগড়ের গৌরাঙ্গ ঠাকুরদা এদের প্রত্যেককে লকআপের ভিতরে ধরে তারপর তাদেরকে পিটিয়ে শেষ করার চক্রান্ত হয়েছিল। এই হচ্ছে অবস্থা। স্যার, সুখময় বাবুর নিজের দলের ভিতরের অবস্থাকি শতদল সঘের সুবল পাল কামারপুকুর পারে খুন হলো, আজকে পর্য্যন্ত সেই আসামী কে খোঁজে বের করা সম্ভব হচ্ছে না, সেই আসামীকে এখনও ধরার ব্যবস্থা নাই। স্যার, ক্ষিতীশ দত্ত, খাদি বোর্ডের একজন কর্মচারী, মন্ত্রীর সংগঠনে কাজ করেন সেখানে আজকে তাকেও রেহাই দেওয়া হচ্ছে না। এই মন্ত্রীসভা আজকে ত্রিপুরাতে যে অবস্থার সৃষ্টি করেছে আইন এবং শৃঙ্খলার সমস্ত আজ ধ্বংসের মুখে, আইন শৃঙ্খলা বলতে আজকে কিছু নাই, এই পরিস্থিতির স্রষ্টা এই বর্বর সরকার। এই বর্বর সরকারের এই মুহূর্তে পদত্যাগ করা উচিত, তা না হলে ত্রিপুরার সমস্ত জনগণ এই সরকারকে পদত্যাগ করতে বাধ্য করবে।

মি ঃ ডিপুটি স্পীকার ঃ—মাননীয় মন্ত্রী শ্রীমুনসর আলী।

শ্রীমনসুর আলী ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে এই বিধান সভায় মাননীয় বিরোধী দলের নেতা যে অনাস্থা প্রস্তাব এনেছেন তার আমি তীব্র প্রতিবাদ করি। কারণ তাদের অনাস্থার মধ্যে যে সমস্ত সারাংশ আছে, আজকে দুইদিন পর্য্যন্ত যত বড় বড় চীৎকার যত শব্দ করে বলুক না কেন আসলে তার মধ্যে কোন অর্থ খোঁজে পাওয়া যায় নি। সেই হিসাবে অনেক পুরাণো গল্প, পুর্বেও অনাস্থা তারা এনেছেন এই সমস্ত কথাই তারা বলেছেন কিন্তু সঠিক তথ্য অদ্য পর্য্যন্ত দিতে পারে নাই। আমরা জানি যে একটা দল গণতান্ত্রিক দেশে বিরোধী থাকে এবং সাধারণ মানুষকে বিভ্রান্ত করে ক্ষমতায় আসতে চায়। সেই হিসাবে তাদের এই উদ্দেশ্য মানুষকে বিভ্রান্ত করার জন্য এই অনাস্থা প্রস্তাব। সেইজন্য আজকে আমি তাদের দুই একটা কথার উত্তর দিতে চেষ্টা করবো। আমি উঠবার সময় আমার বিরোধী দলের একজন সদস্য বলেছেন যে আমি আফিং স্মাগলার। মাননীয় অধ্যক্ষ মহোদয়, স্মাগলার কথাটা আমার মনে হয়, উনি যেভাবে বলেছেন উনি এইটা করতেন, তা না হলে আমার কথা না শুনেই কি করে বুঝলেন সেইটা আমার জানা নাই। এই ব্যাপারে আমি যতটা জানি এইখানকার দৈনিক সংবাদ পত্রিকায় সংবাদ উঠেছে এবং আমি দেখেছি গণতান্ত্রিক দেশে সংবাদ পত্রিকা তারা সংবাদ পেলেই ছাপাবে, কাজেই তাদের উপর আমার কোন অশ্রদ্ধা বা কোন বক্তব্য নাই। তবে যারা করেছে কারা করেছে জানি না তবে কথাটা একদম উদ্দেশ্য প্রণোদিত তারা জানেন। এই এসেম্বেলিতে এক দিন বিরোধী পক্ষের নেতা বলেছিলেন যে এই মনসুর আলী এই ত্রিপুরার প্রত্যেক গ্রামে গ্রামে যায় উনি কি দেখেন না? উনি আসারামবাড়ী গিয়েছিলেন কতকগুলি কাজ দেখতে যেগুলি হয় নাই। সেইজন্য তারা আজকে চায় যে আমার যে অবস্থা, আমার যে কার্য্যকলাপটা এইটাকে একমাত্র যদি তারা মানুষের সামনে হেয় করতে হয় তাহলে এছাড়া অন্য রাস্তা নাই। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আরও বলি ভারতবর্ষে এমন কোন নজির আছে কি না আমি জানি না, আমার এই ব্যাপারে আমার স্ত্রীর নামে যে গাড়ী সেই গাড়ীতে করে যে সংবাদটা উঠেছে যে গাড়ীটা ধরেছে, এইটা আমি মনে করি গণতান্ত্রিক দেশে আরেকটা উদাহরণ হলো যে মন্ত্রীর স্ত্রীর গাড়ী হলেও এই কংগ্রেস সরকার তাকে রেহাই দেয় না, সেই গাড়ীও চার্জ করা হয় এই ক্ষমতা এই কংগ্রেস সরকার রাখে। এই হলো গণতন্ত্র যে গণতন্ত্রের মধ্যে আজকে আমরা বেঁচে আছি। সেইজন্য আমি গর্ব করি এবং ধন্যবাদ দিই যারা আমার গাড়ী ধরেছে। জনসাধারণ সেইটাকে শ্রদ্ধা করবে যে মন্ত্রীর গাড়ীর সংবাদ পেয়েও তাকে ছাড়া হয় নাই। সেই গাড়ী পরীক্ষা করতে গিয়ে প্রকাশ্যে দিনের বেলায় বহু মানুষের সামনে গাড়ীর প্রত্যেকটা পার্টস খোলে ইনকোয়ারী করা হয়েছ। মাননীয় সদস্য বন্ধু, এম, এল, এ, সমরবাবুও উপস্থিত ছিলেন। মাননীয় অধ্যক্ষ মহোদয়, উনারা হাসছেন কেন আমি জানি না। মনে হয় বক্তৃতা হচ্ছে না, এর জন্য উনারা হাসছেন। তবে আমি সাধারণ মানুষ। আমার বক্তৃতা নাও হতে পারে।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার আরো একটা বলার আছে। ভারতবর্ষের কোন রাজনীতিতে বা কোন মন্ত্রীর কোন খানে এমন নজির আছে কিনা যে এই উক্তির প্রতিবাদ করছে। আমি দেখি নাই, শুনি নাই, জানি নাই। থাকলে কেহ দেখাতে পারেন। আমার সোনামুড়ার উকিল বার এসোসিয়েশান থেকে প্রতিবাদ করছে যে, মনসুর আলীর বিরুদ্ধে যা করা হয়েছে সেটা উদ্দেশ্য প্রণোদিত। তার চরিত্র হননের জন্য এটা করা হয়েছে। একটা দল সেই কাজ করছে। সেই জন্য আজকে আমি তাদেরকে ধন্যবাদ দিই। যে উকিল, যে বার এসোসিয়েশান, সেই বারকে পৃথিবীর মধ্যে প্রত্যেকে সন্মান করে। তাছাড়া মাননীয় অধ্যক্ষ মহোদয়, আর একটা নজির আছে আমাদের ধর্মে পীর বলে, আর রাজনীতিতে নেতা বলে। আমরা পীরকে বিশ্বাস করি, আবার নেতাকেও মান্য করি। কিন্তু এই দলপতি তিনি তার একজন শিষ্যকে, মাননীয় ফাইনান্স মিনিষ্টারের বিরুদ্ধে দাঁড় করিয়েছিলেন। আব্দুল জব্বর মিয়া, নামে সেই ব্যাক্তিগত বৎসর প্রতিদ্বন্দিতা করেছিল। সেই শিষ্য সোনামুড়ার উকিলদের সঙ্গে-----

(হাস্যরোল)

বুঝলেন তো আমি আপনাদের সঙ্গে হাসতে পারি না। হাসতে পারি না, কারণ আমার বুকে ব্যথা করে, আর আমার শরীরও দুর্বল। জব্বর মিয়া তো মাননীয় সদস্য সমর চৌধুরীর বন্ধু। শ্রদ্ধেয় নেতা নৃপেন বাবুর তিনি আবার শিষ্য। এখন বলুন আপনার শিষ্যের কথা সত্যি না নেতার কথা সত্যি। পীরের কথা সত্যি। না গুরুর কথা সত্যি জনসাধারণ তার বিচার করবে। আব্দুলজব্বর মিয়া ফাইনান্স মিনিষ্টারের বিরুদ্ধে প্রতিদ্বন্দিতা করেছিল কিনা এটা জনসাধারণ বিচার করে দেখবে। জব্বর মিয়া এখন কোথায় আছে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি এখানে একটা কাগজ পড়তে পারি।

(বিরোধী দলের মন্তব্য---বিশ্বাস করি না।)

বিশ্বাস করেন না। আচ্ছা। মাননীয় অধ্যক্ষ মহোদয়, তারপরে এও এই উকিল বারের বিশিষ্ট সম্মানীয় উকিল সম্মানী ব্যক্তি সুবোধ কুমার গাঙ্গুলী বহু বৎসর তিনি কমিউনিষ্ট পার্টির সঙ্গে জড়িত ছিলেন। জড়িত থাকা কালে চীনের যুদ্ধের সময়ে তার কার্য্যকলাপে তাদের দল থেকে তিনি দলচ্যুত হন। বর্ত্তমানে তিনি কোন দলের সঙ্গে জড়িত নন। উনার সইও এই প্রতিবাদে আছে। এটার প্রমাণ আছে। তাহলে মাননীয় অধ্যক্ষ মহোদয়, গুরুর কথা সত্যি না শিষ্যের কথা সত্যি সেটা জনসাধারণ বিচার করবে বলে আমি আশা করি। এটা অত্যন্ত বোগাস, এটা মিথ্যা। এটা যে আমার চরিত্রের সঙ্গে, আমার স্ত্রীর চরিত্রকে হনন করার জন্য করা হয়েছে সেটার প্রমাণের অভাব রাখে না।—

(গণ্ডগোল)

মিঃ স্পীকার ঃ---অনারএ্যাবল মেম্বার, সদস্যকে ইণ্ডিকেট করা ঠিক নয়। মাননীয় সদস্যগণ আমি অনুরোধ করি যখন কোন সদস্য বক্তৃতা করেন তখন তাকে যেন ইণ্ডিকেট করা না হয়।

শ্রীমনসুর আলী ঃ---মাননীয় অধ্যক্ষ মহোদয়, এটা যে উদ্দেশ্য প্রণোদিত, উদ্দেশ্য-মূলক ভাবে এটা করা হয়েছে সোনামুড়ার বিশিষ্ট ব্যক্তিরা তা জানিয়েছেন। বিভিন্ন পত্র পত্রিকায় উঠেছে---জনপদ, বিবেক, নাগরিক, জাগরণ এই সমস্ত পত্রিকায় আরো ৪।৫ টা পত্রিকায় সে খবর উঠেছে। 'আর জব্বর মিয়াও বলেছে। সত্যি না হলে উনাকে জিজ্ঞাসা করুন। আর সত্যি হলে আমি চেলেঞ্জ করি। আমার স্ত্রী আছে। বাংলা দেশে থাকতে পারে। যাদের স্ত্রী নাই তাদের একাধিক স্ত্রী থাকতে পারে। (হাস্যরোল) মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি এই কথা বলতে চাইনি, আমি বলছি যে যাদের স্ত্রী

থাকে তারা একজন বা দুইজন স্ত্রী নিয়েই সন্তুষ্ট থাকে মাননীয় অধ্যক্ষ মহোদয়, কোন কোন পরিবারে একজন স্ত্রী থাকে, কারোর বা দুই জন স্ত্রী থাকে, আবার কারো কারো ৪ জনও স্ত্রী থাকে যার যেমন মনোবৃত্তি। ধর্মমত স্ত্রী ১।২ জন হতে পারে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই কথা আমি কোন দিনই বলতাম না। উনারা জিজ্ঞাসা করেছেন বলে আমি বলছি। উনাদের বক্তব্যের মধ্যে যা আছে তার যদি উত্তর না দিই তাহলে উনারা বলবেন যে আমি চেপে যাচ্ছি। এই ধরণের কথা আমার মুখ দিয়েও আসে না। বলতে ঘেন্না হয়। যারা বলে তাদেরকেও ঘেন্না করি। মাননীয় অধ্যক্ষ মহোদয়, সেই দিকে লক্ষ্য রেখে আমি এর প্রতিবাদ করছি। এবং সেটা যে উদ্দেশ্য প্রনোদিত ভাবে করা হয়েছে এটা আমি বিশ্বাস করি এবং জনসাধারণও বিশ্বাস করবে। আমার গাড়ীতে করে যদি কোন পেসেঞ্জার নিয়ে থাকে তাহলে আমি বা আমার স্ত্রী দায়ী নই। সরকারেরও এমন কোন আইন নেই যে এটা রুখতে নষ্ট করতে পারবেন। সেই পেসেঞ্জারের ব্যাগ তো আমি খুলে দেখতে পারিনা যে এর মধ্যে কি আছে। আমার নিজেরও করার কিছু ছিল না।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি লজ্জিত যে মেয়ে সংক্রান্ত ব্যাপার নিয়ে আমাকে বলতে হয়েছে। কিন্তু যাদের এই ব্যাপারে কোন লজ্জা নাই তাহলে আর কি করা যাবে। তাদের কথার উত্তর তো আমাকে দিতে হবে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আরো অনেক আছে। এগ্রিকালচারের ব্যাপার নিয়ে বলতে গিয়ে আমাকে ব্যঙ্গ করা হয়েছে। অনেক সদস্য অনেক কথা বলেছেন ব্যঙ্গ করে আমাকে। কিন্তু আমি এখানে ছিলাম না। তাই জানি না। তবে শুনেছি আমি নাকি দিল্লীতে গিয়ে বলেছি ৯ লক্ষ টন খাদ্য হয়েছে ত্রিপুরা রাজ্যে। আজকে খাদ্যের অভাব। আমি এই রকম ৯ লক্ষ টন খাদ্যের কথা বলি নাই, তবে আমার হিসাব মত আমি যতটুকু বলেছি, আমাদের ত্রিপুরার জনসাধারণ তার জন্য চেষ্টা করছে এবং তার জন্য যতটুকু সুফল পেয়েছে সেই হিসাব ঠিক মত দিতে চেষ্টা করব এখানে। ১৯৭০ সনে আমাদের ২ লক্ষ ৯৫ হাজার ১৭০ টন চাল পাওয়ার কথা ছিল। কিন্তু দারুন খরায় আমরা অর্ধেকের মত পাই। অর্ধেকের থেকেও কম পাই। আমরা ১ লক্ষ ৮৫ হাজার ৫৭০ টন চাল পাই। তাতে দেশে বিরাট হতাশা আসে, সেই হতাশার পরিপ্রেক্ষিতে ত্রিপুরার কংগ্রেসের পক্ষ থেকে এম, এল, এ এবং মন্ত্রীরা গ্রামে মিটিং করে, সভাসমিতি করে বোরো ফসলের উপর আমরা বিরাট ভাবে জোর দিলাম, তখনকার সময়ে এখানকার যারা বিরোধী দলের সদস্য ছিলেন, তারা শুধু প্রসেশান এবং আন্দোলন করেছেন। এমন কোন প্রমাণ নেই যে তারা ত্রিপুরা রাজ্যে কোন মিটিং করেছেন উৎপাদন বাড়াবার জন্য। তাতে কি বুঝা যায়না তারা দেশের উৎপাদন বাড়ুক, ফসল বাড়ুক, সেটা তারা চান না? তারা চান দেশের মধ্যে অশান্তি থাকুক, দেশের মানুষ খেতে পড়তে পারুক সেটা তারা চান না। তারা চান দেশের মানুষের মুখের গ্রাস কমিয়ে, উৎপাদন কমিয়ে, স্ট্রাইক করে আন্দোলন করে, সরকারের কাজকে বাধা দিয়ে, ফসল কমিয়ে দেশের মধ্যে একটা বিশৃঙ্খলার সৃষ্টি করতে। যদি দেশের মানুষ উপোস থাকে, তাহলে তাদের পক্ষে মানুষ যাবে, সেই চিন্তাধারা মতে তারা তাদের কাছে যেয়ে বলেছে যে তোমরা কাজ করবে না, টি, আর দিলেও তোমরা কোদাল, দা নিয়ে মাটি কাটবেনা। আর আমাদের এম, এল, এরা, মন্ত্রীরা ঐ বছর গ্রামে গ্রামে, পাড়ায় পাড়ায় মিটিং করে চেষ্টা করেছে যার ফলে যেখানে বোরো ধান হওয়ার কথা ছিল ২০ হাজার মেট্রিক টন, সেখানে আমাদের ৩৪ হাজার মেট্রিক টন বোরো ধান উৎপাদন করা হয়েছে। ১০।১২ হাজার টন আরও বেশী। তার মধ্যে জনসাধারণের কঠোর পরিশ্রম কৃষি কর্মী এবং সরকারী কর্মচারী যার যতটুকু ক্ষমতা আছে সেইভাবে তারা চেষ্টা করেছে এই দুর্যোগ দূর করার জন্য। তাদের সেইজন্য আমি ধন্যবাদ জানাচ্ছি। আজকের দিনে সেটাকে রক্ষা করতে পেরেছে যদিও চাউলের দাম কিছুটা বেড়েছে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, ভারতবর্ষের চতুর্দিকের অবস্থা যদি চিন্তা করা যায়। তাহলে আমি আশা করব এবং বিশ্বাস করি---হয়তো আমার ভুল হতে পারে, আমি জানিনা সমস্তটা, আমরা অন্যান্য জায়গার তুলনায় কিছুটা

ভাল আছি, আমাদের এখানে দাম কিছু কম আছে। আমরা চেষ্টা করছি কি করে উৎপাদন বাড়ানো যায় এবং কি করে এই দুর্যোগ কাটিয়ে উঠা যায়। ১৯৭৩-৭৪ সালে জনসাধারণ এবং কৃষি বিভাগের পরিশ্রমের ফলে আমরা ৩ লক্ষ ৬৪ হাজার টন চাউল উৎপাদন করি এবং সেই উৎপাদনের ফলে আমরা কিছু লেভির প্রস্তুতি নিয়েছিলাম। আমি এখানে আরেকটা কথা বলতে ভুলে গেছি। আমার অসুখ বনে মাননীয় বিরোধী দলের নেতা নাকি আমাকে খোঁজ করেছিলেন, আমি সেইজন্য উনাকে ধন্যবাদ জানাই। উনি নাকি খোজ করেছিলেন যে ঐ ভদ্রলোককেতো দেখছিনা, শুনেছি উনি এসেছেন, আমি একথা শুনে অত্যন্ত খুশি হয়েছি এবং বড়ই আনন্দিত হয়েছি। মাননীয় অধ্যক্ষ মহোদয়, ১৯৭৩-৭৪ সালে, ৩ লক্ষ ৬৪ হাজার মেট্রিক টন চাউল আমাদের হয়েছে। সেই বছর আমরা ভলান্টীয়ারী ভাবে আমরা ১৫ লক্ষ টন ধান প্রকিউর করেছিলাম। তখনকার সময় এখানকার যারা লোক ছিলেন, তারা যাতে সরকার প্রকিউর না করতে পারেন তার চেষ্টা কম করেন নাই। মাননীয় অধ্যক্ষ মহোদয়, তারা সবসময় চান বিভ্রান্ত করে মানুষকে একটা আতঙ্কের মধ্যে নিয়ে তাদের দলে নিতে। আজকে তারা দেখছেন যে তাদের পুরানো অবস্থা ১৯৫১ সাল হইতে আজকে ১৯৭৪ সন, তাদের পায়ের নীচের মাটি আস্তে আস্তে সরে যাচ্ছে, তাঁদের উঠে দাঁড়াবার আর ক্ষমতা বিশেষ নেই। তাই তারা এখানে অনাস্থা প্রস্তাব এনেছেন, এই অনাস্থা প্রস্তাবের কোন ভিত্তি নেই। তাদের কথা হল, মুজিব চুরি করেছে, মুজিব ডাকাতি করেছে, কিন্তু তার কোন প্রমাণ দিতে পারেন নাই। কিছুক্ষণ আগে আমি শুনেছি মাননীয় সদস্য অনিল বাবু বলেছেন যে কৃষি বিভাগ পাইপ কিনেছে লক্ষ লক্ষ টাকার পাইপ। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি জানিনা, আমরা কত টাকার পাইপ কিনেছি? আমি তার হিসেব দেখাতে পারি। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের পাইপ এবং পাম্প যে কিনেছি তার হিসেবে আমরা কতগুণ বেশী টাকার ধান উৎপাদন করেছি, সেকথা তারা প্রশ্ন করেন নাই। কারণ তারা জানেন সেই হিসেব আমার কাছে আছে এবং সেটা দিলে জনসাধারণের কাছে তারা আতঙ্কের হয়ে উঠবেন। সেইজন্য আমি তাঁদেরকে অনুরোধ করব, যখনই কোন অনাস্থা প্রস্তাব আনবেন, তার মধ্যে বস্তু থাকতে হবে। বস্তু না থাকলে সেই অনাস্থা জনসাধারণের কাছে গ্রহণযোগ্য হবে না। আমরা চাই, আমাদের ভাই, বোনেরা আজকে আমাদের ৬০ কোটি লোকের ভারতবর্ষ এবং যেখানকার নেত্রী যিনি, তিনি চান বিরোধী দল থাকুক, সেই দল স্ট্রং দল হউক, সেই দলের থেকে প্রস্তাব আসুক, যে কাজের যুক্তিতে দেশের মানুষের উপকার হবে। আমরা এখানেও চাই বিরোধী দল থেকে ভাল কথা আসুক, ভাল সাজেশান আসুক যার দ্বারা মানুষের উপকার হবে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি লেখাপড়া জানিনা, তবে আমি তাঁদের বক্তৃতার মধ্যে এমন কোন সাজেশান পাই নাই, যার দ্বারা আমি এ্যাগ্রীকালচার মন্ত্রী হিসেবে যে এই করলে আরও উৎপাদন বাড়বে। আমি শুধু পেয়েছি পাইপ চুরি, পাম্প চুরি, কালা মজুমদার, ধলা মজুমদার, অমুক, তমুক। এটা দেশের গণতন্ত্রের সাজেশান নয়। মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে আমি বিরোধী দলকে অনুরোধ করব, উনাদের সাজেশান যদি থাকে, তারা যদি দেন, এবং সেটা যদি গ্রহণযোগ্য হয়, নিশ্চয়ই আমরা সেটা গ্রহণ করব। মাননীয় অধ্যক্ষ মহোদয়, অনেকে অনেক কথা বলেছেন। তার মধ্যে আছে যে পোকা মাকড়ের ঔষধ নেই। (গণ্ডগোল)

মিঃ স্পীকারঃ—প্লীজ গো অন।

শ্রীমনছুর আলিঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার শরীর ভাল নেই। তবুও বিরোধী দলের নেতা খোঁজ করেছেন বলে আমি এসেছি। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার যেকথা হচ্ছিল যে পোকা মাকড়ের ঔষধ নেই, সেই সম্পর্কে আমি বলছি যে পোকা মাকড়ের ঔষধই বলুন আর সারই বলুন, সমস্ত কিছু মিলিয়ে দিনের পর দিন চাহিদা বাড়ছে। তিন বছরের মধ্যে প্রায় শতকরা ২শ' থেকে ৩শ' বেড়েছে অর্থাৎ ডাবলেরও বেশী। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমরা যে বীজ ধান দেই, সেটা হল উচ্চ ফলনশীল বীজ ধান। সেই বীজ ধান আমরা বিলি করি। সেই বীজ ধান-এর অভাব নেই। আমরা নিজেরা সেটা এখানে উৎপাদন করি এবং সেটা বাজারে দিতে পারি। এমন কোন লোক

বলতে পারবেননা যে উচ্চ ফলনশীল বীজের ধান আমাদের ডিপার্টমেন্টে চেয়ে পান নাই। কিন্তু যদি বলেন শুধু বীজ, সেটা মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের সঙ্গতি নেই। তারা চান ত্রিপুরার মানুষকে ভিক্ষুক এর মত করে তাদের দিকে এগিয়ে নিয়ে যেতে আর আমরা চাই তাদের টেনে এনে কাজের মাধ্যমে তাদের প্রতিষ্ঠিত করতে। ত্রিপুরা মানুষও চায় কাজ করে বাঁচাতে, ভিক্ষুক হতে তারা চায় না। আমি খুব দুর্বল, আমি আর ডিটেলসের মধ্যে যাচ্ছি না। আমি আরেকটা কথা বলে আমার বক্তব্য শেষ করছি। সোনামুড়া এস, ডি, ও সম্পর্কে একটা কথা বলা হয়েছে। তিনি নাকি সোনামুড়া দুইজন মন্ত্রী থাকায় পদ্মশ্রী পেয়েছেন, আরও কি শ্রী নাকি পাবেন, সেইরকম একটা বক্তব্য এখানে উঠেছে। এই যে কথাটা সেটা অসত্য। এই ভদ্রলোক পদ্মশ্রী যখন পান, তখন সোনামুড়ার দুইজন মন্ত্রী ছিলেন না, একজন মন্ত্রীও ছিলেন না। তখন লেফটানেন্ট গর্ভণরের শাসন ত্রিপুরা রাজ্যে ছিল, তখনকার লেফটানেন্ট গভর্ণর, ঐখানকার যারা বিশিষ্ট কর্মী তাদের সার্টিফিকেটের মাধ্যমে উনি সেই পদ্মশ্রী পেয়েছেন। আমি জানিনা, এইরকম পদ্মশ্রী ভারতবর্ষের বহু জায়গায়, বহু ছেলে পেয়েছেন, ত্রিপুরার একটা ছেলে পদ্মশ্রী পেয়েছেন বলে তাদের এত গাত্রদাহের কি কারণ থাকতে পারে আমি বুঝিনা। ত্রিপুরার একটা মাত্র ছেলে পদ্মশ্রী পেয়েছে। তারা কি চান না যে ত্রিপুরা ছেলেরা মানুষের মত বাঁচুক, আমি ক্ষুদ্র মনে এটা বুঝতে পারছিনা। কারণ যে এস, ডি, ও তার অফিসে যেয়ে নথিপত্র ছিড়ে ফেলেছে, তবুও সে চুপ করে বসে রয়েছেন, তথাপি কারও গায়ে হাত দেননি, সমর বাবু বা তার দলকে তিনি একটা কথাও বলেননি। কিছুদিন আগে এই বিধানসভায় যেমন মাননীয় সদস্য টেবিলে উঠে নেচেছেন, এই ধরণের ঘটনা সেখানে ঘটেছিল, তথাপি তিনি কারও উপর কোন হাত দেননি। আরেকটা কথা, আমি আইন কানুন বুঝিনা, ভুল হতে পারে তবে আমি যেটা বুঝি সেটা বলছি। জজ কোর্টের আদেশকে অমান্য করে নাকি এস, ডি ও সাহেব কিছু লোককে এ্যারেস্ট করেছেন, আমি যতটুকু বুঝি, সেটা সত্য নয়। একটা কেসে তারা এ্যারেস্ট হয়েছিলেন। আমাদের এখানে জেলখানা নেই। ২০ তারিখে তাদের আগরতলা জেলে পাঠান হয়। সেখানে দুই মাস থাকার পর তাদের ছেড়ে দেওয়া হয়। ২২ তারিখে তারা মেলাঘরে হেড মাস্টারের বাসা আক্রমণ করে ঐ সমর বাবুর দল। হেডমাস্টারের ছেলে মেয়ে ৪।৫।৬ বছরের শিশু এবং তার স্ত্রী চীৎকার করে এবং সেই কেসে তাদের আবার ধরা হয়, আর এখানে বলছেন যে জুডিশিয়েল মেজিস্ট্রেটের আদেশকে অমান্য করে তাদের এ্যারেস্ট করা হয়েছে, এটা সম্পূর্ণ অসত্য কথা তারা পরিবেশন করেছেন। আমার এ্যাগ্রিকালচার ডিপার্টমেন্ট সম্পর্কে অনেক কিছু বলার ছিল, কিন্তু আমার অসুস্থতার দরুণ বলতে পারছি না। আমি অনাস্থা প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য এখানে শেষ করছি। জয় হিন্দ্।

শ্রীযদুপ্রসন্ন ভট্টাচার্য :---মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের বিরোধী দলের নেতা নৃপেনবাবু যে অনাস্থা প্রস্তাব এনেছেন এই প্রস্তাবের প্রতি আমার কোন আস্থা তো নেই আমার সমর্থনও নেই। আমরা লক্ষ্য করেছি বিরোধী দলের তারা রাজনৈতিক পুঁজি হিসাবে কংগ্রেসের দোষত্রুটিকেই তারা আঁকড়ে ধরে থাকেন। তাদের রাজনৈতিক পুঁজি বলতে যে জিনিষ সেটা কংগ্রেসের দোষ ত্রুটি। সেটা পর্ব্বত প্রমাণ রূপে এই হাউসে উপস্থিত করে তাদের পুঁজিকে বাড়িয়ে নিয়েছে। এর বেশী তাদের কোন উদ্দেশ্য এই অনাস্থা প্রস্তাবের পক্ষে ছিল না। তার ভাল করেই জানেন যে এই অনাস্থা প্রস্তাব পাশ হবে না। তাই তারা বাইরে তাদের রাজনৈতিক পুঁজিকে বাড়িয়ে নিলেন। সেটা অবশ্য সিদ্ধ হয়েছে। আমি বলতে চাই প্রধানত এই সরকারের বিরুদ্ধে তিনটা প্রধান অভিযোগ তারা এনেছেন। এই সরকারের উপজাতি নীতি, এই সরকারের শাসন ক্ষমতা পরিচালনায় দুর্নীতি ইত্যাদি বলেছেন গতানুগতিক প্রথায়। মূলতঃ এই তিনটা বিষয়ের উপর তারা জোর দিয়েছেন। প্রধানতঃ আদিবাসী এলাকার কথা, উপজাতি রিজার্ভতুলে নেওয়ার কথা তারা যা বলেছেন সেটা শুধু সরকারের বিরুদ্ধে অপপ্রচার এবং উত্তেজনা সৃষ্টির জন্য করছি এবং উপজাতিদের মধ্যে একটা কম্যুন্যাল মনোভাব প্রতিষ্ঠিত করার জন্য অপচেষ্টা তারা করছেন। যে অপচেষ্টার মধ্যে উপজাত যুব সমিতি বিচ্ছিন্নতার নীতির

সমর্থক হচ্ছেন অথচ বাইরে দেখাচ্ছেন যে তাদের সঙ্গে তাদের কোন মিল নাই। একটা কম্যুনিস্ট পার্টি অন্যান্য রাষ্ট্রের অন্যান্য জগতের সঙ্গে একটা বিভেদ সৃষ্টি করতে যে এগিয়ে আসতে পারে কোন কম্যুনিস্ট পার্টির এই নীতি থাকতে পারে বলে আমি বিশ্বাস করি না। আমি বলতে চাই এই সরকার উপজাতিদের রিজার্ভ নষ্ট করে নি। মহারাজার আমলে যে এলাকা নির্ধারিত ছিল, কোন বাস্তবে রিজার্ভেশন এলাকা নাই। কিন্তু রিজার্ভেশান রয়েছে উপজাতিদের জমি হস্তান্তরের ব্যাপারে কাজ করেছে। উপজাতিদের দখলে যে জমি সেটা অটুট রয়েছে। তবে বলতে পারেন কোন্ জিনিষটা নাই রিজার্ভ এলাকা যেটা মহারাজার আমলে নির্ধারিত ছিল সেটা নাই। সেটাতে তুলে দেওয়া হয়েছে। কারণ আমরা জানি যে মহারাজার আমলেই এই উপজাতি রিজার্ভ এলাকার অস্তিত্ব ছিল না। আমরা লক্ষ্য করব এই রাজ্যে কৃষি যোগ্য ভূমি কিভাবে হস্তান্তরিত হয়েছে। কিছু সংখ্যক বাঙালী জোতদারকে মহারাজা ভূমি বন্দোবস্ত দিয়েছেন যারা উকিল হিসাবে এসেছিল, রাজকর্মচারী হিসাবে এসেছিল, ডাক্তার হিসাবে এসেছিল সেই সমস্ত বাঙালীকে মহারাজা কিছু জমি বন্দোবস্ত দিয়েছিলেন। মহারাজার পারিবারিক রিলেশনে যারা ছিল, কিছু কিছু ঠাকুর লোক, তাদের দিয়েছিল, যারা রাজপরিবারের সঙ্গে সম্পর্কিত। খুব বেশী জোতদার তালুকদার ছিল না। তখন আদিবাসী যারা জুম চাষী ছিল, রিয়াং যারা ছিল তাদের মধ্যে একটা রাজনৈতিক চেতনা জাগল যে বাইরে থেকে মহারাজা যে সমস্ত বাঙালী আনছেন তারা এবং কর্তা ফ্যামিলীর লোকেরা যদি কৃষিযোগ্য ভূমি নিয়ে নেয় তা হলে আমরা যারা জুমিয়া রয়েছি আমরা কিছুই পাব না। তখন তাদের মধ্যে একটা আন্দোলন গড়ে উঠে। খোয়াইর শ্রীরামঠাকুর, আজকে তিনি নেই, তিনি মহারাজকে প্রথম ধরেন যে তোমরা কর্তা ফ্যামিলীদের জোত বন্দোবস্ত দিচ্ছ, তোমরা বাঙালীদের বাইরে থেকে যারা উকিল, ডাক্তার, কর্মচারী হিসাবে আসছে তাদের অল্প অল্প জমি বন্দোবস্ত দিচ্ছ। সমতল এলাকা যদি তাদের হাতে চলে যায় তা হলে আমরা বাঁচব না। আমাদের জন্য রিজার্ভ করে কিছু এলাকা রক্ষা কর। রামঠাকুরের দরবারে এবং বিভিন্ন সরদারদের চেষ্টায় মহারাজা ১৯৩১ সালে একটা এলাকা রিজার্ভ রাখেন। মহারাজা বাঙালী যাদের জমি বন্দোবস্ত দিয়েছিলেন, কর্তা ফ্যামিলীর যাদের জোত বন্দোবস্ত দিয়েছিলেন তারা কেউ নিজেরা চাষ করেন নি। তারা চাষ করিয়েছেন গারো, মুণ্ডা, সাঁওতাল, তাঁতী ইত্যাদি যারা বৃটিশ রাজত্ব থেকে এসেছে-তাদের দিয়ে। বাঙালী যারা জোতদার ছিলেন তাদের জমিও চাষ করেছেন যারা মুসলমান, তাঁতী, সাঁওতাল ইত্যাদি। এরা ছিল বর্গাদার, কোর্ফাদার। ত্রিপুরা রাজ্যে যে কোর্ফা স্বত্ব ছিল সেই স্বত্ব ভারতবর্ষে আর কোথাও নেই। সেই স্বত্ব ছিল এই যে আদিবাসীদের জন্য যে রিজার্ভ আছে সেই রিজার্ভ এলাকায় তাদের জমি অন্যান্য সম্প্রদায়ের লোক দিয়ে চাষ করাতে পারবে। কিন্তু রিজার্ভ এলাকায় তাদের কোন স্বত্ব থাকবে না। সেই সমস্ত বর্গাদারদের আবাদকারী মুসলমানদের, হিন্দুস্থানীদের তারা জমি চাষ করতে দিত। দেব বর্মা বা ঠাকুর ফ্যামিলীর লোকেরা চাষ করত না। আমাদের বিরুদ্ধ যারা সদস্য আছেন এর মধ্যে বেশ কয়েকজন আছেন যারা পূর্বতন রিজার্ভ এলাকার কোন জোতদার বা তালুকদারের ছেলে। তাদের আমি জিজ্ঞাসা করতে চাই যে তারাই বলুন তাদের জমি তারা নিজেরাই চাষ করতেন না মনিপুরি, মুসলমান দিয়ে চাষ করাতেন। আমরা জানি রিজার্ভ এলাকায় মহারাজার আমলে সাওতাল এসেছে, উড়িয়া এসেছে, মনিপুরী এসেছে, আর এসেছে বিরাট সংখ্যক মুসলমান। এরাই করেছে কৃষি কাজ। কোন জোতদার বা তালুকদার চাষে নামে নি। আজকে আমি জিজ্ঞাসা করতে চাই বিরোধী দলের নেতাদের যে ল্যাণ্ড রিফর্ম অ্যাক্ট তো আপনারা করেছেন যার স্পিরিট হল 'ল্যাণ্ড টু দি টিলার্স'। যারা জমি চাষ করবে তারা হবে জমির মালিক। যদি তাই হয়ে থাকে, তাহলে মহারাজার আমলে যে সমস্ত কোর্কদার মুসলমান, যারা আপনারা জোতদার এবং তালুকদার রিজার্ভ এলাকায় বসেছিলেন কিন্তু জমি চাষ করেন নি, আপনাদের জমি ঐ মুসলমানেরাই চাষ করেছে তারা পার্টিশান হওয়ার পর চলে গিয়েছে। কাজেই আজকে যদি তারা এখানে থাকত, তাহলে মহারাজার আমল থেকে যারা জমি চাষ করছে বা আবাদ করছে কোর্ফাদার হিসাবে আপনাদের জমি ভোগ দখল করছে বা চাষ বাস করছে, ল্যাণ্ড রিফর্মস এ্যাক্ট অনুযায়ী আপনারা তাদের সর্তকে স্বীকার না

করে পারতেন, তা আপনারা কখনও পারতেন না। ল্যাণ্ড টু দ টিলার্স-ল্যাণ্ড রিফর্মস এ্যাক্ট যে স্পিরিট, তাকে আপনারা অবজ্ঞা করতে পারতেন না এবং কমিউনিস্ট পার্টি হিসাবেই আপনারা তা করতে পারতেন না। তাই আমরা এই কথা বলতে চাই এই যে উদ্বাস্তুরা এসেছে, তারা কাদের প্রতিনিধি হয়ে এসেছে বা তারা কাদের পরিবর্তে এসেছে। তারা এসেছে আপনাদের জমিতে যে সমস্ত মুসলমান চাষ বাস করত, যে সমস্ত আদিবাসী বা অন্যান্য সম্প্রদায়ের লোকেরা যেমন হিন্দুস্থানীরা চাষ বাস করত, বেশী সংখ্যায় চাষ বাস করত সেই মুসলমানেরা, সেই সমস্ত মুসলমানেরা হাজার হাজার পরিবার অমরপুর থেকে চলে গিয়ে, সদর থেকে হাজার হাজার কৃষক মুসলমান গরিমার চলে গিয়েছে। কাজেই আদিবাসীদের জমি যারা চাষ আবাদ করত, তারা যদি এখানে থাকত তাহলে তাদের আমরা জমি রেকর্ড না করে কি পারতাম ঐ ল্যাণ্ড রিফর্মস এ্যাক্ট অনুযায়ী, পারতাম না। কাজেই তাদের সঙ্গে জায়গা জমি বিনিময় করে যে সমস্ত উদ্বাস্তু এসেছে তাদের নামে যদি ল্যাণ্ড রেকর্ড হয়ে থাকে তাহলে আমি মনে করি না যে কংগ্রেস সরকার কিছু অন্যায় করেছে। সেজন্য আমি বলতে চাই যে ভুল যদি কেউ করে থাকে, তাহলে সেটা করেছে এই কমিউনিস্ট পার্টি এবং মহারাজার আমল থেকে আপনারা সেটা করে এসেছেন, কারণ তখন আপনারা একটা বা মধ্যযুগীয় মনোভাব নিয়ে থাকতেন। তখন মহারাজা কি চেয়েছিলেন? মহারাজা চেয়েছিলেন যে জুমিয়ারা সমস্ত ভূমিতে নেমে আসুক এবং তারা নিজেরাই চাষ আবাদের কাজ করুক। কিন্তু আমরা সেই সময়ে দেখেছি যে তারা নিজেরা কেউ চাষবাদ করত না। তারপর যখন বাংলাদেশ থেকে উদ্বাস্তুরা এসেছে, তখনও আপনারা তাদেরকে বাধা দেন নি, অন্তত: আজকে যেভাবে আপনারা তাদের জন্য আন্দোলন করছেন, সে ভাবে তখন আপনারা কোন আন্দোলন করেন নি। কাজেই বাংলা দেশ থেকে যখন হাজার হাজার উদ্বাস্তু এসেছে এবং তাদের জন্য রিজার্ভ এলাকাতে যখন কলোনী করা হয়েছে, তখন ট্রাইবেলদের বহু জমি ননট্রাইবেলদের কাছে ট্রেন্সফার করা হয়েছে এবং এই সব ট্রেন্সফারের ক্ষেত্রে যে ডকুমেন্ট হয়েছে, তাতে সাক্ষী রয়েছেন আপনাদেরই আঞ্চলিক কমিটির সদস্যারা অর্থাৎ বে-আইনি যে সমস্ত ট্রাইবেলের সম্পত্তি অট্রাইবেলদের কাছে ট্রেন্সফার হয়েছে তাতে আপনারা নিজেরা স্বাক্ষর করেছেন। কিন্তু কেন করেছেন? না তাতে আপনাদের স্বার্থ ছিল, কারণ ঐ সব উদ্বাস্তুদের ভোটে আপনাদের সদস্য দশরথ দেব পার্লামেন্ত গিয়েছেন, বীরেন দত্ত পার্লামেন্টে গিয়েছেন, তখনকার সময়ে আপনাদের নীতি ছিল সাপও মারব, কিন্তু লাঠি ভাঙ্গব না, অর্থাত সেই সময়ে আপনারা না বর্জন, না গ্রহণ নীতি নিয়ে আপনাদের রাজনৈতিক উদ্দেশ্যকে সিদ্ধ করার স্বার্থকেই লক্ষ্য করে দেখেছেন, ট্রাইবেলদের স্বার্থকে আপনারা বড় করে দেখেন নাই। কাজেই ট্রাইবেলদের স্বার্থকে যদি আপনারা তখন বড় করে দেখতেন তাহলে কোন মতেই এই যে জমিগুলি বে-আইনি হস্তান্তর হয়েছে এবং বে-আইনীভাবে সাদা কাগজে উপর যে ডকুমেন্ট হয়েছে, তাতে আপনাদের সমিতির সদস্যরা স্বাক্ষর দিতেন না। আমি এই ধরনের হাজার প্রমাণ দেখাতে পারব ঐ ঘিলাতল্লীতে, ঐ মহারানীতে, ঐ তেলিয়ামুড়াতে, ঐ হাওয়াই বাড়ীতে এবং তুইচিন্দ্রাবাড়ীতে, সেখানে আপনাদের আঞ্চলিক কমিটির সদস্যরা সাদা কাগজে বে-আইনী জমি সস্তান্তরের ডকুমেন্ট স্বাক্ষর করেছেন। তারপর আমরা আরও দেখেছি জুমিয়া পুনর্বাসনের বেলায় আমাদের তখনকার যে প্লেন বা স্কীম ছিল, তাতে তাদেরকে ৫০০ টাকা করে দেব এবং এককালীন তাদেরকে ৩০০ টাকা করে দেওয়া হয়েছে এবং বাকী যে ২০০ টাকা সেটা দিতে অনেক ক্ষেত্রে হয়তো আমাদের দেরী হয়ে গিয়েছে, কিন্তু আমরা তাদের অনেককে জুম থেকে সমতলে নামিয়ে এনেছি, অথচ তারা সময় মত টাকা পায়নি বলে অনেক আবার ডেজার্ট, করে চলে গিয়েছে। কিন্তু তখন যদি আপনারা আন্দোলন করে অন্ততঃ যারা আপনাদের ফলোওয়ার্স ছিল, যারা ঐ রকম জুমিয়া রিহেবিলিটেশান পেয়েছে বা খাস জমি বন্দোবস্ত পেয়েছেন এবং সাথে কিছু টাকাও পেয়েছেন, তারা যদি নন-ট্রাইবেলদের কাছে তাদের বন্দোবস্তের জমির দখল বিক্রি না করে খেতেন, তখন আপনারা কোথায় ছিলেন, তখন আপনারা তাদেরকে বাধা দিলেন না কেন? তখন কি তাদের জন্য আপনাদের কোন নৈতিক দায়িত্ব ছিল না যে তোমরা আদিবাসী তোমাদের জন্য রিহেবিলিটেশান এর ব্যবস্থা রয়েছে, সরকার তোমাদের পুনর্বাসনের জন্য

কৃষিযোগ্য জমি বন্দোবস্ত দিচ্ছে, তোমাদের পুনর্বাসনের জন্য টাকা দিচ্ছে, তোমরা এখানে মাটি কামড়িয়ে পড়ে থাক, আমরা তোমাদের জন্য আন্দোলন করব যাতে টাকার পরিমাণ আরও বাড়ানো হয়, তবু তোমরা এই জমি ছেড়ে যেওনা, আর যদি বা এই জমি ছাড় তাহলে ভবিষ্যতে আর জমি পাবে না, সেই রকম কোন আন্দোলন আপনারা করেছেন কি? তখন করেন নি, অন্ততঃ আমরা আপনাদেরকে সেই রকম কোন আন্দোলন গড়ে তুলতে দেখি নি। কাজেই আজকে বৃহত্তর সংখ্যক উদ্বাস্তু আসার পর, আদিবাসীদের হাত থেকে যদি জমি চলে গিয়ে থাকে, তার জন্য শুধু সরকারকেই দায়ী করতে পারেন না, সরকারের আইন তো ছিলই, তাদের জন্য রিজার্ভেশান ছিল, সেই রিজার্ভ উঠিয়ে দেওয়া হয়েছে এই বছর মাত্র। কিন্তু এর আগে পর্য্যন্ত শচীন বাবুর সময় পর্য্যন্ত এই রিজার্ভ ছিল, ১৮৭ সেক্সান ছিল, কৈ আপনারা তো তাদের জন্য কিছুই করেন নি। আপনারা তাদেরকে রক্ষা করবার জন্য কোন আন্দোলন গড়ে তুলেন নি, আপনাদের নীরব সমর্থনে আদিবাসীদের সম্পত্তি অ-আদিবাসীদের হাতে হস্তান্তরিত হয়ে গেছে, কারণ তখন সেখানে আপনাদের পার্টির স্বার্থ ছিল, আপনারা দেখেছেন যে হাজার হাজার উদ্বাস্তুর ভোটে আপনারা দশরথ দেব এবং বীরেন বাবুকে পার্লামেন্টে পাঠিয়েছেন মেজর সংখ্যক ভোটে। কাজেই আজকে আদিবাসীদের স্বার্থের দিকে নজর দিয়ে যদি এই উদ্বাস্তুদের তাদের জমি থেকে উৎখাত করতে চান, তাহলে আপনাদের পলিটিক্যাল স্বার্থ থাকবে না। তাই না গ্রহণ না বর্জন, সাপও মারব অথচ লাঠি ভাঙ্গব না, এই নীতিতে আপনারা আন্দোলন করছেন। আজকে যখন দেখছেন সত্যি সত্যি আদিবাসীরা নিজেদের স্বার্থে এগিয়ে এসেছে, তখনই আপনাদের চৈতন্য উদয় হয়েছে তাই এখন আপনারা উদ্বাস্তুদের নিন্দা করছেন, নিন্দা করছেন তাতে আমাদের কোন আপত্তি নাই। কিন্তু কংগ্রেসের দোষ কোথায়? কংগ্রেসের কোন দোষই সেখানে নাই, আজকে কংগ্রেসে সত্য এবং বাস্তব জিনিষটাকে স্বীকার করে নিয়েছে। আজকে সরকার রিজার্ভেশান উঠিয়ে দেয় নি, কিন্তু রিজার্ভ এলাকা উঠিয়ে দিয়েছে, এই রিজার্ভ এলাকার এখন কোন চিহ্ন নাই, এমন কোন জায়গা আপনারা চিহ্নিত করতে পারবেন না এই আজকে রাইমা শর্মাতে যান, সেখানে আদিবাসী ছাড়া অ-আদিবাসীরাও সমভাবে পাশাপাশি বসবাস করছে, আজকে কাঞ্চনপুর, দশদাতে যান সেখানেও আদিবাসী আছে এবং তাদের পাশাপাশি অ-আদিবাসীরাও আছে। কাজেই কোন জায়গায় এমন জমি রয়েছে, যেখানে আপনাদের জন্য রিজার্ভ করে রাখা যায়, জমি কোথাও নেই, সমস্ত জমি দখল হয়ে গিয়েছে, বিশেষ কোন এলাকাকে রিজার্ভ করে রাখার কোন উপায় নেই। কারণ সমস্ত জায়গাতেই আদিবাসী, অ-আদিবাসী মিলেমিশে পাশাপাশি বসবাস কাজেই আজকে যেটা সত্য, সেটাকে মিথ্যা বলার কি অর্থ আছে? আর যার ফলে কি হচ্ছে, ফল হচ্ছে একটা ডেড লক বা একটা স্টেগনেশান এর সৃষ্টি হয়ে আছে। সেই স্টেগনেশানটা কি? না লক্ষ লক্ষ, কোটি কোটি টাকার সম্পত্তি সাদা কাগজে বিনিময় হয়েছে। আমি সেই ঘিলাতলীতে, মহারাণীতে, এবং কৃষ্ণপুর মৌজায় প্রায় ৪ কোটি টাকার আদিবাসীর সম্পত্তি অ-আদিবাসীদের কাছে বিনিময় হয়েছে, হস্তান্তরিত হয়েছে। কিন্তু সেই জমি তাদের নামেও পার্মেনেন্টলী সেটেল্ড হচ্ছে না আবার আদিবাসীদের নামেও সেটেল্ড হচ্ছে না, আবার সেই জমির খাজনাও আদায় করা হচ্ছে না, তারা এগ্রিকালচার ডেভেলাপ্‌মেন্টের জন্য কোন ঋণও নিতে পাচ্ছে না, কারণ তাদের জমিতে টাইটেল এষ্টাব্লিষ্ড হয় নি যার ফল হয়েছে আমাদের রেভিনিয়্যু ফল করিছে, জমিতে আমাদের প্রডাক্‌শন বাড়লে এগ্রিকাল্‌চার ডেভেল্যামেন্টের যে বিনিফিট আমরা নিতে পারতাম, সেটাও নিতে পারছি না। এই রকম একটা ডেড লক এসেছে। কাজেই এই রকম একটা সমস্যার সমাধানের যে বাস্তব অবস্থা, সেটাকে সরকার স্ব্যকার করে নিয়েছেন' এবং সেই রিজার্ভ এলাকাকে উঠিয়ে দেওয়া হয়েছে কিন্তু রিজার্ভেশানটাকে রাখা হয়েছে। রিজার্ভ বলতে রিজার্ভ ফর আদিবাসী, তাদের পজিসানে যে জমি রয়েছে, তারা ছাড়া অন্য কোন সম্প্রদায়ের কাছে হস্তান্তর করা যাবে না। তাই আমি বলি যে আজকে রিজার্ভ এলাকাটা সারা ত্রিপুরাতে ব্যাপকভাবে সম্প্রসারিত হয়েছে। আর এই কথাই আমাদের শেষ কথা নয় যে কোন এলাকাকে রিজার্ভ এলাকা করা যায় কিনা, সে কথা আমরা ভাবতে রাজি নয়। আপনারা তো সেন্ট্রাল গভর্ণমেন্টের কাছে ডেপুটেশান দিয়েছেন, এই গভর্ণমেন্টের কাছে ডেপুটেশান

দিয়েছেন, উপজাতি সমিতির থেকে ডেপুটেশান দিয়েছেন এমন কি কমিউনিষ্ট পার্টির থেকে ডেপুটেশান দিয়েছেন, কোথাও কি আমরা এই কথা বলে দিয়েছি যে আমরা রিজার্ভ এলাকার কথা আর চিন্তা করব না। আমরা হয়তো ভবিষ্যতে চিন্তা করে দেখব যে এই রকম কোন একটা এলাকা করা যায় কিনা, সেন্ট্রাল গভর্ণমেন্ট তো সেটা আপনাদের কাছে ডিনাই করেন নি যে এই রকম কোন এলাকা করা যায় না। কাজেই এই আন্দোলন কেন? কাজেই এই বিচ্ছিন্নতার আন্দোলনকে আপনারা কেন জোরদার করছেন? তারপরে আমরা এই কথাও বলতে চাই যে পলিটিক্যাল রাইট যেগুলি আছে এ্যাজ আদিবাসী, সেগুলি তো আপনারা পাচ্ছেন, তাছাড়া ইকোনমিক রাইট যেটা, সেটাও আপনারা পাচ্ছেন। আপনাদের একটা দাবীই আছে, সেটা হচ্ছে বিশেষ একটা এলাকাকে যাতে রিজার্ভ এলাকা করা যায় তাহলে এ্যাড্‌মিনিস্ট্রেশনের দিক দিয়ে আপনারা একটা অধিকার লাভ করতে পারেন, সেটা হচ্ছে শাসনের অধিকার। তাছাড়া পলটিক্যাল রাইটতো রয়েছে যেমন এ্যাসেম্বলীতে রিজার্ভেশানের রাইট আছে, ইকোনমিক রাইট আছে। আপনারা চান বিশেষ একটা এলাকা যদি রিজার্ভ রাখা হয় তাহলে সেখানে এডমিনিস্ট্রেশান রাইট, সেখানকার এডমিনিস্ট্রেটিভ পাওয়ারটা আমরা সেখানে এক্সারসাইজ করতে পারব। সেই উদ্দেশ্যে আপনাদের বিশেষ এলাকা ছেড়ে দিতে চাইছেন সেটা আমরা বুঝি। আপনারা চাইছেন আপনাদের বিশেষ একটা পকেট আদিবাসী, উপজাতির পকেট সেই পকেটে আমরা শাসন ক্ষমতা পরিচালন করব। সেটাতো আমরা ডিনাই করি নি। সেই ৫ম তপশীল বলুন ৬ষ্ঠ তপশীল বলুন সেটা এখানকার আবহাওয়ার এখানকার বাস্তব অবস্থায় যেটি গ্রহণ-যোগ্য হয় সেটা আমরা ভবিষ্যতে গ্রহণ করব না, আমরা সেটি চিন্তা করে দেখব না, কথাতো আমরা বলিনি সেন্ট্রাল গভর্ণমেন্টেও বলেনি এই গভর্ণমেন্টেও বলেনি? তাহলে আপনারা কি করে বলেন এই সরকার ৬ লক্ষ আদিবাসীর মৃত্যু দণ্ড দিয়েছে? কাজেই এই ভাওতা দিয়ে---যেখানে আদিবাসী, বাঙ্গালী এবং অন্যান্য সম্প্রদায় পরস্পর মিলিত ভাবে বসবাস করছে একই স্কুলে পড়ছে একই বিচারালয়ে যাচ্ছে একই সিনেমা হলে একই কালচার সেখানে দেখতে এনজয় করছে---আপনারা তাদের মধ্যে কেন এই বিভেদ সৃষ্টি করছেন? আমরা দেখছি আজকে একজন উদ্বাস্তু সেই রাইমাতে কাঞ্চনপুরে উদ্বাস্তুরা আদিবাসীদের সঙ্গে যে ভাবে পাশাপাশি বসবাস করছে তাদের জীবন যাত্রার সঙ্গে কি তাদের দৈনন্দিন দুঃখ দুর্দশা এক নয়? বাংলা দেশের সভ্য সমাজের থেকে বিচ্যুত হয়ে কোন পাহাড় এলাকায় যেখানে কোন সামাজিক সমন্ধ নেই সমাজ থেকে দূরে সরে গিয়ে গভীর জঙ্গলের মধ্যে সেই পাহাড়ী ভাইদের সঙ্গে মিলে মিশে যারা বাস করছে তাদেরই মত জঙ্গল থেকে বাঁশ কেটে নিয়ে রান্না করছে খাচ্ছে জুম করছে তাদের জীবন যাত্রার সঙ্গে নিজেদের মিলিয়ে নেওয়ার চেষ্টা করছে আজকে তাদের রক্ষা করার দায়িত্বও আপনাদের রয়েছে। শুধু অ-আদিবাসীর কথাই বলুন কেন আদিবাসীদের মধ্যেও এক সম্প্রদায় অন্য সম্প্রদায়কে কি পি-ডমিনেট করছে না? আপনারা যান দেখি সেই খাসিয়া হিলে, জম্পুই হিলের কথা বলছি সেখানে থেকে কি রিয়াংদের সরিয়ে দেয়নি খাসিয়ারা লুসাইরা কি রিয়াংদের সরিয়ে দেয়ন? এক একটা এলাকা তারা দখল করে রাখেনি? আমরা দেখছি এই মহারাজার আমলের পরেও আমরা দেখছি মনু, ছামুন, ছৈলেংটাতে রিয়াংরা এখানে এক হয়ে থাকতে পারেনি। সেখানে চাকমারা রিয়াংদের পি-ডমিনেট করেছে। আমরা দেখেছি তেলিয়ামুড়া এলাকায় মহারাণীতে তুইসিংরায় এই সব জায়গা থেকে দেববর্মারা রিয়াংদের প্রি-ডমিনেট করেছে। তেলিয়ামুড়া নদীর পূর্ব পাড়ে বেচারায় রিয়াং চৌধুরী পাড়া বাজীরায় রিয়াং চৌধুরী পাড়া বলচাম রিয়াং চৌধুরী পাড়া---ভাণ্ট ল্যাণ্ড রিয়াংদের জোত। ওরা বাধ্য হয়েছে দেববর্মা জোতদারদের কাছে সমস্ত জোত বিক্রি করে মনু এলাকায় গিয়ে জুম চাষ করতে। পাহাড়ীদের মধ্যেও রয়েছে এমন ট্রাইব যাদের নন-সিডিউল্ড ট্রাইব বলে স্বীকার করা উচিত। তারাও অন্যদের তুলনায় তারা এতখানি হয়েছে---চারদিক দিয়ে জীবন যাত্রার দিক দিয়ে বিভিন্ন এমেনেটিজের দিক দিয়ে এতবেশী এনলাইটেন হয়েছে আজকে তারাও তাদের আর একটা সম্প্রদায়কে প্রি-ডমিনেট করছে। যে জন্য আমি বল্লাম যে মহারণীতে যে সমস্ত রিয়াং জোতদার ছিল দেববর্মাদের কাছে প্রি-ডমিনেট হয়েছে। কাজেই রিজার্ভেশানই এক মাত্র কথা নয় রিজার্ভেশানই একমাত্র উদ্দেশ্য নয়

যা একটা জাতির স্বার্থ রক্ষিত হতে পারে। আগেতো ন্যাশনেল স্বার্থ জাতীয় স্বার্থ। আমরাই করে নিয়েছি অনুন্নত সম্প্রদায় বলে তাদের জন্য কতগুলি প্রিভিলেজ আমরা রক্ষা করে চলেছি। সেগুলি এই কংগ্রেসে সরকার নষ্ট হতে দেয়নি। ইকনমিক রাইট ইজ দেয়ার পলিটিকেল রাইট ইজ দেয়ার---আপনারা এডমিনিস্ট্রেটিভ রাইট চাইছেন আপনারা শাসন ক্ষমতা চাইছেন বিশেষ একটা এলাকা চাইছেন যেখানে আপনার পাহাড়ীদের উপর আপনাদের শাসন ক্ষমতা পরিচালনা করতে পারবেন। সেটি ভবিষ্যতে দেখা হচ্ছে। যদি অনুকুল হয় সেই জাতীয় পরিবেশ অন্য কোন সম্প্রদায়ের স্বার্থকে বলি না দিয়ে যদি সেটি করা যায় দেখা যাবে ভবিষ্যতে---তাহলে এই আন্দোলন কেন? এই আইন অমান্য আন্দোলন কেন, ওদের লেলিয়ে দিচ্ছেন কেন, ট্রাইবেলদের এই সরকারের বিরুদ্ধে? কাজেই আমার কথা হচ্ছে এই যে আজকে আপনাদের এই আন্দোলন কোন জাতীয়তা বোধের দৃষ্টিভঙ্গী থেকে নয়। এই আন্দোলন বিচ্ছিন্নতা বাদের উপর নির্ভর করে। আজকে উপজাতিরা এই বিচ্ছিন্নতাবাদের উপর গাইডেড হয়ে আপনাদের হাতছাড়া হয়ে যাচ্ছে---তাদের হাত থেকে উপজাতিদের ছিনিয়ে আনতে হবে তাদের সামনে আপনাদের আন্দোলন পরিচালিত করতে না পারলে সেই সুরে সুর মিলিয়ে শ্লোগান দিতে না পারলে আজকে তাদের আর আপনারা রাখতে পারছেন না বলেই আপনারা আপনাদের নীতি বিসর্জন দিয়ে এই জাতীয় আন্দোলনকে আপনারা সমর্থন করছেন। এর বিষময় ফল আপনাদের ভোগ করতে হবে। কমিউনিষ্ট পার্টি হিসাবে আপনাদের ভোগ করতে হবে। আপনারা আজকে মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, সি, পি, এম পার্টি সব চাইতে ব্যস্ত হয়ে পড়েছ এই উপজাতি যুব সমাজের জন্য। কারণ তাদের সেন্স হয়েছে যে উপজাতি যুব সমাজের শক্তি বৃদ্ধি হচ্ছে। আজকে কেন তারা এটা করছে---এই কারণে যে ঐ যে আপনাদের না গ্রহণ না বর্জন নীতি তার ফল আজকে ভোগ করছেন তারা। এই যে নীতি সেই নীতির সাপও মারব না লাঠিও ভাঙ্গব না এই জন্য উপজাতি যুব সমাজের স্ট্রেংথ বাড়ছে। আমরাও চাই না যে উপজাতি যুব সমাজের স্ট্রেংথ বাড়ুক। কারণ তাঁরা কোন জাতীয় ভাবে উদ্বুদ্ধ নয়। তাদের পিছনে রয়েছে সবগুলি বৈদিশিক শক্তি। আপনারা যদি সত্যিকারের জাতীয়তা বোধ থাকে আপনাদের যদি কোন প্রগ্রেসিভ আউটলুক থেকে থাকে তাহলে আসুন যেটি সত্যিকারের সমাধানের পথ সেটিকে সমাধান করার পথে আমদের সঙ্গে সহযোগীতা করুন এবং এই বিচ্ছিন্নতা আন্দোলনকে প্রত্যাহার করুন। এছাড়া এই সমস্যার সমাধান হতে পারে না। ট্রাইবেলরা আমাদের পর নয়। আমরা দেখছি এই উদ্বাস্তু শত শত লক্ষ লক্ষ উদ্বাস্তু এসেছে। ট্রাইবেলদের সমর্থন তারা পেয়েছে। ট্রাইবেলদের মানবিক আচরণ তারা উপলব্ধি করেছে। আজকে এত দীর্ঘদিন তারা শান্তিপূর্ণ ভাবে বসবাস করল---আমরা আসামে দেখেছি ট্রাইবেল, নন-ট্রাইবেল, বাঙ্গালী, আসামী মিলিয়ে একটা এনলাইটেন স্টেট অথচ সেখানে এই রকম সাম্প্রদায়িক বিভেদ। কিন্তু ত্রিপুরাতে একটা নেই? কোন সাম্প্রদায়িকতা এখানে ছিল না। আজকে কেন এই আগুন নিয়ে আপনারা খেলছেন আপনারা একবার ভেবে দেখুন। এবং সমাধানের আর কোন দ্বিতীয় ব্যবস্থা যদি থাকে তাহলে আপনারা তাও ভেবে দেখুন। সেই ব্যাপারে আমরা আপনাদের সঙ্গে সহযোগীতা করতে রাজি আছি। আর দুর্নীতির কথা বলেছেন, দুর্নীতি নাই এই কথা আমরা অস্বীকার করিনা। দুর্নীতি, এক কথায় বলতে গেলে ইট হ্যাজ বিন ডিমো-ক্রেটাইজড। আজকে যারা দুর্নীতি দুর্নীতি বলে চীৎকার করে, তারাও---অন্যে দুর্নীতি করে আমি পারছি না আমার সেই সাহস নেই রকম এই মনোভাবের লোকেরাই দুর্নীতি দুর্নীতি বলে চীৎকার করছে। আমরা এটা দেখেছি। যদি এরা দুর্নীতির পরিবেশে থাকে এই জাতীয় দুর্নীতির অনুসরণ তারা করবে। কাজেই তারা দুর্নীতি দুর্নীতি বলে চীৎকার করলেই দুর্নীতি দূর হয়ে না। দুর্নীতি---আপনারা যতগুলি দুর্নীতির কথা নিয়ে ব্যক্তিগত, ভাবে আক্রমণ করেছেন---কাগজে আমরাও বহু দেখেছি। চীফ মিনিষ্টার বাড়ী কিনতে গিয়ে টাকা আত্মস্বাত করেছেন তাতে আমাদেরও যে কিছুটা সন্দেহ না আসবে তা নয়। এডুকেশান মিনিষ্টারের বিরুদ্ধে বলেছেন, আফিং চোর বলেছেন আমাদের এগ্রিকালচার মিনিষ্টারকে। খবরগুলি এমন মুন্সীয়ানার সঙ্গে পরিবেশন করা হয়েছে যে যে কোন লোকের পক্ষেই এইগুলি সঙ্গে সঙ্গে বিশ্বাস না করে উপায় নেই। কিন্তু আপনারা এই

ডেমোক্রেটিক দেশে একটা শাসন ব্যবস্থার একটা নিরপেক্ষতা আপনারা স্বীকার করে নিয়েছেন। এটা উনাদের নিশ্চয়ই জানা আছে যে চোরকে চোর ততক্ষণ পর্য্যন্ত বলা যায় না যতক্ষণ পর্য্যন্ত সে চোর বলে প্রমানিত না হয়। এটা আইনের বিধান। আপনাদের একটা খবরের কাগজে উঠেছে যে মনসুর আলী সাহেবের গাড়ীতে স্মাগলিং হয়েছে কাজেই মনসুর আলী সাহেব এবং তার ওয়াইফ তার সঙ্গে লিপ্ত আছেন। ইট ঈজ এ স্টোরী। একটা নিউজের উপর একটা লোককে স্মাগলার আখ্যা দেওয়া যায় না। আপনারা--- মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমার দলের সদস্যরা এই আইন সভার সদস্যরা আইন সম্পর্কে ওয়াকবহাল। আমরা এও জানি যে আমাদের আইন কি ভাবে প্রচলিত আছে সেটা তাদের ভাল ভাবে জানা আছে। একজন চোরকে কোর্ট দ্বারা প্রমাণিত না হওয়া পর্য্যন্ত তাকে চোর আখ্যা দেওয়া যায় না। যেমন যোগমায়া রাহার কথা বলেছেন। যোগমায়া রাহার নামে কোর্টে কেস হয়েছে। কোর্টের রায় বেরুতে দিক। এডুকেশান ডিপার্টমেন্ট তাকে কি করে ট্রান্সফার করবে? ট্র্যান্সফার মানেতো শাস্তিমূলক ট্রান্সফার? যখনই তাকে দূরে শাস্তিমূলক ট্রান্সফার করা হবে তখনই সে কোর্টে কেস করবে যে আমি নারী ব্যবসা করি বলে কোর্টে প্রমাণিত না হওয়া পর্য্যন্ত আমার শাস্তিমূলক ট্র্যান্সফার তুলে দাও। কাজেই এটাতো আর গায়ের জোর নয়। আপনারা দুর্নীতির এখানে যতগুলি তথ্য এখানে পরিবেশন করেছেন তার একটাও প্রামাণ্য তথ্য নেই। কোন প্রামান্য তথ্য আপনারা এখানে উপস্থিত করতে পারেন নি। কাজেই এটা আপনারা করেছেন আপনার রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদত হয়ে। আপনারা এটা জানেন ভাল করে যে জনসাধারণের কাছে আপনাদের অন্য কোন মূল্য নেই যে একটা মূল্য আছে সেটা হল কংগ্রেস সরকার কোথায় কি ত্রুটি করল কোথায় কি দোষ করল কংগ্রেস সরকারের প্রতি জনতাকে বিক্ষুদ্ধ করে তোলার ব্যাপারে তার বিরুদ্ধে উত্তেজনা সৃষ্টির ব্যাপারে আপনারা আপনাদের যে বক্তৃতা আপনাদের যে বাক চাতুর্য্য সেই বাক চাতুর্য্য দিয়ে আপনারা জনসাধারনের কাছে আপনাদের স্থান করে নিতে চান। সেজন্যই এই অনাস্থা প্রস্তাব এর এখানে তাত্পর্য্য রয়েছে এবং সেই ব্যাপারে আপনারা অনেকটা কৃতকার্য্য হয়েছেন। কারণ হাউসে যে সমস্ত তথ্য যে সব স্টোরি এবং কাহিনী অলীক এবং কাল্পনীক এখানে পরিবেশন করেছেন এইগুলি খবরের কাগজে পরিবেশিত হবে। ত্রিপুরার জনসাধারণ সেগুলি পড়বে তাতে আপনাদের রাজনৈতিক বার্গেনিংয়ের পক্ষে একটা সুযোগ মিলবে না তা নয়। সেই সুযোগটুকু আপনারা চেয়েছিলেন এবং সেই সুযোগটুকুর জন্যই আপনারা এই অনাস্থা প্রস্তাব এনেছেন এবং এই অনাস্থা প্রস্তাব কার্য্যকরী হবে না সেইটা আপনারা ভাল করে জানেন। ঐ সুযোগটুকু আপনারা চেয়েছিলেন এবং তা পাবেন। তবে আমি এইটুকু বলতে চাই আপনারা যে রাজনৈতিক দল কালের ঘটনার দিকে আপনারা লক্ষ্য করুন, আপনারা লক্ষ্য করুন আপনাদের অতীতের ভুলের জন্য যে উপজাতী আপনাদের অনুগত ছিল সেই সেই উপজাতীর মধ্যে আজকে ভাঙ্গন ধরেছে। এই ভাঙ্গন কিন্তু আপনাদের অ-উপজাতী এলাকাতেও সুরু হল বলে। কাজেই আমি আপনাদেরকে বলি যে আপনারা আমাদের থেকে ভিন্ন পথাবলম্বী হলেও আমরা সবাই কিন্তু একই জনসেবক বলে দাবী করি কাজেই আপনারা আপনাদের নীতির পরিবর্ত্তন করুন আমাদের সঙ্গে এক মিল হয়ে চলুন ত্রিপুরার স্বার্থ রক্ষা করার জন্য। আমাদের যে প্রোগ্রেসিভ যে সমস্ত কর্মপন্থা রয়েছে সেই কর্ম-পন্থার সঙ্গে আপনারা সহযোগিতা করুন তাতেই আপনাদের উপকার হবে। তা না হলে আপনাদের ভরাডুবি নিশ্চিত।

মিঃ স্পীকার ঃ---শ্রীনরেশ চন্দ্র রায়।

শ্রীনরেশ চন্দ্র রায় ঃ---মাননীয় অধ্যক্ষ মাহোদয়, আজকে যে অনাস্থা প্রস্তাব বিরোধী পক্ষ থেকে এসেছে আমি তার বিরোধীতা করছি। মাননীয় স্পীকার স্যার, আজকে সি, পি, এম পার্টি বিভ্রান্ত হয়ে পথ-ভ্রষ্ট হয়ে অন্ধকারে যাত্রা সুরু করেছে, অন্ধকারে পড়ে গেছে। তার জন্য যেমন অন্ধকার রাত্রিতে বিদ্যুতের ঝলক ছুটে ঠিক সেই রকম এসেম্বলির মধ্যেও তারা ঝলক তুলে তারা তাদের অন্ধকার বিভ্রান্তিকর পথ থেকে মুক্তি পেতে চান। তাতে তাদের নিজস্ব কোন আলো নাই তাদের আলো নিবে গেছে। তার কারণ নিজের

মত এবং পথ যাদের থাকে না তাদের চলবারও শক্তি থাকে না। মাননীয় স্পীকার স্যার, এক জন সদস্য, বিরোধী দলের একজন না কয়েকজন সদস্য এদের মধ্যে বেশীর ভাগ ধর্ষণ ক্রিয়া নিয়ে এখানে আলোচনা করেছেন। এবং এই ধর্ষণ ক্রিয়ার ফলে তারা অনেকই এখন রোগগ্রস্ত হয়ে পড়েছেন। মাননীয় স্পীকার স্যার, ধর্ষণ ক্রিয়ার যে দোষ ত্রুটি এখানে তারা আলোচনা করেছেন তাতে বুঝা যায় যে তারা রতি শাস্ত্র ভাল করে পড়েছেন। সেই জন্য বলতে হয় যে রতি শাস্ত্রর ধর্ষণ ক্রিয়ার দ্বারা তারা অপরাধী---

শ্রীঅজয় বিশ্বাস ঃ---পয়েন্ট অব অর্ডার স্যার, উনি কি বক্তব্য দিচ্ছেন বুঝতে পারছি না। মনে হয় কাম শাস্ত্র নিয়েই বক্তৃতা দিচ্ছেন।?

(গণ্ডগোল)

মিঃ স্পীকার ঃ---অর্ডার, অর্ডার প্লিজ।

শ্রীনরেশ রায় ঃ---যারা নিজের দোষকে চাপা দিয়ে রাখতে চায়, সেইরকম সদস্য কি করে পা।ট লীডার হতে পারেন, আমাদের জানা নেই। শ্রীমতী সাধনা চক্রবর্তীর নামে একটা বাড়ীর জায়গা আছে, সেই জায়গার পরিমাণ যত, তার চেয়ে বেশী জায়গা জবর দখল করে তিনি রেখেছেন। যেহেতু তার বাড়ীর অবস্থা ভাল, আর্থিক স্বচ্ছলতা আছে, অভাব নেই, সেইজন্য গরীব অধিবাসীরা ভয় পায়, সাহস করে কিছু করতে পারেনা৷ আমি জিজ্ঞাসা করি উনি জন দরদী হয়ে কি করে গরীব অধিবাসীর জায়গা দখল করে রেখেছেন? (গণ্ডগোল), গরীব লোককে বসবাস করার সুযোগ থেকে বঞ্চিত করে? মাননীয় স্পীকার, স্যার, যখনই দেশের মধ্যে কোন পার্টির কেলেংকারীর কথা উঠে, যখনই কোন দোষী মানুষের কথা উঠে, দোষী সমাজের যে যে দুষ্কৃতিকারীদের কথা উঠে, তখনই আমরা জানি চোখে অন্ধকার'এর সূচনা হয়। আজকে যে মাত্র দুষ্কৃতিদের আলোচনার সূচনা মরেছি, তখনই অন্ধকার নেমে এসেছে, অন্ধকার হওয়া আশ্চর্যের ব্যাপার নয়। অন্ধকার আপনাদের জন্য আসবে। তাই যে সমস্ত অসত্য তথ্য হাউসের সামনে, জনসাধারণের সামনে পরিবেশন করেছেন, তার বিচার স্বরূপ এই অন্ধকার নেমে এসেছে। ভগবান অন্ধকার নামিয়ে দিয়েছেন। অপেক্ষা করুন, আপনাদের জন্য দিগন্ত ব্যপী অন্ধকার নেমে আসছে।

মাননীয় স্পীকার, স্যার আমি একটা কথা বলব যে উনারা বলেছেন ট্রাইবেলদের কথা, ট্রাইবেলদের জমি হস্তান্তর করে নিয়ে যাচ্ছে। কিন্তু এর পেছনে তাদের কারসাজী রয়েছে যথেষ্ট রাজনৈতিক কারসাজী। প্রথমে যখন তারা ওখানে গেল, তাদের দলের কয়জন লীডার আছে, তাদের সঙ্গে পরামর্শ করে সুন্দরভাবে আলোচনা করে তারা নীতি নির্ধারিত করে দিয়েছে কিছু কিছু খারাপ জমি নেওয়ার এবং যাদেরকে জায়গা দেওয়া হল, তাদেরকে আশেপাশে বসান হল, কারণ তাদেরকে আমাদের সঙ্গে রাখতে হবে এই উদ্দেশ্যে সেই প্ররোচনা দিয়েছে। অ-উপজাতি মানুষ তার বাস্তু হারা হয়ে এসেছে এবং বাস্তু হারা হয়ে এসে এই সুযোগটা যখন পেল তখন তারা এইভাবে বিভিন্ন জায়গায় বসবাস করতে আরম্ভ করল। কিন্তু যে মুহুর্তে দেখল না তারা তাদের স্বাধীন চেতনাকে প্রকাশ করেছে যে আমরা সি, পি, এম এর প্রতারণায় জর্জরিত, তারা চায় বিভিন্নভাবে আকৃষ্ট করে রাখতে এবং তার থেকে তারা মুক্তি চায়, এবং সেইমুক্তির জন্য যখন কংগ্রেস সরকার চেষ্টা করল, এখন তাদের একটা বেকায়দায় ফেলার চেষ্টা তারা করছে। সি, পি, এম যখন আন্দোলন করেছিল তখন তাদের কোন জায়গায় আস্তানা নিতে পারলনা। তারা এ্যাডভানটেজ নিয়েছেন সরল মানুষের কাছ থেকে, তারা তাদের দাবীয়ে রাখতে চেয়েছিলেন, ইচ্ছামত সংগঠন চালিয়ে যাওয়ার জন্য এবং তারই জন্য শান্তি সেনা, এবং বিভিন্ন সেনা বাহিনী তৈরী করেছেন এবং তাদের দ্বারা উৎপাত আরম্ভ করেছেন। স্যাংক্রাক নাম দিয়ে আক্রমণ করেছেন বিভিন্ন জায়গায়, আগুন দিয়ে পুড়িয়ে দিয়েছেন, তাতেও যখন কোন কার্য সিদ্ধ হয়নি, তখন চেষ্টা করেছেন পাহাড়ি এবং বাঙালীর মধ্যে একটা কোন রকম কোন্দল সৃষ্টি করা যায় কিনা এবং তার সুযোগ নিয়ে এখন দুই ভাইয়ের

মধ্যে একটা সংঘর্ষ লাগাবার চেষ্টায় ব্যপৃত, তা যদি না হল, তাহলে এমন কোন নজীর নেই যে ত্রিপুরার পাহাড়ি ভাইয়েরা, তারা কোনদিন বলে নাই আমরা সুখে শান্তিতে বসবাস করতে পারছিনা, তারা বলেছেন আমরা সুখে শান্তিতে বাস করব, সুষ্ঠুভাবে চলব, যার জন্য উপজাতি যুব সমাজ অধিকাংশ শিক্ষিত যুবক, তাদের মধ্যে চেতনা এসেছে, তারা বিভ্রান্তিকর কথায় ভুলবেনা। এই যে বিভ্রান্তি সৃষ্টিকারী দল, তাদেরকে সায়েস্তা করতে হবে। এই হচ্ছে তাদের অভিমত। এই অবস্থা তাদের যে লীডার তিনি নূতনভাবে আলাপ আলোচনা সুরু করলেন, নূতন আরেকরকম জিগির যদি সৃষ্টি করা না যায়, তাহলে আমরা যে এ্যাডভানটেজ নিয়েছিলাম, সেটা রক্ষা করা যাবে না এবং তাই তারা আজকে পাহাড়ি এবং বাঙালীদের মধ্যে একটা সংঘর্ষ বাঁধাবার চেষ্টা নিয়েছেন। মাননীয় স্পীকার স্যার আমি একথা জানি, অনেক নন-ট্রাইবেল যারা সেখানে আছেন, তারা যখন অসুবিধায় পড়ল তখন ট্রাইবেলদের সঙ্গে আলাপ আলোচনা করে, তাদের জমি অতিরিক্ত মূল্য দিয়ে কিনে নিয়েছে। সেখানে তখন কোন বিভ্রান্তির কারণ ছিলনা। প্রতারণা করে অউপজাতি, উপজাতির জমি নিয়েছে, সেটা ঠিক নয়। যদের মধ্যে বিনিময় হয়েছে, তাদের মধ্যে এইরকম বিভ্রান্তিকর ঘটনা হয়নি। আমি যতটুকু জানি এমন কোন দরখাস্ত, এমন কোন প্রকৃতি বিনিময়কারী থেকে এসে পৌছায়নি যে আমাদের জমি জবরদস্তি করে নেওয়া হয়েছে। কাজেই এটার সুযোগ নিয়ে, একটা বিকৃত রূপ দিয়ে---যেখানে বাঙালী এবং উপজাতির মধে একটা ভাই ভাই সম্পর্ক রয়েছে, যারা অ-উপজাতি আছে, তাদের থেকে আইন সঙ্গত ভাবে, পাহাড়ি ভাইয়েরা স্বেচ্ছায় প্রনোদিত হয়ে, ভাই বলে স্বীকার করে জমি দিয়েছে। পাহাড়িরা একথা বলেনা যে জোর জবরদস্তি করে জমি নিয়ে গেছে। তারা বলে যে স্বেচ্ছায়, উচিত মূল্যে জায়গা বিনিময় করেছি। ঐ জমি আমরা আবার তাদের থেকে ফিরিয়ে নিতে পারবনা, অধর্মের কাজ আমরা করতে পারবনা। এইরকম স্বীকৃতি আছে, মিটিং'এর মধ্যে উভয় সম্প্রদায়ের লোকেই উপস্থিত ছিলেন, কোথাও বিভ্রান্তি বা গোলমাল আমরা দেখিনি। আমার বিশ্বাস মাননীয় সদস্যদের ঘরেই গোলমাল। মাননীয় স্পীকার, স্যার, দুঃখের কথা, অনেক ট্রাইবেল ভাইয়েরা বলেছেন যে আজকে আমাদের সামনে এমন একটা অবস্থা সৃষ্টি হয়েছে যে আমাদের মধ্যে সি, পি, এম, কিছু লীডার-- তারা আমাদের জমি অ-উপজাতিকে না দিতে বলেন, কিন্তু আমরা যখন অসুবিধায় পড়ি বিভিন্ন কারণে, জমি বিক্রী করার যখন প্রয়োজন পড়ে তখন যেহেতু আমরা অ-উপজাতির কাছে জমি বিক্রি করতে পারিনা, সেইকারণে হাজার টাকার জমি তারা তিনশ' ৪শ' টাকায় কিনে নিয়ে যায়। আমাদের উপায় নাই, কোন সোর্স নাই, বিদ্যা বুদ্ধি নাই, কি করে তাদের থেকে বাচতে পারি। ট্রাইবেলদের মধ্যে যে এই চিন্তা সেটা অতি সত্যি কথা তাদেরকে ধোকা দিয়ে তাদের জমি অনেক আত্মসাৎ করেছেন। ট্রাইবেল রিজার্ভ তুলে দেবার সপক্ষে ট্রেজারী বেঞ্চের মাননীয় সদস্যরা সুন্দর আলোচনা করেছেন যে এটা একটা সুষ্ঠ নীতির উপর করা হয়েছে। আমি সেই সম্পর্কে বিশেষ কিছু বলছিনা। আমি শুধু তাঁদের জিজ্ঞাসা করতে চাই, তাঁরা কি এই চান যে ট্রাইবেল রিজার্ভেশান এর মধ্যে দিয়ে ট্রাইবেলদের কুক্ষিগত করে রাখতে, তাদের জমি এবং সম্পত্তি আত্মসাৎ করতে। ট্রাইবেলদের জন্য যেখানে রিজার্ভশানের দরকার সেখানে ত্রিপুরা সরকার করেছেন যেমন চাকুরীর ক্ষেত্রে ত্রিপুরা সরকার ট্রাইবেলদের প্রটেকশান দেওয়া হয়েছে। ট্রাইবেল ছেলে মেয়েরা সর্বক্ষেত্রে সমান সুযোগ সুবিধা যাতে পায় তার সুবিধা করে দিয়েছেন। স্কুলের ব্যবস্থা করে দেওয়া হয়েছে, যাতে সুষ্ঠুভাবে চিকিৎসার সুযোগ পায়, প্রত্যেক হাসপাতালে তাদের আলাদাভাবে কোটা নির্দিষ্ট করে দিয়ে সহজভাবে যাতে চিকিৎসা পেতে পারে তার ব্যবস্থা করে দিয়েছেন। ট্রাইবেল শ্রমিক যারা, তারা যাতে ফরেস্টে কাজকর্ম করে যেতে পারে, যাতে দুর্যোগের সময়, অভাবের সময় সহজে কাজ পেতে পারে, ফরেস্ট ডিপার্টমেন্টে তার জন্য স্পেশাল সুযোগ সুবিধা দিয়ে তাদের কর্মী হিসাবে নিয়োগ করেছেন। তারা বলেছেন যে রয়েলিটির জন্য অনেককে বিভিন্ন ভাবে প্রেসার দেওয়া হয়, জুলুমবাজী করা হয় রয়েলটি আদায় করার জন্য। কিন্তু তাদের একথা জানা আছে যে ত্রিপুরা সরকারের আর্থিক সঙ্গতির প্রধান সোর্স হচ্ছে এই রয়েলিটি। কাজেই সেটা দিতে হবে। যদি চুরি করে কেউ তাদের দলের উস্কানি পেয়ে, তাদের দলের স্বার্থকে সফল করার জন্য, কেউ যদি সরকারী টাকা

আত্মসাৎ করতে চায়, তাহলে সেখানে তাকে সাজা দিয়ে সুষ্ঠুভাবে রয়েলিটি আদায় করা হবে সেটা কোন বিচিত্র কথা নয়। মন্ত্রীকে দায়ী করা হয়েছে এইভাবে রয়েলটি আদায়ের ব্যাপারে। কিন্তু রয়েলটি আদায়ের ব্যাপারে মন্ত্রীর সঙ্গে কি আছে আমি জানিনা। আইনে বলা হয়েছে কেউ ডাকাতি করতে পারবে না, কেউ দুর্নীতি করতে পারবেনা, যদি কেউ করে আইন বাধা দেবে। এই ক্ষেত্রে আইনগতভাবে, আইন ও শৃঙ্খলা বজায় রাখার জন্য বাধা দেয়, সেখানে মন্ত্রীর কি দোষ থাকতে পারে আমি বুঝি না। তারা কি চান যে আইন মানা হবে না। এখানে বলা হয়েছে একজন মন্ত্রী স্মাগলিং করে, তার গাড়ীতে আফিং নিয়ে যাওয়া হয়েছে, পত্রিকায় বেরিয়েছে এক লক্ষ টাকার আফিং তার গাড়ী দিয়ে পাচার করা হয়েছে, তার গাড়ীতে আফিং নেয়, টাকা নেয়, আমার মনে হয়, তার সঙ্গে আপনারাও জড়িত আছেন, কোন কোন ক্ষেত্রে। একজন সদস্য বলেছেন যে কুমিরা পাতা নিতে নাকি বাধা দেওয়া হয়েছে, বি, এস, এফ'র কম্যাণ্ডেন্ট বাধা দিয়েছেন। কিন্তু কুমিরা পাতার নীচে কি রেখেছেন সেটা আপনারা নিশ্চয়ই জানেন। আইন কাউকে ক্ষমা করবেনা। এই যে গাড়ীটা, সেই গাড়ীটা প্যাসেঞ্জার নেয়, সেই গাড়ীর প্যাসেঞ্জারের কাছে যদি সেই জিনিষ থেকে থাকে, তার জন্য গাড়ীর মালিক যদি টি, আর, টি, তার গাড়ী দিয়ে সার্ভিস দিয়ে থাকেন, যে কোন মানুষ গাড়ী করে যেতে পারে, কিন্তু সে যদি ইল্লীগ্যাল ওয়েতে স্মাগলিং করে থাকে, তাহলে তার সঙ্গে মন্ত্রীর সঙ্গে জড়িত হতে পারেনা। মন্ত্রীর গাড়ীতে হলেও সেটা নিশ্চয়ই ধরবে। আমি জানি বিগত কয়েক বৎসর ধরে একজন এম, পি,'র গাড়ী নরসিংগড়ের রাস্তায় যাতায়াত করত এবং সেই গাড়ীতে শুনেছি স্মাগলিংএর মাল গিয়েছে, এইরকম কথাও আছে, সেইজন্য কি বলতে হবে যে সেই এম, পি, স্মাগলিং করেন। এইরকম এলিগেশান আনা সুষ্ঠু গণতান্ত্রিক প্রথা হতে পারে আমি বিশ্বাস করিনা। কাজেই এটা তাদের চরিত্রগত বৈশিষ্ট এবং অন্যায়ভাবে একটা চক্রান্তমূলক ঘটনাকে টেনে এনে, মিনিস্টারদের দায়ী করা হয়েছে। একজায়গায় বলেছেন একজন মন্ত্রীর ছেলে জমি নাই বলে—অরুন কুমার নাথ, ভুমিহীন বলে জমির জন্য দরখাস্ত করেছিল। যখন এই দরখাস্ত করা হয়, তখন তিনি মন্ত্রী ছিলেন না, তিনি তখন ডিপুটি স্পীকার ছিলেন, তখন যদি তিনি ভুমিহীন থেকে থাকেন এবং দরখাস্ত করে থাকেন তাহলে সেটা মন্ত্রীর ছেলেই হউক আর শ্রমিকের ছেলেই হউক, আপনার ছেলেই হউক আর আমারই হউক, আইন তাকে সেই সুযোগ দেবে। কিন্তু তিনি সেই পাচ বছর আগের কথা আজকে এখানে টেনে এনেছেন, কোথায় তার মাথা এবং কোথায় তার লেজ, একটার সঙ্গে আরেকটারতো কানেকশান থাকতে হবে, ঘটনার সত্যতা থাকতে হবে। পিতার জমি না থাকলে সে জমির দরখাস্ত করতে পারে এবং কানেক্টার যদি তাকে সেই সুযোগ সুবিধা করে দেয়, তাহলে দোষ কোথায় আমি বুঝতে পারিনা। সেই ক্ষেত্রে এই আলোচনা আসতে পারে বলে আমি বিশ্বাস করিনা। সিমেন্টের কথা এখানে বলা হয়েছে। নৃপেন বাবুর বাড়ীতেতো অনেক সিমেন্ট আছে, তিনিতো গরীব নন। কংগ্রেস বা কমিউনিষ্ট বলেতো সিমেন্ট বা টিন দেয়নি। যাদের প্রয়োজন আছে, সরকার তাদেরই দিচ্ছেন। এইরকম বিভ্রান্তিকর কথা মানুষকে বলতে পারবেন না। উনার বাড়ীতে কেউ চাকরী পায় নাই। আমি যতদূর খবর জানি কেউ বাকী নাই। আসল কথা নিজের কথাটা চাপা দিয়ে পরের কথা কী করে ঠেলে বেরিয়ে যায়। সুতরাং সজাগ এবং সুক্ষ্ম দৃষ্টি নিয়ে কথাবার্তা বলবে সেখানে আপনারও দোষ পাওয়া যাবে না।

মাননীয় স্পীকার, স্যার, ডি, এম, নাকি কাকে ধরে পিটেছে। এরা সেদিন তো আইন অমান্য করেছিল। ডি, এম, না পিটালে অন্যরা ধরে পিটাত। সেখানে একটা মেয়েকেও নাকি ডি, এম, পিটিয়েছেন। কিন্তু আমি শুনেছি মেয়েটা নিজেই না কি প্রথমে ডি, এম, কে আঘাত করে। কাজেই একটা মেয়ের এত বড় একটা স্পর্ধা হয়ে গেছে, সুতরাং তার নিজস্ব প্রটেকশান নিতে হবেই। আইনকে একজন বিশৃঙ্খলা করবে আর সে কিছু করবে না। তার জন্য অন্যায় কিছু হয়েছে বলে আমি মনে করি না। যদি কেউ গাড়ী দিয়ে গিয়ে থাকে এবং যদি গাড়ীতে মহিলা থাকে এবং গাড়ী অ্যাক্সিডেন্ট হলে যদি সেই মহিলা কোন কথা বার্তা বলে তা হলে সেখানে কোন দোষ তো হওয়ার কথা নয়। সুতরাং

এইসমস্ত কারণে আপনারা যে বিভ্রান্তির সৃষ্টি করেছেন এবং আপনাদের কথা বার্তার মধ্যেও অনেক বিভ্রান্তি আছে। আমি একটা কথা বলতে পারি। একটা ঘটনা বলেছেন যে উদয়পুরে বিজয় দাসকে নাকি পিটিয়ে সর্বনাশ করে ফেলেছে আর সেই বিজয় দাসকে যে পেটাল নৃপেনবাবু বলেছেন দুই নম্বর হোস্টেলে, আর সমরবাবু বলেছেন যে এম, এল, এর বাড়ীতে। কথার কোন আগা মাথা নেই। সত্য তো বলবে না, কিন্তু অসত্য বল্লেও তো একটা মিল রেখে বলতে হয়। আপনারা অ্যাসেম্বলী সদস্য আপনারা দেশের প্রতিনিধি। আমরা চাই আপনারা জনসাধারণের কাছে সত্য তুলে ধরবেন। কংগ্রেস সরকার আপ্রাণ চেষ্টা করছেন, তথ্যের মধ্যে যদি কোন ত্রুটি থাকে তাহলে আমরা এইগুলি সংশোধন করার জন্য আপ্রাণ চেষ্টা করব এবং যদি আপনারা পলিসি দেন তাহলে সেগুলি গ্রহণযোগ্য হলে নিশ্চয়ই গ্রহণ করা হবে। কিন্তু সেরকম পলিসি আপনারা দেননি। সুতরাং জনপ্রতিনিধির কাছ থেকে যদি এইরকম কথাবার্তা আসে তাহলে জনসাধারণ বুঝবে যে তারা বিভ্রান্তকারী। (এ ভয়েস---লাল বাতি জ্বলছে) লালবাতিকে আমরা কোন সময়েই ভয় করি না। মাননীয়, স্যার, আমি আপনার কাছে কয়েকটা মিনিট সময় চাই। মাননীয় স্পীকার, স্যার, রামায়ণের মধ্যে লেখা আছে লক্ষ লক্ষ সেনা মরে। আপনারাও তেমনি বলেন। এইরকম আপনারাও বলেন এইরকম শত শত আছে। আরে শত শত প্রমাণ আছে তো বুঝলাম, ২-৪ টা বলুন না। আসলে যেখানে মেটেরিয়ালস্ থাকে না সেখানে এই অবস্থা। উনি শ্রমিক সম্বন্ধে বক্তৃতা দিয়েছেন যে এই সরকারই মালিকদের শুধু রক্ষা করবার ব্যবস্থা করছে, শ্রমিককে নয়। আমাদের ত্রিপুরা সরকারের কাছে, কংগ্রেস সরকারের কাছে মালিক যেমন, শ্রমিক তেমন, মিউনিসিপ্যালিটির কর্মচারীও তেমন এবং মালিক শ্রমিকের বিক্ষোভ যাতে না থাকে সেজন্য সরকার ব্যবস্থা নিয়েছেন, চেষ্টা করছেন এবং সেই সমস্যার সমাধান সরকার করছেন এবং আরও করবেন, সেখানে মালিকও বাচবেন শ্রমিকও বাচবেন। কিন্তু সাসপেণ্ড করা কোন কর্মচারীর কথা আসে না। কিন্তু দূর্নীতিকে কোনদিন আমরা ক্ষমা করব না। যারা বিভ্রান্তকারী, সমাজের অহিতকারী তাদের আমরা কোনদিন ক্ষমা করব না সেই সাহস আমাদের আছে। শুধু বিভিন্ন কর্মচারীর দোষ দিয়ে, অফিসারদের উপর দোষ দিয়ে, মন্ত্রীদের উপর দোষ অহেতুক চাপিয়ে দিয়ে জনসাধারণকে বিভ্রান্ত করে পার্টি টিকতে পারে না। সুতরাং এখানে মানুষকে মানুষ বলে গণ্য করে মানুষকে সুন্দর এবং সুষ্ঠুভাবে পরিচালনা করবার চেষ্টা করবেন। এই বলে এই অনাস্থা প্রস্তাবের বিরোধীতা করে আমি বক্তব্য রাখছি।

শ্রীক্ষিতীশ চন্দ্র দাস ঃ---মাননীয় স্পীকার, স্যার, মাননীয় বিরোধী দলের দলপতি সদস্য শ্রী নৃপেন্দ্র চক্রবর্তী যে অনাস্থা প্রস্তাব এখানে এনেছেন তার আমি বিরোধিতা করছি। বিরোধিতা কেন করছি তাই আমি বলব। তার বক্তব্যে তিনি বলেছেন ৬ লক্ষ ট্রাইবেলকে এই মন্ত্রীসভা মৃত্যুদণ্ডে দণ্ডিত করেছে। সংখ্যাটা অবশ্য আরও অনেক সদস্য বলেছেন। আমরা যে সংখ্যা দেখছি সেটা হল সাড়ে চার লক্ষ। উনারা এইরকম বাড়িয়ে ফাপিয়ে বলেন সব সময়েই। বক্তা হিসাবে সুবক্তা অবশ্য। এখন দেখছি ওদের যে বক্তব্য, আরও দুবার অনাস্থা প্রস্তাব এসেছিল। সেই দুবারের বক্তব্য আর এখনকার বক্তব্য কোন পার্থক্য নেই। অনাস্থা এনেছেন, বিরোধী দল হিসাবে অনাস্থা আনার অধিকার আছে। কিন্তু তিনিও জানেন এই অনাস্থা প্রস্তাব ধোপে টিকবে না। তবুও অনাস্থা আনার উদ্দেশ্য হচ্ছে মানুষের কাছে এবং পত্র পত্রিকায় তুলে ধরা কারণ তারা হতাশায় ভুগছেন, যেমন সংক্রামক ব্যধিতে আক্রান্ত হবার পূর্বে দুই সপ্তাহ আগে একটা ইনকুবেশান পিরিয়ডে ভুগে, সেটা কেউ টের পায় না, কারো জ্বর হয় ইত্যাদি নানা উপসর্গে ভোগে। কাজেই তাদের এই ব্যারাম হয়েছে। আজকে বহিরাগত কাদের উদ্দেশ্য করে বলছেন জানিনা। তারা একবার বলবেন যে উদ্বাস্তুদের সুষ্ঠু পুর্ণবাসন চাই। আর একবার বলবেন উদ্বাস্তুরা এখানে থাকতে পারবে না, দণ্ডাকারণ্যে পাঠাতে হবে। কাজেই যদি উপজাতি সমাজকে অর্থনৈতিক দিকে টেনে নিয়ে থাকে তাহলে সেটা বিরোধী দল---এখন থেকে নয়, প্রথম থেকেই তারা উপজাতিদের সমাজকে অনগ্রসর রাখবার চেষ্টা করেছে, একবার বলেন বাঙালীরা এখানে এলে সব কেড়ে নিয়ে যাবে। আর একবার বলছে এদের মধ্যে

সাম্প্রদায়িকভাব সৃষ্টি করে তাদের চাইছে একতাবদ্ধ করে রাখতে। কম্যুনিস্ট পার্টির সাধারণ লোক যারা তারা এতটা বুঝে না। কাজেই নানা ধরণের অপপ্রচার দিয়ে সেটা ঢাকবার চেষ্টা করছে। আজকে বলেছে কি, সেনগুপ্ত মন্ত্রীসভা এই উপজাতি যুব সমিতি গঠন করেছে। এটা নৃপেন বাবুর বক্তব্যের মধ্যে আছে। কিন্তু এই সেনগুপ্ত মন্ত্রীসভা উপজাতি যুব সমিতি গঠন করেনি। আসলে উপজাতি যুব সমিতি ওদের কর্ত্তব্যের যে ত্রুটি সেই ত্রুটির ফলেই এই উপজাতি যুব সমিতি হয়েছে এবং এই সমিতি কারা করেছে, যারা অপেক্ষাকৃত একটু লেখাপড়া শিখেছে, সহরে বন্দরে এসেছে, তারা দেখছে আমাদের এই যে অবস্থা, এটা তাদের থেকে জানা যায় যে যখন ত্রিপুরার উপজাতি সমাজের জন্য ট্রাইবেল ওয়েলফেয়ার ডিপার্টমেন্ট রয়ে গেছে এবং তার থেকে যখন তাদের পুর্ণবাসনের ব্যবস্থা করা হচ্ছিল, তখন তাদেরকে জিজ্ঞাসা করলে বলা হয় যে কেন আপনারা এই সুযোগ নিলেন না, তখন তাদের মুখ থেকে এটাই বুঝা যায় যে এটা হল কমিউনিষ্ট পার্টি তাদেরকে বুঝাবার চেষ্টা করেছিল যে সরকার তোমাদের পুর্ণবাসনের ব্যবস্থা করেছে, এটা হল একটা বুর্জুয়া ব্যবস্থা, এটা কোন প্রগতির ব্যবস্থা নয় এবং এই বুর্জুয়া ব্যবস্থায় তোমরা বিশ্বাস করিও না। এতে তোমাদের কিছুই হবে না, তোমরা আরও আন্দোলন কর, আরও বেশী করে প্রসেসানে আস এবং এইসব করে তোমরা আরও বেশী করে তাদের উপর চাপ সৃষ্টি কর, তাহলে পর আমরা তোমাদের জন্য একটা সুন্দর ব্যবস্থা করে দেব। এই যে তাদের জন্য সুন্দর ব্যবস্থা করা হবে, এটা হচ্ছে তাদের একটা প্রলোভন, কারণ উপজাতিরা অত্যন্তঃ নিরীহ সাধারণ লোক, তারা অশিক্ষিত লোক, তারা সাধারণতঃ সহরে বন্দরে আসে না, কাজেই তারা মনে করেছে হয়তো তা হবেও। এই সব করে তারাই এই উপজাতি সমাজটাকে এই রকম অবস্থার মধ্যে টেনে নিয়ে এসেছে। এখন তাদের মধ্যে দুই চার জন শহরে বন্দরে আসছে, স্কুল কলেজে লেখাপড়া শিখছে,তাই তারা একটা উপজাতি যুব সমাজ করেছে, এটা কংগ্রেসের পক্ষে কিছু নয়। এই কিছুদিন আগেও উপজা.ত যুব স.ম.তর লোকেরা যে একটা প্রসেসান করেছে তাতে কংগ্রেসকে খুশী করতে পারে নি। তারা তাদের বক্তব্যকে জোরদার করবার জন্যই এখানে নিয়ে এসেছিল। তাই তো দেখা যাচ্ছে সি, পি, এম যে দল, তার কোন অস্থিত্ব নাই, এবং অস্থিত্ব না থাকার জন্য তাদের মধ্যে একটা হতাশার ব্যরাম দেখা দিয়েছে। তাই আমি বলছি যে তাদের মধ্যে হতাশা ব্যরামের সৃষ্টি হওয়ার তারা এখানে এই সমস্ত বিকৃত বক্তৃতাগুলি করে গিয়েছে এবং বলেছে যে সেনগুপ্ত মন্ত্রী সভা একটা উপজাতি যুব সমিতি করেছে। এতে তাদের বক্তব্যের মধ্যে বুঝা যায় যে তারা একটা প্রলাপ এর উক্তি করছে, এটা তাদের প্রত্যেক সদস্য এর বক্তৃতায় প্রমানিত হচ্ছে। তারা কেউ কেউ বলেছেন যে কংগ্রেস নাকি উপ-জাতিদের সর্বনাশ করেছে। কিন্তু আমি বলতে চাই যে উপজাতিদের কোন সর্বনাশই আমরা করিনি, যদি কেউ করে থাকে তো তাহলে তারাই করেছে। কারণ উপজাতি সমাজের মধ্যে ওদেরই বেশী প্রভাব ছিল, ওরা ওদের বাড়ী বাড়ী গিয়েছে এবং ওদেরকে বুঝিয়েছে উল্টো। তাই তো উপজাতিরা এখন ভাবতে শুরু করে দিয়েছে যে না তারা আমাদের কোন উপকারই করতে পারবে না। তাই তো তাদের মধ্যে এখন একটা হতাশার ভাব দেখা দিয়েছে এবং সেই হতাশার বক্তব্যই তারা এখানে রেখেছেন, অন্ততঃ তাদের প্রত্যেকটি সদস্যের বক্তব্য থেকেই এটা বুঝা যাচ্ছে যে ত্রিপুরাতে উপজাতি ছাড়া বাঙ্গালী বলতে কেউ নাই এবং বাঙ্গালীদের জন্য তাদের কোন বক্তব্যও নাই। কাজেই উপজাতির দুর্দশা যদি কেউ করে থাকে তাহলে তার জন্য দায়ি হচ্ছে আমাদের বিরোধী পক্ষ সি, পি,, এম দলের সদস্যরা এবং তাদের কর্মীরা। সেজন্যই তো উপজাতি যুব সমিতি বলছে যে তারা আমাদের কোন উপকারই করতে পারবে না, এই উপজাতি যুব সমিতিটা গঠিত হয়েছে উপজাতি শিক্ষিত ছেলেদের গ্রুপ নিয়ে, তাই তো তাদের হয়ে এই সি, পি, এম দলের আগে যে রকম অর্গানাইজেশান ছিল, যেমন তাদের মধ্যে শান্তি সেনা ছিল, সেই শান্তি সেনার সংখ্যা এখন অনেক কমে গিয়েছে। আমরা শুনেছি এক একবার বলা হত কমলপুর সাব-ডিভিশনের ৫০ হাজার টাকা চাদা দিতে হবে, ধর্মনগর সাব-ডিভিশনের এত টাকা চাদা দিতে হবে। তার কারণ তাদের সেই শান্তি সেনার মধ্যে অনেক নায়েক ছিল, লেস-নায়েক ছিল, আবার কম্যাণ্ডেন্টেও ছিল, তারা বিচার করার জন্য আন্দোলন বসিয়েছে।

তারা তখনকার সময়ে এই রকম কাজ করতে পেরেছে, কারণ তখন রাস্তাঘাট খুব কম ছিল, তাই কোন দুর্যোগপূর্ণ স্থানে ধরে নিয়ে গিয়ে তার কাছ থেকে মুক্তি পন আদায় করত। এমন একজন আমাকে বলেছে, সেও একদিন তাদের ঐ দলেই ছিল, বলেছে, বাবু আগে বুঝতে পারি নাই, না বুঝে এই সমস্ত কাজ করেছি, এই সব খুব ভাল কাজ নয়। একবার নাম্বুর গ্রামের একজন অবস্থাপন্ন লোককে ধরে নিয়ে গিয়েছিল, শুধু তাই নয়, যে কেউ যদি ধনী হয়, সে বাঙ্গালী হউক, আর ট্রাইবেল হউক অথবা মাড়ওয়ারী হউক তাদের গোপন স্থানে ধরে নিয়ে গিয়ে মুক্তি মণ আদায় করত, তারপর সে যদি বলত আমার কাছে টাকা নাই, আমি দিতে পারব না, তখন তাকে বেত্রাঘাত করা হত এবং বলা হত হারামজাদা যদি তুমি টাকা না দাও তো তোমাকে কন্ঠক শয্যায় রাখা হবে। কন্ঠক শয্যা হচ্ছে জঙ্গলের মধ্যে কতগুলি মন কাটার উপর যাকে ধরে নেওয়া হত তাকে শুয়ে দেওয়া হত। এই রকম অমানুষিক অত্যাচার চালিয়েও অনেকের কাছ থেকে টাকা পেত না, তারা বলত মারতে চাও তো মার, টাকা দিতে পারব না। এই রকম অবস্থায় তারা এখন দেখছে এত করে অত্যাচার করে তাদের থেকে সাব-ডিভিশন হিসাবে যে টাকা আদায় করা হয়েছে, সেই টাকাগুলি গেল কোথায়? আজকে তারা আমাদেরকে বলছে টাকার হিসাব দিতে, কিন্তু তাদের টাকার হিসাব কে রাখে? তাই তো উপজাতি যুব সমিতি যখন তাদের কাছে টাকা চাইছে, তখন তারা সেই হিসাব দিতে পারছে না এবং সেই হিসাব না দিতে পারায় তাদের মনে আসছে হতাশা। কাজেই মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিরোধী পক্ষের সদস্যরা বলেছেন যে লেবার ডিপার্টমেন্ট নাকি কোন আইন কানুনের বালাই রাখে না, সেজন্য আমি এখানে কিছু তুলে ধরছি। যেমন 19 Labour Acts are enforced in Tripura implemented by 4 officers and 14 Inspectors. During 1973-74 and upto date 191 cases were received out of which 132 case have been di p e of and settled and 6 cases have been referred to the Court for adjudication. The remaining 33 cases are under consolution proceedings. 3,634 inspections are made under different acts during the period of 1973-74 and up-to-date and 120 cases have been lunched against the employers under different acts in course of violation of the provisions of the Act. out of which 56 cases have been disposed and the remaining are lying pending for disposal in the Court. Out of 56 disposed cases, 47 have been convicted, 2 dismissed and 7 acquitted. Strike declared illeghl in two cases and order were issued because of the fact that the case were referred to the Court for adjudication as there were no prospect and amicable settlement.

সিনেমা এণ্ড বাসেস---তার পর স্যার, একটা বলেছেন যে fire wood cases—33 cases, 37 tea garden worker cases suspended during the year '73—'74 upto date 37 cases of tea garden workers have been received out of which 20 cases have been disposed of by Labour Directorate and 2 cases have been referred to Court for adjudication. The remaining 14 caser are under consideration.

কাজেই আমরা কিছু করছি না এই কথা ঠিক নয়। আমরা, দেখা যায় যে মালিককেও শাস্তি দেওয়ার জন্য তাদের বিরোদ্ধে কোর্টে কেস করছি। কিন্তু তারা বলছে কি যে আমরা মালিকদের সঙ্গে যোগসাজে আছি আসলে কথাটা ঠিক নয়। কাজেই এই যে শ্রম দপ্তর সম্পর্কে বলা হয়েছে---শ্রম দপ্তর যখন যে সব ব্যাপার এই রকম ভাবে আমাদের কাছে আসে বিভিন্ন সাব ডিভিশান থেকে বিভিন্ন সহর থেকে আমরা সঙ্গে সঙ্গে এইগুলির ব্যবস্থা করি। কাজেই এটা ঠিক নয়। তারপর আর একটা বলেছেন যে মাননীয় বিরোধী দলের নেতা যে লাকড়ীতে আমরা লেংটা করে পয়সা আদায় করি। উদের কথাটা ছিল

যে আমাদের বাগানগুলি ছেড়ে দিই যেগুলি আমাদের অর্গেনাইজড বাগান তার থেকে যাতে আপোষে লোকজন লাকড়ী কেটে বাজারে বিক্রী করার সুযোগ দেই তাহলে তিনি খুশী হবেন। কাজেই অ মরা দেখছি যে ১৯৫১ সালে যে রেট ছিল আর এর মধ্যে লাকড়ীতে আমরা এমন কিছু বাড়াই নাই। লাকড়ী---মাথার যে বোঝা দৈনিক পারমিট---এটা হল ১৪ পয়সা। আর মহিলা আর শিশু যারা তাদের হল ১৫ পয়সা। আর ভারে যারা নেয় তার হল ৩৭ পয়সা। মুলী বাশ ১০০ তিন টাকা। ছন ৪´-৬´´ বেড় এটা হল ৪৫ পয়সা। কুমীরা পাতা হাজার ১৫ পয়সা। কুমীরা পাতা সম্পর্কে একটা কথা বলেছেন আমরা কেন বাংলাদেশের সঙ্গে চুক্তি করি না। তার কথাটা হল যে আমরা যেন আরও বেশী পয়সা পেতাম। এটা স্টেটট গর্ভণমেন্টের একতিয়ার নয় এই জন্য। কুমীরা পাতাটা আসলে হল কি এই যে বিড়ির পাতা যেটি ওরিষ্যা থেকে আসতো তখন এই কুমীরা পাতা কেউ কাজে লাগাত না। ওড়িষ্যা থেকে যে পাতা তখনকার যে কেন্দু পাতা সেটা যখন নিশিদ্ধ হল তারপর আস্তে আস্তে এই দেশের লোকেরা নিয়ে চেষ্টা করে দেখল যে এই পাতা দিয়েও বিড়ি হয়। এখন আস্তে আস্তে ঐ জিনিষটা চালু হয়েছে। তবে এটা আন্তর্জাতিক ক্ষেত্রে স্টেটট গভর্ণমেন্টের ব্যাপারে নয়। কুমীরা পাতা ১ হাজার পাতা যদি কেউ কালেকশান করে সেজন্য দিতে হয় ১৫ পয়সা। সেই ১৫ পয়সা রয়েলটী এটা এমন একটা খুব সাংঘাতিক নয় কারন এই রয়েলটী থাকলে সরকারের এতে ইনকাম হয়। এই ১৫ পয়সা রেহাই করলে এমন কি হবে শ্রমিকদের? এটা ঠিক নয় কারণ এই কুমীরা পাতা এক হাজার এই স্টেটের ভিতরেও ৬টাকা বা ৮ টাকা বা কোন সময় ৫ টাকা বিক্রী হয়। কাজেই এই কুমীরা পাতা যেখানে পাচ টাকা বিক্রী হয় সেখানে ১৫ পয়সা দেওয়াটা খুব বড় কথা নয়।

শ্রীঅনিল সরকার ঃ---এক হাজার পাতা সংগ্রহ করতে কতদিন লাগে?

শ্রীক্ষিতীশ চন্দ্র দাস ঃ---এক হাজার পাতা সংগ্রহ করতে কতদিন লাগে---এক দিনে এক হাজারও পারে, দুই হাজারও পারে। কারন যে এলাকার মধ্যে গাছ বেশী সেই সব এলাকায় বেশী পারে। আর যেখানে গাছ কম সেখানে কম পারে। সেটা বড় কথা নয়। কুমীরা পাতার যে রয়েলটী সেটি মারাত্মক সেই মারাত্মকের কথাই আমি বলছি। আর একটা কথা বলেছে যে দুর্গাচৌধূরী পাড়া---তাদের একটা কথা হল যেখানেই গভর্ণমেন্ট কোন উন্নয়নমূলক পরিকল্পনা গ্রহণ করেন সেখানেই হৈ চৈ লাগিয়ে দেন যে উদ্বাস্ত হচ্ছে, উচ্ছেদ হচ্ছে ইত্যাদি। কথা হল যে গভর্ণমেন্ট যখনই কোন উন্নয়ন মূলক পরিকল্পনা নেবেন---যেমন তোলা হয়েছে ডম্বুরের কথায় ডম্বুরেতে কি হয়েছিল সেই পরিকল্পনা---সেটাকে আজকে আমাদের প্রয়োজন আছে বলেই সেখানে ডম্বুর হাইড্রোইলেকট্রিক করার পরিকল্পনা নেওয়া হয়েছে। সেখানে তারা একটি বারও বলে নাই যে কোন বাঙ্গালী পরিবার সেখানে থেকে উচ্ছেদ হয়েছে। যেমন হয়েছে উপজাতি পরিবার তেমনই বাঙ্গালীও হয়েছে। এটা এমন কথা নয় যে শুধু বাঙ্গালী পরিবারকে এখানে রেখে দেওয়া হয়েছে আর বেছে বেছে উপজাতি পরিবারগুলিকে উচ্ছেদ করা হয়েছে। এটা ভাগ্য---অথচ তারা বলেছেন এখানে বক্তৃতায় প্রায়ই শুনতে পাই যে ইলেক্ট্রিক নাই, রেল লাইন নাই অমুক নাই ইত্যাদি সেজন্য চেষ্টা করে না। আবার চেষ্টা করতে গেলে আমাদের সত্যি পরিকল্পনার মধ্যে দিয়ে আমাদের যে চেষ্টা এবং তার জন্য সরকার যে দায়িত্ব নিচ্ছে---দায়িত্বের কথা আমাদের ট্রাইবেল ওয়েলফেয়ার মিনিষ্টার এবং আমাদের মাননীয় সদস্য হংসধ্বজ দেওয়ান এবং বহু সদস্যই এই সম্পর্কে বলেছে যে সরকার তাদের পুরোপুরি দায়িত্ব নিয়ে এখান থেকে তাদের সরবার সুযোগ করে দিয়েছেন। আর যে কথাটা তারা ফেনায়ে ফেনায়ে বলে যে তাদের অতি অল্প সময়ের নোটিশ দিয়ে, তাদের নোটিশ দেওয়া হয়েছিল ঠিক টাইমেই। উরা গিয়ে ওখানে বলেছে যে তোমাদের এখান থেকে উঠতে হবে না আমরা আন্দোলন করব আমরা তোমাদের জন্য লড়ব---তারাতো আন্দোলনটাকে বেশী প্রিয় বস্তু মনে করেন অতি বিপ্লবী তারা। তারা সেই সমস্ত বুঝিয়েছে যে তোমরা এখান থেকে উঠবে না আমরা তোমাদের জন্য আন্দোলন করে এখানে রেখে দেব। এবং

আমরা ক্ষমতায় গেলে এটা আর হবে না। এখন ঠিক হয়ে গেছে যে ঐ আন্দোলন করলাম আর আমরা সময় মত গেলাম না। কাজেই এখন আমাদের উপায় কি? কাজেই এই সব কথা তারা উত্থাপন করছে। তেমনই আমরা যখন একটা কেটেল ইন্টেনসিভ ডেভে-লাপমেন্ট হয় এই রকম একটা পরিকল্পনা নিতে গেলাম তখনই আবার হৈচৈ করছে যে না এখানে উদ্বাস্তু উচ্ছেদ করা হচ্ছে। আমরা সেজন্য মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের আঞ্চলিক গো-প্রজনন কেন্দ্র সেখানে আমাদের আঞ্চলিক হাঁসপালন কেন্দ্র হবে গৃহ পালিত পশুর একটা খামার। ওখানে রামচন্দ্র নগর একটা মৌজা আছে সেখানে এবং রাধাকিশোর নগর, দুর্জয় নগর, লক্ষ্মীপুর এবং শিবনগর মিলে ২,৫৯৫ একর জায়গা আমরা চেয়েছি। সেই ২,৫৯৫ একর জায়গার মধ্যে সেখানে আগে পুর্নবসতি স্কীমে ২৭৩টি উপজাতি জুমিয়া পরিবারকে পুনর্বাসন দেওয়া হইয়াছিল। তারপর এখন মাত্র ৬টি উপজাতি পরিবার আছে আর ১৪টি উপজাতি নয় এমন পরিবার আছে। কাজেই জায়গাটায় একটা বিরাট সংখ্যক উদ্বাস্তু পরিবার এখান থেকে উচ্ছেদ করা হচ্ছে এই সব কথা অমুলক, এইগুলির কোন যুক্তি নাই। কথাটা হল যে সরকার যে সব উন্নয়ন মূলক কাজ নেবে সেগুলি বাধা দিয়ে দিয়ে জিনিষটাকে আটকে রেখে যাতে নাকি জনসাধারনের সুযোগ সুবিধা না হয় তার চেষ্টা করছে। কারণ তাহলে তারা জাহির করতে পারবে এই ভাবে মানুষকে অসুবিধায় ফেলছে এই করেছে সেই করেছে ইত্যাদি হল নমুনা। কাজেই মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজ আমি আর বেশী বলবো না (লাল বাতি জ্বালিয়ে দিয়েছেন তারপর অজয় বিশ্বাস, মাননীয় সদস্য যা বলেছেন যে মিষ্টান্ন দোকান কর্মচারীর) স্ট্রাইক করেছিল। তাদের উৎসাহেই মিষ্টান্ন দোকান কর্মচারীরা স্ট্রাইক করেছে। আগে স্ট্রাইকের নাম গন্ধও করে নাই। তারা উৎসাহ দিয়েছে স্ট্রাইক কর, সেই পূজার দিন তখন স্ট্রাইক করলে তাদের অসুবিধায় ফেলতে পারবে। কিন্তু তার আগে থেকেই ঐ মালিকদের সঙ্গে চুক্তিবদ্ধ ছিল তা শেষ না হওয়া পর্য্যন্ত অন্য আর একটা দিতে পারে না। তাদের সঙ্গে কথা ছিল যে---পূজা বোনাস যারা মালিক তারা আমাদের আইন মতে বোনাস দিতে হয় না। কিন্তু বোনাস ছাড়াও তাদের একটা দিতে হয়। কিন্তু না, তারা বলছে যে তোমরা দাবি কর তোমাদের বোনাস দিতে হবে। কিন্তু আইনে একটা দোকানেও শ্রমিকের যে সংখ্যা, সেই সংখ্যা, তথ্য মানে খোজে দেখা হয়েছে একটা দোকানেও এই রকম সংখ্যা নাই যাদেরকে বোনাস দিতে হয়। তবু তারা পূজার সময়ে টাকা দিত লামছাম। কিন্তু তারা দাবী করলো যে না এইটা বোনাস করে দিতে হবে পূজা বোনাস করে। তার জন্য মালিকরা বলছে না আমরা আগে যেভাবে টাকা দিতাম ঠিক সেইভাবেই দিব। তাই তারা ধর্মঘট করেছে। এইটা তারা করেছে কি রকম মুহূর্তে যখন না কি বাজারে খুব বিকিকিনি হয় সেই সময়ে তাদেরকে দিয়ে স্ট্রাইক করিয়েছে আমাদের এই বিরোধী দলের যারা কর্মী তারা বলেছে এখন গিয়ে স্ট্রাইক কর তাহলে মালিকরা বেকায়দায় পরবে তাহলেই তারা তোমাদের সঙ্গে আপশ করবে। আমরাতো তাদেরকে কনসোলিডেশনে ডেকেছি কিন্তু তারা আসে নাই। তারা আট দিন পর্য্যন্ত হাংগার স্ট্রাইক করেছে। কিন্তু সেই দল তো আর একটা না, আরও দল আছে যে কথা বললেন মাননীয় মুখ্যমন্ত্রী কোন মাস্টারকে দিয়ে দল করাচ্ছে এইটা ঠিক নয়। শুধু তারাই দল করবেন এই রকম তো কোন কথা নয় দল সবাই করতে পারে। কাজেই এই দলগুলির মধ্যে এক দল মলিকদের সঙ্গে আতাত করেছে এবং বাকী যারা ছিল তারা চীৎকার করেছে, তাবু টাংগিয়েছে তাই তারা একটু রাগ করেছে। এই রকম সিনেমা ওয়ার্কার এবং মটর ওয়ার্কাসএর কথা যেটা মাননীয় সদস্য অজয় বাবু বলেছেন, সেইটা সিনেমা ওয়ার্কাসের সঙ্গে মালিকদের একটা চুক্তি হয়েছিল ৪।৫ বছর আগে কিন্তু সেই চুক্তি শেষ না হতেই তারা দাবীদাওয়া উৎথাপন করলো। তখন মালিকরা বললো যে আমরা বসে মিলে মিশে এইটার মীমাংসা করবো। তারা বলেছে যে না এক্ষণি করতে হবে এই ভাবে তারা উস্কানী দিল। আমরা তাদেরকে কনসোলিডেশনে ডেকেছি কিন্তু তারা আসছে না। এমন কি নোটিশ দেওয়া হয়েছিল যে নোটিশটা তাদের অর্থনৈতিক দাবীর উপর সেই নোটিশটা সেই মালিকদেরকে না দিয়েই দেওয়া হয়েছে শ্রম দপ্তরকে। মাননীয় সদস্য অজয়বাবু আমার কাছে গিয়েছিলেন আমি উনাকে বলেছি যে এই অবস্থা আপনি তাদেরকে বুঝিয়ে বলুন তা না হলে তারা বিপদে

পড়বে। তারা তো মানুষকে বিপ্লবের দিকে ঠেলে দেয় মানুষকে যাতে তাদের এই হাউসে বা মাঠে গিয়ে বক্তৃতা দিতে সুবিধা হয়। তাদের কাজই হলো মানুষকে বিপদের সামনে ঠেলে দিয়ে দূরে দাড়িয়ে তামাসা দেখা। তারা বলে আমরা নির্ভেজাল নির্দোষ মানুষ, আমি মাণিক ভাণ্ডারের কথা বলছি। ঐ কম্যুনিস্ট অফিসের সামনে সেই একজন কৃষক তার প্রয়োজনে, আইনে এই রকম নাই যে এক বাজার থেকে আরেক বাজারে বা এক গ্রাম থেকে আরেক গ্রামে চাউল নিয়ে বিক্রী করলে তারা ধরতে পারে। মাণিক ভাণ্ডারে কম্যুনিস্ট অফিসের সামনে এই রকম একজন কৃষক তরণী দাস করে নাম তার বেশ কিছু দরকার হয়েছে তাই ৫।৭ মণ চাউল নিয়ে সে রওয়ানা হয়েছে সেই কম্যুনিস্ট অফিসের সামনে দিয়ে কিন্তু তাদের সেই পক্ক কেশধারী মাখন দত্ত মহাশয়ের নেতৃত্ব রনজিৎ ঘোষ, নির্মল ভট্যাচার্য্য, অনন্ত পাল, প্রেমানন্দ ধর, এই রকম আরও কয়েকজন তারা তার ধানটা লুঠ করে নিয়েগেছে। একটা টাকাও দেয়নি। সেই কেস্ সম্বন্ধে পরশুদিন তিনি বলেছেন যে প্রাক্তন নেতাকে ১৮ দিন না কত দিন আটকে রাখা হয়েছিল। যদি কেউ ডাকাতি করে, তাহলে তাকে আটকাবে না? তাই আমি জিজ্ঞাসা করছি এইলোক গুলি কোন দলের? তাদের মধ্যে যে গোলমাল লেগেছে, সেইদিন মাননীয় সদস্য বলেছেন যে ডিলার তার নাম হচ্ছে রাজকুমার ঘোষ, রাজকুমার ঘোষ কি আমার দলের লোক? রাজ কুমার ঘোষ সি, পি, এমে ছিল, তারপরে সে সি, পি, আই, গেছে, এখনও স্টিল সে সি, পি, আই। কাজেই সেই রাজ কুমার ঘোষ কি করেছে? এইটা আমি ক্লিয়ার করে দিতে চাই মাননীয় অধ্যক্ষ মহোদয়, এখানে ললিত দেববর্মা করে নাম সি, পি, এমের সদস্য সেখানে কিছু সংখ্যক লোক এই যে নাম বল্লাম আগে তারা রাত্রে সাড়ে নয়টার সময় তাকে এ্যাটাক করলো। ললিত দেববর্মা হচ্ছে আবার সি, পি, আই দলের লোক। কাজেই দুই দলের মধ্যে হলো ব্যাপারটা সেই কারণেই তারা বলেছে যে না এইটা ট্রাইবেল এবং বাঙ্গালীদের মধ্যে গণ্ডগোল হয়েছে। তখন রাজ কুমার ঘোষের বাড়ীতে গিয়ে ঐ যে আগের পরিচয় সি, পি, এমের ওয়ার্কার ছিল ইদানিং হয়েছে সি, পি, আই সেই রাজ কুমার ঘোষের বাড়ীতে গিয়ে ঐ যারা আক্রমণ করেছিল রাত্রে এবং টাকা পয়সা লুঠতরাজ করেছিল সেই রাজ কুমার ঘোষ নিজেই থানাতে গিয়ে তদন্ত ইত্যাদি করে তাদেরকে জেলে দিয়েছিল। এই ঘটনার ফলেই রাজ কুমার ঘোষের উপর তাদের এত কটাক্ক। মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই গুলি বলেছি এই কারণে যেহেতু তারা বলেছে এবং আমাকে বলা হয়েছে যে আমি নাকি খাস জমি দখল করেছি। আমি মন্ত্রী হওয়ার পূর্বেই জুত জমি খরিদ করে রেখেছি এইটাকে বলেছেন যে খাস জমি। খাস জমি আমি দখল করি নাই। এই সমস্ত অবান্তর কথা। এখন দেখছি কি অনাস্থা প্রস্তাব আনবার কোন অধিকার তাদের নাই। তারা এক মাস আগে থেকে প্রচার করেছিলেন লক্ষাধিক লোকের সমাবেশ, আগরতলা শহরে বিধানসভা ঘেরাও করবে। কিন্তু এক মাস যাবত চেষ্টা করে তারা মাত্র হাজার পাচেক লোক আনতে পারে নাই আবার ডামাঢুল বাজিয়েছিল যে লক্ষাধিক লোকের সমাবেশ হবে। যে দল ৫ হাজার লোকও আনতে পারে নাই সেই দলের অনাস্থা প্রস্তাব আনারও কোন অধিকার নাই। কাজেই আমি এই প্রস্তাবকে স্বীকার করতে পারি না। আমি এই প্রস্তাবের বিরোধিতা করে মাননীয় অধ্যক্ষ মহোদয় আমি আমার বক্তব্য শেষ করছি।

মিঃ স্পীকার ঃ---অনারেব্যল মিনিস্টার শ্রীমনোরঞ্জন নাথ।

শ্রীমনোরঞ্জন নাথ ঃ---মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই বিধান সভায় মাননীয় বিরোধী দলের নেতা যে অনাস্থা প্রস্তাব এনেছেন তার বিরোধিতা করতে গিয়ে আমি আমার বক্তব্য রাখছি। মাননীয় বিরোধী পক্ষের সদস্য বা বিরোধী দলের নেতা তারা বিভিন্ন ধরনের উক্তি এই হাউসের সামনে রেখেছেন তার কোন সারবত্তা নাই। আমার যদি দেখি যে গত বিধান সভায় নো কনফিডেন্স যা এসেছিল বা এর আগেও যে বাজেট সেশনে বা অন্যান্য সেশনে যে সমস্ত আলোচনা করেন তার পুনরাবৃত্তি হয়েছে মাত্র। যদি রেকর্ড দেখা যেত বা রেকর্ড বাজাইলে তাদের উক্তি শুনা যেতো। সুতরাং এই সমস্ত বেসলেস উক্তির কোন

সারবত্তা নাই। সেই সমস্ত উক্তির বিশেষত্ব কিছুই নাই আমি সেই জন্য এই প্রস্তাবের বিরোধিতা করছি। মাননীয় সদস্য বলেছেন যে ট্রাইবেলদের সীট কমিয়ে দেওয়া হয়েছে, এই ত্রিপুরা সরকার ট্রাইবেলের সীট কমিয়ে দিয়েছে এই কথা মাঠে ঘাটে এবং এসেম্বলিতে তারা তাদের বক্তব্য রাখছেন। মাননীয় সদস্যরা নিশ্চয়ই জানেন যে, অ্যাসেম্বলীতে সীট কমানোর অধিকার ত্রিপুরা সরকারের নেই। মাননীয় সদস্যরা নিশ্চয়ই জানেন যে, ডি, লিমিটেশান কমিশন আছে এবং এই ডি, লিমিটেশান কমিশনের মিটিং আছে আগামী ১৫ তারিখে। এই ডি, লিমিটেশান কমিশন হল একটা নিরপেক্ষ বোর্ড। সেই নিরপেক্ষ বোর্ডই কন্টিনিউশান ডি, লিমিটেশান করে এবং সেখানে দুইজন এম, পি, আছে সেই দুইজন মেম্বার আছেন এবং অ্যাসেম্বলীর চারজন মেম্বার আছেন। আরটিকেল কন্সিটিউশানের আরটিকেল ৩২ তে আছে সিড্যুইল কাস্ট এবং সিডিউল ট্রাইবে যে পপুলেশান আছে, যে স্টেটে আছে সেই স্টেটে যে পপুলেশান অনুযায়ী সীট রিজার্ভ হয়ে যায়। মাননীয় সদস্য নিশ্চয়ই জানেন যে, ১৯৬১ এর সেনসাসে ত্রিপুরার পপুলেশান ছিল ১১ লক্ষ ৪২ হাজার ৫ এবং ১৯৭১ এর সেনসাসে পপুলেশান হয়েছে ১৫ লক্ষ ৫৬ হাজার ৩৪২ জন। ১৯৬১তে সিড্যুউল কাস্টের পপুলেশান ছিল ১ লক্ষ ১৯ হাজার ৭২৫ এবং ৭১ এর সেনসাসে গিয়ে দাড়ায় ১ লক্ষ ৯২ হাজার ৮৬০। সিড্যুউল ট্রাইবের পপুলেশান ছিল ১৯৬১ তে লক্ষ ৬০ হাজার ৭০ এবং ১৯৭১ এর সেনসাসে গিয়ে দাঁড়ায় ৪ লক্ষ ৫০ হাজার ৫৪৪। সিড্যুউল কাস্টের সীট ছিল ৬টি এবং সিডিউল ট্রাইবের ১৯টি। সিডিউল কাস্টের পারসেনটেজ ছিল ১০,৪২ এবং সিডিউল ট্রাইবেল ছিল ৩১,৫২ পারসেন্টেটেজ। এখন সিডিউল কাস্ট পারসেন্টটেজ ১২,৩৯ এবং সিডিউল্ল ট্রাইব পারসেন্টটেজ ২৮,৯৫। সুতরাং সিডিউল ট্রাইব রিডিউজড্ হয়েছে, সেই কন্‌স্টিটিউশান যদি তারা মানেন তাহলে সীট কমানো হচ্ছে না এটা তারা বিশ্বাস করবেন। সীট কমানো বাড়ানোর দরকার হলে ডি, লিমিটেশান কমিশনই সব করবেন। এতে ত্রিপুরা সরকারের কোন হাত নেই। ত্রিপুরা সরকার সীট কমিয়েছেন এই কথা মাঠে ঘাটে এই কথা বলতে পারেন, কিন্তু বিধান সভায় এই কথা বিরোধী দলের একজন প্রাক্ত নেতা বলবেন সেটা আমি আশা করি নাই। তবে তাদের পক্ষে অবান্তর কথা আবোল তাবোল কথা বলা সম্ভবপর।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, তিনি বলেছেন যে কমলপুরের হালাহালিতে সমীর রঞ্জন চৌধুরীকে আমরা চাকুরী দিয়েছি কংগ্রেসী বলে। কিন্তু মাননীয় সদস্য আমি বলতে চাই আমরা এই বৎসরে লেবরোটারী টেকনিসিয়ান ট্রেনিং কোর্স আমরা আরম্ভ করেছি। ২৫টি ছেলেকে নিয়ে আমার আরম্ভ করেছি। এই বৎসর কিছুদিন আগে সেই কোর্স আরম্ভ হয়েছে। আমরা প্রত্যেক এ্যামপ্লয়মেন্ট এ্যাকস্‌চেঞ্জে নাম চেয়েছি। হায়ার সেকেণ্ডারী পাশ করেছে তাদের নাম। প্রত্যেক সাবডিভিশান থেকে নাম এসেছে। এবং প্রত্যেক সাবডিভিশান থেকেই দেওয়া হয়েছে। এবং সিলেক্‌ট করা হয়েছে একরডিং টু মেরিট। হ্যাঁ, এ্যাকুরডিং টু মেরিট হিসাবে সিলেক্‌শান করা হয়েছে। সেই সমীর রঞ্জন চৌধুরী মার্কস পেয়েছে ৫২৬। মাননীয় সদস্য সেই কমলপুর থেকে আমরা ১২টি নাম পেয়েছি। মৌলিক দেবনাথ তার মার্কস ৫১১, (২) টি, সিনহা,\৪২৬ (৩) এস দেব, ৫১৭, (৪) এন, ভট্টাচার্য ৫০৯, (৫) এস, সি, দাস, ৩৭৪, (৬) এস, দাস, ৪৩৪, (৭) এন, বি, রায়, ৫০১, (৮) এম, এল, দাস, ৩৫৭, (৯) এস, দাস, ৩৭৯, (১০) বি, দাস, ৪০০, (১১) এস, সি, দেবনাথ কমপার্টমেন্টাল এবং সমীর রঞ্জন চৌধুরী যে সিলেক্ট হয়েছে সে পেয়েছে ৫২৬। একুরডিং টু মেরিট আমরা দিয়েছি। মাননীয় সদস্য বলেছেন, আমরা কংগ্রেসী হিসাবে চাকুরী দিই, তাহলে আমি জিজ্ঞাসা করব, বীরেন দত্ত তিনি কংগ্রেসী নাকি! তার ছেলে চাকুরীতে জয়েন করেছে। তার মার্কস হল ৫৫৫। সেও ট্রেনিং পেয়েছে। মাননীয় সদস্য নিশ্চয়ই জানেন যে, তার কলীগ, তিনি কমরেড। এম, পি,। তার ছেলেও পেয়েছে। একুরডিং টু মেরিট। সেই চান্সটা, সেই জিনিসটা আমরা দিয়েছি। আমরা কংগ্রেসী কমিউনিস্ট দেখে সিলেকশান করি নাই। সুতরাং তাদের বলতে হবে তারা বলবেন। ফুড সর্ম্পকে বলেছেন। ফুড সর্ম্পকে বলতে গিয়ে তারা বলেছেন যে আমরা সেম্পল কালেকশান করি না। আমি এখানে একটি রেকর্ড দিতে চাই। এর আগেও অ্যাসেম্বলীতে

তুলেছেন, আবার কালকেও তুলা হয়েছে। ১৯৭৩ সালে সেম্পল কালেকশান করা হয় ১৮৯, ১৯৭৪এ ৫৫০ টোটেল ৭০৫ হয়েছে। সাব্রুমে ৫৭, নাম্বার অব এ্যাক্সজামিনেশান হয়েছে ১৮৬ এবং ৭৪ এ ৪০০ টোটেল হয়েছে ৫৮৬। সাব্রুমে হয়েছে ৪৭। ১৯৭৩এ পাওয়া গ্যাছে ১৯৭৪ এ ১৮৪ টোটেল হয়েছে ২৫৫। সাব্রুমে হয়েছে ৩৭ নাম্বার অব কন্তিক ১৯৭৩ হয়েছে ১৫ এবং ৭৪ এ হয়েছে ৩৭ টোটেল হয়েছে ৫২। সাব্রুমে হয়েছে ১০। সাব্রুমের কথা বলার মানে হল মাননীয় অধ্যক্ষ মহোদয়, কালকে তিনি সাব্রুম নিয়ে খুব কথা বলেছেন, এই জন্য আমি এখানে সাব্রুমের কথা বলছি। সেম্পল কালেকশান করা হয় না একথা ঠিক নয়। আমরা ১৯৭৪ সালে ৫০৫টি সেম্পল কালেকশান করি। এর মধ্যে বিগ মার্চেন্ট আছেন, স্মল মার্চেন্ট আছেন। সব রকমের লোকই আছেন। সুতরাং তারা অবান্তর কথা বলছেন, তারা বলবেন। এবং একটা কথা তারা বলেছেন যে সুভাষ সরকার নামে একটা লোককে পাবলিক ধরেছিল, কিন্তু ডি, এইচ, এস কিছু করেন নাই। মাননীয় সদস্য শর্মা বলেছেন যে সুভাষ সরকার---আমার মনে হয় সুভাষ সরকার না হয়ে সুভাষ সাহা হবে। মাননীয় সদস্য বলেছেন যে পাবলিক ধরেছিল---মাননীয় সদস্য হয়তো জানেন না, ফুড এ্যাডালটোরেশান এ্যাক্ট সম্বন্ধে ॥ কারণ তিনি মাষ্টার, তিনি হয়তো নাও জানতে পারেন, কারণ মাষ্টাররা কোন আইনের ধার ধারেন না সুতরাং তিনি বলেছেন পাবলিক ধরেছিল, কিন্তু পাবলিক ধরলেই কিছু করা যায় কেননা,মাননীয় অধ্যক্ষ মহোদয়, পাবলিক ধরার কোন অধিকার নেই, ধরবে আর, এইস, ৫ আছেন, বা ফুড ইন্সপেক্টার আছেন, বা সেনিটারী ইন্সপেক্টার আছে, তারা যদি স্যাম্পল কালেকশান করে এবং শুধু স্যাম্পল কালেকশান করলেই হবে না, পাবলিক এ্যানালিস্ট দিয়ে সেটা একজামিন করাতে হবে এবং পাবলিক এ্যানালিস্ট যদি তাকে এ্যাডালটারেট বলে চিহ্নিত করেন, তারপর ডি, এইচ, স্যাংশান দেবেন, কোর্টে তার বিচার হবে। সুতরাং ডি, এইচ, এস কিছু করেন নি সেকথা ঠিক নয়। মাননীয় বিরোধী দলের নেতা নৃপেন বাবু ডি, এইচ, এসকে ইনফরমেশান দিয়েছিলেন এবং ডি, এইচ, এস আর, এইস ৫, কে সেই সাহার দোকানে পাঠিয়েছিলেন এবং সাহার দোকান থেকে তিনটি স্যাম্পল কালেকশান করে তিনি নিয়ে আসেন এবং সেগুলি পরীক্ষা করে দেখা হয়েছে এবং এ্যাডালটারেশান না বলে প্রমাণিত হয়েছে। সুতরাং ডি, এইচ, এস কিছু করেন নাই একথা ঠিক নয়।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, তিনি বলেছেন ধর্মনগর জেল সম্পর্কে---সাম চক্রবর্ত্তী তিনি কোন মেডিক্যাল ট্রীটমেন্ট পাননি। সেই সম্পর্কে আমি বলতে গিয়ে বলব সেই চক্রবর্ত্তী মহাশয় তিনি ২৪-৯-৭৪ তারিখে এ্যারেস্ট হন, বিকেলে এস, ডি, এম, ও তাকে এগজামিন করেন, তারপর ২৫-৯-৭৪ তারিখে তাকে আবার মেডিক্যাল অফিসার তাকে মেডিক্যাল এইড দেন এবং সেইদিন বিকালের দিকে তিনি রিলীজড্ হয়ে যান। সুতরাং বলতে হবে, তিনি বলেছেন, এ্যাসেম্বলীতে এই সমস্ত বেসলেস কথা তিনি বলে গেছেন।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, তিনি প্রকিউরমেন্ট সম্পর্কে একটা কথা বলেছেন যে ধর্মনগরে প্রচুর ধান হয়েছে; ধর্মনগরের লোক প্রকিউরমেন্টের ধান দেয় নাই, আর এখন ধর্মনগরবাসী ব্ল্যাক মার্কেট করছেন। মাননীয় সদস্য তিনি এ্যাসেম্বলীতে বলেছেন, তিনি বলতে পারেন, তার বলার অধিকার আছে। গত অগ্রহায়ণ মাসের প্রথম ভাগে প্রচুর বৃষ্টি পাত হয়, তাতে ধর্মনগরের ফসল নষ্ট হয়। এই কারণে আমি যতটুকু জানি, যে পরিমাণ কলেকশান করা হবে আমরা আশা করেছিলাম, সেই পরিমাণ ধান আমরা প্রকিউর করতে পারি নাই। আরেকজন সদস্য বলেছেন যে স্বাস্থ্য মন্ত্রী প্রকিউরমেন্টের জন্য গিয়েছেন। স্বাস্থ্য মন্ত্রীর যাওয়া কর্তব্য বলে আমি সেটা মনে করি। প্রকিউরমেন্টের কাজে মন্ত্রীদের যাওয়া উচিত এবং সেই কর্তব্য আমি করেছি। প্রকিউরমেন্ট করা হয়েছিল বলেই আমরা এতদিন জনসাধারণকে চাউল দিতে পেরেছি। সুতরাং আমি কি অপরাধ করেছি? মাননীয় সদস্য বলেছেন ধর্মনগর'এর লোক ব্ল্যাক মার্কেট করছে, আমি বলব ধর্মনগরে যদি ব্ল্যাকমার্কেটীয়ার থেকে থাকে, তাহলে কমিউনিষ্ট পার্টির লোকেরাই ব্ল্যাক মার্কেট করছে। কারণ তারা পাহাড়, জঙ্গল যে ফাঁড়ি পথ আছে, সেই সমস্ত চোরাই পথ তাদের জানা আছে এবং সেই পথে তারা আসাম এবং অন্যান্য স্থানে চাউল পাচার করছেন।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, তিনি আমার নামে একটা কম্‌প্লেন এনেছেন যে আমার ছেলে খাস জায়গা বন্দোবস্ত নিয়েছে। এই এ্যালিগেশান ১৯৭২ ইং সনের ইলেকশানের পর থেকেই আমি শুনে আসছি। হাউসে অনেকবার উঠেছে যে যখন নো-কনফিডেন্স মোশান এনেছিলেন, তিনি বলেছিলেন আমার ছেলে কয়েক দ্রোণ জায়গার বন্দোবস্ত নিয়েছে, আমার ছেলে কোন খাস জায়গা বন্দোবস্ত নেয় নাই। তখন আমি চ্যালেঞ্জ দিয়েছিলাম যে তাহলে বলুন তার প্রিভিয়াস্ অর্ডার আছে কি না, প্রিমিয়াম ডিপজিট আছে কি না, খতিয়ান আছে কি না, তৌজি আছে কি না, পজেশান হ্যাণ্ড ওভার হয়েছে কি না, এবং যদি হয়ে থাকে, তাহলে তার তারিখ কত, কিন্তু তিনি সেইসব তথ্য দিতে পারেন নাই। আজকে তিনি পিছু পা হয়েছেন, হয়ে বলেছেন আমি যখন ডিপুটি স্পীকার ছিলাম তখন আমার ছেলে খাস জমি বন্দোবস্তের জন্য দরখাস্ত করেছিল। যদি করে থাকে দরখাস্ত করাটা কি অপরাধ? আমি এখানে বলতে চাই, মাননীয় বিরোধী পক্ষের নেতা যে কত তুলসী পাতার ধুয়া। সাধনা চক্রবর্তী, স্বামী শ্রীনন্দলাল চক্রবর্তী, বনমালীপুর, খতিয়ান নাম্বার ৪৩৮৫, আগরতলা টাউনশিপ নাম্বার ১৪, ওরিজিন্যাল জায়গার পরিমাণ হচ্ছে ৯ গণ্ডা, আর দখলে আছে ৯ গণ্ডা, ২ কড়া, ১৯ ধুর, যার মূল্য হবে ১০ হাজার টাকা, আর তিনি এখানে এসেছেন, আমার ছেলে দরখাস্ত করেছে সেকথা বলতে। লজ্জা হয় না? (নৃপেন বাবু---বাড়ী ভেঙ্গে দিন) আপনাদের লজ্জা থাকা দরকার। সুতরাং মাননীয় অধ্যক্ষ মহোদয়, তাদের বলতে হবে, তাই তারা বলে গেছেন, তাদের বলার অধিকার আছে, তাই তারা এইসব আবল তাবল কথা বলেছেন, যাদের লজ্জা নেই তারা এইসব কথা বলতে পারেন। মাননীয় অধ্যক্ষ মহোদয়, এইসমস্ত কথার উত্তর দেওয়ার প্রশ্ন উঠেনা। সুতরাং আমার বিরুদ্ধে যে সমস্ত এ্যালিগেশান আনা হয়েছিল, আমি প্রত্যেকটির উত্তর দিয়েছি। এই প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য আমি শেষ করছি।

মিঃ ডিপুটি স্পীকারঃ---শ্রীমতী বাসনা চক্রবর্ত্তী।

শ্রীমতী বাসনা চক্রবর্ত্তীঃ---মাননীয় ডিপুটি স্পীকার মহোদয়, আজকে আমাদের বিরোধী দলের নেতা যে অনাস্থা প্রস্তাব এনেছেন, তাকে আমি সমর্থন করতে পারছিনা। সমর্থন না করার অনেকগুলি কারণ আছে। এখানে তারা এই হাউসের সামনে বক্তৃতার মাধ্যমে এমন একটা পরিবেশ সৃষ্টি করেছেন যা শুনে মনে হয়, যেন তারাই সমগ্র ত্রিপুরায় জন দরদী, আর অপর পক্ষে যে সমস্ত সদস্য জনতার নির্বাচিত হয়ে এসেছেন, তারা কেউ জনতার জন্য দরদী নন। একা এই যে ১৮-১৯ জন বিরোধী সদস্য, তারাই ত্রিপুরা রাজ্যের গরীব, দুঃখী যারা আছে, তাদের জন্য দরদী এবং চিন্তিত। আমরা যারা এদিকে আছি, তারা যেন কিছুই করিনা। আমি দুই একটি উদাহরণ এর মাধ্যমে সেইগুলি বলছি। যখন ত্রিপুরা রাজ্যে ১৯৭২ সন'এ দারুন খরা হয়, সেই সময়ে যখন সমস্ত জনসাধারণ অভাবের তাড়নায়, দুঃখের তাড়নায় অস্থির হয়ে পড়েছিল, সেই সময়ে এস, ডি, ও এবং বি, ডি, ও কিভাবে তাদের সাহায্য দেবেন, টেস্ট রিলিফের মাধ্যমে, জি, আর'এর মাধ্যমে কি করে তাদের কাজ দেবেন, সেই চিন্তায় অস্থির, সমস্ত মন্ত্রীসভা যখন চিন্তিত সেই সময়ে জনতাকে উস্‌কানি দিয়ে এস, ডি, ও এবং বি, ডি, ও'র অফিস ঘেরাও করে তাদের সময় নষ্ট করে এই যে গরীব জনতা, তাদের কাছে যাতে সাহায্য অতি সত্বর না পৌছায় সেই চেষ্টা তারা করেছিলেন এবং সেই সময়ে অতি সত্বর যে কাজটা তাড়াতাড়ি হতে পারত, তাদের সাহায্য তরান্বিত হতে পারত, সেই কাজে তারা বাধার সৃষ্টি করেছিলেন। কাজেই বুঝতে পারেন সত্যিই যদি তারা জন দরদী হতেন, তাহলে তারা কাজে বাধা দিতেন না। তাদের উদ্দেশ্যই হল রাজনীতি চাল দেওয়া। ঠিক তেমনি ট্রাইবেলদের জন্য তারা অসম্ভব দরদী হয়ে পড়েছেন। আমরা এখানে যারা আছি, ট্রাইবেল বাঙ্গালী, একসঙ্গে আমরা বাস করি, আমরা সকলের জন্য সমান দরদী। ট্রাইবেলদের সঙ্গে আমাদের কোন রকম বিভেদ জানিনা। তাদের দুঃখে কষ্টে আমরা দুঃখী, তাদের অর্থনৈতিক সুযোগ সুবিধা যাতে দেওয়া যায়, এবং অন্যান্য সুযোগ সুবিধা যাতে দেওয়া যায়, তার জন্য আমরা ব্যবস্থা করছি, এখানেও একটা বিভেদ সৃষ্টি করার জন্য তারা বলছেন যে ৬ লক্ষ থেকে সাড়ে পাচ লক্ষ লোককে নাকি মৃত্যুমুখে ঠেলে দেওয়া হচ্ছে। একটা পরি-

কল্পনা তাকে রূপ দিতে যথেষ্ট সময়ের দরকার হয় এবং সেইটুকু সময় যদি তাদের হাতে তুলে দেওয়া না হয়, তাহলে কোন সরকার তাকে পরিপূর্ণ রূপ দিতে পারে না একটা পরিকল্পনা রূপ নিতে যেটুকু সময় লাগে, সেই সময়ে নানা অসুবিধার সৃষ্টি হতে পারে, কিন্তু ধীরে ধীরে যখন সেটা পূর্ণাঙ্গ রূপ নেয়, তখনই তাকে সুষ্ঠু রূপ দেখা যায়। কাজেই যাদেরকে পুনর্বাসন দেওয়া হয়েছে (ট্রাইবেলদের) তাদের অসুবিধা থাকতে পারে, কিন্তু সেই সব অসুবিধা দূর করার জন্য চেষ্টা চলছে এবং যাতে তারা সুযোগ সুবিধা পায়, তার চেষ্টা হচ্ছে। আমি আরেকটা উদাহরণ দিয়ে বলছি কি ধরণের তারা জনসাধারণের প্রতি দরদী মন এখানে প্রকাশ করেছেন তার উল্টো দিকটা আমি এখানে তুলে ধরছি। অনেকদিন আগে আমি লালটীলায় গিয়েছিলাম, খোয়াই সাবডিভিশানে, সেখানে জনসাধারণের মধ্যে টেস্ট রিলিফের কাজ দেওয়া হচ্ছে, সেখানকার জনসাধারণ কাজ করতে ইচ্ছুক ছিল, কিন্তু দলীয় নেতা, কমিউনিষ্ট পার্টির, তিনি বলেছেন তোমরা এখন কাজ করবে না। কারণ তোমাদের সবাইকে কাজ দেওয়া না হয়, তাহলে এক দুইজন কাজ করবেনা। কাজেই চিন্তা করে দেখুন যারা নিতান্ত গরীব, যারা বাঁচতে পারেনা, না খেয়ে যারা মরবে, তাদের সুযোগ দেওয়া সরকারের উদ্দেশ্য, কিন্তু সেখানে দলীয় নেতা বলছেন সবাইকে কাজ দিতে হবে---যার ঘরে ৮০ মন চাউল আছে, তাকেও দিতে হবে আর যাদের ঘরে এক মুঠো চাউল নেই, তাদেরকেও দিতে হবে কাজ। তবেই বুঝুন ত্রিপুরা রাজ্যের জনসাধারণ, কি ধরণের চিন্তা ধারা নিয়ে তারা চলেছেন। প্রত্যেকটা একটা চালাকী এবং চালবাজী ছাড়া আর কিছুই নয়। তাছাড়া আমরা দেখতে পাই যে সব সময় একটা রাজ্যে অশান্তি সৃষ্টি করে রাখে। দেশে যখন খাদ্যের অবস্থা অত্যন্ত অসুবিধায় পড়ে আমরা সেই সময়ে রেল স্ট্রাইক, শ্রমিক স্ট্রাইক, স্কুল স্ট্রাইক, বিভিন্ন রকমের স্ট্রাইক এর যোগান দেই। যে শ্রমিক সারাদিনের পরিশ্রমের পর ৬-৭ টাকা রোজগার করে এবং যার রোজগারের উপর নির্ভর করে তার পরিবারের লোকদের জীবন নির্বাহ করতে হয় সেই শ্রমিককে যদি কাজ করতে না দেওয়া হয় তাহলে তার পরিবারের যে কি ভীষণ চিত্র সেটা তারা যদিও এখানে এসে বলেন কিন্তু আমার মনে হয় উনারা প্রাণ দিয়ে সেটা অনুভব করেন না। যদি করতেন তা হলে এত ঘন ঘন স্ট্রাইক করে সেই জনতাকে উত্যক্ত করে তুলতেন না তাদের অনেককিছু পাইয়ে দেবেন বলে। কিন্তু তারা কি পারে পাইয়ে দিতে? একটা স্ট্রাইক করলে কি পাওয়া যায়? রেলওয়ে স্ট্রাইকের মাধ্যমে খাদ্য সরবরাহ বানচাল করা এবং বাজারে জিনিষপত্রের দাম বাড়া এবং এইগুলির মুলে আপনাদের যে একটা হাত আছে সেটা জনসাধারণ এখন বুঝতে পারে এবং জনতা এখন বুঝতে পারছে যে আপনাদের এটা একটা রাজনৈতিক চাল। কাজেই আমি বলব এখাডে আপনারা এই অনাস্থা প্রস্তাবের উপর যে সমস্ত অভিযোগ করেছেন প্রত্যেকটা ক্ষেত্রে জবাব মন্ত্রীরা দিয়েছেন এবং অন্যান্য সদস্যরাও প্রায় প্রত্যেকটি অভিযোগের বিরুদ্ধে অভিমত তারা দিতে পেরেছেন। তবে আমি একটা কথা বলছি যে ১৩টা স্কুল মাদারের সম্পর্কে যে কথা বলেছেন সেটা ঠিক খবর নয়, কারণ নরসিংগড় আমার এলাকা নয়। আরতী দত্ত বলে যে মেয়েটি তার বাড়ী মোহনপুর, সে কাজও করে মোহনপুরে। আমি সবার নাম আনাইনি এখানে। আনিও নি জানিওনা। এখানে যে কয়টা নাম দেওয়া হয়েছে সেটা ভুল তথ্য দেওয়া হয়েছে। কাজেই মন্ত্রীদের বিরুদ্ধে অভিযোগ আনলে সেটা তথ্যপূর্ণ এবং যাতে সেটা আপনাদের কাজের সঙ্গে যোগ থাকে সেইভাবেই আনবেন। তবে সেখানে যদি মৃত একজন শিক্ষকের স্ত্রী দুঃস্থ হয় তাহলে তাকে চাকরী দেওয়াটা যদি অপরাধ হয়ে থাকে তাহলে সেই অপরাধ মানতে আমি রাজী। যদি একজন দুঃস্থ মহিলাকে চাকরী দিলে অপরাধ হয়ে থাকে সেই অপরাধ আমি স্বীকার করতে রাজী, যদি ত্রিপুরা রাজ্যে কোন দুঃস্থ গরীব মহিলাকে চাকরী দিলে অপরাধ হয়ে থাকে তবে সেইজন্য জনতার সামনে যদি বলে আমি অপরাধী তবে আমি অপরাধী। আর আপনারা যদি সেই গরীব দুঃখীকে চাকরী দিলে আমাকে অপরাধী মনে করনে তা হলে আমি অপরাধী। কাজেই আপনাদের এই অনাস্থা প্রস্তাবে আমি কোন বিশ্বাস রাখি না। এখানেই আমি আমার বক্তব্য শেষ করছি।

মিঃ স্পীকার ঃ----শ্রীদেবেন্দ্র কিশোর চৌধুরী, অনারেবল ফিনান্স মিনিষ্টার।

শ্রীদেবেন্দ্র কিশোর চৌধুরী ঃ---মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে বিরোধী দলের নেতা মাননীয় নৃপেনবাবু আজকে মন্ত্রীসভার বিরুদ্ধে অনাস্থা আনতে গেলে তিনি প্রথমে সুরু করেছেন দিল্লী থেকে। প্রথমেই ইন্দিরা গান্ধী থেকে তিনি সুরু করেছেন। আস্তে আস্তে তিনি ট্রেনে করে এরোপ্লেনে করে এই ত্রিপুরাতে এসে পৌছেছেন। প্রথমে বলেছেন যে ইন্দিরা গান্ধী আজকে আস্থা হারিয়ে ফেলেছেন যার জন্য নাকি আজকে গুজরাটে, ইউ, পি, তে, বিহারে নানারকমভাবে জনতার আন্দোলন সুরু হয়েছে। কিন্তু আমি আজকে একটা কথা বলতে চাই যে আজকে ভারত-বর্ষের যে অর্থনীতি তৈরী করেছে তার উপরেই তিনি বলেছেন যে কিসিংগারের সঙ্গে যোগা-যোগ রক্ষা করে চলার, খাদ্য আনার ব্যাপার আমাদের। ভারতবর্ষ থেকে যা নাকি আমরা জনসাধারণকে দিতে পারি না তার অনেক জিনিষ বিদেশে চালান যাচ্ছে জনসাধারণকে বঞ্চিত করে। যদি আমরা অন্য দেশ থেকে খাবার আনার চেষ্টা করি তাহলে সেটা সরকারের্য অপরাধ হতে পারে না। আজকে প্রথমে চেষ্টা করতে হবে যাতে আমরা নিজেদের খাদ নিজেরাই তৈরী করতে পা র। যদি নিজেদের খাদ্য নিজেরা তৈরী করতে না পারি তাহলে জনসাধারণের খাবারের জন্য আমাদের দরকার আমেরিকা থেকে, রাশিয়া থেকে, চীন থেকে যেখানেই পাই সেখানে থেকেই আনতে হবে। তবে আমাদের আত্ম সম্মান যাতে আমরা বিক্রি করে না আনি সেটা লক্ষ্য রাখতে হবে। তার জন্য আমাদের এমন জিনিষ বিদেশে আমাদের পাঠাতে হয় যা নাকি প্রয়োজনীয় এবং সেজন্য হয়ত জনতার কাছে সব সময়েই সব জিনিষ পৌছে দেওয়া যায় না তাদের প্রয়োজনমত। কিন্তু আমাদের ভোগ বিলাসের যে সমস্ত জিনিষ আছে তা বিদেশে পাঠিয়ে তার বদলে আমরা খাবার আনব, সেটা তো অপরাধ হতে পারে না। তাই আজকে ইন্দিরা গান্ধী চেষ্টা করছেন যে আমার দেশের জনতা যাতে কিছু উৎপাদন করতে পারে এবং সেই উৎপাদনের বিনিময়ে যাতে আমরা খাদ্য আনতে পারি এবং জনসাধারণকে বাঁচাতে পারি, সেটা তো কোন অপরাধ নয়। আজকে আমরা দেখতে পারি যে এমন একটা চক্র গড়ে উঠেছে, হয়ত উনারা বলছেন যে আজকে জোতদার যারা আছে তারা আমাদের বন্ধু। হ্যাঁ, আমি স্বীকার করি তারাও আমাদের বন্ধু, দুস্থ জনসাধারণও আমাদের বন্ধু। আমরা জন-সাধারণকে রাস্তায় গুলি করে মারতে পারব না। আমরা এতদিন জনসাধারণকে বাঁচাতে চেয়েছি যে আজকে পৃথিবীতে একা বাঁচাতে পারা যায় না। সবাইকে নিয়ে যদি না বাচতে পারি তাহলে ২-৪ জন ব্যবসায়ী করেই হোক, স্মাগলিং করেই হোক তারা বড় হতে পারে না। দুর্ষকর্মকরীরা যেমন আমাদের বন্ধু নয়, তেমনি উনাদেরও বন্ধু নয়। কষককর্মকারীরা প্রকৃতপক্ষে কারোরই বন্ধু হতে পারে না। তারা নিজেরাই একটি দল। কিন্তু তারা এমন একটা জোট বেঁধে রেখেছে দেশের মধ্যে যে আজকে সবাই মিলে সেই জোটকে ভাঙ্গতে হবে। তার জন্য আমরা পদক্ষেপ নিয়েছি সেই জোটটা ভাঙ্গতে। তাকে ভাঙ্গতে গিয়ে যখন নাকি একটা নুতন জিনিষ গড়তে যাওয়া যায় তখন একটা অর্থনৈতিক অনটন আসে। নানারকমে জনসাধারণের একটু অসুবিধা ভোগ করতে হয়। দেশের জনসাধারণ নিজের পায়ে দাঁড়াতে হলে অনেক কিছু ত্যাগ করতে হয়। যখন আমাদের ত্যাগ করবার সময়, যখন আমাদের সৃষ্টি করবার সময় তখন আমরা আইন অমান্য আন্দোলন না করে যাতে আমরা নুতন ভাবে দেশকে গড়তে পারি আমার মনে হয় সেই দিকে আমরা সবাই মিলে চেষ্টা করা উচিত। তাই আজকে দেশে যে দুদিন এসেছে, যে অভাব অনটন এসেছে আজকে মানুষ দিশেহারা হয়ে পড়েছে। আজকে কি দেখতে পাই? আমাদের যে জিনিষ আছে, সেগুলি আমরা জনসাধারণের কাছে ঠিক মত বিলি করতে পারছি না। এমন একটা চক্র গড়ে উঠেছে, যারা নাকি আমাদের দেশের জিনিষ বিদেশে পাচার করছে এবং যেটা নাকি তাদের গুদামের পিছনে লুকিয়ে রাখছে, জনসাধারণের মুখের অন্ন কেড়ে নিয়ে তারা সেগুলি নিজেদের স্বার্থে ব্যবহার করছে, নিজেরা বড় হতে চেষ্টা করছে, সেখানে সরকার আজকে বাঁধা দিতে চলেছে এবং সেই বাঁধাতে আমি মনে করি আমাদের যেমন এগিয়ে আসা দরকার, তেমনি উনাদেরও এগিয়ে আসা দরকার। কারণ জনতা আমাদেরও আবার উনাদেরও। কাজেই দুদিনে সরকার যে অনাস্থা অবলম্বন করছেন তার সঙ্গে সহযোগিতা না করে যদি তাকে বিফল করে দেওয়ার চেষ্টা করা হয় তাহলে

কংগ্রেস সরকার কেন, অন্য কোনও সরকারের পক্ষেই এটা ঠেকিয়ে রাখা সম্ভব হবে না। কারণ আমরা দেখেছি যে এ্যাক্সপেরিমেন্ট হয়েছে, হয়তো উনাদের দলও কিছুদিনের জন্য মন্ত্রীত্ব করেছেন, কিন্তু তারাও সমস্ত সমস্যার সমাধান ২।১ দিনের মধ্যে করতে পারেন নি এবং করা সম্ভবও নয়। আজকে উনারা যখন দেখছেন যে জনতার মধ্যে এমন একটা গোষ্টি গঠিত হয়ে গিয়েছে, যে গোষ্টিকে এখন থেকে আওতার মধ্যে না আনা যায়, তাহলে এই সমাজকে কোন সরকারই ঠিকিয়ে রাখতে পারবে না। তাই আজকে এই সমাজকে বাঁচিয়ে রাখার জন্য আমাদের সরকার যে যে পন্থা অবলম্বন করেছেন, তাতে জনতাও সাহায্য করবে এবং এই দুর্দিনে নিজেরা দুঃখ কণ্ট ত্যাগ ইত্যাদি স্বীকার করেও দেশকে যদি গড়ে তুলতে চায়, সেদিকে এগিয়ে আসবে, এই বিশ্বাস আমার আছে। আজকে আমরা মন্ত্রীরা কাজ করতে গেলে অনেক দোষ ত্রুটি করি এবং আমাদের দোষ ত্রুটি যদি উনারা বের করে দেন তাহলে আমরা সেটাকে সানন্দে গ্রহণ করব এবং দোষ ত্রুটি যদি সত্যি করে থাকি তাহলে সেটাকে শুধরাতে চেণ্টা করব। তবে এখানে যে দোষ ত্রুটি উনারা পয়েন্ট আউট করেছেন, সেগুলি কি ভাবে হয়েছে সেগুলি আমরা দেখব এবং দেখে তারপর বিচার করব। তবে আমার একটা অনুরোধ বিরোধী দলের নেতার কাছে থাকবে যে আজকে যাদের নাকি এখানে বলার সুযোগ নেই, সেই যে সরকারী কর্মচারী, তাদেরকে এখানে ডাইরেক্ট গালাগালি করাটা আমার মনে হয় ঠিক নয়। কারণ আজকে যেমন আমরা সরকার চালাই, আজকে যদি কোন অফিসার কিছু একটা ভুল করে থাকে, সেটা তো আমাদেরই ভুল, কারণ আমরা যদি তাদেরকে সংশোধন না করতে পারি, তার জন্য তারা দায়ী হবে কেন? আপনারা আমাদের দোষ দেখিয়ে দিন এবং আমাদেরকে বলেন ডিপার্টমেন্টের কোন অফিসার যদি দোষ করে থাকে, তাহলে আমরা সেগুলিকে সংশোধন করবার চেণ্টা করব। আর উনাদের যদি আমাদের কিছু বলতে হয় বা উনাদের যদি কোন দোষ ত্রুটি দেখতে হয় বা গালিগালাজ করতে হয় তাহলে উনাদেরকে এখানে বলার সুযোগ দিতে হবে। কারণ আজকে এক একটা মিনিণ্টার এক একটা ডিপার্টমেন্ট চালায়, আজকে অফিসারকে হয়তো আমাদের পলিসি মত করতে গিয়ে বা একটা কিছু নূতন জিনিষ করতে গিয়ে হয়তো সেটা ভুল বুঝাবুঝির মাধ্যমে যেটা হয়তো উনারা ঠিকভাবে পরিস্কার করে বলতে পারেন না জনসাধারনের কাছে, কারণ জনসাধারনের কাছে বলার মত তাদের কোন মুখপাত্র নাই তাই হয়তো অনেক সময়ে ভাল জিনিষটাও দোষের হয়ে যেতে পারে। সেজন্য আমি আজকে বলব যে সমস্ত দোষ বিরোধী দলের সদস্যারা মন্ত্রীদের বিরুদ্ধে দেখিয়েছেন, সেটার উত্তর মন্ত্রীরা সবাই কিছু দিয়েছেন ব্যক্তিগতভাবে যেগুলি আনা হয়েছে। আর যেটা রয়েছে এবং যা নাকি আমাদের ভুল ত্রুটি আছে সেগুলিকে ব্যাখ্যা না করে আমরা যদি বুঝাতে না পারি তাহলে এই বিধান সভাতে যে সমস্ত সদস্যারা আছেন, তাদের পূর্ণ ক্ষমতা আছে আমাদের উপর থেকে আস্তা ফিরিয়ে নেওয়ার। কিন্তু আমরা যদি সবাইকে বুঝিয়ে সেই আস্থা গ্রহণ করতে পারি, তাহলে সেই আস্থা নিয়ে আমরা এই মন্ত্রী সভার কাজ চালিয়ে যাব, এই বিশ্বাস নিয়ে আমি আমার বিরোধী দলের নেতা প্রস্তাব এনেছেন, তাকে সমর্থন না করে আমার বক্তব্য এখানে শেষ করছি।

শ্রীসুখময় সেনগুপ্ত ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, সেনগুপ্ত মন্ত্রী সভার বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব এসেছে, যেহেতু সেনগুপ্ত লীডার, সেহেতু দায়িত্বটা আমার উপরই বর্তায়। আমার বক্তব্য রাখার আগে, আমি প্রথমে একটা বিষয়ে মাননীয় স্পীকার দৃষ্টি আকর্ষণ করতে চাই, সেটা হল মাননীয় বিরোধী দলের নেতা তার বক্তব্য রাখতে গিয়ে গভর্ণরের নামটা খুব বেশী উচ্চারণ করেছেন হয়তো তার বক্তব্যকে জোরালো করবার জন্য, কিন্তু এভাবে টেনে আনা যায় কিনা সেই সম্পর্কে আমার মনে প্রশ্ন জেগেছে বলে আমি মাননীয় স্পীকাররে দৃষ্টি আকর্ষণ করছি। আর একটা বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেছেন ইন্দিরা গান্ধীর সম্পর্কে যে তার এজেন্ট এখানে রাখা হয়েছে, তার সঙ্গে ইন্দিরা গান্ধীর করেস্পণ্ডেন্স হয়েছে এবং সেই রকম করেস্পণ্ডেন্সের কপি নাকি তার কাছে আছে এবং উনি সেগুলি এখানে দেখাতে চেয়েছিলেন। আমি ভেবেছিলাম এই চিঠিটাকে লিখেছে বা কারা লিখেছে এটা যদি উনি হাউসের সামনে রাখতে না পারেন, তাহলে অন্ততঃ উনার বক্তব্যের মধ্যেও রাখতে পারতেন। তাই মাননীয় অধ্যক্ষ মহোদয়, ইন্দিরা গান্ধী সম্পর্কে যে মন্তব্য এবং তার এজেন্ট সম্পর্কে যে

কথা বলা হয়েছে অথবা এইধরনের কোন অভিযোগ যদি থাকে, তাহলে সেটা মাননীয় স্পীকারের কাছে দেওয়া উচিত যাতে করে সেটা ইন্দিরা গান্ধীর কাছে পাঠানো যায়। মাননীয় অধ্যক্ষ মহোদয়, এখানে অনেক প্রশ্ন উপাপন করা হয়েছে এবং সেই সব প্রশ্নের উত্তর দিতে গেলে হয়তো একটা মহাভারত লিখতে হবে। আর যেটুকু আমি দেখছি তার মধ্যে এই এ্যাসেম্বলীতেই বহুবার বহু রকমে এর অবতাড়না হয়েছে, এমন কোন নূতন ঘটনা বা নূতন ফেক্‌টস আসে নি যার উপর নূতন করে কিছু বলা যেতে পারে, বারবার একই অভিযোগ করা হয়, আগেও একবার কথা হয়েছিল কলকাতার প্রিটিরিয়া স্ট্রিটে বাড়ী কেনা সম্পর্কে। আমার যতটুকু মনে পড়েছে একটা কোয়েশ্চানের সাপ্লিমেন্টারীতে এই কথা বলা হয়েছিল এবং মাননীয় অধ্যক্ষ মহোদয়ও বলেছিলেন যে চীফ মিনিষ্টার যদি এগ্রি করেন, তাহলে উনি ফাইল দেখতে পারেন যে সেটাকে হাউসের সামনে রাখা যায় কিনা। আমার যতটুকু মনে পড়ছে, সেই ফাইল দেখানো হয়েছে এবং সমস্ত ফাইলই উপস্থিত করা হয়েছে তারপর মাননীয় অধ্যক্ষের রুলিং অথবা চিঠি যা হউক মাননীয় সদস্য এর কাছে গিয়ে পেঁাছেছে কিনা, আমি জানি না। কিন্তু তার ফাইণ্ডিঙ্গস যেটুকু আছে সেটুকু বোধ হয় পেয়ে থাকবেন। এর মধ্যে আমার একটা বক্তব্য আছে, যে বারবার একই কথা, যেটা সত্য নয়। তবে কাগজ তিনি পড়েছেন, সেটা অর্ধ সত্য, আর সেই অর্ধ সত্য মিথ্যার চাইতেও অনেক খারাপ। কারণ ফেক্‌টস চাপিয়ে রেখে এমনভাবে অর্ধেকটা বলা হয়েছে যেমন ধরুন ১৫ লাখ টাকার জায়গায় আমরা ২১ লাখ কেন দিয়েছি। কাজেই ৬লাখ টাকা নিয়ে মুখ্যমন্ত্রী ভাগ নিয়েছেন। সেজন্য এই প্রশ্ন যে দিন উঠেছিল, সেদিনও আমি বলেছিলাম যে ওয়েষ্টবেঙ্গল গভর্ণমেন্টের কাছ থেকে পেয়ে ও আমরা সন্তোষ্ট হয় নি, যেহেতু যারা সেল করবে, তারা আমাদের কাছে দাম চেয়েছিল ২৪ লাখ টাকা, সেখানে আমরা ওয়েষ্টবেঙ্গল গভর্ণমেন্টের কাছে রেফার করেছিলাম এবং ওয়েষ্ট বেঙ্গল গভর্ণমেন্টের কাছে রেফার করার পর তাদের নিজস্ব ল্যাণ্ড এ্যাকুইজিশন এবং অন্যান সমস্ত মেসিনারিজ দিয়ে যে সমস্ত কাগজ পাঠিয়েছে, তাতে ২০ লাখ টাকা উঠেছে, এবং তার মধ্যে ১৫ পার্সেন্ট সেটা আছে ফানিচার্স ইত্যাদির জন্য, সেটা এক্সল্‌সিভ। তাতে গিয়ে ২১ লক্ষ ৫ হাজার এর মত এই রকম সামথিং, তাতে দেখা যায় গড়মিলের মত যদি কছু হয়ে থাকে ৪।৫ হাজার গোলমাল হতে পারে। বেশী হয়ে যেতে পারে। কিন্তু এই যে বার বার ৫।৬ লাখ টাকা--হয় মাননীয় সদস্য লাখ টাকার কমে দেখেন না চোখে দেখতে পারেন না। কারণ এটা ব্যাক্তিগত আক্রমণ করার উদ্দেশ্য আমার নয়। কারণ কার বাড়ীতে কি হচ্ছে কার ব্যক্তিগত জীবনে কি হচ্ছে সেই নিয়ে আমি এখানে কোন আলোচনাও করতে চাই না। কোন ব্যক্তির উপর কোন রিফ্‌লেক্সান আমি দিতে চাই না তবে তারা বক্তব্য রাখার সময় এমন একটা পরিস্থিতির সৃষ্টি করেন যাতে করে তার বক্তব্যটা কন্ট্রাডিকটরি হয়ে যায়। সেজন্যই পয়েন্ট আউট করার উদ্দেশ্য। অনাস্তা প্রস্তাবের যে পরিণতি হওয়ার, আজ হাউসের সামনে এসেছে অনাস্তা প্রস্তাবের পরিণতি যা হওয়ার হবে। আমাদের দিক থেকে যা বক্তব্য আমাদের দিক থেকে আমরা রাখব। মাননীয় অধ্যক্ষ মহোদয়, বলা হয়েছে বিশেষ করে সুখময় সেনগুপ্ত, যিনি চীফ মিনিষ্টার, লিডার অপ দি পার্টি, বলা হয়েছে যে উপজাতি যুব সমিতি। আমি উপজাতি নিয়ে প্রশ্ন তুলছি না। কারণ এটা হাউসের মধ্যে আমাদের তরফ থেকে বহু ফর্মে এটার হোল হিষ্ট্রি দিয়ে বলা হয়েছে এবং প্রয়োজনীয়তা সম্পর্কে। শুধু আমি এই কথাই বলতে চাই যে এটা কংগ্রেসের কারসাজী, আমি সুখময় সেনগুপ্ত করিয়েছি এই যে প্রশ্নটা এই প্রশ্নের মধ্যে আমার একটা ছোট্ট কথা আছে। উপজাতি যুব সমিতি যখন গঠিত হল তখন আমরাও দেখেছি---খবরের কাগজে---কারণ তাদের পাটিতে কি হচ্ছে না হচ্ছে তাতো আমরা জানতে পারি না। বাইরে যা প্রকাশ পায় তা দিয়েই আমরা বিচার করে থাকি। তাতে দেখা গেল যে এক সময় মার্কসিষ্ট পার্টির নামে এবং যে পাটিতে বিরোধী দলের সদস্যরা রয়েছেন, অবশ্য একজন বাদে---তারা এই উপজাতি যুব সমিতির সঙ্গে একটা জয়েন্ট করলেন উপজাতির স্বার্থ নিয়ে এবং কিছু কিছু ডেমোনেস্ট্রেশান দিতেছিলেন এগেনষ্টদি গভর্ণমেন্ট। তাহলে তখন সেই অবস্থায় এই উপজাতি যুব সমিতি কংগ্রেস দলের না এই সি, পি, এম,র সেই কথাটা আমি বুঝতে পারছি না। অভিযোগের ভিতর দিয়ে সেই কথাটা পরিস্কার হয়নি। কাজেই সেদিন যদি তারা উপজাতি যুব সমিতির সঙ্গে মিলিত ভাবে কাজ করতে পারেন---তাহলে হয়তো মনে করে-

ছিলেন যে এই উপজাতি যুব সমিতি এবং তারা মিলে একটা অরাজকতার সৃষ্টি করতে পারবেন। আজকে যখন এই উপজাতি যুব সমিতি তাদের অতীতের কার্য্যকলাপের জন্য ট্রাইবেলদের মধ্যে একটা রিএকশান এসেছে যে ঐ পথে আর ঐ নেতৃত্বের মধ্যে আর থাকা যাচ্ছে না তাদের ভাগ্য পরিবর্তিত হচ্ছে না এই যখন অবস্থা এসেছে তখনই উপজাতি যুব সমিতি সৃষ্টি হয়েছে। এটা রিএকশান, এটা নেতৃতের কার্য্যকলাপের অতীতের কার্য্য-কলাপের রিএকশান উপজাতি যুব সমিতি। এবং সেই রিএকশানটাকে কি করে তাদের পক্ষে আনা যায় সেই চেষ্টা হয়েছিল। কিন্তু সেখানে ব্যর্থ হলেন কারন ঐ সময় যে সব স্লোগান তুলা হয়েছিল সেই স্লোগানগুলিকে রূপ দেওয়া যায়নি, রূপ দিতে পারেন নি বলেই সেখানে উপজাতি ছেলেদের মধ্যে এবং উপজাতি সম্প্রদায়ের মধ্যে একটা রিএকশান হয়েছে। সেই রিএকশানের পরিণতি হয়েছে এই উপজাতি যুব সমিতি। এবং এটা তারা জানেন না তাও নয়। কারন এত জিনিষ জানেন এত জিনিষ বুঝেন এত এ্যানালাইসিস করেন এত হিস্টিরিক ম্যাটেরিয়েলস তারা এক একটা কালেকশান করেন---সব তাদের ডাইরেক্টিভের মধ্যে ফেলে দিয়ে করেন এই জিনিষটা বুঝেন না সেই কথাটা আমি বলছি না। তারা বুঝেন, বুঝে সুঝে জেনে শুনেই জ্ঞানত তারা তাদের সঙ্গে হাত মিলিয়েছিলেন। কিন্তু যখন দেখলেন যে একটা অল ইণ্ডিয়া পার্টি---সি, পি, এম, তার পক্ষে এই ধরনের স্লোগান নিয়ে আজকে অগ্রসর হওয়া যাবে না। তার কারণ নন-ট্রাইবেল এর মধ্যেও রিএকশান হবে। এবং সেখানে নন-ট্রাইবেলের মধ্যেও যেহেতু রিএকশান আসতে পারে এবং নন-ট্রাইবেলের মধ্যেও তাদের কেডাররা রয়েছেন এবং সেখানে পার্টি ইউনিট রয়েছে কাজেই সেটা অতীতের ব্যাপার যদিও পরে সেটুকু তারা ভেবে দেখেছেন। সেখানে মাঝ পথে তারা সরে এসেছেন। এবং এটা পিছনে তাদের যতটুকু মদত দেওয়ার প্রথম দিকে যতটুকু মদত দেওয়ার ছিল সেই জিনিষটা তারা করেছেন এবং মদত দিয়ে মনে করেছিলেন যে কুক্ষিগত করবেন। কিন্তু সেটা সম্ভব হয়নি বলেই আজকে সেটা কংগ্রেসের ঘাড়ে চাপান হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, যে জিনিষটা নিজেদের সৃষ্টি করা প্রোবলেম যখন সামলাতে পারা যায় না তখন অপরের ঘাড়ে চাপিয়ে দেওয়ার চেষ্টা করা হয়। কেন? নইলে রেংক এণ্ড ফাইল ঠিক থাকবে না। সেজন্য, রেংক এণ্ড ফাইল ঠিক রাখার জন্য উটাকে ঘুরিয়ে দিতে হয়, মোর ঘুরিয়ে দিতে হয়। আজকে যে বদনাম কিম্বা সুনাম যাই বলুন মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের উপর চাপিয়ে দেওয়া হয়েছে---কারণ কংগ্রেসকে গালাগালিকরতে হবে আর কংগ্রেসকে ঐ উপজাতি যুব সমিতির যারা আছে তারাও গালাগাল করছে। এই আইন সম্পর্কে যেটি নিয়ে তাদের আলোচনা এই হাউসের মধ্যে বহুবার হয়েছে---কাজেই উদের সঙ্গে থাকা যাচ্ছে না কারন নেতৃত্ব রাখা যাবে না পার্টির নেতৃত্ব রাখা যাবে না উদের সঙ্গে থেকে। কারন উরা আর একটু বেশী এগ্রেসিভ হয়ে গেছে। যেটি সি, পি, এম, কিম্বা সি, পি, আইর সঙ্গে আগে যেটি এগ্রেসিভের পলিসি ছিল। সেই পলিসি থেকে একটু শিফট্ করতে হয়েছে কেন? তার কারন ইন্টারনেশানাল পলিটিক্স আছে জাতীয় পলিটিক্স আছে। একটা অল ইণ্ডিয়া পার্টির পক্ষে এতদূর যাওয়াটা সম্ভব নয় বোধ হয় সেই কারণেই কিম্বা ভিতরে ভিতরে থাকতেি পারে। কিন্তু আমাদের নন-ট্রাইবেলদের ঠিক রাখার জন্য, কিম্বা আমর বাইরে কিন্তু দেখাব যে তোমাদের সঙ্গে নাই কিন্তু তোমরা জেনে রাখো আমরা তোমাদের সঙ্গেই আছি। এটা ভিতরে ভিতরে যদি গোপন আঁতাত হয়ে থাকে---কারণ প্রথম দিকে আমরা যা দেখেছি তাতে আমার মনে হয়েছে এটা। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার ধারণার কথা আমি বলেছি তাদের এনালাইসিস তাদের বক্তব্য তা থেকেই ধারণা করে বলছি যে গোপন আঁতাত রয়েছে। কিন্তু তাদের যখন এখন বশ করতে হবে কিম্বা নন-ট্রাইবেল যারা রয়েছে তাদের হাতে রাখতে হলে ঠিক ঐ ক্লাইয়ের মধ্যে দিয়ে যাওয়া যায় না। কিন্তু নেতৃত্বকে ভিতরে ভিতরে ঠিক রেখে নন-ট্রাইবেলদের খুশী রাখলাম ট্রাইবেলদেরও খুসী রাখতে চেষ্টা করলাম এই রকম---স্ট্রেটিজি যাকে বলে---উদের দৃষ্টি---ভঙ্গী থেকে---সেই স্ট্রেটিজি বোধ হয় উরা নিয়েছেন। সেজন্য এখন কি করতে হবে? নন-ট্রাইবেলদের বুঝাতে হলে কি করতে হবে? বলবে যে উটা কংগ্রেস সৃষ্টি করেছে আমরা করিনি। কাজেই সবটা কংগ্রেসের ঘাড়ের উপর চাপিয়ে দাওয়া আর ঐ ডাস্ট বিনটা যেটা আছে---সুখময় সেনগুপ্ত, তার মন্ত্রী সভা, তার উপর ছেড়ে দাও। কাজেই সেখানে ছেড়ে দিলে পরে মানুষ,

নন-ট্রাইবেল, সব। ট্রাইবেলও ঠিক রাখলাম নন-ট্রাইবেলও ঠিক রাখলাম আমার পার্টিও খুব জোরদার হবে। আজকে যে অনাস্থা প্রস্তাব এসেছে সেই রিজার্ভ উঠাবার সম্পর্কে মাননীয় বিরোধী পক্ষের নেতা বলেছেন প্রথমেই বলেছেন যে হত্যাকাণ্ড না কি ভাবে কথাটা বলেছেন। আমি এত ভাল বাংলা করে বলতে পারছি না। আমি জানি না এই অনাস্থা প্রস্তাব আমাদের বিরুদ্ধে না অনাস্থা প্রস্তাব তাদের নিজেদের বিরুদ্ধে। আমি সেই জিনিষটা বুঝতে পারছি না। যে বক্তব্য ওরা রেখেছেন সেই বক্তব্যের মধ্যে থেকে সেটি আমাদের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব আসছে না। প্রত্যেকটা বুমেরাং হয়ে যাচ্ছে। আমি প্রত্যেকটা পয়েন্টে পয়েন্টে বলতে পারব যে প্রত্যেকটা জিনিষের মধ্যে ওদের একদিন ফেস করতে হবে। বা এই অনাস্থা প্রস্তাব ওদের উপর আসবে জনতার কাছ থেকে। যে জনতা ত্রিপুরার ১৬ লক্ষ মানুষ ওদের পক্ষে আছে সেই ১৬ লক্ষ লোকের চেহারা আমরাও কিছু কিছু জানি। ওরা যে বক্তব্য রাখতে চান সেই ১৬ লক্ষ মানুষের কত অংশ, কত পার্সেন্ট সেটা আমরাও জানি। এবং সেখানে যত ক্রমশঃ ক্ষীয়মান হয়ে আসছে পার্টির ইন্‌ফ্লুয়েন্স তত বেশী আমি জানি না একটা দিন আসতে পারে যখন হয়ত তাদের আর একটা স্ট্রেটিজি---এই স্ট্রেটিজির পরিবর্তন হতে পারে। সেদিন দেখব যে ঐদিকেও চলে যেতে পারে আবার এইদিকেও চলে আসতে পারে। আমি সেটির উপর কোন বিচার করতে চাই না। আমি তাদের বক্তব্য থেকে যেটি বুঝতে পেরেছি সেটিই আমি রাখছি। মাননীয় অধ্যক্ষ মহোদয়, এটার যদি পরিবর্তন আসে যদি পরিবর্তন হয় এই মুহূর্তে---১৯৫২ সালের কথা কিম্বা ১৯৪৮ সালের এই নেতৃত্ব ছিল। এই নেতৃত্ব এই সিজার অব পাওয়ারের স্লোগান তুলেছিলেন। মনে আছে কি না জানি না---ইতিহাসের কথা ভুলে যাওয়াই সম্ভব। কেবল এটা কিছু কিছু লোকের জানার কথা। সেটার উপর, সেদিন সিজার অব পাওয়ার---স্বাধীনতার পর আবার সেই সিজার অব পাওয়ার স্লোগান নিলেন। সেই স্লোগানের সঙ্গে ওরা জড়িত ছিলেন এবং আদিবাসী ভাইদের এবং নন-ট্রাইবেলকেও সেদিন উত্তেজিত করে বিভিন্ন জায়গায় করা হয়েছে। যে কথা আমাদের খোয়াইর সদস্য, যিনি ভুক্তভোগী সেদিন থেকে ঐদিনকার চেহারার সঙ্গে তার পরিচয় রয়েছে। প্রত্যেকটা ঘটনার ইতিহাস যিনি বলতে পারেন তিনি সুন্দরভাবে এইখানে উপজাতী সমস্যার কথাটা বলেছেন এবং সেখানে যে নন-ট্রাইবেলের প্রশ্নটা সেই প্রশ্নটাও তিনি সুন্দরভাবে তুলে ধরেছেন। কাজেই আমি এইটার বিশেষ ডিটেইলসে যাব না। আমি কেবল আমার বিরুদ্ধে যে সমস্ত অভিযোগ এসেছে সেই অভিযোগগুলির উত্তর দিচ্ছি যে উপজাতি যুবসমিতির সঙ্গে তাদের গোপন কি আঁতাত আছে সেইটা আমার জানা নাই। কিন্তু আমরা বাইরে থেকে যতটুকু দেখেছি তাতে আমাদের মনে হয়েছে এইটার ভিতরে লিঙ্ক রয়েছে এবং এইটা তারা যতই অন্যের কাঁধে চাপান না কেন সেখান থেকে মানুষের মন থেকে যাবে না। আরেকটা কথা বলেছেন নন-ট্রাইবেলকে উস্‌কানি দেওয়া হয়েছে এইটা সেনগুপ্ত মন্ত্রীসভার নির্দেশে। সেনগুপ্ত ট্রাইবেলদেরকে উস্‌কানি দিচ্ছে আবার নন-ট্রাইবেলদেরকেও উস্‌কানী দিচ্ছে। কনট্রাডাক্টরি কথা। আবার বলবেন যে জনতা জনতা। এই রকম কন্ট্রাডাক্টরি কথার মধ্যে আমি কি উত্তর দেবো। ট্রাইবেলদের সম্বন্ধে, আমি আগেই বলেছি এইটা ব্যাখ্যা করতে গিয়ে যদি পলিটিকেলি অ্যানালাইসিস করা যায় তাহলে সেইটাকে রাজনৈতিক বা পার্টিগতভাবে না দেখে, যে রাজনীতিকে উনারা বিশ্বাস করেন সেই রাজনৈতিক উপর দাঁড়িয়ে আমি কথা বলছি সেই রাজনীতি সম্পর্কে আমার যতটুকু ধারণা আছে আমি সেইটুকু বলছি যে সি, পি, এমের রাজনীতির আজকের দিনে অল ইণ্ডিয়া পার্টিতে এই রকম হতে পারে না, যতক্ষণ পর্য্যন্ত অল ইণ্ডিয়া পার্টি রয়েছে। কাজেই তাদেরকে এক দিন ওখানে থেকে সরে আসতে হবে তা আমরা জানি কিন্তু উস্‌কানি দিয়ে যে কাজ তারা করেছেন ১৯৪৮,৪৯,৫০,৫১,৫২ সাল পর্য্যন্ত কিছুদিন আরও কন্টিনিউ করেছিল কিন্তু সেইদিন যেভাবে তাদেরকে উস্‌কানি দেওয়া হয়েছিল এই নিরীহ আদিবাসীদেরকে আজকে দেখা যাচ্ছে ২৫ বছর পরও কংগ্রেসের দোষ কতটা সেইটা সম্পর্কে সেইটা সম্পর্কে বিচার করার অধিকার নিশ্চয়ই তাদের আছে নন-ট্রাইবেলদের আছে এম, এল, এরা যারা রিপ্রেজেনটেশন করছেম এক একটা এলাকায় তাদের নিশ্চয়ই অধিকার আছে বলার কিন্তু সেই দিন আমরা দেখেছি নন-ট্রাইবেলকে উস্‌কানি দেওয়া হয়েছে আবার এইদিকে ট্রাইবেলদেরকেও উস্‌কানি দেওয়া হয়েছে যারা রিফিউজি হয়ে এসেছেন যে কথা মাননীয় সদস্য যদুবাবু বলেছেন সেই কথার পুনরাবৃত্তি করতে চাই না,

ফ্লাওয়ার মিল সম্পর্কে আমি জানি যে বিরোধী পক্ষের নেতা বলেছেন, অপজিশান পার্টির সদস্যরা বলেছেন যে ফ্লাওয়ার মিলের জন্য আমরা শিলচরের সঙ্গে আঁতাত করে চলেছি। আবার বলেছেন যে ত্রিপুরার ফ্লাওয়ার মিল করার কোন প্রভিশান দেওয়া হচ্ছে না। সাধারণ একটা ফ্লাওয়ার মিল সম্পর্কে এত—তা তো সবার জানার কথা। অত্যন্ত রেসপন্সিবল জানা। যে ইণ্ডাষ্ট্রিয়াল লাইসেন্সটা যেটা গভর্ণমেন্ট অব ইণ্ডিয়া দিয়ে থাকেন। আমাদের কাছে যখন লাইসেন্সের জন্য আসে ফ্লাওয়ার মিল কন্ট্রোল তখন এটার জন্য আসে পেতে পারব কি পারব না। আমার কাছে দরখাস্ত এসেছে। আমরা বলে দিয়েছি যে কনষ্ট্রাকশান না হওয়া পর্য্যন্ত এই বিষয়ে কোন কন্সিডার করব না। আমরা যতটুকু তাড়াতাড়ি সম্ভব তা করতে চাই। উনারা তখন অবান্তর কথা বলে, কবে কোন সময়ে কি বলা হয়েছিল সে সব কথা তুলে সময় নষ্ট করতে চান। বলা হয়েছে যে আমরা শিলচরের সঙ্গে আঁতাত করে চলেছি। যদি আতাতই করতাম তাহলে আর এটার জন্য আমরা চেষ্টা করতাম কেন। মাননীয় অধ্যক্ষ মহোদয়, এর মধ্যে কন্ট্রিডাক্টরি এর মধ্যে এসেছে। তার উত্তর দিতে গেলে আমি বলছি যে মহাভারত হয়ে যাবে। এই কণ্ডিশান তো ওদের ঘাড়েই পড়বে একদিন না একদিন। আমি জনতার কাছে বলতে পারব। যতই তারা জনতার কথা বলুন না কেন। আমি বিশ্বাস করি ত্রিপুরার মানুষ এখনও আমাদের সঙ্গে আছে। কাজেই তারা যত চীৎকারই করুন না কেন আমরা জানি জনতা আমাদের সঙ্গে আছে এবং আগামী ইলেক্শানে আমি বিশ্বাস করি এই জনতার রায়ে এটা মৃত্যু দণ্ডই হবে সি, পি, এম এর পক্ষে। আমরা জানি ত্রিপুরার মানুষ আমাদের সঙ্গে আছেন। আগামী দিনে জনতার রায় মৃত্যুদণ্ড হবে ওদের জন্য।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমরা যুক্তফ্রন্টের আমলে দুই দুইটি ইলেকশান দেখেছি। কিছু যদি ওয়েস্ট বেঙ্গলের ছেলেরা শিখে থাকে, ওটা যুক্তফন্টের থেকে শিখেছে এবং তারা সব মাষ্টার, সেই হিসেবে ওরা শিখিয়ে দিয়েছেন, অনেক ক্ষেত্রে হয়তো সেটা ফলো করা হতে পারে।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, ইণ্ডাস্ট্রি সম্পর্কে একটা কথা বলা হয়েছে এলুমিনিয়াম ফ্যাক্টরী সম্পর্কে। এটা নিশ্চয় সকলের জানা আছে, এলুমিনিয়াম আমাদের এখানে হয় না, বাইরে থেকে আনতে হয় এবং এ্যালটমেন্ট যা পাওয়া যায়, যতটুকু আমরা আনতে পারি, ওখানে থেকে, সবটায় ডিস্ট্রিবিউট করি। কাজেই সেখানে কোন অসুবিধার কারণ ঘটতে পারে, এটা ইম্পোর্টেড মাল, সরকারের পক্ষে অসুবিধা হতে পারে, কোন কোন সময়ে ফ্যাক্টরী চালান অসুবিধা হতে পারে কোন কোন ক্ষেত্রে, কিন্তু আমাদের কাছে মাল রেখে ফ্যাক্টরী বন্ধ হয়ে আছে, সেইরকম কোন ইনস্টেন্স আমাদের কাছে নেই। স্টীল ট্রাংক ফ্যাক্টরী সম্পর্কে বলা হয়েছে যে অনেক ফ্যাক্টরী বন্ধ আছে, সেটা আমাদের জানা নেই। কতকগুলি অভিযোগ বানিয়ে বানিয়ে বলে গেলে হবে না। স্মল স্কেল ইণ্ডাস্ট্রীজ সম্পর্কে বলা হয়েছে। স্মল স্কেল ইণ্ডাস্ট্রীজের যতগুলি ইউনিট ৭৩-৭৪'এ করা হয়েছে, দেখা যাচ্ছে যে এটা ক্রমশঃ বেড়ে যাচ্ছে, ক্রমশঃ তার সংখ্যা বাড়ছে, এটার অর্থ যদি এই হয় যে স্মল স্কেল ইণ্ডাস্ট্রীজ গ্রো করছেন, এখানে দুর্নীতি আছে, তাহলে গ্রো করবে কেন, প্রডাকশান বাড়বে কেন? মাননীয় অধ্যক্ষ মহোদয়, কাজেই এই সম্পর্কে বিশদ আলোচনা করার প্রয়োজনীয়তা আছে বলে আমার মনে হয় না।

আর হাফ-এ-মিলিয়ন জব সম্পর্কে একটা কথা বলা হয়েছে---ফাণ্ডামেন্টালী যেটা ভুল করেছেন মাননীয় সদস্যরা, সেটা হল হাফ—এ—মিলিয়ন জবের যে পারপাসটা, সে পারপাসটা হল সেল্ফ এমপ্লয়মেন্টা যাদেরকে সেল্ফ এমপ্লয়মেন্ট স্কীমে দেওয়া হল, তাদেরকে যখন বলা হল তোমরা কি ইণ্ডাস্ট্রী করবে, কিভাবে করবে, যা শিখেছ সেটা কিভাবে কাজে লাগাবে, একজন বল্ল যে আমরা ইণ্ডাস্ট্রি করতে চাইনা, আমরা মনে করি এর দ্বারা আমাদের চাকুরী হবে। কাজেই হাফ এ মিলিয়ন জবের যে পারপাস, সেই পারপাসটা সার্ভড হচ্ছে না। আমাদের কাছে দুই চারজন ছেলে না আসে সেটা বলিনা, এটা আস্তে আস্তে হবে। মানসিকতার দিক থেকে পরিবর্তন আসছে এবং সেই পরিবর্তন আসলে পরে ডেফিনিটলী সে টাতে চেঞ্জ

আসবে। এখন সবাইকে যদি বলা হয় হাফ এ মিলিয়ন স্কীমে তোদের ট্রেনিং দিয়েছে, তোরা চাকুরী তে যা, তোর জন্য চাকুরী রয়েছে, এইভাবে দল করা যাবে, মানুষগুলোকে বাঁচান যাবেনা যারা ইণ্ডাস্ট্রি করতে রাজী হয়েছে, তাদের হেল্প করার জন্য আমাদের ব্যাঙ্ক থেকে হেল্প দেওয়া হচ্ছে, আমরা রিকম্যাণ্ড করছি এবং এখন কিছু কিছু হচ্ছে এবং এই ব্যাপারে ম্যানপাওয়ারের মিনিস্টার উনি উত্তর দিয়েছেন কতটুকু পর্যন্ত আমরা অগ্রসর হয়েছি। হয়তো সেটা ত্রিপুরা রাজ্যে যে বেকার সংখ্যা রয়েছে, তার তুলনায় বেশী নয়, তাহলেও যে মানসিকতা এতদিন পর্য্যন্ত আমাদের মধ্যে রয়েছিল, সেই মানসিকতার আস্তে আস্তে পরিবর্তন এসেছে এবং মাননীয় সদস্যদের কাছে আমার জিজ্ঞাসা যে এই পরিবর্তনটাকে ওয়েলকাম করা হবে না এই পরিবর্তনটাকে বাধা দেওয়া হবে? এই পরিবর্তনটাকে আসতে দেওয়া হবেনা যাতে তারা চিরকাল বেকার থাকতে পারে, চিরকাল মস্তানী করতে পারে, মিছিল করতে পারে, সেইদিকে তাদের ঠেলে দেওয়া হবে? মাননীয় সদস্যদের জিজ্ঞাসা করছি এটা আমাদের ত্রিপুরার ক্ষেত্রে মস্তবড় একটা প্রবলেম, এইজন্য তাদের সহযোগিতা---এদিক থেকে কিছু তাদের করণীয় আছে কি না? উস্কানি না দিয়ে এদিকে চিন্তা করবেন কি না এটা ভেবে দেখুন। আমি কোন পার্টির আদর্শ কি আছে না আছে, তাতে হস্তক্ষেপ করতে চাইনা। আমি শুধু এইটুকু বলব মানবিক দিক থেকে বিচার করে, আমাদের এখানকার যে পরিস্থিতি, তারা পরিপ্রেক্ষিতে এই সমস্যা সমাধান করার পথে কোন রকম সাজেশান যদি তাদের থাকে, তাহলে সেইগুলি বললে পরে আমরা ভবিষ্যতে ভেবে দেখতে পারি। কিন্তু আজকে নো-কনফিডেন্স মোশানে আমরা সেই সাজেশান পাইনি। কেবল গালাগাল কিছু শুনেছি। দুর্নীতি সম্পর্কে অনেক অনেক অভিযোগ করা হয়েছে, কোয়েশ্চানের মধ্যে এ্যাসেম্বলীতে দাঁড়িয়ে বহুবার বহু অভিযোগ করা হয়েছে, সেগুলি হাতিয়ে দেখলে দেখা যাবে এ্যাসেম্বলীতে অনেক-গুলো এসে গেছে, আবার রিপিটেশান হচ্ছে। সেদিনও বলেছি, আজেকেও বলছি যদি দুর্নীতি সম্পর্কে কোন অভিযোগ থাকে তাহলে প্রপার এনকোয়েরী করানো হয় এবং কাউকে বাদ দেওয়া হয় না, যদি দেখি প্রাইমা ফেসী কেস এর মধ্যে রয়েছে তাহলে তদন্ত করিনা এটা ঠিক নয়। আন্দাজে বললে হবে না, সেটা ভেবে দেখতে হবে কোর্টে গেলে পরে কতটুকু টিকবে না টিকবে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আইন শৃঙ্খলার ব্যাপারে বলা হয়েছে। আইন শৃঙ্খলা ব্যাপারে কথা বললে পরে নিশ্চয়ই বিরোধী পক্ষের সঙ্গে আমি একটা জায়গায় একমত হতে পারি যে আমাদের যে যন্ত্র, আমাদের যে মেশিনারী, সেই মেশিনারী আরও টাইট করতে পারলে আরও ভাল ফল হতে পারে। কিন্তু এইরকম খুনের ইনস্টেন্স নেই, যতগুলি খুনের ঘটনা হয়েছে, যতগুলি খুনের ঘটনা উল্লেখ করেছেন আমি জানিনা, আমাদের কাছে রিপোর্ট এসেছে কি না। কাগজে যদি বেরিয়ে থাকে তাহলে নিশ্চয়ই তার এনকোয়েরী হয়েছে এবং আমি জানি প্রত্যেক কেসে এনকোয়েরী হয়েছে এবং যাদের বিরুদ্ধে অভিযোগ আছে, তাদেরকে ধরা হয়েছে, কোর্টে চালান দেওয়া হয়েছে। মাননীয় সদস্যরা জানেন যে কোর্টের উপর আমাদের কোন হস্তক্ষেপ করার অধিকার নেই। কাজেই কোর্ট থেকে জামিন দিতে পারে, নাও দিতে পারে।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাকে খুব দুঃখিত করেছে একটা ব্যাপারে। মাননীয় বিরোধী পক্ষের নেতার কাছ থেকে শুনেছি, পত্রিকা আমি নিজেও দেখেছি একজন হেড-মিস্ট্রেসের সম্পর্কে বারবার প্রশ্ন তোলা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, এটা এমন একটা প্রশ্ন, যে প্রশ্নটাকে কোর্টের কাছে নেওয়া হয়েছে, আবার এই প্রশ্নটাকে এ্যাসেম্বলীতেও আনা হয়েছে, আবার খুব বীরত্ব প্রকাশ করে বলা হয়েছে গভর্নর নাকি মাথা নুইয়েছেন। এইসবের উল্লেখ করাটা, এটা আমি জানিনা এ্যাসেম্বলী যেটা একটা অগাস্ট বডি আমরা মনে করি তার সামনে এই ধরণের একটা অভিযোগ করা এবং আরেকজনের নামে বারবার এইধরণের একটা অভিযোগ আসতে পারে না বলেই আমার ধারণা। সেখানে কি রিএ্যাকশান হয়েছে কোর্টে কি হবে না হবে, আবার কোর্টের ব্যাপারে বলা হয়েছে যে কোর্ট ট্রান্সফার করার চেষ্টা হচ্ছে, এত দায়িত্বহীনতার পরিচয় আমি জানিনা আজকের দিনে কোন সদস্য দিতে পারেন। কোর্ট থেকে ট্রান্সফার হবে কি হবে না, সেটা কোর্টের বিচার্য বিষয়, সেটা কোর্ট বলবে, সেটা কি গভর্ণমেন্ট বলবে? গভর্ণমেন্টের কথা কি কোর্ট শুনবে? মাননীয় অধ্যক্ষ মহোদয়,

এই ধরণের অভিযোগ, এটা প্রায় কোর্ট অবমাননার মধ্যে পড়ে, আমি জানিনা কিভাবে এই প্রসঙ্গটা এ্যালাউ করা হল এবং কিভাবে এই প্রসঙ্গটা উত্থাপন করা হল, এটা অত্যন্ত পরিতাপের বিষয় যে এই ধরণের কথা নিয়ে আলোচনা হয় এবং হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার বক্তব্য আমি আর বেশী রাখতে চাই না, আমি শুধু পয়েন্টস্‌গুলির উপর আমরা বক্তব্য রাখছি। ট্রাইবেল রিজার্ভ সম্পর্কে যেকথা বলা হয়েছে, সেই সম্পর্কে আমি বলব যে ট্রাইবেল সম্পর্কে যে আইনটা, সেটা আরও একটু ভাল করে দেখে নিলে পরে---ল্যাণ্ড রিফরমস এ্যাক্ট যেটা করা হয়েছে সেটা দেখে নিলে পরে যেসব প্রশ্ন উত্থাপন করা হয়েছে, তার জবাব তার মধ্যে রয়েছে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, ঐতিহাসিক ভাবে যে রিজার্ভের কোন মূল্য নেই, বাস্তব ভিত্তিতে যার মূল্য নেই এবং এটা সম্পর্কে মাননীয় বিরোধী পক্ষের সদস্যরাও একমত। কিন্তু তারা কেন একথা বারবার তুলছেন? একমাত্র পলিটিক্যাল গেইন কিছু করতে পারেন কি না, তার জন্য। তা না হলে আমি পুরানো কাগজ পত্র হাতিয়ে দেখেছি সেখানে গভর্ণমেন্ট অব ইণ্ডিয়ার উল্লেখ করা হয়েছে, গভর্ণমেন্ট অব ইণ্ডিয়া ১৯৬৮'এ রিপীল করার কথা বলেছিলেন কতকগুলি সেফ্‌গার্ড রেখে রিপীল করা যেত মহারাজার আইনটাকে। আমার যতটুকু মনে আছে দশরথ বাবু, এম, পি, উনি একটা চিঠি লিখেছিলেন। তখন বোধ হয় তিনি জেলখানায়, তিনি চিঠি লিখেছিলেন যে মহারাজার আইনের কোন বাস্তবতা নেই, এটাকে উঠিয়ে দেওয়া যায়। সেখানে কোন ডিস্পুট নেই। আমি মাননীয় বিরোধী পক্ষের সদস্যদের অনুরোধ করব এই সম্পর্কে যে মহারাজার রিজার্ভটা তুলে দেওয়া সম্পর্কে কোন দ্বিমত কারো নেই, কিন্তু প্রশ্ন যদি আসে কিভাবে সেফগার্ড দেওয়া হবে, সেখানে নিশ্চয়ই আলোচনা করা যায়। কিন্তু রিজার্ভের উপর জোর দিয়ে যদি বলতে যায় তা হলে আমি বলব যে নিজেদের কথা নিজেরা অস্বীকার করে বসে আছেন।' কাজেই আমি আগের বারও এই রিজার্ভ সম্পর্কিত রিজলিউশন যখন এসেছিল তখনও আমি একই কথা বলেছিলাম যে সবাই ঘুরিয়ে কথাটা বলছেন, এই রিজার্ভ সম্পর্কে কথাটা এমনভাবে কেউ বলছেন না যে এই রিজার্ভ চাই না। এই রিজার্ভ চাই, এই রিজার্ভ থাকুক এই কথা কোন সি, পি, এম, মেম্বারের কাছ থেকে বা কোন অপোজিশান মেম্বারের কাছ থেকে শুনিনি। আমি সেদিনও বলেছিলাম, আজকেও সেই কথা রিপিট করছি এবং আমি বলছি এই কথা যে এটার মধ্যে মতভেদ থাকতে পারে। আমরা চিন্তা করছি এই কথা যে এইভাবে সেফগার্ড দেওয়া যাবে, হয়ত দ্বিমত হতে পারে যে সেফগার্ড এইভাবে হবে না, প্রটেকশান এইভাবে হবে না, জিনিষটাকে এইভাবে সাজানো দরকার। কিন্তু রিজার্ভের প্রশ্ন তুলে মহারাজার রিজার্ভকে রেখে সামনে বক্তব্য রাখলে সেই বক্তব্যটাকে একটুখানি' মটিভেটেড করা হয়ে যায় বলে আমার ধারণা। ভিতরে এক কথা থাকলে আর বাইরে আর এক কথা রাখলে বোধ হয় ঠিক হবে না। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আগেও বলেছি, এখনও বলছি এটা খুবই চিন্তার ব্যাপার, আজকে সব দিক থেকে রিএকশান হচ্ছে এবং ন্যাচারেলী তারা যদি কোন পথ না পায় তাহলে এক্সট্রিমে যেতে পারে। এর রিএকশান এখন এদের সঙ্গে মিশনারীদের কি আজকে আছে না আছে, তাহলে ওরা যখন আঁতাত করতে গিয়েছিল, তারা নিশ্চয় জানেন, এবং জেনে শুনেও তারা আঁতাত করেছেন। আজকে কেন মিশনারীদের উপর দোষ দিয়ে আমাদের উপর দোষ এনে মিশনারীদের উপর চাপিয়ে দেওয়া হচ্ছে? কাজেই এই দিকটা বিবেচনা করে একদিকে যেমন ট্রাইবেলদের উপর রিএকশান আছে, এক্সট্রিমের দিকে যেতে পারে, আর একটা দিকে এর রিএকশান আছে সেটা হল যাদেরকে এত বৎসর থেকে লালিত পালিত করা হয়েছে, বিভিন্ন দিক থেকে লালিত পালিত করা হয়েছে, বিভিন্ন পার্টির দিক থেকে লালিত পালিত করা হয়েছে এবং আমি বলতে পারি আজকে সি, পি, এম, সেদিনের সি, পি, আই, সেদিন তারাই এর সঙ্গে এক যোগে ছিল। আজকে প্রবলেমটা যখন বড় হয়ে দেখা দিল, ওদের মধ্যে রিএকশান এল তখন উলটো কথা বললে ন্যাচারেলী তার মধ্যে রিএকশান আসবে, আবার যাদের কাছে সেই কথাটা বলা হয়েছিল যে তোমরা যাও, তোমাদের রিহেবিলিটেশান হবে, তোমরা উদ্বাস্তু হয়ে এসেছ, তোমাদের প্রতি সহানুভূতি আমাদের আছে, তাদেরকে যেতে দেওয়া হয়েছিল, এখন যেহেতু তাদের বলা হবে যে তোমরা ছেড়ে দাও, ননট্রাইবেলের মধ্যে রিএকশান হবে এটা, কোন দল আটকাতে পারবে না। প্রত্যেকটা অ্যাকশানের জন্য একটা রিএকশান আছে। এখন কৃতকার্য্যের জন্য যে রিএকশান হচ্ছে সেই কেসটাকে কি করে মোকাবিলা করব যদি

সস্থ একটা রাজনৈতিক চিন্তাধারা থাকে ত্রিপুরা সম্পর্কে, তাহলে আমি বলব যে এই আগুন নিয়ে খেলাটা ঠিক নয়, সবাই মিলে এই সমস্যা কি করে সমাধান করা যায় সেই সমাধানের জন্য আমাদের চেষ্টা করতে হবে। এটা এইভাবে গালাগালি করে, একদলকে উস্কে দিয়ে, এটা আর এক দলের কাছে গিয়ে আর এক কথা বলা এটা ঠিক হবে বলে আমাদের মনে হয় না এবং পার্টির স্বার্থেও এটা উচিত হবে বলে আমি মনে করি না। আমি জানিনা পার্টি লাইন কি হবে। যাই হোক, মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার সময় কমে গেছে, আমি আর একটা ব্যাপারের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। টি, আর টি, সি, সম্পর্কে অভিযোগ করা হয়েছে। অনেক অভিযোগের মধ্যে একটা কেবল আমি বলতে চাই, কারণ সবগুলি একটা অসত্য বেসিসের উপর দাঁড় করিয়ে এটা বলা হয়েছে। অন্য যে সব জায়গায় স্টেট ট্র্যান্সপোর্ট যেখানে রয়েছে তাদের সঙ্গে আমরা কম্পেয়ার করে দেখেছি যে আমাদের এখানে এখনও লোয়েস্ট। যতগুলি ব্যাপারে তারা অভিযোগ করেছেন প্রত্যেক ব্যাপারে দেখা যায় যে আমাদের এখানে লোয়েস্ট। আর একটা বলা হয়েছে পেট্রোল কনজামশান, সরকারী গাড়ী চড়ে পেট্রোল মিস-ইউজ করা হয়, পেট্রোলের ক্রাইসিসের সময়ে এইভাবে করা হয়েছে। সেই অভিযোগের একটিমাত্র কথা আমার বলার আছে যে ফোরটি এইট পারসেন্ট পেট্রোল কনজাম্পশান কমে গেছে। তবে দাম বাড়ল কেন? দাম বাড়ল কারণ পেট্রোল যেখানে থেকে আনা হচ্ছে সেখানে দাম বেড়েছে। কাজেই সেই দামটা আমাদের উপর বর্তেছে। আমি বলতে পারব কত পারসেন্ট দাম বেড়েছে, আর কত পারসেন্ট আমাদের। এই পারসেন্টেজের কনজাম্পশান নিয়ে দাম যেটা দেখানো হয় সেটা এত অসত্যভাবে এটাকে সাজানো হচ্ছে।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, গোমতী প্রজেক্ট সম্পর্কে হয়ত কিছু কথা সামান্য উল্লেখ করতে হবে, কারণ আমার সময় নেই। মাননীয় সদস্যরা নিজেরাই বলেছেন এই গোমতী প্রজেক্ট সিক্সটি সেভেনে আরম্ভ হয়েছিল। সিক্সটি সেভেনে এই স্কীম অ্যাপ্রুভড হয়েছে, সিক্সটি এইট থেকে কাজ সুরু হয়েছিল। আমি জানি না সেভেন্টির মধ্যে কাজ শেষ হবার কথা ছিল কিনা। মাননীয় অধ্যক্ষ মহোদয়, তারপরেও যে অবস্থা এই সম্পর্কে উত্তর দেওয়া হয়েছে। এখন যারা ওখান থেকে উচ্ছেদ হয়ে আসবে তারা জানে কারণ কাউকে সাত দিনের আগে নোটিশ না দিয়ে ওখান থেকে সরানো হয় না। আর যাদের জোতের জায়গা আছে তাদের কম্পেনসেশান দেওয়া হয় এবং যাদের জোতের জায়গা নেই তাদেরকে দেখা হচ্ছে যে কত বৎসর ধরে ওখানে আছে। সেখানে যদি সিক্সটি ওয়ানের সেনসাস অনুযায়ী ধরা যায় তাহলে দেখা যাবে যে এটা ইনফেলটেড নাম্বার হয়ে গেছে কিংবা বাইরে থেকে এসেছে এখানে। কাজেই যাদের বিষয়ে দরদ দেখানো হচ্ছে, আমরাও এই কথা বলেছি যে আমাদের স্কীম আছে কারণ অর্থনৈতিক অবস্থার জন্য আমরা ফেজ প্রোগ্রাম করে জুমিয়া যারা, মেনলী যারা এই জায়গার উপর বসবাস করছে তাদেরকে কি করে রিহেবিলিটেশান করা যায় প্ল্যাণ্ড ওয়েতে যাতে তারা আবার অর্থ নৈতিক ক্রাইসিসের মধ্যে না পড়ে তার সম্পূর্ণ দায়িত্ব আমরা সরকার থেকে নিয়েছি। এবং সেজন্য কয়েকটা কলোনী স্টার্ট করা হয়েছে এই বছর যাদেরকে এই বছরই এফেক্টেড করবে এবং নেক্সট ইয়ারে হয়তো আর কিছু যাবে এবং কিছু হয়তো থেকে যাবে আশেপাশে যেখানে জল যাবে না আজকে সেই সম্পর্কে ফিগারটা কত হবে না হবে সেই সম্পর্কে কিছু বলা কঠিন। কারণ কতটুকু পর্য্যন্ত জল উঠবে না উঠবে তাতে আগের ফিগার আর এখনকার ফিগার-এ তফাৎ হয়ে যেতে পারে। তারপর টাকার অঙ্ক বেড়ে চলেছে, এটাও সত্য কথা টাকার অঙ্ক বাড়বে তার কারণ হচ্ছে প্রত্যেক বছরই জিনিষ পত্রের দাম বেড়ে যাচ্ছে তাই টাকার অঙ্কের পরিমাণও বাড়বে। তারপর আমাদের এখানে যে কমিনিউকেশান লাইন এ যে ডিফিকাল্টি আছে, সেই ডিফিকাল্টির জন্য কিছু অসুবিধা হয়, সমস্ত মাল ঠিক মত আনা যায় না বা এনে পৌঁছায় না যার জন্য আমরা চেষ্টা করছি ১৯৭৫ সালের মধ্যে এটাকে কমপ্লিট করা যায়। আর এই কনট্রাক্ট আমাদের সময়ের নয়। মাননীয় অধ্যক্ষ মহোদয়, এটা বিরোধী দলের নেতা যে কোন উপায়ে দেখতে পারেন কারণ তিনি এত ফাইলের খবর রাখেন, কাজেই উনি এটাও দেখতে পারেন। মাননীয় অধ্যক্ষ মহোদয় এখানে কামানি সম্পর্কে উল্লেখ করা হয়েছে, ট্রেন্সফরমার কেরিং সম্পর্কে উল্লেখ করা হয়েছে। এই ট্রেন্সফরমার সম্পর্কে মাননীয় সদস্যদের কোন ধারণা আছে কিনা,

কত ওয়েট কেরি করা যায়, কি ভাবে কেরী করতে হয় সেটার কাগজপত্র যদি দেখতে চান তো আমি দেখিয়ে দিতে পারি। মাননীয় অধ্যক্ষ মহোদয় কাজেই সেই হিসাব দেখা গেলে আমরা লোয়েষ্ট টেণ্ডারকেই দিয়েছি আর এই এগ্রিমেন্টা যখন করা হয় তখন সি, ডবলিউ, পি, সি সেখানকার পাওয়ার এ্যাণ্ড ইরিগেশান মিনিষ্টার, তার এ্যাপ্রুভাল নিয়ে এটা করা হয়েছে। এর সঙ্গে টাকার লেন দেনে আমাদের কোন প্রশ্ন নাই। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আর এর বেশী কিছু বলতে চাই না, আশা করি বিরোধী পক্ষের নেতা হয়তো খুসী হবেন না, কারণ হল তারা হয়তো আগামী বাজেট সেসানে এই ধরণের কথা আনবেন। তাহলেও আমার যেটুকু বক্তব্য, সেটুকু আমি বলেছি।

মিঃ স্পীকার ঃ---অনারেব্যল মেম্বার, ইউ উইল গেট ফাইভ মিনিটস্।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ---স্যার, এতে তো কিছু হবে না, কারণ এখানে অনেক কথা বলা হয়েছে, আমার তো সেগুলি প্রমাণ করতে হবে। সেজন্য আমি অনুরোধ করব যে হাউসের কাজ আরও আধা ঘন্টা এ্যাক্সটেণ্ড করুন, যা না হলে হবে না।

Mr. Speaker :—Hon'ble member, please wait for a minute. After hearing to the Chief Minister, I have consulted the rules of debate regarding mentioning of the name of the Governor in the debate for the purpose to influence him. I shall expunge these portion of the speeches of the members who were referred to the Governor to the above contents.

অনারেব্যল মেম্বার, রুলিং পার্টির সদস্যরা আর এ্যাক্সটেণ্ড করতে প্রস্তুত নন।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ---তাহলে কি আমাকে বসতে হবে?

শ্রীসুখময় সেনগুপ্ত ঃ---স্যার, এই সম্পর্কে আমার একটা কথা বলার আছে। সেটা হচ্ছে আমার ব্যাপারে যখন লাল বাতি জ্বালানো হয়েছে ৫ মিনিট সময় দেওয়া হবে বলে, কিন্তু আমি দেখলাম যে আমার আরও ৫ মিনিট সময় হাতে ছিল।

মিঃ স্পীকার ঃ---আর আমাদের ১০ মিনিট এর মত বাকী আছে...

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ---স্যার, ১০ মিনিটে তো হবে না? এরপরে আবার ভোটিং হবে। যা হউক মাননীয় স্পীকার স্যার, গত দিন আমি শাসক গোষ্ঠীর মাননীয় সদস্যদের এবং মাননীয় মন্ত্রীদের বক্তব্য শুনেছি, কিন্তু কোন সাবষ্টেন্স তাদের সেই বক্তব্যের মধ্যে পাই নি। বরং কোন কোন সদস্য এর বক্তব্য থেকে করবোরেশান বা বিভিন্ন ধরনের টাইপিক এ্যাপ্রুভ্যাল, টাইপিক এ্যাপ্রুব্যল ইন দি সেন্স যে হয়তো ডাইরেক্টলী নয় কিন্তু ইণ্ডাইরেক্ট এ্যাপ্রুব্যল আমি পেয়েছি। ট্রাইবেল কোয়েশ্চান সম্পর্কে একটা কথা বলা হয়েছে যে এটা তো সব ট্রাইবেলদের জন্য নয়। এই কথাটা শুনে আমার একটা কথা মনে পড়েছে যে একজন লোক একটা গামছা পড়েছিল এবং তার সমস্ত শরীর সেই গামছা দিয়ে ঢাকা দেওয়া যায় না। তাই একজন লোক এসে বল্লো তোমার তো সব শরীরটা ঢাকতে পারছ না, কাজেই গামছাখানি ফেলে দাও। কাজেই তাকে লেঙ্গটা করে দাও, এই কথা বলা হল না যে তোমার গামছা যেমন সব শরীরটাকে ঢাকা যায় না, তোমাকে একখানি কাপড় দিচ্ছি, তুমি যাতে ডাইরেটিভস টা দেখুন না? তারা বলেছেন যে আর একটা কিছু বিকল্প করে তারপর তাদের তোলার কথা চিন্তা কর, ওরা এখান থেকে যখন ড্রাফ্ট পাঠিয়েছেন, সেই ড্রাফ্টের উপর কমেন্ট টা কি, সেনট্রাল গভর্ণমেন্টের? ওরা কি সে কথা শুনেছেন? ওরা লেঙ্গটা করে দিলেন, কারণ এটা সব মানুষগুলিকে কভার করে নি। আমি জানি না কেন সব মানুষগুলিকে কভার করার জন্য সেই ট্রাইবেল রিজার্ভ অর্ডারটাকে এ্যামেণ্ড করতে পারলেন না, কেন সেই সমস্ত মৌজাগুলি যেগুলি ট্রাইবেল কম্পেক্ট এরিয়া সেগুলিকে ইনক্লুডেড করতে পারলেন না, কেন সেই ট্রাইবেল কম্পাক্ট এরিয়া আর নাই, সেগুলিকে এ্যাক্সক্লুডেড করতে পারলেন

না? কথা ঠিক, মুখ্য মন্ত্রী যেটা বলেছেন এ্যাজ ইট ইজ ট্রাইবেল রিজার্ভ অর্ডার কেউ চায় না। কিন্তু ট্রাইবেল রিজার্ভ এরিয়া যেভাবে হনুমন্তিয়া কমিটি বলেছেন এবং যে ভাবে আমাদের সমস্ত অংশের ট্রাইবেল দাবী করেছেন, সবাই চেয়েছিল যে একটা সিডিউল্ড এরিয়া হউক। কাজেই স্যার, এটা সম্পর্কে যেটা বলেছেন এবং আজকে মাননীয় ডি, কে, চৌধুরী বা আমাদের মুখ্যমন্ত্রী বলেছেন যে সাংঘাতিক নাকি তাদের প্রভাব প্রতিপত্তি সেখানে আছে। আমি শুধু কয়েকটি স্টেটের কথা বলছি যেমন কেরালা, উড়িষা, উত্তরপ্রদেশ, মণিপুর পণ্ডিচেরী, গুজরাট, নাগাল্যাণ্ড, মেঘালয় এবং মিজোরাম, কতগুলিতে দেখছি ক্রেক পক্ষে ওরা লেঙ্গরাচ্ছেন যেমন কেরালাতে, উত্তর প্রদেশে এবং উড়িষ্যাতে ঐ দক্ষিণ পন্থি কমিউনিষ্ট পার্টিকে বোগলে রেখে ওরা লেঙ্গরাচ্ছেন। আর ঐ ক্রেক্টা যদি চলে যায় তাহলে আজকেই পড়ে যায় কেরালাতে, আজকেই ইউ, পিতে পড়ে যায়, আজকেই উড়িষ্যাতে পড়ে যায়। এমন কি ওরা দুইটি রাজ্যের মধ্যে ইলেক্শান করতে সাহস করছেন না এবং আজকে দেখছি মেঘালয়ে, মিজোরামে এবং মনিপুরে এই সমস্ত যে ট্রাইবেল কম্পেক্ট এরিয়া ইয়েষ্টার্ণ রিজয়নে, সেই সমস্ত ইয়েষ্টার্ণ রিজিওন ওদের হাত ছাড়া হয়ে গিয়েছে। ওরা না জানতে পারেন, কিন্তু ওদের দিল্লীওয়ালারা, তারা মাথা ঘামাচ্ছে যে কেন আজকে সমস্ত ভারতবর্ষের ট্রাইবেলরা আমাদের কংগ্রেসের বিরুদ্ধে বিদ্রোহ করল। সেজন্য যখন নাকি সাইজার সাহেব মুখ্যমন্ত্রী হন, তখন তারা চিন্তিত হন যে সাইজার তো আমাদের লোক নয়, ওতো ফিজোর সাহাবের লোক। এমন কি সে আজ মনিপুরের মত রাজ্যের মুখ্য মন্ত্রী হয়ে বসে আছেন। ওদের চিন্তা করা উচিত যে শুধু ত্রিপুরাতে নয় সমস্ত ভারতবর্ষের ট্রাইবেল ওদের বিরুদ্ধে চলে গিয়েছে আর এটা হচ্ছে ইন্টিগ্রেশানের প্রশ্ন, আমরা যে দাবী করছি, এটা ইন্টিগ্রেশানের দাবী আর ওরা এটাকে ডিসইন্টিগ্রেট করে দিচ্ছে। সমস্ত ভারতবর্ষকে একমাত্র যুদ্ধ বাধে বলে যখন বলে জয় হিন্দ, সমস্ত ভারতবর্ষ এক। আর যখন যুদ্ধ চলে যায় তখন সমস্ত ভারতবর্ষকে টুকরো টুকরো করে ফেলে। আর উগ্র জাতীয়তাবাদীদের থেকে যারা নাকি ট্রাইবেলদের বিরুদ্ধে উত্তেজনা সৃষ্টি করার মত বক্তৃতা এখানে করছেন, সেটাও আমরা দেখছি। মাননীয় স্পীকার স্যার, আমার রাইমা সম্পর্কে ওরা কিছু বলেন নি। কিন্তু আমি বলেছি যে শুধু রাইমাতে এই অত্যাচার হয় নি, একটা কোটারী সেখানে, একজন এ্যাড্ভোকেট ছাড়া আর কাউকে দিয়ে আইডেন্টিফিকেশান হবে না। তদন্ত করে দেখুন উদয়পুরের একজন এ্যাড্ভোকেট এর্সাদ আলী সাহেব তাকে দিয়েই সবাইকে আইডেন্টিফাই করতে হবে। যারা টাকা নিচ্ছে, এই একজন এ্যাসিস্টেন্ট ট্রাইবেল অফিসারকে দিয়ে আইডেন্টিফাই করতে হবে আর একজন তহশীলদার গণ্ডাচড়ার তাকে এক হাজার টাকা দিয়ে সেখানকার খাজনা পরিস্কার এর কাগজ বাইর করতে হবে। সেখানকার একটা কোটারীর কথা আমি বলেছিলাম যেটা সেখানে ওয়ার্ক করছে, লুঠ করছে, তার কোন জবাব এখানে নাই। মাননীয় স্পীকার স্যার, এখানে ওরা বলছেন সেটেলমেন্টের কথা, উনি বলেছেন কাগজের কথা, রিজাইন করে আসুন, কমিশন অব ইঙ্কোয়েরী বসান, আমি সেখানে কাগজ উপস্থিত করব। আপনি তো পিটরিয়া হাউসের কথা বলেছেন, আপনি সেটা না জেনে থাকতে পারেন, কিন্তু আমি অডিটের কাগজ থেকে পড়েছি, এখনও আমার কাছে রয়েছে সেই কাগজ, আমি জানি যে ওয়েষ্ট বেঙ্গলের কথা সেখানে কিছু নাই। আপনার চীফ ইঞ্জিনিয়ারের কথা আছে সেখানে যে অন হিজ প্রপোজ্যল ইট ওয়াজ ডান এবং আপনারা এখানে বলেছেন এবং অনেক সদস্যই আপত্তি করেছেন কেন অফিসারদের নাম করা হয়? হ্যা, আমি অফিসারদের নাম করেছি, বিশেষ করে কে, ডি, মেনন সাহেবের কথা বলেছি হোয়াট ইজ হিজ রিপোর্ট? জমি সম্পর্কে তার রিপোর্ট আমার হাতেই আছে, তিনি বলেছেন যে যেটা করা হয়েছে, হচ্ছে সম্পূর্ণ আইন সঙ্গত কাজ করা হয়েছে। এই আমার জমি সেই আমাকে তার জন্য টাকা দেওয়া, সেটাকেও তিনি ও, কে করে দিয়েছেন। আমি এখানে দেখছি চীফ সেক্রেটারীর কমেন্ট কি আছে, এবং আমি এখানে এটাকে পড়ে দিতে চাই :---"Attention may also be drawn to the basis on which directions of Revenue Secretary were issued vide page... Priority of direction cannot alone form the basis of such an acquisition. তিনি বলেছেন যে ---selection of the priority one of the most important part to the Project and I recorded to place that not much attention has been paid

to this.” অথচ মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন যে এটার উপর সিলেক্শান, আর আমরা দেখছি চীফ সেক্রেটারী বলেছেন not much attention has been paid to this at least this what appears to me as I see from the case of my file which immediately put out a comparative statements of various rights and after due deliveration each one of them by the Board placed the recommendations unit while it may not be strickly according to the rules of business. Yet I consider the matter important enough to be placed before the Cabinet after recommendation of the Board as contained. What does it mean ? আমার চীফ সেক্রেটারীকে ফাকি দিয়ে সেখানে কে, ডি, মেননের ভাওতা নিয়ে টাকা দেওয়া হচ্ছে একজনকে। আমি বলছি কমিশান অব ইনকোয়ারী বসান হউক। আমি বলছি যে প্রত্যেকটা জিনিষের জন্য কাগজ পত্র যা আমি দেব। সাহস থাকে রিজাইন করোন কমিশান অব ইনকোয়ারী বসান এই প্রত্যেকটা কেসের জন্য যা নাকি আমি এখানে এনেছি। মাননীয় স্পীকার স্যার, আমাকেতো আপনি সময় দিচ্ছেন না। গাড়ীর কথা আমাদের মনসুর আলী সাহেবের---

মিঃ স্পীকার—সময় দিয়েছি আমি আপনাকে। সময় দিয়েছি---

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ---দিচ্ছেন না। ১০ মিনিটের মধ্যে জবাব দেওয়া যায় না।

মিঃ স্পীকার ঃ—আগে এগ্রি করেছিলেন ৫ মিনিট বলবেন আপনি---

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ---আমাদের মনসুর আলী সাহেব --এখানে নেই দেখছি। মনসুর আলী সাহেব গাড়ীর জন্য অনেক কথা বলেছিলেন। টি, আর, টি, গাড়ী, কোথায় ধরা হয়েছে ? সহর থেকে পশ্চিম প্রান্তে তমশাবাড়ীতে ধান ক্ষেতের মধ্যে সেই গাড়ীটা সিজ করা হয়েছে। টি, আর, টি, গাড়ী ধান খেতে যাবে কেন ? বর্ডারে যাবে কেন ? সেতো সহরে যেখানে নাকি গাড়ী থাকে সেখানে থাকবে ? তারপর গাড়ীটাকে সেখানে ধাওয়া করেছে ৮০ (এইট্টি) মাইল স্পীডে সেই গাড়ী চলেছে। এখান থেকে রেডিও গ্রাম পেয়ে সেই গাড়ী ধরা হয়েছিল। এবং সেই রেডিও গ্রাম সি, পি, এম,র রেডিও গ্রাম ছিল না। এবং গাড়ীটাকে যখনই আটক করা হয় একটি লোকও এমন কি ড্রাইভারও সেই গাড়ীতে ছিল না। কোথায় আমাদের মাননীয় আলী সাহেব, কোথায় ? একটি লোকও সেখানে ছিল না। গাড়ীতে। সেই গাড়ী সিজ করেছেন--অপরাধ হয়েছে ? এবং সেখানে বলেছেন সমস্ত প্যাসেঞ্জাররা ছিল। মানুষকে এই ভাবে বুঝান যায় না। মাননীয় স্পীকার স্যার, টি, আর, টি, সির কথা এখানে তুলেছেন, আমি জিজ্ঞাসা করি আইনের মধ্যে থাকা সত্বেও এই হাউসের মধ্যে কেন টি, আর,, টি, সির সমস্ত অডিট রিপোর্ট এখনও প্লেস করা হল না ? ক'বছর হয়েছে টি, আর, টি, সি, হয়েছে। আড়াই বছর হল আমাদের এই এসেম্বলী, আপনি দেখুন অল, ইণ্ডিয়ার যে এ্যাক্ট আছে সেই এ্যাক্ট অনুসারেই আমাদের এখানকার টি, আর, টি, সি, হয়েছে। আমার সেই এ্যাক্টের ধারা জানা আছে এবং আজকে পর্য্যন্ত কোন রিপোর্ট এখানে উপস্থিত করা হয়নি। মাননীয় স্পীকার স্যার, আমি জানি, আমি খাদ্যের কথা বলেছিলাম। একজন মাননীয় সদস্যও কি মন্ত্রী জবাব দিলেন না। অনেক কথা বললেন কিন্তু বললেন না আমাদের এখানে শতকরা ১১ ভাগ রায়তের হাতে শতকরা ৪৬ ভাগ জমি। আমি কোথা থেকে পেলাম, না, ঐযে সার্ভে হয়েছে ত্রিপুরাতে ১৯৭০-৭১ সালে এগ্রিকালচারেল সার্ভে রিপোর্ট সেই সার্ভে রিপোর্ট যদিও এখনও প্রকাশিত হয়নি সেই সার্ভে রিপোর্ট আমার কাছে আছে। সেই সার্ভে রিপোর্ট বলা হয়েছে ১১ পার্সেন্ট রায়তের হাতে---যাদের হাতে হোলডিংস আছে তাদের হাতে ৪৬ পার্সেন্ট জমি, আমি জিজ্ঞেস করি ১১ প্যার্সেন্ট লোকের হাত থেকে যদি খাদ্য না যেত--- আমার ত্রিপুরায় আর্ধেক খাদ্য মার্কেটে যদি সারপ্লাস না যেত মাত্র ১১ পার্সেন্ট লোক। আর উরা নিয়েছেন কার কাছ থেকে ? উরা নিয়েছেন ৪৬ পার্সেন্ট লোকের থেকে যাদের হাতে ১১ পার্সেন্ট জমি। আমি জানি না কি ভাবে মিলে গেল। ১১ পার্সেন্ট জমি ৪৬ পার্সেন্ট লোকের হাতে। তাদের হাতের খাদ্য তাদের জীবিকা কেড়ে নেওয়ার জন্য উরা ঐ সমস্ত বি, এস, এফ,র ভয় দেখিয়েছে, গাঁও প্রধানদের লেলিয়েছে। এটা ফুড পলিসি ? এটা

জোতদারস পলিসি। এই পলিসির জন্য এখানকার খাদ্যসঙ্কট। মাননীয় স্পীকার স্যার, রুলিং পা।টর প্রত্যেকটি মেম্বার বলেছেন যে আমরা স্বর্গ রাজ্যে আছি কারণ সমস্ত ভারতবর্ষের অবস্থা নাকি আমাদের চেয়েও খুব খারাপ। এরা কি ত্রিপুরাকেও চিনে না? এরা কি আগরতলা সহরে থাকে এরা কি জানে না যে উঁদের কাগজে লেখা আছে ৭০ পার্সেন্ট---উরা যে ড্রাফট প্ল্যান করেন সেই ড্রাফট প্ল্যানের রিপোর্ট লিখা আছে যে 70% of the people below the poverty line, below poverty line তারা আজকে আড়াই টাকা দিয়ে দুই টাকা দামে চাল খাচ্ছে। দুই টাকা মজুরীতে কাজ নিতে পারছে না। এখানে বলা হচ্ছে--- আমি যদি সময় পেতাম আমি দেখাতাম যে ভারত সরকারের ডেভেলোপমেন্টের যে কাজ তার জন্য টাকা কি ভাবে কমছে। সেই ফিগার্স আমার কাছে আছে আমি দেখাতে পারতাম। আজকে আর এই কথা বলে না যে ডেভেলোপমেন্টের কাজের জন্য বাড়বে---টাকা আসবে তার জন্য আমরা কাজ করতে পারব। আমাদের ওখানে মাননীয় মুখ্যমন্ত্রী অবশ্য কোন কথা বলতে পারেন না --সেই সমস্ত গল্প, যা তিনি জনসাধারনের কাছে বলে বেড়ান--- কাগজ কল, চিনি কল, অমুক সমুক ইত্যাদি। সেগুলি এখন থেমে গেছে। এখন উনি সেই সমস্ত কথা বলতে পারেন না। কো'গুল স্টীকের কারখানাও আজকে বন্ধ হয়ে যায় কেন? আমার স্পান পাইপ বন্ধ হয়ে যায় কেন, এলোমিনিয়াম বন্ধ হয়ে যায় কেন? এই সমস্ত ছোট ছোট অসংখ্য কারখানা এমন কি চা বাগানও বন্ধ হয়ে যাচ্ছে। তার কোন জবাব তিনি দিতে পারেন নি। মাননীয় স্পীকার স্যার, আর এখানে বলা হয়েছে কোপারেশানের কথা। আমি লাষ্টলী এই কথা বলছি যে কোপারেশানের কথা বলা হয়েছে। (ইন্টারাপশান)

শ্রীমধুসূদন দাস ঃ---হাউসকে কি এক্সটেণ্ড করা হয়েছে।

মি ঃ স্পীকার ঃ---৫ মিনিট।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ---মাননীয় স্পীকার স্যার, কোপারেশানের কথা মাননীয় মন্ত্রী ক্ষিতীশ দাস থেকে আরম্ভ করে সবাই বলেছেন কনস্ট্রাকটিভ কোপারেশানের কথা। কনস্ট্রাকটিভ কোপারেশান! এই ক্ষিতীশ বাবু তার এলাকায় ইন্দীরা ভূমিহীন কলোনী--- ৯ হাজার টাকা গায়েব! তারপর গ্রেফতার। উনি কি বলতে চান যে আমরাও উঁদের সঙ্গে জেলে যাই ঐ ভূমিহীনের টাকা খেয়ে? ঐযে কলোনী করা হয়েছে প্রেসিডেন্টের নামে, কলোনী করা হয়েছে গুরুপদ কলোনী। যার লিডার জেলে তারা জেল খাটছেন। উরা কি চান যে জুমিয়া কলোনীতে গিয়ে আমরাও জেল খাটি? আমার সমস্ত যারা নাকি কর্মী যেখানে--- এমন কি বাংলাদেশের রিলিফের ব্যাপারে দুর্নীতি ধরতে গিয়েছিল আজকেও তাদের বিরুদ্ধে কেস চলছে।

Mr. Speaker :—Hon'ble Member, I would request you to sum up your speech.

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী ঃ---শুধু আমি এই কথা বলে শেষ করছি যে জনসাধারনের সমর্থনের কথা উরা যা বলছেন---কালকের কাগজে দেখুন দুই মাসে আমাদের কেন্দ্রীয় মন্ত্রী মৈর্য্য বলেছেন যে ১১ কোটী টাকা ঐ যারা নাকি চিনি কলের মালিক তারা মুনফা করেছে। দুই মাসে। অবশ্য জনতা বলছে যে ১৮ কোটি টাকা। তারা কারা? ইউ, পি,র যারা নাকি ব্যারন, সুগার ব্যারন! তাদের টাকায় ইলেকশান করে ৩২ পার্সেন্ট ভোট পেয়েছে---ঐ গুণ্ডা লাগিয়ে। ঐ সুগার ব্যারনদের ১১ কোটি টাকা---দুই মাসে টাকা আদায় করে তাদের টাকায় ৩২ পার্সেন্ট ভোট। কাজেই বেশী লাফাবেন না আপনাদের যে কতদূর মূল্য---সাম্প্রতিক যে সমস্ত বাই-ইলেকশান হয়েছে আপনারা জাল, জোচ্চুরী, গুণ্ডামী, পুলিশ সব কিছু দিয়ে তাতেও ৩২ পার্সেন্টের বেশী এখনও উঠতে পারেন নি। কাজেই আপনাদের জন্য কি অপেক্ষা করছে বাইরে, হাউসের ভিতরে এবং সমস্ত জায়গায় সেটি আপনারা টের পাবেন।---জনসাধারনের রায়ই হচ্ছে শেষ কথা। আজকের এই বিধান সভার রায়ই শেষ কথা নয়। সেই জনতার রায়ের জন্য আপনারা তৈরী হউন। এই কথা বলে আমি আমার প্রস্তাব রাখছি।

Mr. Speaker :—Now, debate (interruption)

শ্রীসুখময় সেনগুপ্ত ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, বিরোধী পক্ষের নেতা যদি কোন নূতন পয়েন্ট আনেন তার সেই পয়েন্টের উত্তর দেওয়ার অধিকার আমাদের আছে—(ইন্টারাপশান)

Shri Nripendra Chakraborty :—There is no scope, there is no scope, there is no scope (interruption)

Mr. Speaker :—There is no scope under the rule. Debate on the no confidence motion is over.

Now, the question before the House is the motion moved by Sri Nripendra Chakraborty that 'the Tripura Legislative Assembly expresses want of confidence in the Council of Ministers led by Shri Sukhamoy Sengupta.

(When the motion was put to voice vote, from the opposition banch, they demanded division.)

Mr. Speaker :— Those who are in favour of motion please up your hands.

In favour of motion—19.
including C. P. I. — 1.
Against —38.

Mr. Speaker :— The motion is lost,

Mr. Speaker :— The House stands adjoured till 11 A. M. on Thuasday, the 10th October, 1974.

PAPERS LAID ON THE TABLE:

Annexure—"A"

ADMITTED STARRED QUESTION NO. 108

By Shri Sudhanwa Deb Barma

Will the Hon'ble Minister in-charge of the Home Department be pleased to state—

প্রশ্ন

১) ইহা কি সত্য যে, গত ৪/৭/৭৪ এ বিলোনীয়ার বীরচন্দ্র মনু বাজারে পুলিশ গুলি চালিয়েছিল ; এবং

২) যদি চালিয়ে থাকে, তার কারণ ?

উত্তর

১) হাঁ।

২) গত ৪ঠা জুলাই, ১৯৭৪ইং রাত্রি প্রায় সাড়ে সাতটা শ্রীকেওচি মগ নামীয় মনু-বাজারের এক হোটেল মালিক পানাশক্ত অবস্থায় নিকটস্থ পুলিশ ক্যাম্পে গিয়া পুলিশকে গালিগালাজ করে। ফলে তাহাকে ঐ ক্যাম্পেই আটক করা হয়। তৎপর নিতাই সরকার প্রমুখ তিনজন ব্যক্তি এক হোটেলে ঐ ক্যাম্পের হাবিলদার ও একজন পুলিককে ঐ শ্রীমগকে ছাড়িয়ে দেওয়ার জন্য বলে। কিন্তু পুলিশ তাহাদিগকে ছাড়িয়া না দিয়া উক্ত নিতাই সরকার গয়রহ সঙ্গে তর্কাতর্কি করে। ঐ রাত্রিতেই রাত্রি প্রায় সাড়ে নয়টায় শ্রীনিতাই সরকার সঙ্গীদ্বয় সহ ঐ ক্যাম্পের পাশ দিয়া বাড়ী ফিরিতেছিল। পুলিশ ক্যাম্পের পুলিশ তাহাদিগকেও ক্যাম্পে নিয়া আটকাইয়া রাখে। উহাদের আটকাইবার ফলে ক্যাম্পে বিশেষ গোলমালের সৃষ্টি হয়। ঐ গোলমাল শুনিয়া পথচারী আরও কয়েকজন আসিয়া উপস্থিত হয় এবং তাহারাও ক্যাম্পে আটকানো লোকদিগকে ছাড়িয়া দিতে বলে। ঐ পথচারীদের তথায় উপস্থিত হওয়ার পর আরও অধিকতর সোরগোলের সৃষ্টি হয় এবং পাহারারত পুলিশ সমস্ত লোকদিগকে সরাইয়া দিবার উদ্দেশ্যে তিনবার শূণ্যে গুলি ছোড়ে।

STARRED QUESTION NO. 20
By Sri Gopinath Tripura

Will the Hon'ble Minister in-charge of the P. W. Department be pleased to state :—

প্রশ্ন

১) বর্তমান আর্থিক বছরে কৈলাসহর বিভাগের ধুমাছড়ায় জলসেচের জন্য লিফ্‌ট ইরিগেশনের কোন পরিকল্পনা সরকারের আছে কি ? এবং

২) থাকিলে কবে পর্যান্ত কাজ শুরু হইবে ?

উত্তর

১) না।

২) এই প্রশ্ন উঠে না।

STARRED QUESTION NO. 23
By Shri Radharaman Nath

Will the Hon'ble Minister-in-charge of the P. W. Department be pleased to state :—

প্রশ্ন

১) আসাম আগরতলা রাস্তায় ধর্মনগরের অন্তর্গত চান্দপুর বাজার হইতে গোবিন্দপুর পর্য্যন্ত রাস্তাটি কখন নির্মান হইয়াছিল ?

২) ঐ রাস্তাটি নির্মানে কত টাকা খরচ হইয়াছে ?

৩) সরকার কি অবগত আছেন যে বর্তমানে ঐ রাস্তা জনসাধারণের চলাফেরার পক্ষে অনুপযোগী হওয়াতে ছাত্রছাত্রী এবং সমস্তরের জনসাধারণের ভীষণ অসুবিধা হইতেছে ; এবং

৪) অবগত থাকিলে অনতিবিলম্বে ঐ রাস্তাটি সংস্কারের ব্যবস্থা সরকার গ্রহণ করিবেন কি ?

উত্তর

১) ১৯৫৩ ইং সনে।

২) স্থানীয় তদন্তে প্রকাশ যে জনসাধারণের শ্রমদানে উক্ত রাস্তাটি নির্মিত হইয়াছিল। পরবর্তীকালে জনসাধারণের সুবিধার জন্য পানিসাগর ব্লক হইতে ৪০০০ টাকা খরচ করিয়া দুইটি কাঠের পুল নির্মান করা হইয়াছিল।

৩) জনসাধারণের চলাফেরার অসুবিধা সম্পর্কে সরকার অবহিত আছেন।

৪) প্রয়োজনীয় জমি এবং মাটি পাওয়া গেলে সমষ্টি উন্নয়ন কেন্দ্রের মাধ্যমে রাস্তাটি সংস্কারের বিষয় বিবেচিত হইবে।

STARRED QUESTION (ADMITTED NO. 297)

By Shri Tapas Dey

Will the Hon'ble Minister-in charge of the Home Department be leased to state :—

QUESTION

1, Whether one Smti. Subarna Deb (50 years) residing at Office Tilla (Bisalgarh) was wounded by a bullet at the time of trial firing at the "Chand-mari" of Gokulnagar 90 B.S.F, on 13. 4. 72 A. D. and she expired on 22.4.72 A. D. in the G. B. Hospital ;

2. If so, whether any action was taken against the person responsible for that incident ; and

3. If not, the reason therefor ?

ANSWER

1. Yes, Sir.

2. A Court of enquiry was held by army Authority and it transpired that all safety measures were adopted and it was purely accidental. As such the question of fixing responsbility upon any one and awarding of punishment does not arise.

3. Does not arise.

STARRED QUESTION NO. 170

By Shri Tapas Dey

Will the Hon'ble Minister-in-charge of the P. W. D. Department be pleased to state—

প্রশ্ন

১। মিনিমাম নিড্‌স স্কীমে কোন প্রজেক্ট হাতে নেওয়ার জন্য ট্রাইবেল ওয়েলফেয়ার মিনিষ্টার এর অফিস থেকে চীফ ইঞ্জিনীয়ারকে কোন চিঠি দিয়েছেন কি ?

২। যদি হঁ্যা হয় এগুলি ধরা হয়েছে কি ?

উত্তর

১। হঁ্যা

২। এইগুলি পরীক্ষাধীন আছে।

STARRED QUESTION NO. 122

By Shri Radharaman Nath

Will the Hon'ble Minister-in-charge of the P. W. Department be pleased to state :—

প্রশ্ন

১। ধর্ম্মনগরের অন্তর্গত নদীয়াপুর গাঁও সভায় আসাম আগরতলা রাস্তা হইতে চাঁদপুর বাজার হইয়া গোবিন্দপুর পর্য্যন্ত রাস্তাটি কবে নির্ম্মাণ হইয়া ছিল ?

২। রাস্তাটি বর্ত্তমানে জনসাধারণের চলার উপযোগী নয় ইহা সরকার অবগত আছেন কি ; এবং

৩। অবগত থাকিলে পূর্ত্ত বিভাগ বর্ত্তমান আর্থিক বর্ষে ঐ রাস্তাটি সংস্কারের ব্যবস্থা করবেন কি ?

উত্তর

১। ১৯৫৩ ইং সনে।

২। হঁ্যা।

৩। ইহা পূর্ত্ত বিভাগের রাস্তা নহে। যাহা হউক প্রয়োজনীয় জমি এবং মাটি পাওয়া গেলে সমষ্টি উন্নয়ন কেন্দ্রের মাধ্যমে রাস্তাটি সংস্কারের বিষয় বিবেচিত হইতে পারে।

ADMITTED STARRED QUESTION NO. 48

By Shri Gopinath Tripura

Will the Hon'ble Minister–in-charge of the Industries Department be pleased to state :—

প্রশ্ন

১। কৈলাশহর বিভাগের করমছড়া রেশম শিল্প উৎপাদন কেন্দ্রের বার্ষিক উৎপাদন কত ?

২। উক্ত কেন্দ্রের বাৎসরিক ব্যয় কত ?

উত্তর

১। এবং ২। ইহা উৎপাদন কেন্দ্র নহে, সুতরাং উৎপাদনের এবং তৎসংক্রান্ত ব্যয়ের প্রশ্ন উঠে না।

STARRED QUESTION NO. 296

By Shri Sushil Ranajn Saha

Will the Hon'ble Minister in-charge of the P. W. Department be pleased to state :—

প্রশ্ন

১। অমরপুর রাঙ্গামাটি গোদারা ঘাটে গোমতী নদীর উপর কোন প্রকার সেতু নির্ম্মাণের প্রস্তাব আছে কি না ?

২। যদি থাকিয়া থাকে কবে নাগাদ আরম্ভ হইবে ?

উত্তর

১। হ্যাঁ

২। কেন্দ্রীয় সরকারের কাছ থেকে প্রয়োজনীয় অর্থের বরাদ্দ পাওয়া গেলে পঞ্চম পরিকল্পনা কালেই আরম্ভ হওয়ার সম্ভাবনা আছে।

STARRED QUESTION NO. 86

By Shri Madhusudhan Das

Will the Hon'ble Minister-in-charge of the P, W. D. Department be pleased to state :—

প্রশ্ন

১। পি, ডব্লিউ, ডি. এর মাইনর ইরিগেশন ডিভিসন থেকে বঙ্গেশ্বর গোদারা ঘাটে লোক পারাবার করিবার জন্য কোন নৌকা তৈরী করা হইয়াছিল কি ; এবং

২। যদি নৌকা তৈরী হইয়া থাকে তবে বর্ত্তমানে তা কাহার তত্ত্বাবধানে আছে ?

উত্তর

১। হ্যাঁ

২। নৌকাটি গত ১৯৭১ সালের জুন মাসের ভয়াবহ বন্যায় উলটাইয়া যায় এবং প্রচণ্ড স্রোতে বহন করিয়া নিয়া যায়। সর্বপ্রকার চেষ্টা সত্বেও ইহার খোঁজ পাওয়া যায় নাই।

STARRED QUESTION NO. 24

By Shri Sunil Chandra Dutta

Will the Hon'ble Minister-in-charge of the Political Department be pleased to state—

প্রশ্ন

ক) ইহা কি সত্য যে কোনও আইনের বিধান না থাকা সত্বেও জন্মসূত্রে ভারতীয় নাগরিকদিগকে জিলা ম্যাজিষ্ট্রেটের নিকট হইতে নাগরিক অধিকারের সার্টিফিকেট লইতে বাধ্য করা হইতেছে .

খ) সত্য হইলে অবিলম্বে এই প্রথা বন্ধ করা হইবে কি না ?

উত্তর

ক) যাহারা জন্মসূত্রে ভারতীয় নাগরিক, তাহাদিগকে চাকুরীক্ষেত্রে কলেজে বৃত্তি লাভের জন্য এবং পাশপোর্ট ইত্যাদি ব্যাপারে জন্মসূত্রে ভারতীয় নাগরিকত্বের সরকারী প্রমাণপত্র দাখিল করিতে হয়। সেইজন্য তাঁহাদিগকে জেলা শাসকের নিকট হইতে জন্মসূত্রে ভারতীয় নাগরিকত্বের সরকারী চিঠি সংগ্রহ করিতে হয়। বর্ত্তমানে প্রচলিত আইনানুসারে জেলা শাসকগণই নাগরিকত্ব সম্পর্কিত এই চিঠি ইস্যু করিতে পারেন। প্রকৃতপক্ষে জনস্বার্থে এবং প্রচলিত আইনের বিধানানুযায়ী ইহা করা হইতেছে।

খ) উপরোক্ত অবস্থার পরিপ্রেক্ষিতে এই প্রথা বন্ধ করার কোন প্রশ্ন উঠে না।

STARRED QUESTION NO. 174
By Shri Subal Chandra Biswas

Will the Hon'ble Minister in-charge of the P. W. D be pleased to state :—

প্রশ্ন

১) ইহা কি সত্য যে ধুমাছড়া ফটিকরায় রাস্তার কাজ এ বৎসর বন্ধ করে দেওয়া র সিদ্ধান্ত নেওয়া হইয়াছে ; এবং

২) সত্য হইলে তার কারণ ?

উত্তর

১) এবং ২) প্রয়োজনীয় অর্থের অভাবহেতু রাস্তাটির কাজ আপাততঃ স্থগিত রাখা হইতে পারে।

STARRED QUESTION NO. 150
By Shri Subal Chandra Biswas

Will the Hon'ble Minister in-charge of the Political Department be pleased to state—

প্রশ্ন

১) যে সব বিদেশী ইউ, কে, এর পাশপোর্ট নিয়ে ত্রিপুরাতে এসেছেন তাহাদের সংখ্যা (গত দশ বৎসর) এ যাবত কত ?

২) উহাদের মধ্যে কতজন ত্রিপুরাতে বসবাস করছেন ; এবং

৩) কতজন ভারতের নাগরিকত্ব পেয়েছেন ?

উত্তর

১) ১৯৬৪ ইং সন হইতে ১৯৭৪ ইং সনের ৩১শে আগস্ট পর্য্যন্ত মোট ১৩৭ জন বিদেশী নাগরিক বৃটিশ (ইউ, কে,) পাশপোর্ট নিয়া ত্রিপুরায় আসিয়াছেন।

২) ২৪ জন বিদেশী নাগরিক এখন পর্য্যন্ত ত্রিপুরা সরকার হইতে বিশেষ অনুমতি পত্র লইয়া ত্রিপুরায় অবস্থান করিতেছেন।

৩) ইহাদের মধ্যে কাহাকেও ভারতের নাগরিকত্ব দেওয়া হয় নাই।

STARRED QUESTION NO. 10
By Shri Kalipada Banerjee

Will the Hon'ble Minister in-charge of the Co-operative Department be pleased to state :—

প্রশ্ন

১) সাব্রুম মহকুমার শ্রীনগরে কো-অপারেটিভ ব্যাঙ্কের একটি শাখা খোলার সরকারের কোন পরিকল্পনা আছে কি না ?

উত্তর

২) সাবরুম মহকুমার শ্রীনগরে কো-অপারেটিভ ব্যাঙ্কের শাখা খোলার সরকারী কোন পরিকল্পনা নাই।

STARRED QUESTION NO. 94

By Shri Baju Ban Riyan

Will the Hon'ble Minister in-charge of the Home Department be pleased to state ;—

প্রশ্ন

১) ইহা কি সত্য যে, গত ৪-৬-৭৪ এ সদর ইন্দ্রনগর গাঁও সভার প্রধান ও উপ-প্রধান গ্রেপ্তার হয়েছিলেন ;

২) যদি সত্য হয়, তাদের বিরুদ্ধে অভিযোগ কি ?

উত্তর

১) হঁ্যা ।

২) সরকারী কাজে মঞ্জরীকৃত অর্থ আত্মসাৎ করার অভিযোগ ছিল ।

ADMITTED STARRED QUESTION NO. 26

By Shri Abhiram Deb Barma.
,, ,, Bulu Kuki
,, ,, Subal Ch. Biswas

Will the Hon'ble Minister-in-charge of the Industry Department be pleased to state :—

প্রশ্ন

১) কুমারঘাটে কাগজের কলের জন্য বর্ত্তমান বাজেটে মোট কত টাকা বরাদ্দ আছে এবং গত জুন মাস পর্য্যন্ত কত টাকা খরচ হইয়াছে ;

২) কাগজের কল স্থাপনের কাজ যদি আশানুরূপ অগ্রসর না হয়ে থাকে তার কারণ ;

৩) ঐ কাগজের কল স্থাপনের ফলে যারা ঘরবাড়ী থেকে উচ্ছেদ হবেন তাদের সংখ্যা কত ; এবং

৪) তাদের ক্ষতিপুরণ ও পুণর্ব্বাসন সম্পর্কে সরকারের পরিকল্পনা কি ?

উত্তর

১) (ক) প্ল্যান—কোন বরাদ্দ নাই ।
নন্-প্ল্যান—১০ লক্ষ টাকা ।
(খ) ১৯৭৪ ইং এর জুন মাস পর্য্যন্ত—১০ লক্ষ টাকা (নন্-প্ল্যান) ।

২) আশানুরূপ অগ্রসর হইয়াছে, সুতরাং, ভিন্নরূপ প্রশ্ন ওঠে না ।

৩) কুমারঘাটে প্রস্তাবিত কাগজের কল স্থাপনের জন্য যে জায়গা অধিগ্রহন করা হইবে তাহা বর্ত্তমানে জরীপের অধীন । জরীপ কার্য্য সমাপ্ত না হওয়া পর্য্যন্ত কত পরিবার সেখান হইতে উচ্ছেদ হইবে তাহা সঠিক বলা সম্ভবপর নহে ।

৪) উচ্ছেদযোগ্য পরিবারের সংখ্যা স্থির না হওয়া পর্য্যন্ত তাহাদের পুণর্ব্বাসনের পরিকল্পনা করা সম্ভবপর নহে । তবে তাহাদের ক্ষতিপূরণ অধিগ্রহণের নিয়মানুযায়ী দেওয়া হইবে ।

ADMITTED STARRED QUESTION NO. 62

By Shri Bhadramani Deb Barma.

Will the Hon'ble Minister in-charge of the Co-operative Department be pleased to state :—

প্রশ্ন

১) ১৯৭৪ এ সমবায় সমিতিগুলি কি কৃষি ঋণ আদায়ের জন্য সার্টিফিকেট নোটিশ জারী করেছেন, যদি করে থাকেন তবে কোন মহকুমায় কত ?

উত্তর

সমবায় সমিতিগুলি কৃষিঋণ আদায়ের জন্য সার্টিফিকেট নোটিশ জারী করিতে পারে না। সমবায় সমিতি সমূহ তাহাদের প্রদত্ত ঋণ আদায়ের জন্য আঞ্চলিক সহ নিয়ামকগণের (Assistant Registrars) নিকট আবেদন করিলে সেই আবেদনের ভিত্তিতে আঞ্চলিক সহনিয়ামকগণ সমিতির দাবী আদায়ের জন্য দেনাদার সভ্যগণকে ১৯৭৪ ইং সনের জানুয়ারী হইতে জুলাই পর্য্যন্ত যে সার্টিফিকেট নোটিশ জারী করিয়াছেন তাহার মহকুমা ভিত্তিক হিসাব এইরূপ :—

মহকুমার নাম	নোটীশের সংখ্যা
উদয়পুর—	২৭
বিলোনীয়া—	১১৬
সাব্রুম—	১৮
অমরপুর—	—
কৈলাশহর—	১৬
ধর্ম্মনগর—	৩৫
কমলপুর—	—
খোয়াই—	৫৮
সোনামুড়া —	—
সদর—	২৮৪
	৫৫৪

ADMITTED STARRED QUESTION NO. 49

By Shri Gopinath Tripura

Will the Hon'ble Minister-in-charge of the Co-operative Department be pleased to state :—

প্রশ্ন

১) কৈলাশহর মহকুমার তারাবনছড়া কলোনীর নবজীবন সার্ভিস কো-অপারেটিভ কোন সনে রেজিষ্ট্রী হইয়াছিল ;

২) উক্ত সমিতির মোট অংশীদারের সংখ্যা কত ?

৩) গত বছর সরকার ঐ সমিতিকে কোন ঋণ প্রদান করিয়াছেন কিনা ;

৪) উক্ত সমিতির শেষ হিসাব পরীক্ষা কখন হইয়াছিল ?

উত্তর

১) কৈলাশহর মহকুমার তারাবনছড়া কলোনীতে নবজীবন সার্ভিস কো-অপারেটিভ নামে কোন সমবায় সমিতি নাই। তবে উক্ত মহকুমার লালছড়া কলোনীতে নবজীবন সার্ভিস কো-অপারেটিভ সোসাইটি লি: নামে একটি সমবায় সমিতি আছে এবং উক্ত সমিতি ১৯৬১ইং সনে রেজিষ্ট্রী হইয়াছে।

২) উক্ত সমিতির অংশীদারের সংখ্যা ১২৯।

৩) গত বছর ঐ সমিতি সরকার হইতে কোন ঋণ পায় নাই।

৪) উক্ত সমিতির শেষ হিসাব ১৯৬৬-৬৭ সমবায় বৎসর পর্য্যন্ত পরীক্ষিত হইয়াছে এবং বর্ত্তমানে পরবর্ত্তী বৎসরের হিসাব পরীক্ষা কার্য্য চলিতেছে।

STARRED QUESTION NO. 181.
By Shri Bidya Chandra Deb Barma.

Will the Hon'ble Minister-in-charge of the Public Works Department be pleased to state—

প্রশ্ন

১) বাচাইবাড়ী (খোয়াই) হইতে ভায়া বেহালাবাড়ী যে রাস্তাটি আশারামবাড়ী গিয়াছে উক্ত রাস্তার ব্রীজগুলি কনষ্ট্রাকশনের জন্য ১৯৭৪ ইং সনে টেণ্ডার কল করা হইয়াছিল কি?

২) যদি টেণ্ডার কল করা হইয়া থাকে তাহা হইলে তার তারিখ এবং যে যে কন্ট্রাক্টার এর টেণ্ডার সরকার এক্সেপ্ট করিয়াছেন তাহাদের নাম, এবং

৩) বর্ত্তমানে উক্ত ব্রীজগুলির কাজ চলিতেছে কি ?

উত্তর

১) না।

